# বালাবতার ।

প্রথম ও দ্বিতীয় খন্ড ।

অনুবাদক- শ্রীবংশদীপ স্থবির ।

১০-১২-১৯৯৪ ইং

Printed for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website:http://www.budaedu.org
**This book is strictly for free distribution, it is not for sale.**
এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।


দ্বিতীয় খণ্ড।

# শুদ্ধিপত্র।

| পৃষ্ঠা। | পংক্তি। | অশুদ্ধ। | শুদ্ধ। |
|---|---|---|---|
| ১২৮ | ৮ | নাম্হি | নামম্হি। |
| ১৯৮ | ১১ | অসব্বধতুকং | অসব্বধাতুকং। |
| ২০১ | ১১ | সব্ব ধাতুহ | সব্বধাতূহি। |
| ২৫০ | ২৪ | ইকাদি | ইকারাদি। |
| ২৬৮ | ২ | ছকারানি | ছকারকানি। |
| ৩০২ | ১০ | পযোজম্পি | পযোজকম্পি। |
| ৩০৫ | ৭ | ভেদমুপগচ্ছন্তা | ভেদমুপগচ্ছন্তো। |
| ৩০৫ | ১১ | স্হদজেটঠেন | স্হদজেট্ঠেন। |
| ৩০৮ | ১৯ | নম | নাম। |
| ৩১৩ | ১৪ | বজ্জিত | বজ্জিতে। |
| ৩১৩ | ২৪ | সস | সংসং। |
| ৩১৬ | ১ | করোত | করোতি। |
| ৩১৬ | ২ | মচ্ছিতা | মিচ্ছিতা। |
| ৩২৪ | ১৫ | উদাদরণে | উদাহরণে। |
| ৩২৫ | ৩ | যনি | যানি। |
| ৩২৮ | ২৩ | পুব্বণহ | পুব্বণ্হ। |
| ৩২৯ | ৫ | বসত | বসতি। |
| ৩৩০ | ৯ | বডঢ | বড্ঢ। |
| ৩৩৩ | ৪ | কট্ঠেহ | কট্ঠেহি। |
| ৩৩৬ | ৮ | বাহিবঞ্চ | বাহিরঞ্চ। |
| ৩৪৩ | ২৩ | ভিয্য | ভিয্যো। |
| ৩৫৯ | ১৮ | সামীম্মিং | সামীস্মিং। |
| ৩৬২ | ৯ | ভেদকম্মা | ভেদকস্মা। |

# সূচিপত্র।


| | | | |
|---|---|---|---|
| আখ্যাত | ... | ... | ১৭৮ |
| কৃদন্ত | ... | ... | ২২৫ |
| কারক | ... | ... | ২৬৮ |

# আখ্যাত।

—:০:—

পচ পাকে — পচ ধাতু পাক করা অর্থে।

পচ ইতি ঠিতে — 'পচ' এই ধাতু থাকিলে তদুত্তর তি, অন্তি প্রভৃতি বিভক্তি যোগ করিয়াআখ্যাত ক্রিয়া পদ সাধন করিতে হইবে, তজ্জন্য বলা হইয়াছে 'পচ ইতি ঠিতে'।

## ভূবাদযো ধাতবো।

ভূ ইচ্চাদযো সদ্দা ধাতবো নাম।

পদবিচ্ছেদ। ভূবাদযো, ধাতবো, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ভূবাদযো — ভূ আদি; ভূ, গমু, পচ, ইত্যাদি। ধাতবো — ধাতু নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। ভূ, গমু, পচ ইত্যাদি শব্দকে ধাতু কহে। এস্থলে জানা উচিত যে, ধাতুর অর্থকে অর্থাৎ যদ্বারা হওয়া, করা, যাওয়া, দেখা, শুনা ইত্যাদি বুঝায়, তাহাকে ক্রিয়া কহে। ক্রিয়ারমূল — ধাতু। ক্রিয়াপদ সাধারণতঃ দ্বিবিধ; আখ্যাত ক্রিয়াপদ ও কৃদন্ত ক্রিয়া পদ। ধাতুর উত্তর তি, অন্তি প্রভৃতি বিভক্তি প্রযুক্ত হইয়া যে শব্দ রচিত হয়, তাহার নাম আখ্যাত ক্রিয়াপদ এবং ধাতুর উত্তর ণ, যু, ণ্বু, তু প্রভৃতি কৃৎ প্রত্যয় করিয়া যে শব্দ রচিত হয়, তাহার নাম কৃদন্ত ক্রিয়াপদ। এখন আখ্যাত-ক্রিয়া-পদ বর্ণনা করা হইতেছে তৎপরে কৃদন্ত-ক্রিয়া পদ বলা হইবে।

১২—

**"ধাতুস্‌সন্তো লোপোনেকসরস্‌সে"** তি ক্বচি ধাত্বন্তস্‌স লোপো।

শব্দার্থ। অনেক সরস্‌স — অনেক স্বরবিশিষ্ট, 'ধাতুস্‌স' এই পদের বিশেষণ। ধাতুস্‌স অন্তো — ধাতুর অন্ত্য স্বর। লোপো — লোপ হয়।

বঙ্গানুবাদ। অনেক স্বরবিশিষ্ট ধাতুর অন্ত্যস্বরের ক্বচিৎ লোপ হয়। ভূ, ঠা, পা, বা, মা, নী ইত্যাদি ধাতু একস্বর বিশিষ্ট, ইহাদের অন্ত্য স্বরের লোপ হয় না। পচ, গমু, ভমু, চুবি, বদি, কিলমু ইত্যাদি ধাতু অনেক স্বরবিশিষ্ট, ইহাদের অন্ত্যস্বরের ক্বচিৎ লোপ হয়।

**"ধাতু-লিঙ্গেহি পরাপ্পচ্চযা"** তি ধাতুম্‌হা নেকপ্পচ্চযপ্পসঙ্গে বত্তিচ্ছাতো।

শব্দার্থ। ধাতু-লিঙ্গেহিপরা — ধাতু ও প্রাতি পাদিকের উত্তর। পচ্চযা — প্রত্যয় সকল হয়। প্রত্যয় প্রধানতঃ ত্রিবিধ ঃ— তি, অন্তি প্রভৃতি বিভক্তি প্রত্যয়; ণ, ণেয্য, ণাযন, ণান ণের, প্রভৃত তদ্ধিত প্রত্যয়, এবং ণ, ণ্বু তু, আবী প্রভৃতি কৃৎপ্রত্যয়। তন্মধ্যে তদ্ধিত প্রত্যয় তদ্ধিত পরিচ্ছেদে উক্ত হইয়াছে। কৃত প্রত্যয় কৃৎ পরিচ্ছেদে পরে বর্ণিত হইবে। এস্থলে বক্ষ্যমান আখ্যাত বিষয়ে বিভক্তি প্রত্যয়ই বর্ণনা করা হইতেছে। অনেকপ্পচ্চযপ্পসঙ্গে — অনেক প্রত্যয়ের প্রসঙ্গে, ত্রিবিধ প্রত্যয়ের সংযোগে। বত্তিচ্ছাতো — বিবক্ষাবশে, বক্তার ইচ্ছানুসারে।

বঙ্গানুবাদ। ধাতু ও প্রাতিপাদিকের উত্তর প্রত্যয় হয়। এস্থলে বিভক্তি প্রত্যয়ই অভিপ্রেত। ধাতুর উত্তর আটটী বিভক্তি হয়। যথা, বত্তমানা, পঞ্চমী, সত্তমী, পরোক্খা, হীযত্তনী, অজ্জতনী, ভবিস্‌সন্তি, কালাতিপত্তি। নিম্নে তাহা ক্রমশঃ বর্ণনা করা হইতেছে।

**"বত্তমানা তি-অন্তি-সি-থ-মি-ম-তে-অন্তে-সে-ব্‌হে-এ-ম্‌হে"** ইতি ত্যাদীনং বত্তমান-সঞ্‌ঞা।

শব্দার্থ। তি-অন্তি-সি-থ-মি-ম-তে-অন্তে-সে-ব্হে-এ-ম্হে — তি, অন্তি, সি, থ, মি, ম তে, অন্তে, সে, ব্হে, এ, ম্হে এই দ্বাদশ প্রকার বিভক্তির নাম। বত্তমানা — বত্তমানা অর্থাৎ বর্ত্তমান নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। তি, অন্তি, সি, থ, মি, ম, তে, অন্তে, সে, ব্হে এ, ম্হে, এই দ্বাদশ প্রকার বিভক্তিকে 'বত্তমানা' বলে। সংস্কৃত ব্যাকরণে ইহাদিগকে 'লট্' কহে।

**"কালে"** তি অট্ঠ বিভত্তি বিধানে সব্বত্থ বত্ততে।

শব্দার্থ। অট্ঠ বিভত্তি বিধানে — বর্ত্তমানাদি আট প্রকার ক্রিয়া বিভক্তি বিধানে। সব্বত্থ — সর্ব্বত্র। বত্ততে — আছে।

বঙ্গানুবাদ। 'কালে' এই সূত্রটী বর্ত্তমানাদি অষ্টবিধ ক্রিয়া-বিভক্তি বিধানে সর্ব্বত্র যোগ করিতে হইবে।

কালো'তীত বত্তমানানাগত ক্রিযলক্খণো,
পচ্চুপ্পন্নো মতো কালো আরদ্ধানিট্ঠিতে ক্রিযে।
ক্রিযাসন্তানবিচ্ছেদে কালো তীতোতি গম্যতে,
অনাগতো অনারম্ভে ক্রিযায তু পতীযতে।
অদ্দব্বভূতং কত্তাদি কারকগ্গাম সাধিযং,
পদত্থং কত্তুকম্মট্ঠং ক্রিযমিচ্ছন্তি তব্বিদূ।

অন্বয়। কালোতি অতীত-বত্তমানানাগত-ক্রিযলক্খণো। আরদ্ধানিট্ঠিতে ক্রিযে পচ্চুপ্পন্নো কালো মতো। ক্রিযাসন্তানবিচ্ছেদে অতীতো কালোতি গম্যতে। ক্রিযায তু অনারম্ভে অনাগতো কালো পতীযতে। অদ্দব্বভূতং কত্তাদিকারকগ্গাম সাধিয়ং কত্তুকম্মট্ঠং পদত্থং তব্বিদূ ক্রিযমিচ্ছন্তি।

শব্দার্থ। কালো — কাল। অতীত-বত্তমানানাগত-ক্রিয-লক্খণো —অতীত, বর্ত্তমান, ও ভবিষ্যৎ ক্রিয়ার লক্ষণ। আরদ্ধানিট্ঠিতে ক্রিয়ে—

যে ক্রিয়া আরম্ভ করা হইয়াছে, অথচ এখনও শেষ হয় নাই, এমন ক্রিয়াতে। পচ্চুপ্পনো কালো — প্রত্যুৎপন্নকাল, বর্ত্তমান কাল। মতো — জ্ঞাত, বলা হয়। ক্রিযাসন্তান বিচ্ছেদে — ক্রিয়া-সন্ততির বিচ্ছেদে, অর্থাৎ আরব্ধ ক্রিয়া সমাপ্ত হইলে। অতীতো কালোতি গম্যতে — অতীত কাল বলিয়া কথিত হয়। ক্রিযায তু অনারম্ভে — যে ক্রিয়া আরম্ভ করা হয় নাই, এমন ক্রিয়াতে। অনাগতো কালো পতীযতে — অনাগত বা ভবিষ্যৎ কাল নামে কথিত হয়। অদ্দব্বভূতং — অদ্রব্যভূত, পৃথিবী, জল ইত্যাদি দ্রব্যের অন্তর্গত নহে। কত্তাদিকারকগ্গামসাধিযং — কর্ত্তৃ, কর্ম্ম, করণাদি কারক সমূহদ্বারা সাধনীয়। কত্তু-কম্মট্‌ঠং — কর্ত্তৃ ও কর্ম্মবাচ্যে স্থিত। পদত্থং — পদার্থ বা পদকে। তব্বিদূ — ক্রিয়াবিদ্ পণ্ডিতগণ। ক্রিযামিচ্ছন্তি — ক্রিয়া ইচ্ছা করেন, অর্থাৎ ক্রিয়া বলিয়া গ্রহণ করেন।

বঙ্গানুবাদ। অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ ক্রিয়ার লক্ষণ বা সময়কে কাল বলে। ক্রিয়ার আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত যে কাল তাহার নাম প্রত্যুৎপন্ন বা বর্ত্তমান কাল। সমাপ্ত ক্রিয়ার কালকে অতীত কাল বলে। এবং যে ক্রিয়া পরে হইবে, তাহার কালকে অনাগত বা ভবিষ্যৎ কাল বলে। কর্ত্তৃ কর্ম্মাদি কারক সমূহের দ্বারা সাধনীয় কর্ত্তৃ ও কর্ম্মবাচ্যেস্থিত অদ্রব্যভূত যে পদ, পণ্ডিতগণ তাহাকে ক্রিয়া বলেন।

## বত্তমানা পচ্চুপ্পন্নে।

পচ্চুপ্পন্নে কালে বত্তমানাবিভত্তি হোতি।

পদবিচ্ছেদ। বত্তমানা, পচ্চুপ্পন্নে, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। পচ্চুপ্পন্নে — প্রত্যুৎপন্ন কালে। বত্তমানা — বত্তমানা বিভক্তি, অর্থাৎ তি, অন্তি প্রভৃতি 'বত্তমানা' বিভক্তি হয়।

## অথ পুব্বানি বিভত্তীনং ছ পরস্সপদানি।

অট্ঠ বিভত্তীনং যানি যানি পুব্বানি ছ পদানি তানি তানি পরস্সপদানি নাম।

পদ বিচ্ছেদ। অথ, পুব্বানি, বিভত্তীনং ছ, পরস্সপদানি পঞ্চপদী।

শব্দার্থ। অথ — অনন্তর। বিভত্তীনং — বর্ত্তমানাদি আট প্রকার বিভক্তির। পুব্বানি ছ পরস্সপদানি — প্রথম ছয়টি পদের নাম 'পরস্সপদ' বা পরস্মৈপদ।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্টবিধ বিভক্তির প্রত্যেকটি দুইভাগে বিভক্ত. প্রথম ভাগের ছয়টি পদের নাম পরস্মৈপদ, দ্বিতীয় ভাগের ছয়টি পদের নাম আত্মনে পদ।

**"কত্তরি পরস্সপদং"**তি পরস্সপদং।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। পরস্সপদং — পরস্মৈপদ হয়। পরস্স অথায পবত্তানি পদানি পরস্সপদানি, অলুত্ত সমাসো, কম্মকারকতো পরভূতস্স কত্তুকারকস্স পকাসনতো পরস্স পদানি নাম; অত্তনো অথায পবত্তানি পদানি অত্তনোপদানি, অত্তনোসংখাতস্স কম্মকারকস্স দীপনতো অত্তনোপদানি নাম।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্যে প্রধানতঃ পরস্মৈপদ হয়। তথাপি কোন কোন স্থলে কর্ম্মনিবাচ্যেও তাহা ব্যবহৃত হয়।

**দ্বে দ্বে পঠম মজ্ঝিমুত্তমপুরিসা।**

অট্ঠ বিভত্তীসু পরস্সপদানমত্তনোপদানং চ দ্বে দ্বে পদানি পঠম মজ্ঝিম উত্তম পুরিসা নাম।

পদবিচ্ছেদ। দ্বে, দ্বে, পঠম-মজ্ঝিমুত্তম-পুরিসা, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। অট্ঠ বিভত্তীসু — বর্ত্তমানাদি অষ্টবিধ বিভক্তিতে। পরস্সপদানমত্তনোপদানং চ — পরস্মৈপদ ও আত্মনে পদের। দ্বে দ্বে পদানি — তি অন্তি এইরূপ দুই দুই পদ। পঠম মজ্ঝিম-উত্তম-পুরিসা — প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ নামে কথিত হয়।

বঙ্গানুবাদ — বৰ্ত্তমানাদি অষ্টবিধ বিভক্তির মধ্যে প্রত্যেক বিভক্তিতে পরস্মৈপদ ও আত্মনেপদের দুই দুইটী পদ প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ নামে কথিত হয়। যথা তি, অন্তি এই দুই পদ প্রথম পুরুষ; সি, থ এই দুই পদ মধ্যম পুরুষ; মি ম এই দুই পদ উত্তম পুরুষ। সেইরূপ আত্মনে পদেশ্ব:— তে, অন্তে এই দুই পদ প্রথম পুরুষ, সে, ব্হে এই দুই পদ মধ্যম পুরুষ, এ ম্হে এই দুই পদ উত্তম পুরুষ। এইরূপ সকল বিভক্তিতে দ্রষ্টব্য।

## নাম্হি পযুজ্জমানেপি তুল্যাধিকরণে পঠমো।

তুল্যাধিকরণভূতে নামম্হি পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি পঠমো পুরিসো হোতি।

পদবিচ্ছেদ। নামম্হি, পযুজ্জমানে, অপি, তুল্যাধিকরণে, পঠমো, পঞ্চপদী সূত্র।

শব্দার্থ। তুল্যাধিকরণভূতে — সমানাধিকরণভূত। নামম্হি — আমি তুমি ভিন্ন তৃতীয় ব্যক্তি বোধক শব্দে। পযুজ্জমানেপি — প্রযুজ্যমানও, অর্থাৎ প্রথম পুরুষ বোধক নামের উল্লেখ থাকিলেও, প্রথম পুরুষ নামসহ প্রযুক্ত হইলেও। অপ্পযুজ্জমানেপি — অপ্রযুজ্যমানেও, প্রথম পুরুষ বা তৃতীয় ব্যক্তির নামের উল্লেখ না থাকিলেও। পঠমো পুরিসো হোতি— প্রথম পুরুষ হয়।

বঙ্গানুবাদ। তুমি আমি ভিন্ন অপর যে শব্দ ইহার নামের প্রয়োগ থাকিলেও কিম্বা না থাকিলেও, তাহা প্রথম পুরুষ। অর্থাৎ তুম্হ ও ও অম্হ শব্দ ভিন্ন তুল্যাধিকরণভূত শব্দ প্রথম পুরুষ। যেমন সো সূদো দেবদত্তো বা অঞ্ঞো বা, এস্থলে 'সো' এই পদটী প্রথম পুরুষের সমানাধিকরণ, 'সূদো' এই পদটী প্রথম পুরুষ, এবং 'দেবদত্তো' এই পদটী সূদের নাম।

একম্‌হি বত্তব্বে এক বচনং — এক সংখ্যক বলিবার হইলে একবচন হয়। 'কত্তরি'তি বিকরণ বিধানে সব্বত্থ বত্ততে — 'কত্তরি' এই শব্দটী বিকরণ বিধান সূত্রে সর্ব্বত্র যোগ করিতে হইবে।

পালিতে ধাতুসকল আটভাগে বিভক্ত। যথা. ভূবাদি, রুধাদি, দিবাদি, স্বাদি, কিয়াদি, গহাদি. তনাদি এবং চুরাদি। ইহাদিগকে গণ কহে, তাহা নিম্নে ক্রমে বর্ণনা করা হইতেছে।

## ভূবাদিগণীয় ধাতু ( ভূবাদিগণীয় ধাতু )

## ভূবাদিতো অ।

ভূ ইচ্চাদীহি ধাতূহি কত্তরি বত্তমানা পঞ্চমী হীযত্তনীসু অপ্পচ্চযো হোতি।

পদবিচ্ছেদ। ভূবাদিতো, অ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ভূবাদিতো — ভূবাদিগণীয় ধাতুর উত্তর। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। বত্তমানা পঞ্চমী হিযত্তনীসু — বত্তমানা পঞ্চমী ও হিয়ত্তনী বিভক্তি পরে থাকিলে। অপ্‌পচ্চযো হোতি — অ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ।— বর্ত্তমানা, পঞ্চমী ও হীয়ত্তনী বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে ভূবাদিগণীয় ধাতুর উত্তর অ প্রত্যয় হয়; 'অ' এইটী বিকরণ প্রত্যয়। এবং যাদি বিকরণা — বিভক্তি প্রত্যয় পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে উক্ত নিয়মানুসারে দিবাদি প্রভৃতি সকল ধাতুগণের উত্তর 'য' প্রভৃতি বিকরণ প্রত্যয় হয়।

পুব্বাপর ভাগট্‌ঠানা ভিন্না ধাতু বিভত্তিযো,
নিস্‌সায পচ্‌চযা হোন্তি যে তে বিকরণা সিযুং।

অন্বয়। পুব্বাপর ভাগট্‌ঠানা ভিন্না ধাতু বিভত্তিযো নিস্‌সায যে পচ্‌চযা হোন্তি তে পচ্‌চযা বিকরণা সিযুং।

শব্দার্থ। পুব্বাপর ভাগট্‌ঠানা — পূর্ব্বভাগে ধাতু পরভাগে বিভক্তি

এই উভয় ভাগ ক অবলম্বন করিয়া। ভিন্না — ভিন্ন। ধাতু বিভত্তিযো নিস্সায — ধাতু ও বিভক্তিকে আশ্রয় করিয়া। যে পচ্চযা হোন্তি — যে সকল প্রত্যয় হয়। তে পচ্চযা — সে সকল প্রত্যয়। বিকরণা সিযুং — বিকরণ নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। পূর্ব্ব ভাগে ধাতু এবং পরভাগে বিভক্তি, এই উভয়কে অবলম্বন করিয়া, উভয়ের মধ্যে যে সকল প্রত্যয় হয়, তাহাদের নাম বিকরণ প্রত্যয়। সো ওদনং পচতি, এস্থলে "ধাতুস্সন্তো লোপোনেকসরস্স" এই সূত্রানুসারে 'পচ' ধাতুর অন্ত্য অকারের লোপ হইয়া 'পচ্' হইয়াছে, 'ভূবাদিতো অ' এই সূত্রানুসারে 'পচ্' ধাতুর উত্তর অ প্রত্যয় হইয়াছে, এই অ প্রত্যয়টী পচ্ এবং তি উভয়ের মধ্যে হওয়াতে তাহার নাম 'অ' বিকরণ প্রত্যয়। পুনঃ "নয়ে পরং যুত্তে" এই সূত্রানুসারে অস্বর ব্যঞ্জন 'চ্' কার পরবর্ত্তী অকারে যুক্ত হইয়াছে, তবে 'পচতি' এই আখ্যাত ক্রিয়াপদ সিদ্ধ হইল।

বহুম্হি বত্তব্বে বহু বচনং — বহু সংখ্যক বলিতে হইলে বহুবচন হয়, অর্থাৎ একের অধিক সংখ্যক বুঝাইলে বহুবচন হয়। প্রথম পুরুষ বহুবচনে 'অন্তি' হয়। 'তে পচন্তি' এস্থলে উক্ত নিয়মানুসারে পচ" ধাতুর অন্ত্য স্বরের লোপ হইয়া 'পচ্' হইয়াছে, তৎপর 'পচ্' ধাতুর উত্তর অ প্রত্যয় হইয়াছে, "সরলোপাদি" অর্থাৎ "সরলোপো মাদেসপ্পচ্চযাদিম্হি সরলোপে তু পকতি" এই সূত্রানুসারে 'অন্তি' এর আদি অকার পরে থাকাতে পূর্ব্ব বিকরণ প্রত্যয় 'অ' লুপ্ত হইয়াছে, লোপ হইলে পরস্বরের প্রকৃত রূপই রহিল, "নযে পরং যুত্তে" সূত্রানুসারে অস্বর ব্যঞ্জন 'চ্'কার পরস্বর অকারে যুক্ত হইয়া 'পচন্তি' ক্রিয়া সিদ্ধ হইল। "পযুজ্জমানেপি তুল্যাধিকরণে"তি চাধিকারো — "নামম্হি পযুজ্জমানেপি তুল্যাধিকরণে পঠমো" এই সূত্র হইতে "পযুজ্জমানেপি তুল্যাধিকরণে" এই অংশটি লইয়া পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

## তুম্হে মজ্ঝিমো।

তুল্যাধিকরণে তুম্হে পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি মজ্ঝিমো পুরিসো হোতি।

পদবিচ্ছেদ। তুম্হে, মজ্ঝিমো দ্বিপদী সূত্র।

শব্দার্থ। তুম্হে — 'তুম্হ' শব্দে, অর্থাৎ যুষ্মদ্ শব্দে। মজ্ঝিমো — মধ্যম পুরুষ হয়।

বঙ্গানুবাদ। 'তুম্হ' শব্দের প্রয়োগে সমুদয় ধাতুর উত্তর মধ্যম পুরুষীয় বিভক্তি হয়। যথা, ত্বং পচসি, তুম্হে পচে, এখানেও উক্ত প্রকারে রূপ সন্ধি দ্রষ্টব্য।

## অম্হে উত্তমো।

তুল্যাধিকরণে অম্হে পযুজ্জমানেপি অপ্পযুজ্জমানেপি উত্তমো পুরিসো হোতি।

পদবিচ্ছেদ। অম্হে উত্তমো, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অম্হে — 'অম্হ' শব্দে, অর্থাৎ অস্মদ্ শব্দে।

বঙ্গানুবাদ। 'অম্হ' শব্দের প্রয়োগে সমুদয় ধাতুর উত্তর উত্তম পুরুষীয় বিভক্তি হয়।

## অকারো দীঘং হিমিমেসু।

হ্যাদিস্বকারস্স দীঘো হোতি।

পদ বিচ্ছেদ। অকারো, দীঘং হিমিমেসু, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। হিমিমেসু — পঞ্চমীর হি মি, ম, এবং বর্ত্তমানার মি ম বিভক্তি পরে থাকলে; হি চ মি চ মো চ হি-মি-মা, তেসু হি-মি-মেসু। অকারো — অ প্রত্যয়, অর্থাৎ 'অ' এই বিকরণ প্রত্যয়। দীঘং — দীর্ঘপ্রাপ্ত হয়, অর্থাৎ দীর্ঘ হয়।

বঙ্গানুবাদ। হি মি, এবং ম বিভক্তি পরে থাকিলে পূর্ব্ব 'অ' বিকরণ প্রত্যয় দীর্ঘ হয়। যথা, অহং পচামি ময়ং পচাম, ত্বং পচাহি।

## পরান্যত্তনোপদানি।

অট্ঠ বিভত্তীনং যানি যানি পরানি ছ পদানি তানি তানি অত্তনোপদানি নাম।

পদবিচ্ছেদ। পরানি, অত্তনোপদানি, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। পরানি — বর্ত্তমানাদি অষ্টবিধ বিভক্তির প্রত্যেক বিভক্তিতে প্রথম ছয়টী পদ ভিন্ন অপর ছয়টী পদ। অত্তনোপদানি — আত্মনেপদ নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি বিভক্তির প্রত্যেক বিভক্তিতে প্রথম ছয়টী পদ ভিন্ন অপর ছয়টী পদকে 'অত্তনোপদ' বলে।

"কত্তরিচে" তি অত্তনোপদানি।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। অত্তনোপদানি — অত্তনোপদ হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্যে ও অত্তনোপদ' হয়। সাধারণতঃ কর্ত্তৃবাচ্যে 'পরস্স পদ', এবং কর্ম্ম ও ভাববাচ্যে 'অত্তনে পদ' প্রধান। কর্ত্তৃবাচ্যে অত্তনোপদ', এবং কর্ম্ম ও ভাববাচ্যে পরস্স পদ' অপ্রধান। সেসং পুব্বে'ব — অবশিষ্টগুলি পূর্ব্বে উক্ত সদৃশ দ্রষ্টব্য। যথা সো ওদনং পচতে, তে ওদনং পচন্তে, ত্বং ওদনং পচসে, তুম্হে ওদনং পচব্হে, অহং ওদনং পচে, মযং ওদনং পচাম্হে।

## অত্তনোপদানি ভাবে চ কম্মনি।

ভাবে কম্মনি চ অত্তনোপদানি হোন্তি।

পদবিচ্ছেদ। অত্তনোপদানি, ভাবে, চ, কম্মনি চতুষ্পদীসূত্র।

শব্দার্থ। ভাবে — ভাববাচ্যে। কম্মনি — কর্ম্মবাচ্যে। অত্তনোপদানি হোন্তি — 'অত্তনোপদ' প্রধানভাবে ব্যবহৃত হয়।

বঙ্গানুবাদ। কর্ম্ম ও ভাববাচ্যে 'অত্তনোপদ' হয়।

**"ভাব-কম্মেসু যো"** তি যো।

বঙ্গানুবাদ। কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর 'য' প্রত্যয় হয়।

**তস্স চবগ গযকার বকারত্তং সধাত্বন্তস্স।**

তস্স যপ্প চ্চয়স্স ধাত্বন্তেনসহ যথাসম্ভবং চবগ্গ যবাহোন্তি।

পদবিচ্ছেদ। তস্স, চবগ্গযকারবকারত্তং, সধাত্বন্তস্স, ত্রিপদীসূত্র।

শব্দার্থ। তস্স সধাত্বন্তস্স — ধাতুর অন্ত্যবর্ণের সহিত সেই 'য' প্রত্যয়ের স্থানে, এস্থলে 'পচ' ধাতুর অন্ত্য বর্ণ অস্বর চকার। যথাসম্ভবং — যথাসম্ভব। চবগ্‌গ-যকার-বকারত্তং — চ বর্গ, য, এবং বকার আদেশ হয় চবগ গো চ যকারো চ বকারোচ চবগ্‌গ-যকার-বকারা, তেসং ভাবো = চবগ্গ-যকার-বকারত্তং। চবগ্গ-যবা হোন্তি — এস্থলে চবর্গের চকার অথবা যকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ধাতুর অন্ত্যবর্ণের সহিত উক্ত যকার স্থানে চবর্গ, য, এবং বকার আদেশ হয়। এস্থলে 'পচ' ধাতুর অন্ত্যবর্ণ চকারের সহিত যকার স্থানে চকার কিম্বা যকারাদেশ হয়। যদি চকার আদেশ হয়, তবে তাহার দ্বিত্ব হয়।

**অত্তনোপদানি পরস্সপদত্তং।**

অত্তনোপদানি কচি পরস্সপদত্তং যন্তি।

পদবিচ্ছেদ। অত্তনোপদানি, পরসসপদত্তং, দ্বিপদীসূত্র।

শব্দার্থ। অত্তনোপদানি — অত্তনোপদ সকল। কচি — কচিৎ। পরস সপদত্তং যন্তি — পরস্মৈপদত্ব প্রাপ্ত হয়।

বঙ্গানুবাদ। অত্তনোপদ সকল কচিৎ পরস্সপদ হয়। অর্থাৎ কর্ম্ম বাচ্যে অত্তনোপদের পরিবর্ত্তে কচিৎ পরস সপদ ব্যবহৃত হয়। যথা তেন তযা, মযা বা ওদনো পচ্চতি, পচ্চতে বা; এইরূপ — তেন তযা, মযা বা ওদনা পচ্চন্তি পচ্চন্তে বা; তেন, মযা বা, ত্বং ওদনো

পচ চসে; তেন ময়া বা, তুম্হে ওদনা পচ্চব্হে; তেন, তয়া বা, অহং ওদনো পচ্চে; তেন তয়া বা, ময়ং ওদনা পচ চাম্হে।

ভাবে — ভাববাচ্যে. যে স্থলে ক্রিয়ার অর্থ প্রধানভাবে প্রতীত হয় তাহাকে ভাব বাচ্য কহে। ধাতুর অর্থকেই ভাব কহে। ইধ ভাবো কারকামিস্সোগন্ধো ধাত্বত্থো — কর্তৃকারক কিম্বা কর্ম্ম কারকের সহিত সম্পর্ক রহিত শুধু ধাত্বর্থকেই ভাব কহে। ভাববাচ্যে প্রথম পুরুষের এক বচনের ক্রিয়া হইয়া থাকে, কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়া থাকে, কর্ম্মবাচ্যের কর্ত্তার ন্যায় ক্রিয়ার সহিত কর্ত্তার কোন সম্পর্ক থাকে না। যথা তেন, তয়া, ময়া বা ভূয়তে। ভূ সত্তায়ং — ভূ ধাতু হওয়া অর্থে।

আখ্যাত-প্পচ্চযা সব্বে ভবেয্যুং সাধনত্তয়ে,
কত্তা কম্মং চ ভাবো চ সাধনানীধ বুচ্চরে।

অন্বয়। সব্বে আখ্যাত-পচ্চযা সাধনত্তযে ভবেয্যুং, কত্তা চ কম্মং চ ভাবো চ ইধ সাধনানি বুচ্চরে।

শব্দার্থ। সব্বে আখ্যাত-পচ্চযা — তি, অন্তি প্রভৃতি আখ্যাত প্রত্যয় সকল। সাধনত্তযে ভবেয্যুং — কর্তৃবাচ্য. কর্ম্মবাচ্য ও ভাববাচ্য ভেদে ত্রিবিধ বাচ্যে হয়। ইধ — পালি ব্যাকরণে। সাধনানি বুচ্চরে — সাধন নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। পালি ব্যাকরণে কর্তৃ-সাধন, কর্ম্ম-সাধন ও ভাব-সাধন ভেদে ত্রিবিধ সাধন সমস্ত আখ্যাত প্রত্যয় উক্ত ত্রিবিধ সাধনে ব্যবহৃত হয়।

সকম্মকম্হা ধাতুম্হা কত্তু-কম্মেসু হোন্তি তে,
ন ভাবে কম্মরহিতম্হা কত্তু-ভাবেসু নাপরে।

অন্বয়। কত্তু-কম্মেসু সকম্মকম্হা ধাতুম্হা তে হোন্তি, ভাবে তে ন হোন্তি, কত্তু-ভাবেসু কম্মরহিতম্হা ধাতুম্হা তে হোন্তি, অপরে কম্মসাধনে তে ন হোন্তি।

শব্দার্থ। কৰ্ত্তু-কম্মেসু — কর্তৃ ও কর্ম্ম সাধনে. অর্থাৎ কর্তৃ ও কর্ম্মবাচ্যে। সকম্মকম্‌হা ধাতুম্‌হা — সকর্ম্মক ধাতুর উত্তর। তে হোন্তি — সেই তি, অন্তি প্রভৃতি আখ্যাত প্রত্যয়গুলি হয়। ভাবে — ভাব সাধনে অর্থাৎ ভাববাচ্যে। কত্তু-ভাবেসু—কর্তৃ ও ভাব সাধনে অর্থাৎ কর্তৃ ও কর্ম্মবাচ্যে। কম্মরহিতম্‌হা ধাতুম্‌হা — অকর্ম্মক ধাতুর উত্তর। অপরে কম্মসাধনে — অন্য কর্ম্ম সাধনে। তে নহোন্তি — সেই আখ্যাত প্রত্যয় সকল হয়না।

বঙ্গানুবাদ। কর্তৃ ও কর্ম্মসাধনে সকর্ম্মক ধাতুর উত্তর আখ্যাত প্রত্যয় সকল হয়। কিন্তু ভাব সাধনে সকর্ম্মক ধাতুর উত্তর আখ্যাত প্রত্যয় হয় না। কর্তৃ ও ভাব সাধনে অকর্ম্মক ধাতুর উত্তর আখ্যাত প্রত্যয় হয়। কিন্তু কর্ম্মসাধনে অকর্ম্মক ধাতুর উত্ত আখ্যাত প্রত্যয় হয় না।

ভাবার্থ। ধাতু দুই প্রকারঃ— সকর্ম্মক ও অকর্ম্মক ধাতু। সকর্ম্মক ধাতু হইতে নিষ্পন্ন ক্রিয়াপদকে সকর্ম্মক ক্রিয়া এবং অকর্ম্মক ধাতু হইতে নিষ্পন্ন ক্রিয়াপদকে অকর্ম্মক ক্রিয়া কহে। ত্রিবিধ বাচ্যঃ— কর্তৃবাচ্য, কর্ম্মবাচ্য ও ভাববাচ্য। যাহার কর্ত্তায় প্রথমা বিভক্তি ক্রিয়া সকর্ম্মক হইলে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি এবং ক্রিয়াটী কর্ত্তার অনুযায়িনী হয়, অর্থাৎ কর্ত্তার যে পুরুষ ও যে বচন হয়, ক্রিয়াতেও সেই পুরুষ ও সেই বচন হয়, তাহার নাম কর্তৃবাচ্য। যথা অহং সযামি, এস্থলে 'সযামি' ক্রিয়াটী অকর্ম্মক এবং 'অহং' এই কর্ত্তার অনুযায়িনী হইয়াছে। সূদো ওদনং পচতি, এস্থলে 'পচতি' ক্রিয়াটী সকর্ম্মক, "ওদনং" এই পদটী ইহার কর্ম্ম, এবং 'সূদো' এই কর্ত্তার অনুযায়িনী হইয়াছে।

যাহার কর্ত্তায় তৃতীয়া বিভক্তি, কর্ম্মে প্রথমা বিভক্তি, এবং ক্রিয়াটী কর্ম্মের অনুযায়িনী হয়, অর্থাৎ কর্ম্মের যে পুরুষ ও যে বচন হয়

ক্রিয়াতেও সেই পুরুষ ও সেই বচন হয়, তাহা নাম কর্ম্মবাচ্য। যথা, সূদেন ওদনো পচ্যতে, এস্থলে 'সূদেন' এই পদটী কর্ত্তায় তৃতীয়া বিভক্তি, 'ওদনো' এই পদটী কর্ম্মে প্রথমা বিভক্তি, এবং 'পচ্যতে' এই পদটী সকর্ম্মক ক্রিয়া, তাহা 'ওদনো' এই কর্ম্মকারকের অনুযায়িনী হইয়াছে।

যাহার কর্ত্তায় তৃতীয়া বিভক্তি, ক্রিয়াটী নিত্যই অকর্ম্মক ও প্রথম পুরুষের একবচনে হইয়া থাকে, তাহার নাম ভাব বাচ্য। যথা, তেন, ত্বয়া ময়া বা ভূয়তে। বাঙ্গালা ভাষায় ভাব বাচ্যের কর্ত্তায় দ্বিতীয়া ও ষষ্ঠী বিভক্তি হয়। যেমন; আমার শোওয়া হইল, তাহাকে যাইতে হইবে ইত্যাদি। ভাববাচ্যে ক্রিয়ারই প্রাধান্য থাকে, সুতরাং কর্ত্তা যে পুরুষের ও যে বচনের হউক না কেন, ক্রিয়াটী সর্ব্বদা প্রথম পুরুষের ও এক বচনের হইয়া থাকে।

কর্ম্মাবচনিচ্ছায়াং নবিরুধ্যাতি সকর্ম্মকা,
ভাবে'পি তং যথা গেহে দেবদত্তেন পচ্যতে।

অন্বয়। কর্ম্মাবচনিচ্ছায়াং সকর্ম্মকা ধাতুম্হা পচ্চয-যোগো ভাবে অপি ন বিরুধ্যাতি, তং যথা গেহে দেবদত্তেন পচ্যতে।

শব্দার্থ। কর্ম্মাবচনিচ্ছায়াং — কর্ম্মবিবক্ষা না থাকিলে অর্থাৎ সকর্ম্মক ক্রিয়ার কর্ম্ম থাকা সত্ত্বেও তাহা বলিবার ইচ্ছা না হইলে। সকর্ম্মকা ধাতুম্হা — সকর্ম্মক ধাতুর উত্তর। পচ্চয-যোগো — আখ্যাত প্রত্যয় যোগ করা, অর্থাৎ তি অন্তি প্রভৃতি ক্রিয়া-বিভক্তির সংযোগ। ভাবে অপি — ভাব বাচ্যেও। ন বিরুধ্যাতি — বিরুদ্ধ হয় না। তং যথা — তাহা যেমন। "গেহে দেবদত্তেন পচ্যতে" এইটী উদাহরণ, ইহার অর্থ — গৃহে দেবদত্ত কর্ত্তৃক পক্ব বা পাক করা হইতেছে।

বঙ্গানুবাদ। বক্তার কর্ম্ম বিবক্ষা না থাকিলে ভাবসাধনেও সকর্ম্মক ধাতুর উত্তর আখ্যাত প্রত্যয় হয়। অর্থাৎ বক্তার ইচ্ছাবশে বাক্যে

কখন কখন কর্ম্ম অনুক্ত থাকে, তখন সকর্ম্মক ক্রিয়াও অকর্ম্মকের ন্যায় দেখায়। এইরূপস্থলে ভাববাচ্যে ও ক্বচিৎ সকর্ম্মক ক্রিয়ার প্রয়োগ হইয়া থাকে, কিন্তু তাহার কর্ম্ম লুপ্ত থাকে। যেমন, গেহে দেবদত্তেন পচ্চতে, এস্থলে 'পচ্চতে' ক্রিয়াটী সকর্ম্মক হইলেও অকর্ম্মকের ন্যায় দৃষ্ট হইতেছে।

সন্তম্পি বত্তুমিচ্ছা নক্কাপ্যসন্তম্পি সা ভবে,
তং যথানুদরা কঞ্ঞা সমুদ্দো কুণ্ডিকাতি চ।

অন্বয়। সন্তং বত্থুম্পি বত্তুং ক্বাপি ইচ্ছা ন ভবে অসন্তং বত্থুম্পি বত্তুং সা ইচ্ছা ভবে, তং যথা অনুদরা কঞ্ঞা সমুদ্দো কুণ্ডিকা চেতি।

শব্দার্থ। সন্তং বত্থুম্পি — বিদ্যমান বস্তুকেও। বত্তুং — বলিতে। ক্বাপি — কোন কোন স্থলে। ইচ্ছা ন ভবে — ইচ্ছা হয় না। অসন্তং বত্থুম্পি — অবিদ্যমান বস্তুকেও। বত্তুং — বলিতে। সা ইচ্ছা ভবে — সেই ইচ্ছা হয়। তং যথা — তাহা এইরূপ। অনুদরা -- উদর রহিত। কঞ্ঞা — কন্যা, বালিকা। সমুদ্দো — সমুদ্র। কুণ্ডিকা — গাড়, জলের ক্ষুদ্র পাত্র বিশেষ।

বঙ্গানুবাদ। লোকে কখন কখন বিদ্যমান বস্তুকেও অবিদ্যমান বস্তু বলিতে এবং অবিদ্যমান বস্তুকেও বিদ্যমান বস্তু বলিতে ইচ্ছা করে। যথা অনুদরা কঞ্ঞা, এস্থলে কন্যার উদর থাকা সত্ত্বেও ক্ষুদ্র বলিয়া 'অনুদরা' বলা হইয়াছে। সমুদ্দো কুণ্ডিকা, এস্থলে কুণ্ডিকার আকৃতি বা স্বরূপ সমুদ্রে না থাকিলেও সমুদ্রকে কুণ্ডিকা বলা হইয়াছে।

উপসগ্গবসা কোচি অকম্মোপি সকম্মকো,
যথা'ভিভূযতে রাগো তাপসেন মহিদ্ধিনা।

অন্বয়। কোচি অকম্মোপি উপসগ্গবসা সকম্মকো ভবতি, যথা ঃ— মহিদ্ধিনা তাপসেন রাগো অভিভূযতে।

শব্দার্থ। কোচি অকম্মোপি — কোন কোন অকর্ম্মক ধাতুও। উপসগ্গবসা — উপসর্গ যোগে। সকম্মকো ভবতি — সকর্ম্মক হয়।

যথা — যেমন। অভিভূযতে — অভিভূত হয়, মর্দ্দিত হয়। রাগো — কাম, রাগ, লোভ। মহিদ্ধিনা তাপসেন — মহাঋদ্ধিমান তাপসকর্ত্তৃক।

বঙ্গানুবাদ। কোন কোন অকর্ম্মক ধাতু ও উপসর্গ যোগে সকর্ম্মক হয়। যথা, মহিদ্ধিনা তাপসেন রাগো অভিভূযতে, এস্থলে অকর্ম্মক 'ভূ' ধাতু 'অভি' উপসর্গ যোগে সকর্ম্মক হইয়াছে।

কত্তু বাচিনি ধাতুম্হি যস্মিং কম্মং গবেস্সতে,
সকম্মকোতি সো ঞেয্যো তব্বিরুদ্ধো অকম্মকো।

অন্বয়। যস্মিং কত্তু বাচিনি ধাতুম্হি কম্মং গবেস্সতে সো সকম্মকো, তব্বিরুদ্ধো অকম্মকোতি ঞেয্যো।

শব্দার্থ। যস্মিং কত্তু বাচিনি ধাতুম্হি — কর্ত্তৃবাচ্যে যেই ধাতুতে। কম্মং — কর্ম্মকারক। গবেস্সতে — গবেষিত হয় বা অন্বেষিত হয়। সো — সেই ধাতু। সকম্মকো — সকর্ম্মক। তব্বিরুদ্ধো — তদ্বিপরীত। অকম্মকো — অকর্ম্মক ধাতু। ঞেয্যো — জ্ঞাতব্য অর্থাৎ জানিতে হইবে।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্যে যে ধাতুর কর্ম্ম অন্বেষিত হয়, তাহার নাম সকর্ম্মক ধাতু, এবং কর্ত্তৃবাচ্যে যে ধাতুর কর্ম্ম অন্বেষিত হয় না, তাহার নাম অকর্ম্মক ধাতু। অর্থাৎ যে ধাতুর কর্ম্ম আছে, তাহাকে সকর্ম্মক ধাতু বলে; এবং যে ধাতুর কর্ম্ম নাই, তাহাকে অকর্ম্মক ধাতু বলে। যেমন, 'সো পচতি' এইটী কর্ত্তৃবাচ্যের বাক্য; সো পচতি — সে পাক করিতেছে ইহা বলিলে, পাক ক্রিয়ার সহিত অন্য কোন দ্রব্যের সম্বন্ধ আছে ইহা বুঝায়। পুনঃ কি পাক করিতেছে তাহা অন্বেষণ করিলে ওদন কিম্বা অন্য কোন দ্রব্য পাক করিতেছে ইহা বুঝায়। সুতরাং ওদনাদি দ্রব্য কর্ম্ম, তাহা উক্ত ক্রিয়া দ্বারা অন্বেষিত হইতেছে। 'সো ভবতি' এইটী কর্ত্তৃ-বাচ্যের বাক্য; সো ভবতি — সে হয় বা হইতেছে ইহা বলিলে, হওয়া ক্রিয়ার সহিত অন্য কোন দ্রব্যের সম্বন্ধ নাই ইহা বুঝায়। পুনঃ কি হইতেছে

বা কি হয় ইহা অন্বেষণ করিলে সাধু হয় বা রাজা হয় কিম্বা অন্য কিছু হয় ইহাই বুঝায়। কিন্তু এস্থলে সাধু বা রাজা কর্ম্ম নহে, তাহা বিকৃতি কর্ত্তা মাত্র। সুতরাং উক্ত ক্রিয়া দ্বারা কোন কর্ম্ম অন্বেষিত হইতেছেনা বলিয়া 'ভবতি' এইটী অকর্ম্মক ক্রিয়া। এইরূপ সর্ব্বত্র দ্রষ্টব্য।

**"পঞ্চমী তু-অন্তু-হি-থ-মি-ম-তং-অন্তং-সস্সু-ব্হো-এ-আমসে"** তি ত্বাদীনং পঞ্চমী সঞ্ঞা।

শব্দার্থ। তু-অন্তু-হি-থ-মি-ম-তং-অন্তং-সুস্সু বহো-এ-আমসে—তু, অন্তু, হি, থ, মি, ম, তং, অন্তং, সুস্সু, ব্হো, এ, আমসে এই দ্বাদশ প্রত্যয় বা ক্রিয়া বিভক্তি। পঞ্চমী — পঞ্চমী বিভক্তি নামে কথিত হয়, সংস্কৃতে লোট্ বিভক্তি বলা হয়।

বঙ্গানুবাদ। তু, অন্তু, হি, থ, মি, ম, তং, অন্তং, সুস্সু, ব্হো, এ, আমসে এই দ্বাদশ প্রত্যয়কে পঞ্চমী বিভক্তি বলে।

## আণত্যাসিট্ঠেঽনুত্তকালে পঞ্চমী।

আণত্যত্থে চ আসিট্ঠত্থে চ গম্যমানে পচ্চ প্পন্নে কাল ভেদ মনামসিত্বা বা পঞ্চমী হোতি।

পদবিচ্ছেদ। আণত্যাসিট্ঠে, অনুত্তকালে, পঞ্চমী — ত্রিপদী সূত্র।

শব্দার্থ। আণত্যাসিট্ঠে — অনুজ্ঞা ও আশীর্ব্বাদার্থে, আণতি চ আসিট্ঠং চ আণত্যাসিট্ঠা, আণত্যাসিট্ঠা অস্স সন্তীতি আণত্যাসিট্ঠো তস্মিং আণত্যাসিট্ঠে। অনুত্তকালে — অনুক্তকালে, বর্ত্তম নাদিকালের উল্লেখ না করাকে অনুক্তকাল কহে, অনু সমীপে উত্তো অনুত্তো, বত্তমানাদিবসেন ন উত্তো বা অনুত্তো, অনুত্তো চ সো কালো চেতি অনুত্তকালো, তস্মিং অনুত্তকালে। পঞ্চমী — পঞ্চমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অনুজ্ঞা ও আশীর্ব্বাদার্থে সমীপ কালে কিম্বা অনুক্তকালে সমস্ত ধাতুর উত্তর পঞ্চমী বিভক্তি হয়।

১৩—

নিযোগং জঞ্ঞা আণত্তিং আসিট্‌ঠং ইট্‌ঠপত্থনং,
অনুত্তকালো সমীপে বুত্তো কালো'ধ ইচ্ছিতো,
অবুত্তো বা গহেতব্বো পচ্চুপ্পন্নাদি ভেদতো।

অন্বয়। নিযোগং আণত্তিং জঞ্ঞা ইট্‌ঠপত্থনং আসিট্‌ঠং জঞ্ঞা, ইধ সমীপে বুত্তো কালো অনুত্তকালোতি ইচ্ছিতো হোতি, পচ্চুপ্পন্নাদি ভেদতো অবুত্তো বা গহেতব্বো।

শব্দার্থ। নিযোগং — নিযুক্তকরণ বা প্রেরণ। আণত্তিং — অনুজ্ঞা, আদেশ। জঞ্ঞা — জানিবে। ইট্‌ঠপত্থনং — মঙ্গলকামনা। আসিট্‌ঠং — আশীষ। ইধ — এই ব্যাকরণে। সমীপে বুত্তো কালো — সমীপে কথিত কাল অর্থাৎ অনাগত-সমীপ কাল। অনুত্তকালোতি ইচ্ছিতো হোতি — অনুক্তকাল নামে কথিত হয়। পচ্চুপ্পন্নাদিভেদতো — বর্ত্তমানাদি ভেদে। অবুত্তো – অনুক্তকাল। বা — অথবা। গহেতব্বো — গ্রহণ করিবে।

বঙ্গানুবাদ। নিয়োগ করাকে 'আণত্তি' এবং ইষ্ট প্রার্থনা করাকে আশীষ বলিয়া জানিবে। অনাগত-সমীপে উক্ত কালকে কিম্বা বর্ত্তমানাদি ভেদে অনুক্তকালকে অনুক্তকাল বলিয়া গ্রহণ করিবে।

অপ্পচ্চযো — ভূবাদিগণীয় ধাতুর উত্তর অপ্রত্যয় হয়। তদন্তর ধাতুর অন্ত্যস্বর লোপ করিয়া অস্বর ব্যঞ্জনকে পরাক্ষরে যোগ করিলে পঞ্চমীর পরস্মৈপদী প্রথম পুরুষ একবচনে 'পচতু', এবং বহুবচনে 'পচন্তু' ক্রিয়াপদ সিদ্ধ হয়। অনুজ্ঞার্থে সমীপে উক্ত কালে ধাতুর উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যেমন দেবদত্ত এখন ওদন পাক করুক — দেবদত্তো'দানি ওদনং পচতু। বর্ত্তমানাদিকালের উল্লেখ না করিয়া অনুজ্ঞার্থে পঞ্চমী। যথা, দেবদত্ত ওদন পাক করুক — দেবদত্তো ওদনং পচতু। আশীর্ব্বাদার্থে পঞ্চমী; যথা. সে সুখী হউক — সো সুখী ভবতু। বিধি, নিমন্ত্রণ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, সম্প্রাপ্তকালাদি অর্থে পঞ্চমী হয়। যথা,

বিধি অর্থে — ইধ পব্বতো হোতু, এখানে বিধি অর্থ অধিষ্ঠান। নিমন্ত্রণ অর্থে — অধিবাসেতু মে ভন্তে ভগবা স্বাতনায ভত্তং, ইধ নিসীদতু ভবং। অনুরোধ অর্থে — দেসেতু ভন্তে ভগবা ধম্মং। অনুমতি অর্থে— তেন হি ভিক্খবে সংঘো পণ্ডুক-লোহিতকানং ভিক্খূনং তজ্জনীযকম্মং করোতু ; পুচ্ছ বাসব মং পঞ্হং। প্রার্থনা অর্থে — দদাহি মে গামবরানি পঞ্চ। সম্প্রাপ্ত কালার্থে — সম্পত্তো তে কালো কট-করণে, কটং করোতু ভবং, সম্পত্তো তে কালো ধম্ম দেসনায, ধম্মং দেসেতু ভবং।

"হি লোপংবা"তি হিস্স লোপো বা।

শব্দার্থ। হি — মধ্যম পুরুষ এক বচনে হি বিভক্তি। লোপং — লোপ প্রাপ্ত হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। মধ্যম পুরুষ এক বচনে হি বিভক্তির লোপ হয়, বিকল্পে যথা, পচ হি, বিকল্পে — পচ।

পক্খে দীঘো — অন্য পক্ষে, অর্থাৎ অলুপ্ত পক্ষে, "অকারো দীঘং হি-মি-মেস্বু' এই সূত্রানুসারে 'অ' বিকরণ প্রত্যয় দীর্ঘ হয়। কম্মানি কর্ম্মবাচ্যে পচ্চতং ইত্যাদি। কত্তুসমং — কর্তৃবাচ্যের ক্রিয়ার সমান। যো'ব বিসেসো — কর্তৃ ও কর্ম্ম বাচ্যের ক্রিয়ার মধ্যে বিশেষ কেবল কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর য প্রত্যয় হয়, কিন্তু কর্তৃবাচে তাহা হয় না। ভাবে — ভাব বাচ্যে। ইতো পরং—ইহার পর। কম্ম-ভাবেস্বু—কর্ম্ম ও ভাব বাচ্যে। নযানুসারে — নিয়মানুসারে। ঞেয্যং — জানিবে।

"সত্তমী-এয্য-এয্যুং-এয্যাসি-এয্যাথ-এয্যামি-এয্যাম-এথ-এরং-এথো-এয্যব্হো-এয্যং-এয্যাম্হে"তি এয্যাদীনং সত্তমী সঞ্ঞা।

শব্দার্থ। এয্যাদীনং — এয্য, এয্যুং, প্রভৃতি দ্বাদশ প্রকার বিভক্তি প্রত্যয়ের। সত্তমী সঞ্ঞা — সপ্তমী সংজ্ঞা, অর্থাৎ সপ্তমী নামে কথিত হয়, সংস্কৃতে ইহাকে বিধিলিঙ্ বলে।

বঙ্গানুবাদ। এয্য, এয্যুং এয্যাসি এয্যাথ, এয্যামি, এয্যাম এথ, এরং, এথো এয্যব্হো এয্যং এয্যাম্হে এই দ্বাদশ বিভক্তি প্রত্যয়কে সপ্তমী বলে।

## অনুমতি-পরিকপ্পত্থেসু সত্তমী।

অনুমত্যত্থে পরিকপ্পত্থে চ অনুত্তকালে সত্তমী হোতি।

পদ বিচ্ছেদ। অনুমতি-পরিকপ্পত্থেসু, সত্তমী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অনুমতি-পরিকপ্পত্থেসু—অনুমতি ও সম্ভাবনা অর্থে। সত্তমী — সপ্তমী বিভক্তি হয়। অনুত্তকালে — অনুক্তকালে, অকথিত কালে।

বঙ্গানুবাদ। অনুমতি ও পরিকল্পনার্থে অনুক্তকালে সমস্ত ধাতুর উত্তর সপ্তমী হয়।

যংকিঞ্চি কত্তুমিচ্ছন্তি মঞ্ঞো তদনুমঞ্ঞতি,
সানুমতি পরিকপ্পো কত্তব্বানিচ্ছযো মতো।

অন্বয়। যং কিঞ্চি কত্তুং ইচ্ছন্তং অঞ্ঞো অনুমঞ্ঞতি, সা অনুমতি নাম হোতি; কত্তব্বানিচ্ছযো পরিকপ্পো নাম মতো হোতি।

শব্দার্থ। যং কিঞ্চি কত্তুং — কোন একটী কর্ম্ম করিতে। ইচ্ছন্তং — ইচ্ছাকারী ব্যক্তিকে। অঞ্ঞো — অপর ব্যক্তি। অনুমঞ্ঞতি — অনুমতি করে। সা অনুমতি নাম হোতি — তাহা অনুমতি নামে কথিত হয়। কত্তব্বানিচ্ছযো — কর্ত্তব্য কর্ম্মের অনিশ্চয় বা অনিয়ম। পরিকপ্পো নাম মতো হোতি — পরিকল্প বা পরিকল্পনা অর্থাৎ সম্ভাবনা নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। কেহ কোন কাজ করিবার প্রার্থনা করিলে, অপর ব্যক্তি তাহাকে যে আজ্ঞা দেয়, তাহার নাম অনুমতি; এবং কোন কার্য্যের বা ক্রিয়ার অনিশ্চয়তা বা সম্ভাবনার নাম পরিকল্প।

যদাদিনা এয্যস্স এ আদেসো বা — "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে 'এয্য' শব্দের স্থানে বিকল্পে এ কার আদেশ হয়। যথা:— পচেয্য, বিকল্পে — পচে।

পঞ্চমী-সত্তমীত্যাযং পুব্বাচরিয়-সঞ্ঞা — পঞ্চমী ও সপ্তমী এই দুইটী 'কচ্চায়ন' নামক পৌরাণিক আচার্য্যের কৃত সংজ্ঞা; পঞ্চমী ও সপ্তমী এই দুইটীর অর্থের অপেক্ষা না করিয়া রূঢ় শব্দ বশে তাহাদের নাম দেওয়া হইয়াছে। যেমন — বর্ত্তমানা, পরোক্ষা, হীযত্তনী (হ্যস্তনী), অজ্জতনী (অদ্যতনী) প্রভৃতি শব্দের অর্থানুরূপ নাম করা হইয়াছে, তেমন পঞ্চমী ও সপ্তমীর অর্থের প্রতি লক্ষ্য না করিয়া রূঢ়ি বশে ইহাদের নাম দেওয়া হইয়াছে।

**"পরোক্‌খা অ-উ-এ-ত্থ-অ-ম্‌হ-ত্থ-রে-ত্থো-ব্‌হো-ই-ম্‌হে"** তি অ ইত্যাদীনং পরোক্‌খা সঞ্ঞা।

বঙ্গানুবাদ। অ, উ, এ, ত্থ, অ, ম্‌হ, ত্থ, রে, ত্থো, ব্‌হো, ই, ম্‌হে এই দ্বাদশটীকে পরোক্ষা বলে।

## অপচ্চক্‌খে পরোক্‌খাতীতে।

অক্‌খমিন্দ্রিযং তন্নিস্‌সিতং পচ্চক্‌খং, ন পচ্চক্‌খং অপচ্চক্‌খং, তস্মিং অপচ্চক্‌খে অতীতেকালে পরোক্‌খা হোতি।

পদবিচ্ছেদ। অপচ্চক্‌খে, পরোক্‌খা, অতীতে, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। অপচ্চক্‌খে — অপ্রত্যক্ষে, চক্ষুর অগোচরে। অতীতে — অতীতকালে। পরোক্‌খা হোতি — পরোক্ষা বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। যেই ক্রিয়া বহুদিন হইল সমাপ্ত হইয়া গিয়াছে, তাহার অতীতকালকে পরোক্ষা কহে। তাদৃশ অতীতকালে সমস্ত ধাতুর উত্তর পরোক্ষা বিভক্তি হয়।

**"ক্বচাদিবণ্ণানমেকস্‌সরানং দ্বে ভাবো"** তি সস্‌সরস্‌স আদিস্‌স দ্বিত্তং।

শব্দার্থ। ক্বচি — ক্বচিৎ। এ কস্‌সরানং — একস্বর বিশিষ্ট। আদি-বণ্ণানং — আদি ব্যঞ্জন বর্ণ সকলের। দ্বে ভাবো — দ্বিত্ব হয়। সস্‌সরস্‌স

আদিস্‌স — সস্বর আদি ব্যঞ্জনবর্ণের, অর্থাৎ একস্বর যুক্ত আদ্য ব্যঞ্জন বর্ণের।

বঙ্গানুবাদ। পরোক্ষা বিভক্তি পরে থাকিলে ধাতুর আদ্য সস্বর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয়, ক্বচিৎ। যথা, পপচ, এস্থলে অবিভক্তি পরে থাকাতে 'পচ' ধাতুর অন্তাস্বর লুপ্ত হইয়া অ' বিকরণ প্রত্যয় আগম হইয়াছে তৎপর 'পচ্‌' ধাতুর আদি সস্বর প কারের দ্বিত্ব হইয়া 'পপচ্‌' হইয়াছে এবং "নযে পরং যুত্তে" এই সূত্রানুসারে অস্বর ব্যঞ্জন পরাক্ষরে যুক্ত হইয়া "পপচ" ক্রিয়া সিদ্ধ হইয়াছে। এইরূপ অবশিষ্ট গুলিও দ্রষ্টব্য।

## ইকারাগমো অসব্বধাতুকম্‌হি।

ব্যঞ্জনাদো অসব্বধাতুকম্‌হি ই আগমো, হীযত্তনী পঞ্চমী সত্তমী বত্তমানা সব্বধাতুকং তদঞ্ঞে অসব্বধাতুকং।

পদবিচ্ছেদ। ইকারো, আগমো, অসব্‌বধাতুকম্‌হি, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। ব্যঞ্জনাদো — আদি ব্যঞ্জনযুক্ত, আদিতে ব্যঞ্জনবর্ণ সংযুক্ত; ব্যঞ্জনো আদিম্‌হি যস্‌স সো ব্যঞ্জনাদি, তস্মিং ব্যঞ্জনাদো। অসব্‌ব-ধাতুকম্‌হি — অসর্ব্ব ধাতুক প্রত্যয় পরে থাকিলে। ই আগমো — ইকার আগম হয়।

বঙ্গানুবাদ। আদি ব্যঞ্জনবর্ণ বিশিষ্ট "অসব্ব ধাতুক" প্রত্যয় পরে থাকিলে ধাতুর উত্তর ইকার আগম হয়।

হীযত্তনী, পঞ্চমী, সপ্তমী এবং বর্ত্তমানা বিভক্তি প্রত্যয়কে "সব্বধাতুক" কহে। পরোক্ষা, অজ্জতনী, কালাতিপত্তি, এবং ভবিস্‌সন্তি এই চতুর্ব্বিধ বিভক্তিকে "অসব্ব ধাতুক" কহে। যেমন, পপচিত্থ, এস্থলে 'পচ' ধাতুর উত্তর 'ত্থ' প্রত্যয় হইয়াছে; এই "ত্থ" প্রত্যয় আদি ব্যঞ্জনবর্ণ যুক্ত, সুতরাং আদি ব্যঞ্জনবর্ণযুক্ত অসর্ব্ব ধাতুক "ত্থ" প্রত্যয় পরে থাকাতে "পচ" ধাতুর উত্তর ইকার আগম হইয়াছে। কিন্তু

আদি স্বরবর্ণযুক্ত অসর্ব্বধাতুক প্রত্যয় পরে থাকিলে ধাতুর উত্তর ইকার আগম হয় না; যেমন — পপচ, এস্থলে পচ ধাতুর উত্তর "অ" প্রত্যয় পরে আছে এই 'অ' প্রত্যয় আদি স্বরবর্ণযুক্ত, সুতরাং আদি স্বরবর্ণযুক্ত অসব্বধাতুক "অ" প্রত্যয় পরে থাকাতে "পচ ধাতুর উত্তর ইকার আগম হয় নাই। এইরূপ সর্ব্বত্র দ্রষ্টব্য।

"হীযত্তনা আ-ঊ-ও-ত্থ-অ-ম্হা-থ-ত্থুং-সে-ব্হং-ইং-ম্হসে"তি আ আদীনং হীযত্তনী সঞ্ঞা।

বঙ্গানুবাদ। আ, ঊ, ও, ত্থ, অ, ম্হা, ত্থ, ত্থুং, সে ব্হং, ইং, ম্হসে, এই দ্বাদশ প্রত্যয়কে হীয়ত্তনী (হ্যস্তনী) কহে।

অপচ্চক্খে অতীতেত্বেব—'অপচ্চক্খে পরোক্খাতীতে' এই সূত্র হইতে 'অপচ্চকখে' এবং 'অতীতে এই পদদ্বয়ও পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিতে হইবে।

## হীয়োপ্পভুতি পচ্চক্খে হীযত্তনী।

হীযোপ্পভুতি পচ্চক্খে বা অপচ্চক্খেবা অতীতে কালে হীযত্তনী হোতি।

পদবিচ্ছেদ। হীযোপ্পভুতি, পচ্চক্খে, হীযত্তনী, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। হীযোপ্পভুতি — হ্যঃ প্রভৃতি, অর্থাৎ গত কল্য হইতে। পচ্চক্খে—প্রত্যক্ষে সমীপে। বা—কিম্বা। অপচ্চকখে—অপ্রত্যক্ষে, দূরে, অগোচরে। হীযত্তনী হোতি — হীযত্তনী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। গতকল্য প্রভৃতি প্রত্যক্ষে বা অপ্রত্যক্ষে অতীতকালে হীযত্তনী বিভক্তি হয় অর্থাৎ অদ্য দিন ব্যতীত গতকল্য হইতে অল্প অতীত কিম্বা বহু অতীত বুঝাইলে সমস্ত ধাতুর উত্তর হীয়ত্তনী বিভক্তি হয়।

## "অকারাগমো হীযত্তনজ্জতনী কালাতিপত্তীস্বি'তি

ধাতুতো পুব্বেকচি অকারাগমো।

শব্দার্থ; ধাতুতো পুব্বে — ধাতুর পূর্ব্বে। কচি — কচিৎ। হীযত্তনজ্জতনী কালাতিপত্তীসু — হীয়ত্তনী, অজ্জতনী এবং কালাতিপত্তি বিভক্তি পরে থাকিলে। অকারাগমো — অকার আগম হয়।

বঙ্গানুবাদ। হীয়ত্তনী অজ্জতনী, ও কালাতিপত্তি বিভক্তি পরে থাকিলে সমস্ত ধাতুর পূর্ব্বে অকার আগম হয়। যথা, অপচা এস্থলে পচ ধাতুর উত্তর হীয়ত্তনী 'আ" প্রত্যয় পরে থাকাতে ধাতুর পূর্ব্বে অকার আগম হইয়া "অপচা" ক্রিয়াপদ সিদ্ধ হইয়াছে। এইরূপ অন্যত্রও দ্রষ্টব্য।

## "অজ্জতনী ঈ-উং-ও-থ ইং-ম্হা-আ-উ-সে-ব্হং-অ-ম্হে"

ইতি ঈ আদীনং অজ্জতনী সঞ্ঞা।

বঙ্গানুবাদ। ঈ, উং, ও, থ, ইং, ম্হা, আ, উ, সে, ব্হং, অ, ম্হে, এই দ্বাদশ প্রত্যয়কে অজ্জতনী (অদ্যতনী কহে।

অতীতে ত্বেব — "অপচ্চকৃখে পরোক্খাতীতে" এই সূত্র হইতে 'অতীতে' এই পদটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

## সমীপে'জ্জতনী।

অজ্জপ্পভুতি সমীপে অতীতে কালে অজ্জতনী হোতি।

পদবিচ্ছেদ। সমীপে, অজ্জতনী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অজ্জপ্পভুতি—অদ্য হইতে, অদ্য প্রভৃতি। সমীপে--নিকটে। অতীতে কালে — অতীত কালে। অজ্জতনী হোতি — অজ্জতনী (অদ্যতনী) বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অদ্য হইতে অল্প অতীত কাল বুঝাইলে সমস্ত ধাতুর উত্তর অজ্জতনী বিভক্তি হয়। যথাঃ— অপচী;

যদাদিনা রস্‌সে—"যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই স্ত্রানুসারে ঈকার ক্বচিৎ হ্রস্ব হইলে "অপচি" হয়; অকারাগমাভাবে – ধাতুর পূর্ব্বে ক্বচিৎ অকার আগমের অভাবে পচী পচি হয়। অতীত কালীয় বিভক্তি সকলের মধ্যে অজ্জতনী বিভক্তির ব্যবহার অধিক। এবং তাহা অল্প, মধ্যম ও অত্যধিক অতীতকালে বহুল পরিমাণে ব্যবহৃত দেখা যায়। সুতরাং সমস্ত অতীত কালে "হীয়ত্তনী" প্রভৃতি প্রয়োগ না করিয়া একমাত্র "অজ্জতনী" ব্যবহার করিলেও কোন দোষ হয় না।

## সব্‌বতো উং ইংসু।

সব্‌বধাতুহি উং বিভত্তিস্‌স ইংস্বাদেসো বা হোতি।

পদবিচ্ছেদ। সব্‌বতো উং ইংসু. ত্রিপদী সূত্র।

শব্দার্থ। সব্‌বধাতুহি — সমস্ত ধাতুর উত্তর। উং বিভত্তিস্‌স — উং বিভক্তির স্থানে। ইংস্বাদেসো — ইংসু আদেশ হয়। বা — বিকল্পে। সব্বতো — সমস্ত ধাতুর উত্তর। উং ইংসু হোতি — উং বিভক্তির স্থানে ইংসু হয়।

বঙ্গানুবাদ। সমস্ত ধাতুর উত্তর উং বিভক্তির স্থানে বিকল্পে ইংসু আদেশ হয়। যথাঃ— অপচুং বিকঃ অপচিংসু।

ইকারাগমো — "ইকারাগমো অসব্বধাতুকম্‌হি" এই সূত্রানুসারে ইকার আগম হয়। যথাঃ— অপচিত্থ ইত্যাদি।

পচ্ছিমো'তীত রত্তিযা যামো অদ্ধমমুস্‌স বা,<br>
কালো সিযাত্যজ্জতনো বেয্যাকরণদস্‌সনং।

অন্বয়। অতীত রত্তিযা পচ্ছিমো যামো, অমুস্‌স অদ্ধং বা অজ্জতন কালো সিযা ইতি বেয্যাকরণদস্‌সনং।

শব্দার্থ। অতীত রত্তিযা — গত রাত্রির। পচ্ছিমো যামো — পশ্চিম যাম শেষ যাম। অমুস্স অদ্ধং বা — অথবা সেই রাত্রির পশ্চিম যামার্দ্ধ। অজ্জতনকালো সিযা — অজ্জতনী কাল নামে কথিত হয়। ইতি — ইহা। বেয্যাকরণদস্সনং বৈয়াকরণদিগের মত।

বঙ্গানুবাদ। বর্ত্তমান কালের পূর্ব্ব হইতে গত রাত্রির পশ্চিম যাম কিম্বা পশ্চিম যামার্দ্ধ পর্য্যন্ত অজ্জতনী কাল, ইহা বৈয়াকরণদিগের মত।

"ভবিস্সন্তি স্সতি-স্সন্তি-স্সসি-স্সথ-স্সামি-স্সাম-স্সতে-স্সন্তে-স্সসে-স্সবহে-স্সং-স্সাম্হে"তিস্সত্যাদীনং ভবিস্সন্তি সঞ্ঞা।

বঙ্গানুবাদ। স্সতি, স্সন্তি, স্সসি, স্সথ স্সামি স্সাম. স্সতে, স্সন্তে. স্সসে স্সবহে, স্সং স্সাম্হে এই দ্বাদশ প্রত্যয়কে 'ভবিস্সন্তি' বিভক্তি কহে।

**অনাগতে ভবিস্সন্তি**

অনাগতে কালে গম্যমানে ভবিস্সন্তি বিভত্তি হোতি।

পদবিচ্ছেদ। অনাগতে ভবিস্সন্তি দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অনাগতে — অনাগতে অর্থাৎ যে কাল আসে নাই। ভবিস্সন্তি — ভবিষ্যন্তি বিভক্তি হয়

বঙ্গানুবাদ। অনাগত কাল বুঝাইলে সমস্ত ধাতুর উত্তর "ভবিস্সন্তি" বিভক্তি হয়।

ইকারাগমো — "ভবিস্সন্তি" বিভক্তি ও অসব্বধাতুকের অন্তর্গত বলিয়া উল্লিখিত বিধান মতে ইকার আগম হয়। যথাঃ — পচিস্সতি ইত্যাদি।

"কালাতিপত্তি স্সা-স্সংস্থু-স্সে-স্সথ স্সং-স্সম্হা-স্সথ-স্সিংস্থু-স্সসে-স্সব্হে-স্সং-স্সম্হসে" তিস্সাদীনং কালাতিপত্তি সঞ্ঞা।

বঙ্গানুবাদ। স্সা, স্সংস্থু, স্সে স্সথ, স্সং, স্সম্হা, স্সথ, স্সিংস্থু স্সসে, স্সব্হে, স্সং, স্সাম্হসে এই দ্বাদশ প্রত্যয়কে "কালাতিপত্তি বিভক্তি কহে।

## ক্রিয়াতিপন্নে'তীতে কালাতিপত্তি।

ক্রিয়াতিপন্নমত্তে অতীতে কালে কালাতিপত্তি হোতি।

পদবিচ্ছেদ। ক্রিয়াতিপন্নে অতীতে কালাতিপত্তি, ত্রিপদী সূত্র।

শব্দার্থ ক্রিয়াতিপন্নেতীতে — ক্রিয়াতিপন্ন অতীত কালে অর্থাৎ ক্রিয়া ঘটিবার সম্ভাবনা ছিল অথচ ঘটে নাই এইরূপ ক্রিয়ার কাল বুঝাইলে। কালাতিপত্তি — কালাতিপত্তি বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। ক্রিয়াতিপন্ন অতীত কালে অর্থাৎ ক্রিয়া ঘটিবার সম্ভাবনা ছিল অথচ ঘটে নাই, এইরূপ ক্রিয়ার কাল বুঝাইলে সমস্ত ধাতুর উত্তর "কালাতিপত্তি" বিভক্তি হয়।

বিরুদ্ধ সন্নিধানা বা হেতু বেকল্লতো পি বা,
ক্রিয়াযাভবনং যন্তং ক্রিয়াতিপন্নমিচ্ছিতং।

অন্বয়। বিরুদ্ধ সন্নিধানা বা হেতু বেকল্লতো অপি বা ক্রিয়ায যং অভবনং তং ক্রিয়াতিপন্নং ইচ্ছিতং।

শব্দার্থ। বিরুদ্ধ সন্নিধানা - বিরুদ্ধ সন্নিধান বশতঃ বিরুদ্ধ হেতু বশতঃ অর্থাৎ বিপরীত কারণে। বা — কিম্বা। হেতু বেকল্লতো — ক্রিয়া সিদ্ধির হেতুর অভাবে। ক্রিয়ায — ক্রিয়ার। যং — যেই, যাহা। অভবনং না হওয়া অর্থাৎ না ঘটা। তং — তাহা। ক্রিয়াতিপন্ন ইচ্ছিতং — ক্রিয়াতিপন্ন বলিয়া ইচ্ছিত হয়।

বঙ্গানুবাদ। ক্রিয়ার বিরুদ্ধ সন্নিধান অর্থাৎ ক্রিয়া সিদ্ধির কারণের অভাবে ক্রিয়ার অনিষ্পন্ন কালকে ক্রিয়াতিপন্ন কাল কহে।

ভাবার্থ। যেই কারণগুলিকে অবলম্বন করিয়া ক্রিয়াটা নিষ্পন্ন হওয়ার ছিল, সেই কারণগুলির অভাবে কিম্বা তদ্বিপরীত কারণ বশতঃ ক্রিয়াটা নিষ্পন্ন না হওয়াই, পণ্ডিতগণ ইহাকে ক্রিয়াতিপন্ন বা কালাতিপত্তি বলে।

অকারিকারাগমো — "অকারাগমো হীযত্তনজ্জতনী কালাতিপত্তীসু" এই সূত্রানুসারে ধাতুর পূর্ব্বে অকার আগম হয়, এবং "ইকারাগমো অসব্বধাতুকম্হি" এই সূত্রানুসারে ধাতুর উত্তর ইকার আগম হয়। যথা, সচে তব্বিরুদ্ধং ন ভবেয্য তদুপকরণং বা লভেথ অপচিস্সা, ইত্যাদি। অর্থাৎ যদি তদ্বিরুদ্ধ হেতু স্বরূপ বৃষ্টি আদি না হইত, এবং তদুপকরণভূত চাউলাদি পাইত, তবে সে ওদনাদি পাক করিত। পচন্তং পযোজযতীতি অত্থে — পাচককে পাক ক্রিয়ায় নিযুক্ত করিতেছে এই অর্থে।

## ধাতূহি ণে-ণয-ণাপে-ণাপযা কারিতানি হেত্বত্থে।

হেত্বত্থে গম্যমানে ধাতূহি ণে আদযো হোন্তি, তেসং কারিত সঞ্ঞা চ।

পদবিচ্ছেদ। ধাতূহি, ণে-ণয-ণাপে-ণাপযা, কারিতানি, হেত্বত্থে, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। হেত্বত্থে — হেত্বর্থে, হেতু বুঝাইলে। ধাতুহি — ধাতুর উত্তর। ণে আদযো হোন্তি — ণে ইত্যাদি প্রত্যয় হয়। তেসং কারিত সঞ্ঞা — তাহাদের কারিত সংজ্ঞা হয় অর্থাৎ ণে, ণয ইত্যাদি প্রত্যয় কারিত' নামে কথিত হয়; কারেন্তি নিযোজেন্তীতি কারিতানি; 'কারিত' প্রত্যয় চতুর্ব্বিধ — ণে, ণয, ণাপে, ণাপয; এই কারিত প্রত্যয়ান্ত ধাতু সকল সংস্কৃতের নিজন্ত বা ণ্যন্ত ধাতুর ন্যায়।

বঙ্গানুবাদ। ণে, ণয, ণাপে, ণাপয, এই চতুর্ব্বিধ প্রত্যয়কে 'কারিত' বলে। হেত্বর্থে ধাতুর উত্তর কারিত প্রত্যয় হয়।

## "কারিতানং ণো লোপ"ন্তি ণ লোপো।

শব্দার্থ। কারিতানং — কারিত প্রত্যয়গুলির। ণো — ণ কার। লোপং — লোপ পায়।

বঙ্গানুবাদ। কারিত প্রত্যয় সকলের ণ কার লুপ্ত হয়।

## "অসংযোগন্তস্স বুদ্ধি কারিতে"তি বুদ্ধি।

শব্দার্থ। কারিতে — কারিত প্রত্যয় পরে থাকিলে। অসংযোগন্তস্স — অসংযোগান্ত স্বরের, অর্থাৎ যে স্বর বর্ণের অন্তে ব্যঞ্জনদ্বয়ের সংযোগ নাই তাদৃশ স্বরের। বুদ্ধি — বৃদ্ধি হয়।

বঙ্গানুবাদ। কারিত প্রত্যয় পরে থাকিলে অসংযোগান্ত আদি স্বরের বৃদ্ধি হয়।

## ধাতু-প্পচ্চযেহি বিভত্তিযো।

ধাত্বত্থে নিদ্দিট্ঠেহি খাদিকারিতন্তেহি পচ্চযেহি বিভত্তিযো হোন্তি ত্যাদযো।

পদবিচ্ছেদ। ধাতু-প্পচ্চযেহি, বিভত্তিযো, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ধাতু-প্পচ্চযেহি — ধাতু প্রত্যযান্তের উত্তর, অর্থাৎ প্রত্যয়ান্ত ধাতুর উত্তর; খ, ছ, স, ণে, ণয, ণাপে এবং ণাপয প্রত্যয় করিয়া যে সকল ধাতু নিষ্পন্ন হয়, তাহাদিগকে ধাতু প্রত্যয়ান্ত বা প্রত্যয়ান্ত ধাতু কহে। ধাত্বত্থে নিদ্দিট্ঠেহি খাদি কারিতন্তেহি — ধাতুর অর্থে নির্দ্দিষ্ট খ, ছ ও স প্রত্যয়ান্ত এবং কারিত প্রত্যয়ান্ত ধাতুর উত্তর অর্থাৎ খ, ছ ও স প্রত্যয়ান্ত ধাতুর উত্তর এবং কারিত প্রত্যয়ান্ত ধাতুর উত্তর; খ প্রত্যয়ান্ত ধাতু যথা — বুভুক্খ+তি=বুভুক্খতি; ছ প্রত্যয়ান্ত ধাতু যথা — জিগুচ্ছ+তি=জিগুচ্ছতি; স প্রত্যয়ান্ত ধাতু যথা — জিগীস+তি=জিগীসতি;

সংস্কৃত ব্যাকরণে ইহাদিগকে সনন্ত ধাতু কহে। ণে প্রত্যয়ান্ত ধাতু যথা — কারে+তি=কারেতি; ণয প্রত্যয়ান্ত ধাতু যথা — কারয+তি=কারয়তি; ণাপে প্রত্যয়ান্ত ধাতু যথা—কারাপে+তি=কারাপেতি; ণাপয প্রত্যয়ান্ত ধাতু যথা — কারাপয+তি=কারাপযতি; এই কারিতান্ত ধাতুকে সংস্কৃত ব্যাকরণে নিজন্ত বা ণ্যন্ত ধাতু কহে।

বঙ্গানুবাদ। প্রত্যয়ান্ত ধাতুর উত্তর তি, অন্তি, ইত্যাদি বিভক্তি হয়। যথা, পাচেতি, পাচেন্তি, অর্থাৎ পাক করাইতেছে বা পাক করায়, ইত্যাদি বর্ত্তমানা বিভক্তি; পঞ্চমী প্রভৃতি অষ্টবিধ বিভক্তিতে এইরূপ দ্রষ্টব্য।

অকম্মকাপি হেত্বত্থপ্পচ্চযন্তা সকম্মকা
তং যথা ভিক্খু ভাবেতি মগ্গং রাগাদি দূসকং।

অন্বয়। অকম্মকাপি হেত্বত্থপ্পচ্চযন্তা সকম্মকা ভবন্তি, তং যথা:— ভিক্খু রাগাদি দূসকং মগ্গং ভাবেতি।

শব্দার্থ। অকম্মকাপি — অকর্ম্মক ধাতুও। হেত্বত্থপ্পচ্চযন্তা—হেত্বর্থ প্রত্যয়ান্ত ধাতু সকল অর্থাৎ কারিত প্রত্যয়ান্ত ধাতু সকল। সকম্মকা ভবন্তি —সকর্ম্মক ধাতু হয়। তং যথা — তাহা এইরূপ। ভিক্খু — ভিক্ষু। রাগাদি দূসকং — লোভ দ্বেষাদি নাশক। মগ্গং — আর্য্য অষ্টাঙ্গিক মার্গ। ভাবেতি — ভাবনা করেন, সাধনা করেন।

বঙ্গানুবাদ। অকর্ম্মক ধাতু ও কারিত প্রত্যয়ের যোগে সকর্ম্মক হয়। যথা — ভিক্খু রাগাদি দূসকং মগ্গং ভাবেতি, অর্থাৎ ভিক্ষু রাগাদিদূষক মার্গ ভাবনা করেন, এস্থলে ভূধাতু অকর্ম্মক 'ভবতি', কারিতপ্রত্যয় 'ণে' যোগে 'ভাবেতি' এই সকর্ম্মক ক্রিয়াপদ সিদ্ধ হইয়াছে। যে অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাকে প্রয়োজক কর্ত্তা কহে। প্রয়োজক কর্ত্তার অনুসারে কারিতান্ত ক্রিয়ার পুরুষ ও বচন হয়। প্রয়োজক কর্ত্তা যাহাকে ক্রিয়ায় নিযুক্ত করে, তাহাকে প্রযোজ্য কর্ত্তা;

কহে। প্রযোজ্য কর্ত্তা কখনও কর্ম্ম হয়, কখনও বা তৃতীয়ান্ত হয়। কারিত প্রত্যয় যোগে অকর্ম্মক ধাতুও সকর্ম্মক হয় অর্থাৎ এক কর্ম্মক হয় এক কর্ম্মক ধাতু ও দ্বিকর্ম্মক হয় এবং দ্বিকর্ম্মক ধাতুও ত্রিকর্ম্মক হয়। যথা ঃ— অকর্ম্মক ধাতু — রাগাদিদুসকো মগ্গো ভবতি, কারিত প্রত্যয় যোগে — ভিক্খু রাগাদিদুসকং মগ্গং ভাবেতি। সকর্ম্মক ধাতু — সূদো ওদনং পচতি, কারিত প্রত্যয় যোগে — সূদজেট্ঠো সূদং ওদনং পাচেতি, পাচযতি, পাচাপেতি, পাচাপযতি বা, অথবা সূদজেট্ঠো সূদেন ওদনং পাচেতি, পাচযতি বা ইত্যাদি। দ্বিকর্ম্মক ধাতুও উক্তরূপে যোজনা করিবে।

## রুধাদিগণীয় ধাতু।

রুধি আবরণে — রুধি ধাতু আবরণার্থে। অ ইত্বেব — "ভূবাদিতো অ" এই সূত্র হইতে 'অ' এই বিকরণ প্রত্যয় ও পরবর্ত্তি সূত্রের সহিত যোগ করিতে হইবে।

### রুধাদিতো নিগ্গহীত পুব্বং চ।

রুধাদীহি কত্তরি অপ্পচ্চযো হোতি ধাত্বন্তা পুব্বে বিন্দ্বাগমোচ।

পদবিচ্ছেদ। রুধাদিতো, নিগ্গহীতং, পুব্বং, চ. চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। রুধাদীহি — রুধাদিগণীয় ধাতুর উত্তর। কত্তরি — কর্ত্তৃ বাচ্যে। অপ্পচ্চযো হোতি — অ প্রত্যয় হয়। ধাত্বন্তা পুব্বে — ধাতুর অন্ত্য অস্বর ব্যঞ্জন বর্ণের পূর্ব্বে। বিন্দ্বাগমো — বিন্দু আগম হয় অর্থাৎ অনুস্বার আগম হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে রুধাদি-গণীয় ধাতুর উত্তর অ প্রত্যয় হয়, এবং ধাতুর অন্ত্য বর্ণের পূর্ব্বে অনুস্বার আগম হয়। যথা ঃ— রুধি + তি = রুন্ধতি, এস্থলে "ধাতুস্সন্তো লোপো'নেকসরস্স" এই সূত্রানুসারে 'তি' পরে থাকাতে রুধি ধাতুর

অন্ত্যস্বর ই কারের লোপ হইয়াছে, যেমন — রুধ্+তি, বক্ষ্যমান সূত্রানুসারে রুধি ধাতুর উত্তর অকার আগম এবং রুধ্ ধাতুর অন্ত্য-অস্বর ধ কারের পূর্ব্বে অনুস্বার আগম হইয়াছে, যেমন — রু+ং+ধ্+অ+তি, "বগ্গন্তং বা বগ্গে" এই সূত্রানুসারে ধ কার পরে থাকাতে অনুস্বার স্থানে ন কারাদেশ হইয়াছে এবং "নযে পরং যুত্তে" এই সূত্রানুসারে অস্বর ধ্ কার পরস্বর অকারে যুক্ত হইয়াছে, যথা — রুন্ধতি, রুন্ধন্তি, ইত্যাদি। কর্ম্মবাচ্যে — রুজ্ঝতে, রুজ্ঝন্তে, অথবা নিরুজ্ঝতে, নিরুজ্ঝন্তে ইত্যাদি। অষ্ট বিভক্তি ও হেত্বর্থে উক্ত নিয়মে দ্রষ্টব্য। মুচ — মোচনে, রিচ — রেচনে, সিচ — সেচনে, ইত্যাদি রুধাদিগণীয়ধাতু ; মুচ+তি=মুঞ্চতি, রিচ+তি=রিঞ্চতি ; সিচ +তি=সিঞ্চতি ইত্যাদি।

---

## দিবাদিগণীয় ধাতু।

দিবু কীলাদিম্হি – দিবু ধাতু ক্রীড়াদি অর্থে।

**"দিবাদিতো যো"তি কত্তরি যো।**

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। দিবাদিতো — দীবাদিগণীয় ধাতুর উত্তর। যো — 'য' বিকরণ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্ট বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে দিবাদগণীয ধাতুর য প্রত্যয় হয়।

তস্সেত্যাদি — "তস্স চ বগ্গ যকারবকারত্তং সধাত্বন্তস্স" এই সূত্রটীও পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিতে হইবে। পুব্বরূপস্তেব — "পুব্ব রূপং চ" এই সূত্র হইতে 'পুব্বরূপং" এই পদটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিবে।

# যথা কত্তরি চ।

যথা ভাব-কম্মেসু যপ্পচ্চযস্সাদেসো হোতি তথা কত্তরিপীতি যকারস্স পুব্বরূপো বো।

পদবিচ্ছেদ। যথা, কত্তরি, চ, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। যথা—যেমন। ভাব-কম্মেসু — ভাব ও কর্ম্মবাচ্যে। যপ্পচ্চযস্সাদেসো হোতি — য প্রত্যয় আদেশ হয়। তথা — তেমন। কত্তরিপীতি — কর্ত্তৃবাচ্যেও। যকারস্স — যকারের। পুব্বরূপো বো — পূর্ব্বরূপ বকার আদেশ হয়। অর্থাৎ ধাতুর অন্ত্যবর্ণ বকার সহ যকারের স্থানে বকার হয়।

বঙ্গানুবাদ। যেমন ভাব ও কর্ম্মবাচ্যে ধাতুর অন্ত্যবর্ণসহ যকার স্থানে চ বর্গ, য, কিম্বা বকার আদেশ হয়, তেমন দিবাদিগণীয় ধাতুর কর্ত্তৃবাচ্যেও সেইরূপ হয়। এখানে দিব্ ধাতুর অন্ত্যবর্ণ ব্কার যকার স্থানে বকার আদেশ হইয়াছে এবং সেই ব্কারের দ্বিত্ব হইয়াছে। দ্বিত্ব হইলে "দোধস্সচে" ত্যত্র চকারেন বদ্বযং — "দোধস্সচ" এই সূত্রের চকার যোগে সুখোচ্চারণার্থে 'ব' কার দুইটী হইয়াছে যেমন — 'ব্ব'। যথা, দিবু+তি=দিব্বতি, এস্থলে তি পরে থাকাতে দিবু ধাতুর অন্ত্যস্বর লুপ্ত হইয়া অকার আগম এবং দিব্ ধাতুর উত্তর যকার আগম হইয়াছে। যেমন — দিব্+য্+অ+তি=দিব্বতি, অন্তি প্রত্যয় করিলে দিব্বন্তি ইত্যাদি। এইরূপ — সিবু — সেলাই করণে, সমু — উপশমে, কুপ — কোপে, ইত্যাদি। সিবু — সিব্বতি, সিব্বন্তি; উপপুব্ব সমুধাতু — উপসম্মতি, উপসম্মন্তি; কুপ—কুপ্পতি, কুপ্পন্তি ইত্যাদি। কর্ম্মবাচ্যেও তদ্রূপ — সিব্বতে, সিব্বন্তে অর্থ সেলাই করা হইতেছে।

## স্বাদিগণীয় ধাতু।

সু সবণে — সু ধাতু শ্রবণে।

**“স্বাদিতো ণুণা উণাচে”**তি কর্ত্তরি ণু বাদযো॥

শব্দার্থ। কর্ত্তরি — কর্তৃবাচ্যে। স্বাদিতো — স্বাদিগণীয় ধাতুর উত্তর। ণুণা উণাচ — ণু, ণা, এবং উণা ‘বিকরণ’ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্ট বিভক্তি পরে থাকিলে কর্তৃবাচ্যে স্বাদিগণীয় ধাতুর উত্তর ণু, ণা, ও উণা প্রত্যয় হয়।

**“অঞ্ঞেঞেস্বুচে”**তীহ চকারেন ণুস্‌স বুদ্ধি।

বঙ্গানুবাদ। “অঞ্ঞেঞেস্বুচ” এই সূত্রের চকার যোগে ণু প্রত্যয়স্থ উকারের বৃদ্ধি হয় অর্থাৎ উকার স্থানে ওকার হয়। যথা, সু+তি এস্থলে সু ধাতুর উত্তর ণু প্রত্যয় হইলে সু+[illegible]তি” হয়, এবং ণু কারস্থ উকার স্থানে ওকার হইলে সুণোতি। উ লোপো — “সরলোপো মাদেসপ্পচ্চযাদিম্হি সরলোপেতু পকতি” এই সূত্রানুসারে উকারের লোপ হয়। যথা সু+অন্তি, এস্থলে সুধাতুর উত্তর ণু প্রত্যয় করিয়া এবং ণু কারস্থ উকারের লোপ করিয়া ‘সুণন্তি’ ক্রিয়াপদ নিষ্পন্ন হইল। সু ধাতুর উত্তর ণা প্রত্যয় করিলে সু+ণা+তি=সুণাতি, সুণান্তি ইত্যাদি। সুণাসি, সুণথ, এস্থলে হ্রস্ব হইয়াছে, সুণাথ এইরূপও হয়। কর্ম্মবাচ্যে সূযতে, সূযন্তে; সূযাত সূযন্তি ইত্যাদি। যকারের দ্বিত্ব হইলে সুয্যতি, সুয্যন্তি ইত্যাদি। অপধাতু — প্রাপ্তি, পপুব্ব অপ+উণা+তি=পাপুণাতি, অন্তি — পাপুণন্তি, ইত্যাদি।

## কীয়াদ গণীয় ধাতু।

কীদব্ববিনিমযে — কী ধাতু — দ্রব্য বিনিময়ে বা ক্রয়ে।

"কীয়াদিতোণা"তি কত্তরি ণা।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। কীযাদিতো — কীয়াদিগণীয় ধাতুর উত্তর। ণা — 'ণা' বিকরণ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্ট বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে কীয়াদিগণীয় ধাতুর উত্তর ণা প্রত্যয় হয়। যদাদিনা ঈস্‌সরস্‌সে — "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে কীধাতুর ঈকার স্থানে ইকারাদেশ হইলে, কি + তি = কিণাতি, অন্তি — কি + অন্তি = কিণন্তি, ইত্যাদি। কর্ম্মবাচ্যে — কীযতে, কীযন্তে; বিপুব্বকীধাতু — বিক্রয়ে, বিক্কিণাতি, বিক্কিণন্তি; কর্ম্মবাচ্যে – বিক্কীযতে, বিক্কিযন্তে, ইত্যাদি। জিধাতু — জয়ে, জিনাতি, জিনন্তি, এস্থলে ণকার স্থানে নকার আদেশ হইয়াছে। কর্ম্মবাচ্যে — জীযতে, জীযন্তে ইত্যাদি। "ঞাস্স জা জন্না" এই সূত্রানুসারে ঞা ধাতুর ঞা স্থানে জা আদেশ হয়, ঞা ধাতু — জানা অর্থে; জানাতি, জানন্তি ইত্যাদি। কর্ম্মবাচ্যে—ঞঞ্ঞতে, ঞঞ্ঞন্তে, ঞাযতে, ঞাযন্তে বা ইত্যাদি। মা ধাতু — পরিমাণে; মা ধাতুর আকার স্থানে ইকারাদেশ, মিনাতি, মিনন্তি ইত্যাদি; কর্ম্মবাচ্যে — মীযতি, মীযন্তি ইত্যাদি; ধু ধাতু — কম্পনে; ধুনাতি, ধুনন্তি ইত্যাদি।

## গহাদিগণীয় ধাতু।

গহ উপাদানে — গহ ধাতু উপাদানে অর্থাৎ গ্রহণে।

"গহাদিতোপ্পণ্‌হা"তি কত্তরিপ্পণ্‌হা চ।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। গহাদিতো — গহাদিগণীয় ধাতুর উত্তর। প্প-ণ্‌হা চ — 'প্প' এবং 'ণ্‌হা' এই বিকরণ প্রত্যয় দ্বয় হয়; প্পো চ ণ্‌হা চ 'প্প-ণ্‌হা'।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্ট বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে গহাদিগণীয় ধাতুর উত্তর 'প্প' কিম্বা 'ণ্হা' প্রত্যয় হয়।

**"গহস্‌স ঘেপ্‌পে"তি ঘে আদেসে।**

শব্দার্থ। গহস্‌স — গহ ধাতুর 'গহ' স্থানে; গহধাতু — গ্রহণে। প্পে — 'প্প' প্রত্যয় পরে থাকিলে। ঘে — 'ঘে' আদেশ হয়।

বঙ্গানুবাদ। 'প্প' এই বিকরণ প্রত্যয় পরে থাকিলে 'গহ' ধাতুর স্থানে 'ঘে' আদেশ হয়। যথা, ঘেপ্পতি, ঘেপ্পন্তি ইত্যাদি।

**"হলোপোণ্হাম্‌হী"তি ধাত্বন্তস্‌স হস্‌স লোপো।**

বঙ্গানুবাদ। 'ণ্হা' বিকরণ প্রত্যয় পরে থাকিলে গহ ধাতুর অন্ত্য হকারের লোপ হয়। যথা, গণ্হাতি, গণ্হন্তি ইত্যাদি। কর্ম্মবাচ্যে — গয্হতি, গয্হন্তি ইত্যাদি।

## তনাদিগণীয় ধাতু।

কর করণে — 'কর' ধাতু করণে অর্থাৎ করা অর্থে।

## তনাদিতো ওযিরা।

তনু ইচ্চেবমাদীহি ধাতূহি কত্তরি ওযিরা হোন্তি।

পদবিচ্ছেদ। তনাদিতো, ওযিরা, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। তনাদিতো — তনাদিগণীয় ধাতুর উত্তর। ওযিরা — 'ও' এবং 'যির' এই বিকরণ প্রত্যয় দ্বয় হয়; ও চ যিরোচ 'ও-যিরা'।

বঙ্গানুবাদ। বর্ত্তমানাদি অষ্ট বিভক্তি পরে থাকিলে কর্ত্তৃবাচ্যে তনাদিগণীয় ধাতুর উত্তর 'ও' এবং 'যির' প্রত্যয় হয় যথা, করোতি করোন্তি ইত্যাদি।

যাদিনা ধাতুরস্‌স লোপো — " যদনুপপন্না নিপাতনা সিজ্‌ঝন্তি " এই সূত্রানুসারে 'কর' ধাতুর অন্ত্য রকারের লোপ হয়। যথা, কর+তি= কবিরতি, অন্তি — কবিরন্তি ইত্যাদি।

"উত্তমোকারোচে"তি ওস্‌স উত্তং বা।

শব্দার্থ। ওস্‌স — 'ও' বিকরণ প্রত্যয়ের স্থানে। উত্তং — উকার হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। ও প্রত্যয়ের স্থানে বিকল্পে উকারাদেশ হয়।

"করস্‌সকারোচে"তি ধাত্বকারস্‌স উত্তং বা।

শব্দার্থ। ধাত্বকারস্‌স — 'কর' ধাতুর অন্ত্য অকার স্থানে। উত্তং — উকার হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। 'কর' ধাতুর অন্ত্য অকার স্থানে বিকল্পে উকার আদেশ হয়।

রলোপো — "যদনুপপন্না নিপাতনা সিজ্‌ঝন্তি" এই সূত্রানুসারে 'কর' ধাতুর রকারের লোপ হয়।

উস্‌স বো — "যবকারাচ" এই সূত্রানুসারে উকার স্থানে বকার আদেশ হয়। দ্বিত্তে — দিত্ব হইলে। বদ্ববং — "বো বস্‌স" এই সূত্রানুসারে অন্তস্থ বকার স্থানে বর্গীয় বকার আদেশ হয় এবং সেই বকারের দ্বিত্ব হয়। যথা, কুব্বতি, কুব্বন্তি ইত্যাদি। উকারাদেশাদি না করিলে—কর+তি= করোতি অন্তি — করোন্তি ইত্যাদি। উকার-বকারাদেশাদি করিলে — কুব্বতে কুব্বন্তে ইত্যাদি। কর্ম্মবাচ্যে — 'কর' ধাতুর উত্তর য প্রত্যয় করিলে ; —

"ইবণ্ণাগমোবা"তি ই ঈ আগমো বা।

বঙ্গানুবাদ। কর্ম্মবাচ্যে যকার পরে থাকলে তনাদিগণীয় ধাতুর উত্তর ই এবং ঈকার আগম হয় বিকল্পে।

যস্‌সদ্বিত্তে—উক্ত যকার দ্বিত্ব হইলে ইকার আগম হয়। যথা, কর্ম্মবাচ্যে -- করিয্যতে, করিয্যন্তে ইত্যাদি। উক্ত যকারের দ্বিত্ব না হইলে ঈকার আগম হয়। যথা, করীয্যতে, করীয্যন্তে ইত্যাদি। উল্লিখিত নিয়মে 'কর' ধাতুর রকারের লোপ হইলে:— কয্যতে কয্যন্তে ইত্যাদি। ক্বচিৎ র এবং যকার দ্বয় বিপরীতভাবে পরিবর্ত্তিত হয়, যেমন — কযিরতি, কযিরন্তি ইত্যাদি।

বাত্বেব — "হবিপরিযাযো লোবা" এই সূত্র হইতে 'বা' এই পদটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিবে।

---

## করস্‌স কাসত্তমজ্জতনিম্‌হি।

অজ্জতনিম্‌হি পরে করস্‌স কাসাদেসো বা হোতি।

পদবিচ্ছেদ। করস্‌স, কাসত্তং, অজ্জতনিম্‌হি, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। অজ্জতনিম্‌হি — অজ্জতনী বিভক্তি পরে থাকিলে। করস্‌স — 'কর' ধাতুর স্থানে। কাসাদেসো হোতি — 'কাস' অদেশ হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। অজ্জতনী বিভক্তি পরে থাকিলে 'কর' ধাতুর স্থানে বিকল্পে 'কাস' আদেশ হয়।

যদাদিনা ঈস্‌স রস্‌সে — "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে অজ্জতনীর প্রথম পুরুষ এক বচনে ঈ বিভক্তি হ্রস্ব

হইলে অর্থাৎ ঈকার স্থানে ইকার হইলে, কর+ই=অকাসি পক্ষে—কর+ঈ—অকরী, করী; কর+ই=অকরি করি; কর+উং=অকাসুং, এস্থলে 'কর' স্থানে 'কাস'; কর+উং=অকরুং ইত্যাদি।

লোপো — "হিলোপং বা" এই সূত্র হইতে 'লোপং' এই পদটীও, এবং ভবিস্সন্তিম্হি স্সস্সেত্বে। - "হোতিস্সরো হো হে ভবিস্সন্তিম্হি স্সস্স চ" এই সূত্র হইতে "ভবিস্সন্তিম্হি স্সস্স" এই পদটীও পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিয়া সূত্রের অর্থ গ্রহণ করিতে হইবে।

**"করস্স সপ্পচ্চযস্স কাহো"** তি করস্স কাহো স্সস্স লোপো চ বা।

শব্দার্থ। ভবিস্সন্তিম্হি — ভবিস্সন্তি বিভক্তি পরে থাকিলে। সপ্পচ্চযস্স করস্স — বিকরণ প্রত্যয় সহ 'কর' ধাতুর স্থানে, অর্থাৎ "কর' ধাতুর উত্তর যে বিকরণ প্রত্যয় পূর্ব্বে উক্ত হইয়াছে সেই বিকরণ প্রত্যয় সহ "কর" ধাতুর স্থানে। কাহো — "কাহ" আদেশ হয়। বা — বিকল্পে। স্সস্স লোপো — "স্স" এর লোপ হয়।

বঙ্গানুবাদ। ভবিস্সন্তি বিভক্তি পরে থাকিলে বিকরণ প্রত্যয় সহ "কর" ধাতুর স্থানে বিকল্পে "কাহ" আদেশ এবং "স্স এর লোপ হয়। যথা:— কর+স্সতি=কাহতি, কাহন্তি; অন্য পক্ষে — করিস্সতি, করিস্সন্তি ইত্যাদি

---

## চুরাদিগণীয় ধাতু।

চুর থেয্যে — "চুর" ধাতু চৌর্য্যে অর্থাৎ চুরি করণে।

কারিতানীত্বেব — "ধাতুহি ণে-ণয-ণাপে-ণাপয কারিতানি হেত্বত্থে" এই সূত্র হইতে "কারিতানি" এই পদটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

## চুরাদিতো ণে-ণযা।

চুরাদীহি ণে-ণযা বিকরণা হোন্তি তেসং কারিত সঞ্ঞাচ।

পদবিচ্ছেদ। চুরাদিতো, ণে-ণযা. দ্বিপদী সূত্র।

শব্দার্থ। চুরাদীহি—চুরাদিগণীয় ধাতুর উত্তর। ণে-ণযা — ণে এবং ণয় প্রত্যয় হয়। তেসং — তাহাদের, অর্থাৎ ণে এবং ণয় প্রত্যয়ের। কারিত সঞ্ঞা — কারিত সংজ্ঞা হয় অর্থাৎ "কারিত" নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তৃ, কর্ম্ম ও ভাববাচ্যে চুরাদিগণীয় ধাতুর উত্তর ণে" ও "ণয়" এই বিকরণ প্রত্যয়দ্বয় হয়, এবং তাহারা কারিত প্রত্যয় নামেও কথিত হয়।

ণ লোপো — "কারিতানং ণো লোপং" এই সূত্রানুসারে ণে ও ণয প্রত্যয়ের ণ কারের লোপ হয়। বৃদ্ধি — "অসংযোগন্তস্স বুদ্ধি কারিতে" এই সূত্রানুসারে উকারের বৃদ্ধি অর্থাৎ চুর ধাতুর উকার স্থানে ওকার আদেশ হয়। যথা, ণে প্রত্যয়ে — চুর + তি = চোরেতি, অন্তি — চোরেন্তি ; ণয প্রত্যয়ে — চোরযতি, চোরযন্তি ইত্যাদি। কর্ম্মবাচ্যে — ঈ এবং য প্রত্যয়ের যোগে — চোরীযতে, চোরীযন্তে ইত্যাদি ; পরস্স পদে — চোরীযতি, চোরীযন্তি ইত্যাদি। এইরূপ চিন্ত ধাতু — চিন্তায় চিন্তেতি, চিন্তেন্তি. এস্থলে সংযোগ বর্ণের পূর্ব্বে বলিয়া "চিন্ত" ধাতুর চিকারস্থ ইকারের বৃদ্ধি হইল না ; ণয় প্রত্যয়ে— চিন্তযতি, চিন্তযন্তি ইত্যাদি এইরূপ মন্ত ধাতু — মন্ত্রণায়, মন্তেতি, মন্তেন্তি ইত্যাদি ; ণয প্রত্যয়ে—মন্তযতি. মন্তযন্তি ইত্যাদি। "পাল" ধাতু — পালনে. ণে প্রত্যয়ে — পালেতি, পালেন্তি ; ণয় প্রত্যয়ে — পালযতি, পালযন্তি ইত্যাদি।

## ধাতু প্রত্যয়ান্ত ( প্রত্যয়ান্ত ধাতু )।

ভোক্তুমিচ্ছতীত্যর্থে — ভোজন করিতে ইচ্ছা করে এইরূপ অর্থে।

ভুজপালনভ্যবহরণেসু — ভুজ ধাতু — পালন ও অভ্যবহরণার্থে, এস্থলে অভ্যবহরণ অর্থ — ভক্ষণ।

খছসা বাত্বেব — "তিজ-গুপ-কিত-মানেহি খছসা বা" এই সূত্র হইতে খছসা বা" এই অংশটীও পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিয়া সূত্রের অর্থ গ্রহণ করিতে হইবে।

## ভুজঘসহরসুপাদীহিতুমিচ্ছত্থেসুচ।

ভুজাদীহি তুমন্তসহিতেসু ইচ্ছত্থেসু খ ছ সা বা হোন্তি।

পদ বিচ্ছেদ। ভুজ ঘস-হর-সুপাদীহি, তুমিচ্ছত্থেসু, চ, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। ভুজ-ঘস-হর-সুপাদীহি — ভুজ, ঘস হর সু, পা প্রভৃতি ধাতুর উত্তর ; ভুজ চ ঘসচহর চ সু চ পা চ = ভুজ-ঘস-হর-সু-পা, তে আদি যেসং তে ভুজ-ঘস-হর-সু পাদযো, তেহি ভুজ-ঘস হর-সু-পাদীহি। তুমিচ্ছত্থেসু — তুমন্ত ইচ্ছার্থে, অর্থাৎ তুং প্রত্যয়ান্ত পদের সহিত ইচ্ছা অর্থ বুঝাইলে। খ-ছ-সা হোন্তি — খ, ছ, এবং স প্রত্যয় হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। ভুজ, ঘস, হর, সু পা, প্রভৃতি ধাতুর উত্তর তুং প্রত্যয়ান্ত পদ সহ ইচ্ছা অর্থ বুঝাইলে খ, ছ, এবং স প্রত্যয় হয়, বিকল্পে।

"কচাদিবণ্ণানমেকস্সরানং দ্বে ভাবো"তি সংসরস্স আদিস্স দ্বিত্তং।

শব্দার্থ। একস্সরানং — একস্বরযুক্ত। আদিব্যঞ্জনানং — আদি ব্যঞ্জন বর্ণের। দ্বে ভাবো — দ্বিত্ব হয়। কচি — কচিৎ।

বঙ্গানুবাদ। খ, ছ এবং স প্রত্যয় পরে থাকিলে একস্বর যুক্ত আদ্য ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয়। যেমন ভুজ+খ=ভুভুজ, এস্থলে ভুজ ধাতুর একস্বরযুক্ত ব্যঞ্জনবর্ণ "ভু" ইহার দ্বিত্ব হইয়া 'ভুভু' হইয়াছে।

"পুব্বো'ব্ভাসো"তি দ্বিত্তে পুব্বস্স অব্ভাস সঞ্ঞা।

শব্দার্থ। দ্বিত্তে — দ্বিত্ব হইলে। পুব্বস্স — পূর্ব্ব ব্যঞ্জন বর্ণের। অব্ভাস সঞ্ঞা — অভ্যাস সংজ্ঞা হয় অর্থাৎ অভ্যাস নাম হয়।

বঙ্গানুবাদ। ধাতুর একস্বরযুক্ত আদ্য ব্যঞ্জনবর্ণ দ্বিত্ব হইলে পূর্ব্ব ব্যঞ্জনবর্ণের নাম অভ্যাস। যেমনঃ—ভুজ ধাতু ইহার উত্তর খ প্রত্যয় হইলে উক্ত ধাতুর আদ্য ব্যঞ্জনবর্ণ 'ভু' ইহার দ্বিত্ব হইয়া ভুভুজ'-খ হইয়াছে, এই ভুকারদ্বয়ের আদি অর্থাৎ প্রথম ভু কে অভ্যাস বলে।

"দুতিয-চতুত্থানং পঠম-ততিয"তি অব্ভাসস্স চতুত্থস্স ভস্স ততিযো বো।

শব্দার্থ। দুতিয চতুত্থানং — বর্গীয় দ্বিতীয় ও চতুর্থ বর্ণের স্থানে। পঠম-ততিযা — সেই বর্গীয় প্রথম ও তৃতীয় বর্ণ হয়। অব্ভাসস্স চতুত্থস্স ভস্স — অভ্যাস বর্ণ ভকারের স্থানে, এস্থলে পবর্গের চতুর্থ বর্ণ ভকারই অভ্যাস বর্ণ। ততিযো বো — সেই পবর্গের তৃতীয় বর্ণ বকার হয়।

বঙ্গানুবাদ। বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ অভ্যাস বর্ণের স্থানে যথাক্রমে সেই বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ হয়। এখানে পবর্গের চতুর্থ অভ্যাস বর্ণ ভকারের স্থানে সেই বর্গের তৃতীয় বর্ণ বকার হইয়াছে। যথাঃ— বুভুজ+খ।

"কোখেচে"তি ধাত্বন্তস্স কো।

শব্দার্থ। খে — খ প্রত্যয় পরে থাকিলে। ধাত্বন্তস্স — ধাতুর অন্ত্য বর্ণের স্থানে, এখানে ভুজ ধাতুর অন্ত্য বর্ণ জকারের স্থানে। কো — ককার আদেশ হয়।

বঙ্গানুবাদ। খ প্রত্যয় পরে থাকিলে ভুজ ধাতুর অন্ত্য বর্ণ জকারের স্থানে ককার আদেশ হয়। যথা :— বুভুক্খ, ইহা প্রত্যয়ান্ত ধাতু নামে কথিত হয়।

"ধাতুপ্পচ্চযেহি বিভত্তিযো"তি বুত্তত্তা ত্যাদি।

বঙ্গানুবাদ। ধাতুর উত্তর খ, ছ প্রভৃতি প্রত্যয় যুক্ত হইয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয় তাহাদিগকে ধাতু প্রত্যয়ান্ত বা প্রত্যয়ান্ত ধাতু বলে। এইপ্রকার প্রত্যয়ান্ত ধাতুর উত্তর তি, অন্তি ইত্যাদি ক্রিয়া বিভক্তি হয়। যথা :- বুভুক্খ+তি=বুভুক্খতি, অন্তি — বুভুক্খন্তি ইত্যাদি।

এবং ঘস অদনে — এইরূপ ঘস ধাতু — অদনে অর্থাৎ ভক্ষণে। ছে — ছ প্রত্যয় পরে থাকিলে। দ্বিত্তাদি — ছ প্রত্যয় পরে থাকাতে 'ঘস' ধাতুর আদ্য ব্যঞ্জনবর্ণ ঘকারের দ্বিত্ব হয়. যেমন — ঘঘস+ছ।

"কবগ্গস্স চবগ্গো"তি অব্ভাসস্স ঘস্স ঝো।

শব্দার্থ। কবগ্গস্স — কবর্গের চতুর্থ বর্ণ ঘকার স্থানে। চবগ্গো — চবর্গের চতুর্থ বর্ণ ঝকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। কবর্গের স্থানে চবর্গ হয়, অর্থাৎ ছ প্রত্যয় পরে থাকাতে অভ্যাস বর্ণ ঘকার স্থানে চবর্গের চতুর্থ বর্ণ ঝকার আদেশ হয়। যথা :— ঝঘস+ছ।

দুতিযাদনা ঝস্‌স তাতযো জো — "দুতিয-চতুত্থানং পঠম-ততিযা" এই সূত্রানুসারে চবর্গের চতুর্থ অভ্যাস বর্ণ ঝ স্থানে সেই বর্গের তৃতীয় বর্ণ 'জ' হয়। যথা :— জ-ঘস+ছ।

"অন্তস্‌সিবণ্ণাকারোবা"তি অন্তাসন্তস্‌স ই।

শব্দার্থ। অন্তস্‌স — অভ্যাস বর্ণের অন্ত্য স্বরের স্থানে, এখানে অভ্যাস বর্ণ জকারস্থ অকারের স্থানে। ইবণ্ণো — ই, ঈকার; এখানে ইকারই অভিপ্রেত। বা – বিকল্পে।

বঙ্গানুবাদ। অভ্যাস বর্ণের অন্ত্যস্বরের স্থানে ইকার কিম্বা ঈকার আদেশ হয়; এস্থলে অভ্যাস বর্ণ জকার, এই জকারস্থ অকার স্থানে ইকার আদেশ হইয়াছে। যেমন, জিঘস+ছ।

"ব্যঞ্জনন্তস্‌স চো ছপ্‌পচ্চযেসুচা"তি ধাত্বন্তস্‌স চো।

শব্দার্থ। ব্যঞ্জনন্তস্‌স — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের স্থানে, এখানে ঘস ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ সকারের স্থানে। চো — চকার আদেশ হয়। ছপ্পচ্চযেসু — ছ প্রত্যয় পরে থাকলে।

বঙ্গানুবাদ। ছ প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের স্থানে চকার আদেশ হয়, এখানে ঘস ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ সকার স্থানে চকার আদেশ হইয়াছে। যথা :— জিঘচ্‌+ছ+তি=জিঘচ্ছতি, অন্তি — জিঘচ্ছন্তি ইত্যাদি।

উদাহরণ : সো জিঘচ্ছতি — সে ভোজন করিতে ইচ্ছা করে। মান প্রত্যয়ে — জিঘচ্ছমানো, অন্ত প্রত্যয়ে — জিঘচ্ছন্তো ইত্যাদি।

হর হরণে — হরধাতু — হরণে।

## "হরস্স গিং সে"তি গিং।

শব্দার্থ। সে — স প্রত্যয় পরে থাকিলে। হরস্স — হর ধাতুর স্থানে। গিং — গিং আদেশ হয়।

বঙ্গানুবাদ। স প্রত্যয় পরে থাকিলে 'হর' ধাতুর স্থানে গিং আদেশ হয়। যথা :— গিং + স।

"কচাদিবঞ্জনানমেকস্সরানং দ্বেভাবো" এই সূত্রানুসারে ধাতুর আদ্য সস্বর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হয়; যথা :— গিগিং + স।

## "গস্স জো"তি জো।

বঙ্গানুবাদ। অভ্যাস বর্ণ গকার স্থানে জকার আদেশ হয়। যথা :— জিগিংস, তদুত্তর তি, অন্তি ইত্যাদি বিভক্তি যুক্ত হইলে, — জিগিংসতি, জিগিংসন্তি ইত্যাদি।

উদাহরণ :— সো ভিক্খং জিগিংসতি — অর্থাৎ সে ভিক্ষা হরণ করিতে ইচ্ছা করে। এইরূপ অর্থ সর্ব্বত্র দ্রষ্টব্য।

—— ০:✻:০ ——

## নাম-ধাতু।

বিশেষ বিশেষ অর্থে শব্দের উত্তর কতকগুলি প্রত্যয় হয়, সেই প্রত্যয় নিষ্পন্ন পদকে নামধাতু কহে।

পব্বতমিব অত্তানমাচরতি করোতীতাত্থে — নিজকে পর্ব্বতের ন্যায় আচরণ করে অর্থাৎ ব্যবহার করে এইরূপ অর্থে।

## আযনামতো কত্তুপমানাদাচারে।

উপমীযতে নেনেত্যুপমানং, কত্তুস্স উপমানম্হা তুতিযন্তা নামম্হা আচারত্থে আযো হোতি।

পদবিচ্ছেদ। আয নামতো, কত্তুপমানা, আচারে, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। কত্তুপমানা নামতো — কর্ত্তার দ্বিতীয়ান্ত উপমান শব্দের উত্তর। আচারে — আচরণার্থে। আয—'আয' প্রত্যয় হয়। উপমীযতে অনেন ইতি উপমানং — উপমিত হয় ইহা দ্বারা এই অর্থে উপমান, অর্থাৎ যদ্দ্বারা উপমা দেওয়া যায়, তাহাকে উপমান বলে। কত্তুসস উপমানম্হা তুতিযন্তা নামম্হা—কর্ত্তার দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপমান শব্দের উত্তর। তেসং গহণেন বিভত্তি লোপো — "তেসং বিভত্তিযো লোপা চ" এই সূত্রের বহুবচনান্ত 'তেসং' এই শব্দের অর্থ গ্রহণে 'পব্বত' শব্দের বিভক্তি লোপ হয়। সরলোপাদি—"সরলোপোমাদেসপ্পচ্চযাদিম্হি" এই সূত্রানুসারে 'আয়' প্রত্যয় পরে থাকাতে 'পব্বত' শব্দের অন্ত্য অকার লুপ্ত হয়, যেমন — পব্বত + আয = পব্বতায, ইহাই নামধাতু। তৎপর "ধাতুপ্পচ্চ-যেহি বিভত্তিযো" এই সূত্রানুসারে উক্ত নাম-ধাতুর উত্তর তি, অন্তি প্রভৃতি ক্রিয়া বিভক্তি হয়। যথা :— পব্বতায + তি = পব্বতাযতি অন্তি — পব্বতাযন্তি ইত্যাদি।

উদাহরণ :— যোগী পব্বতাযতি, অর্থাৎ যোগী নিজকে পর্ব্বতের ন্যায় অচল অটল করিতেছেন। এইরূপ অর্থ সর্ব্বত্র দ্রষ্টব্য।

পুত্তমিবাচরতীত্যত্থে — পুত্রবৎ আচরণ করে এইরূপ অর্থে।

## ঈযুপমানা চ।

উপমানম্হা তুতিযন্তা নামম্হা আচারত্থে ঈযো হোতি।

পদবিচ্ছেদ। ঈয, উপমানা, চ, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। উপমানা — উপমান বাচক শব্দের উত্তর। ঈয — 'ঈয' প্রত্যয় হয়। তুতিযন্তা উপমানা নামম্হা—দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপমান বাচক শব্দের উত্তর, অর্থাৎ কর্ম্মবাচক উপমান শব্দের উত্তর।

বঙ্গানুবাদ। আচরণার্থে দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপমান বাচক শব্দের উত্তর 'ঈয' প্রত্যয় হয়। যথাঃ— পুত্ত+ঈয=পুত্তীয, ইহাই নামধাতু, তদুত্তর তি, অন্তি প্রভৃতি ক্রিয়া বিভক্তি যুক্ত হইলে,— পুত্তমিব আচরতীতি অত্থে— পুত্তীযতি সিস্সং গরু, অর্থাৎ— গুরু শিষ্যকে পুত্রবৎ আচরণ করেন।

অত্তনো পত্তমিচ্ছতীত্যত্থে— নিজের পাত্র ইচ্ছা করে এইরূপ অর্থে, অর্থাৎ স্বেচ্ছা অর্থে।

## নামম্হাত্তিচ্ছত্থে।

নামম্হা ত্বতিযন্তা অত্তনো ইচ্ছত্থে ঈযো হোতি।

পদাবচ্ছেদ। নামম্হা, অত্তিচ্ছত্থে, দ্বিপদী সূত্র।

শব্দার্থ।অত্তিচ্ছত্থে— নিজের ইচ্ছা অর্থে, স্বেচ্ছার্থে। নামম্হা— কর্ম্মবাচক শব্দের উত্তর, অর্থাৎ দ্বিতীয়া বিভক্ত্যন্ত নামবাচক শব্দের উত্তর। ঈযো হোতি— 'ঈয়' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। স্বেচ্ছা অর্থে দ্বিতীয়া বিভক্ত্যন্ত নামবাচক শব্দের উত্তর ঈয় প্রত্যয় হয়। যথাঃ— পত্ত+ঈয=পত্তীয, এই নাম-ধাতুর উত্তর তি, অন্তি প্রভৃতি ক্রিয়া বিভক্তি হয় যেমন— ভিক্খু অত্তনো পত্তং ইচ্ছতীতি অত্থে— পত্তীযতি ভিক্খু— অর্থাৎ ভিক্ষু নিজের পাত্র ইচ্ছা করেন। কিন্তু স্বেচ্ছা অর্থ না হইলে এবং অন্যের ইচ্ছা বুঝাইলে সে স্থলে নাম-ধাতু হইবে না, যেমন— ভিক্খু অঞ্ঞস্স পত্তং ইচ্ছতি, এইরূপ স্থলে নাম ধাতু হইবে না।

কারিতানীত্বেব— "ধাতূহি ণে-ণয-ণাপে-ণাপযা কারিতানি হেত্বত্থে" এই সূত্র হইতে "কারিতানি" এই পদটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

# ধাতুরূপে নামস্মা ণযো চ।

ধাতুরূপো ধাত্বত্থো সে চ বিসুদ্ধো হোতীত্যাদি, ধাতুরূপে সতি স্যাদ্যন্তা নামতো ণযো হোতি কারিতসঞ্ঞা চ।

পদবিচ্ছেদ। ধাতুরূপে, নামস্মা ণযো, চ, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। ধাতুরূপে — নামধাতুর অর্থ বুঝাইলে, অভুত তদ্ভাব অর্থে। ধাতুরূপো ধাত্বত্থো — ধাতুর রূপই ধাতুর অর্থ, নামবাচক ধাতুরূপই এস্থলে ধাত্বর্থ। সো চ — এবং সেই ধাতুর অর্থ। বিসুদ্ধো হোতি ইতি আদি — বিসুদ্ধো হোতীত্যাদি — বিশুদ্ধ হইতেছে ইত্যাদিরূপ অর্থ। ধাতুরূপে সতি — নামধাতুর অর্থ বুঝাইলে। স্যাদ্যন্তা নামতো — সি, যো, ইত্যাদি বিভক্ত্যন্ত নামবাচক শব্দের উত্তর। ণযো হোতি — ণয প্রত্যয় হয়। কারিতসঞ্ঞা চ — কারিত সংজ্ঞা হয় অর্থাৎ ণিজন্ত ধাতুর ন্যায় হয়।

বঙ্গানুবাদ। নাম-ধাতুর অর্থ বুঝাইলে প্রথমাদি বিভক্ত্যন্ত শব্দের উত্তর ণয প্রত্যয় হয়। উক্ত সূত্রের চকার যোগে ণে প্রত্যয়ও হয়। ইহারা কারিতান্ত ধাতুর ন্যায় অর্থাৎ ণিজন্ত ধাতুর ন্যায় হয়। যথা :– বিসুদ্ধ+ণয=বিসুদ্ধয, তদুত্তর তি, অন্তি প্রভৃতি ক্রিয়া বিভক্তিযুক্ত হয়। যথা :— রত্তি বিসুদ্ধা হোতীতি অত্থে — রাত্রি বিশুদ্ধা হইতেছে এই অর্থে বিসুদ্ধাযতিরত্তি। এইরূপ দল্‌হং করোতীতি দল্‌হযতি, হত্থিনা অতিক্কমতীতি অতিহত্থযতি, বীণায উপগাযতীতি উপবীণযতি, পমাণং করোতীতি পমানযতি। ণে প্রত্যয়ে — উপথম্ভং করোতীতি উপথম্ভেতি ইত্যাদি।

যং তিকালং তিপুরিসং ক্রিযারাচি তিকারকং,
অত্তিলিঙ্গং দ্বিবচনং তদাখ্যাতন্তি বুচ্চতি।

অন্বয়। যং তিকালং তিপুরিসং ক্রিযাবাচি তিকারকং অত্তিলিঙ্গং দ্বিবচনং তং আখ্যাতন্তি বুচ্চতি।

শব্দার্থ। যং — যাহা। তিকালং — অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ কালভেদে ত্রিকালবিশিষ্ট। তিপুরিসং – উত্তম মধ্যম ও প্রথম পুরুষ ভেদে ত্রিপুরুষযুক্ত। ক্রিযাবাচি — ক্রিয়া বাচক। তিকারকং – কর্ত্তৃ, কর্ম্ম ও ভাব কারক বশে ত্রিকারক বা বাচ্যত্রয়যুক্ত। অত্তিলিঙ্গং — পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ ও নপুংসকলিঙ্গ ভেদে লিঙ্গত্রয়বিশিষ্ট। দ্বিবচনং — এক বচন ও বহুবচন ভেদে বচনদ্বয়যুক্ত। তং — তাহা। আখ্যাতন্তি বুচ্চতি — অখ্যাত নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। যাহা ত্রিকালবিশিষ্ট, পুরুষত্রয় যুক্ত, ক্রিয়াবাচক, বাচ্যত্রয়যুক্ত, লিঙ্গত্রয়ভূত এবং বচনদ্বয়সংযুক্ত, তাহা আখ্যাত নামে কথিত হয়।

---

# কৃদন্ত।

## ণাদযোত্তেকালিকা।

ণাদিহুতিযযু অন্তপ্পচ্চযা কালত্তযে দট্ঠব্বা।

পদবিচ্ছেদ। ণাদযো, তেকালিকা — দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ণাদযো — ণ প্রত্যয়াদি। তেকালিকা — ভূত, ভবিষ্যৎ, ও বর্ত্তমান ভেদে ত্রিকালযুক্ত। ণাদিহুতিয যুঅন্তপ্পচ্চযা — ণ প্রত্যয় হইতে দ্বিতীয় যু প্রত্যয় পর্য্যন্ত প্রত্যয় সকল, এস্থলে দ্বিতীয় "যু" প্রত্যয় বলার উদ্দেশ্য যে, কৃৎ প্রত্যয়সমূহের মধ্যে দুইটি যু প্রত্যয় আছে — "সদ্দ-কুধ-চল মণ্ডত্থ রুচাদীহিযু" এই সূত্রে উক্ত যু প্রত্যয়, ইহা প্রথম "যু", এবং "নন্দাদীহিযু" এই সূত্রে উক্ত "যু" প্রত্যয়, ইহা দ্বিতীয় "যু"।

বঙ্গানুবাদ। ণ প্রত্যয় হইতে আরম্ভ করিয়া দ্বিতীয় যু প্রত্যয় পর্য্যন্ত একবিংশতি কৃৎ প্রত্যয় কালত্রয়ে দ্রষ্টব্য অর্থাৎ ত্রিকালযুক্ত।

## অঞ্ঞে কিৎ।

কিচ্চেহঞ্ঞে ণাদযো যুপ্পভুতযো চ কিৎ সঞ্ঞা হোন্তি।

পদবিচ্ছেদ। অঞ্ঞে, কিৎ — দ্বিপদী সূত্র।

শব্দার্থ। কিচ চেহঞ্ঞে — 'কিচ্চ' প্রত্যয় ভিন্ন অপর প্রত্যয় সমূহ; তব্ব অনীয ণ্য, রিচ্চ এই চতুর্ব্বিধ প্রত্যয়কে "কিচ্চ" প্রত্যয় বলে; কিচ্চেহি + অঞ্ঞে = কিচ্চেহঞ্ঞে, সন্ধি। ণাদযো— "ধাতুযা কম্মাদিম্হিণো" এই সূত্রে উক্ত ণ প্রত্যয় হইতে আরম্ভ করিয়া তৎপরবর্ত্তী সূত্রসমূহে উক্ত প্রত্যয় সকল, সংক্ষেপতঃ ণ প্রত্যয়াদি। যুপ্পভুতযো — যু প্রত্যয় প্রভৃতি। কিৎ সঞ্ঞা হোন্তি— কৃৎ সংজ্ঞা হয়, অর্থাৎ কৃৎ প্রত্যয় নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। "কিচ্চ" প্রত্যয় ভিন্ন ণ ইত্যাদি প্রত্যয়কে এবং "কিচ্চ" প্রত্যয়ের পরে নির্দ্দিষ্ট যু প্রভৃতি প্রত্যয়কে কৃৎ প্রত্যয় কহে। অর্থাৎ "কিচ্চ" প্রত্যয় ভিন্ন ণ, ণ্বু, তু, আবী ইত্যাদি প্রত্যয় সমূহকে কৃৎ প্রত্যয় কহে। ধাতুর উত্তর কৃৎ প্রত্যয় প্রযুক্ত হইয়া যে সকল শব্দ রচিত হয়, তাহাদিগকে কৃদন্ত কহে।

## কত্তরি কিৎ।

কিৎ সঞ্ঞা কত্তরি দট্ঠব্বা, যথা তন্তি ক্বচি কম্মাদীসুপি।

পদবিচ্ছেদ। কত্তরি কিৎ — দ্বিপদী সূত্র।

শব্দার্থ। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। কিৎ — কৃৎ প্রত্যয় হয়। যথা তন্তি — ত্রিপিটক শাস্ত্রের পালি ভাষানুরূপ, তন্তি অর্থ পালিভাষা। ক্বচি—ক্বচিৎ। কম্মাদীসুপি—কর্ম্ম বাচ্যাদিতেও, অর্থাৎ কর্ম্ম ও ভাব-বাচ্যেও হয়।

বঙ্গানুবাদ। কৃৎ প্রত্যয় কর্তৃবাচ্যে হয়, ক্বচিৎ কর্ম্ম এবং ভাববাচ্যেও হয়।

পুঞ্ঞং অকাসি করোতি করিস্সতি বা ত্যথে—পুণ্য করিয়াছিল, করিতেছে, কিম্বা করিবে এইরূপ ত্রিকালযুক্ত অর্থ বুঝাইলে, অর্থাৎ কালত্রয়ের মধ্যে যেকোন কালযুক্ত অর্থে।

## ধাতুযা কম্মাদিম্হি ণো।

কম্মে আদো সতি ধাতুতো ণো হোতি।

পদবিচ্ছেদ। ধাতুযা, কম্মে, আদিম্হি, ণো — চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। কম্মাদিম্হি — কর্ম্মপদ আদিতে থাকিলে। ধাতুযা — ধাতুর উত্তর। ণো — ণ প্রত্যয় হয়। কম্মে আদো সতি — কর্ম্মপদ আদিতে থাকিলে। ধাতুতো — ধাতুর উত্তর।

বঙ্গানুবাদ। কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ণ প্রত্যয় হয়। যথা, পুঞ্ঞং+কর+ণ, এস্থলে "পুঞ্ঞং" এইটী কর্ম্মপদ পূর্ব্বে আছে, তৎপরে "কর" এইটী ধাতু, তদুত্তরে কর্তৃবাচ্যে 'ণ' প্রত্যয় আছে; পুঞ্ঞং অকাসি করোতি করিস্সতি বা, এস্থলে "অকাসি" প্রভৃতি ক্রিয়া কর্তৃবাচ্যের ক্রিয়া, সকর্ম্মক, কর্ম্ম—পুঞ্ঞং।

**"কারিতং বিয ণানুবন্ধো"**তি কারিতেব কতে ণ লোপো বুদ্ধি, তেসং গহণেন বিভত্তি লোপো।

শব্দার্থ। কারিতং বিয — কারিত প্রত্যয় সদৃশ। ণানুবন্ধো — ণ কার অনুবন্ধ, ণকারযুক্ত; কোন প্রয়োজন সিদ্ধির জন্য যে বর্ণ উচ্চারিত হয়, কিন্তু কার্য্যকালে থাকে না, তাহাকে অনুবন্ধ কহে, সংস্কৃত ব্যাকরণে ইহাকে 'ইৎ' বলে। কারিতেব কতে — কারিত প্রত্যয় সদৃশ করা হইলে, অর্থাৎ ণানুবন্ধ বলিয়া কারিত প্রত্যয়ের ন্যায় হইলে। ণ লোপো — "কারিতানং ণো লোপং" এই সূত্রানুসারে

ণ কারের লোপ হয়, অকার থাকে। বুদ্ধি — "অসং যোগন্তস্‌স বুদ্ধি কারিতে" এই সূত্রানুসারে ধাতুর আদ্যস্বরের বৃদ্ধি হয়, এখানে 'কর' ধাতুর ককারস্থ অকারের বৃদ্ধি হইয়া আকার হইয়াছে, যেমন — পুঞ্‌ঞং-কার্‌-অ। তেসং গহণেন বিভত্তি লোপো—"তেসং বিভত্তিযো লোপাচ" এই সূত্রের বহুবচনান্ত "তেসং" শব্দের যোগে অর্থাৎ ইহার ভাবার্থ গ্রহণে বা ভাবার্থ গ্রহণ করিলে 'অং' বিভক্তির লোপ হয়, এস্থলে 'পুঞ্‌ঞং' এই কর্ম্ম পদের অং বিভক্তির লোপ হইলে — 'পুঞ্‌ঞ্‌' হয়, তৎপরে "পকতি চস্‌সাদি" সূত্রানুসারে পুনঃ প্রকৃত রূপই হয়, "পুঞ্‌ঞ"। "নযে পরং যুত্তে" এই সূত্রানুসারে—'পুঞ্‌ঞকার' এই কৃদন্ত শব্দ সিদ্ধ হইল; তৎপর সি যো ইত্যাদি বিভক্তি যুক্ত হইবে।

কিতকাভিধেয্যলিঙ্গা ইযুবণ্ণা বরাদিজো,

অপ্পচ্চযো ণো দুতিযো ইপ্পচ্চযো পুমে সিয়ুং।

অন্বয়। কিতকা অভিধেয্য লিঙ্গা সিয়ুং, ইযুবণ্ণাচ বরাদিজো চ অপ্পচ্চযো চ দুতিযো ণো চ ইপ্পচ্চযো চ পুমে সিয়ুং।

শব্দার্থ। কিতকা—কৃদন্ত শব্দ সকল অর্থাৎ কৃৎ প্রত্যয়ান্ত শব্দ সমুদয়। অভিধেয্য লিঙ্গা সিয়ুং — অভিধেয় শব্দের অর্থানুরূপ লিঙ্গ হয়, অর্থাৎ যাহাকে উদ্দেশ্য করিয়া কৃদন্ত শব্দ নিষ্পন্ন হয়, তদনুসারে কৃদন্ত শব্দের লিঙ্গ হয়। ইযুবণ্ণা—ইবর্ণান্ত ও উ বর্ণান্ত ধাতু হইতে অর্থাৎ ইকারান্ত, ঈকারান্ত, উকারান্ত এবং ঊকারান্ত ধাতুর উত্তর অ প্রত্যয়ে নিষ্পন্ন শব্দ সকল। বরাদিজো—বরাদি ধাতুগণের উত্তর অপ্রত্যয়ে নিষ্পন্ন শব্দ সকল। অপ্পচ্চযো—অ প্রত্যয়ান্ত শব্দ। দুতিযো ণো — "বিস-রুজ-পদাদিতোণ" এই সূত্রে উক্ত ণ প্রত্যয়ান্ত শব্দ; ণ প্রত্যয় দুইটী আছে, এই সূত্রে বিহিত ণ প্রতায় দ্বিতীয় ণ প্রত্যয়। ইপ্পচ্চযো — ই প্রত্যয়ান্ত শব্দ। পুমে সিয়ুং — পুংলিঙ্গে হয়।

বঙ্গানুবাদ। যাহাকে উদ্দেশ্য করিয়া কৃদন্ত শব্দ সিদ্ধ হয়, তদনুসারে কৃদন্ত শব্দের লিঙ্গ হয়। ই, ঈ, উ, এবং উকারান্ত ধাতুর উত্তর অ প্রত্যয়ে নিষ্পন্ন শব্দ সকল পুংলিঙ্গ হয়। যথা, নযো, চযো, বিনযো, পচ্চযো, ভবো, লবো, আসবো ইত্যাদি। বরাদি ধাতুগণের উত্তর অ প্রত্যয়ে নিষ্পন্ন শব্দ সকল পুংলিঙ্গ। যথা, সংবরো, আদরো, অনাদরো, পবেসো, রোগো, উপ্পাদো, ফস্সো ওকাসো ইত্যাদি। অ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। দ্বিতীয় ণ প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। ই প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা, আদি, উদধি, বালধি, মহোদধি ইত্যাদি।

যুচা কত্তরি ভাবস্মিং কিচ্চা তো চ নপুংসকে,
তবাদিকৃত্থত্তুমন্তা তু অলিঙ্গা চাবিভত্তযো।

অন্বয়। অকত্তরি যুচ ভাবস্মিং কিচ্চা তো চ নপুংসকে সিযুং, তবে আদি কৃত্থত্তুং অন্তা তু অলিঙ্গা চ অবিভত্তযোচ সিযুং।

শব্দার্থ। অকত্তরি যু -- কর্ত্তৃবাচ্যে ভিন্ন অন্য বাচ্যে অর্থাৎ কেবল কর্ম্ম ও ভাববাচ্যে জাত বা নিষ্পন্ন যু প্রত্যয়ান্ত শব্দ। ভাবস্মিং কিচ্চা তো চ—ভাব বাচ্যে জাত 'কিচ্চ' প্রত্যয়ান্ত শব্দ সকল এবং 'ত' প্রত্যয়ান্ত শব্দ। নপুংসকে সিযুং — নপুংসক লিঙ্গে হয়। তবে আদিকৃত্থত্তুং অন্তা — 'তবে' প্রত্যয় হইতে আরম্ভ করিয়া 'কৃত্থত্তুং' প্রত্যয় পর্য্যন্ত সমুদয় প্রত্যয়ান্ত শব্দ। তু — নিপাত। অলিঙ্গা — অলিঙ্গ অর্থাৎ পুংলিঙ্গাদি লিঙ্গ রহিত। অবিভত্তযো — অবিভক্তি অর্থাৎ বিভক্তি রহিত।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্য ভিন্ন কর্ম্ম ও ভাববাচ্যে জাত যু প্রত্যয়ান্ত শব্দ নপুংসক লিঙ্গ, যথা—নন্দনং, গহণং, বরণং ইত্যাদি। ভাববাচ্যে জাত 'কিচ্চ' প্রত্যয়ান্ত শব্দ সকল এবং 'ত' প্রত্যয়ান্ত শব্দ নপুংসক লিঙ্গ, যথা — ভবিতব্বং ভবতা, আসিতব্বং ভবতা ইত্যাদি; 'ত' প্রত্যয়ান্ত—হসিতং, লপিতং তযা ইত্যাদি। 'তবে' প্রত্যয় হইতে

'কৃত্থত্তুং' প্রত্যয় পর্য্যন্ত সমুদয় প্রত্যয়ান্ত শব্দ লিঙ্গ ও বিভক্তি রহিত, যথা—কাতবে, কাতুন, কাতুং, এক কৃত্থত্তুং দ্বিকৃত্থত্তুং ইত্যাদি, ইহারা নিপাত শব্দের মধ্যে গণ্য হয়।

নামমিব কতে স্যাদি — কৃদন্ত পদ নামবাচক শব্দের ন্যায়, তদুত্তর সি যো ইত্যাদি বিভক্তি যুক্ত হয়, যথা, পুংলিঙ্গে — পুঞ্ঞকারো, স্ত্রীলিঙ্গে—পুঞ্ঞকারী নপুংসক লিঙ্গে — পুঞ্ঞকারং।

ধাতুযাত্যধিকারো — "ধাতুযা কম্মাদিম্হি ণো" এই সূত্র হইতে "ধাতুযা" এই পদটী পরবর্ত্তী সূত্রে যোগ করিয়া সূত্রের অর্থ করিতে হইবে। কম্মাদিম্হি অ ইত্বেব — 'ধাতুযা কম্মাদিম্হিণো' এই সূত্র হইতে "কম্মাদিম্হি" এই পদটী এবং "সঞ্ঞাযমনু" এই সূত্র হইতে 'অ' এইটীও পরবর্ত্তী সূত্রে যোগ করিবে।

## সব্বতো ণ্বুত্বাবী বা।

কম্মে আদো অনাদো বা সব্ব ধাতুহি অকারো ণ্বু তু আবী চ হোন্তি।

পদবিচ্ছেদ। সব্বতো, ণ্বুত্বাবী, বা, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। কম্মে আদো অনাদো বা — কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে কিম্বা না থাকিলে। সব্ব ধাতূহি — সমস্ত ধাতুর উত্তর। বা—বিকল্পে। ণ্বুত্বাবী—ণ্বু, তু, এবং আবী প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ — কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে কিম্বা না থাকিলে সমস্ত ধাতুর উত্তর অ, ণ্বু, তু এবং আবী প্রত্যয় হয়। যথা — "তং করোতি' এই বাক্যে তং কর+অ=তক্করো, এস্থলে 'তং' এইটী কর্ম্মপদ পূর্ব্বে আছে, এবং 'কর' ধাতুর উত্তর অ প্রত্যয়ে ও ককারের দ্বিত্বে 'তক্করো' পদ সিদ্ধ হইল। সঞ্ঞাযং বিভত্যু লোপো— লোকের নাম বুঝাইলে কর্ম্ম উপ পদের বিভক্তি লুপ্ত হয় না, যেমন— 'দীপং অকাসি করোতি করিস্সতি' এই বাক্যে দীপং—কর+অ=

দীপং কর, তদনন্তর সি বিভক্তির স্থানে ওকারাদেশে—দীপং করো, এইরূপ মেধং করো তণ্‌হং করো ইত্যাদ। নী পাপুননে—নী ধাতু নেওয়া অর্থে। বিপুব্বো—বি পূর্ব্বক অর্থাৎ বি উপসর্গ পূর্ব্বে স্থিত। উপসগ্‌গা—উপসর্গ সকল। ধাতুতো পুব্বভাগা এব দট্‌ঠব্বা—ধাতুর পূর্ব্ব ভাগেই দ্রষ্টব্য। "উপসগ্‌গা ধাতুতো পুব্বভাগা এব" এই সূত্রানুসারে উপসর্গ সকল ধাতুর পুর্ব্ব ভাগেই যুক্ত হয়; যেহেতু উপসর্গ সকল ধাতুর পূর্ব্বে যুক্ত হইয়া ধাতুর অর্থবিশেষ প্রকাশ করে।

অসংযোগন্তস্‌স বুদ্ধিত্বেব—"অসংযোগন্তস্‌স বুদ্ধি কারিতে" এই সূত্র হইতে "অসংযোগন্তস্‌স" একপদ এবং 'বুদ্ধি' একপদ. এই পদদ্বয় পরবর্ত্তী সূত্রে যোগ করিয়া সূত্রের অর্থ করিতে হইবে।

**"অঞ্‌ঞেস্বুচে"**তি অসংযোগন্তস্‌স ধাতুস্‌সবণ্ণুবণ্ণানং বুদ্ধি।

**শব্দার্থ।** অসংযোগন্তস্‌স ধাতুস্‌স—অসংযোগান্ত ধাতুর, যে ধাতুর অন্তে ব্যঞ্জনদ্বয়ের সংযোগ নাই সেইরূপ ধাতুর। ইবণ্ণুবণ্ণানং—ইবর্ণ ও উবর্ণান্ত ধাতুর, অর্থাৎ ইকারান্ত, ঈকারান্ত উকারান্ত এবং ঊকারান্ত ধাতুর। বুদ্ধি—বৃদ্ধি হয়, এখানে নী ধাতুর ঈকারের বৃদ্ধি একার।

**বঙ্গানুবাদ।** অ প্রত্যয় পরে থাকিলেও ইবর্ণান্ত ও উবর্ণান্ত ধাতুর ই বর্ণ ও উ বর্ণের বৃদ্ধি হয় অর্থাৎ ই, ঈ স্থানে একার এবং উ ঊ স্থানে ওকার হয়। যথা—নী ধাতুর ঈ কারের বৃদ্ধি—নে।

"এ অযা"তি সরে এস্‌স অযো।

**শব্দার্থ।** সরে—স্বরবর্ণ পরে থাকিলে। এস্‌স অযো—একারের স্থানে 'অয' আদেশ হয়।

**বঙ্গানুবাদ।** স্বরবর্ণ পরে থাকিলে ধাতুর অন্ত্য একার স্থানে 'অয' আদেশ হয়। যথা, 'বিনেতি সিক্‌খযতি' এই বাক্যে—বি—নী+অ= বিনযো, অর্থাৎ বি পূর্ব্বক নী ধাতুর ঈকারের বৃদ্ধি একার এবং

একার স্থানে 'অয' আদেশ করিলে—বিনয, এই কৃদন্ত পদের উত্তর সি বিভক্তি যুক্ত হইলে—বিনযো।

ধাতুনং অনেকত্থত্তা এব নীতাস্মিং ধাতুম্‌হি সন্তমেব সিক্‌খত্থং বি সদ্দো জোতেতি — ধাতুর অর্থ অনেক অর্থাৎ এক ধাতুর নানা অর্থ বলিয়াই এস্থলে 'বি' এই উপসর্গ নী ধাতুর শিক্ষা অর্থ প্রকাশ করিতেছে।

সন্তমেব হি নীলাদিবণ্ণং দীপাদযো বিয,
ধাতুস্মিং সন্তমেবত্থং উপসগ্গা পকাসকা।

অন্বয়। সন্তমেব হি নীলাদি বণ্ণং দীপাদযো বিয, ধাতুস্মিং সন্তমেব অত্থং উপসগ্গা পকাস্‌কা হোন্তি।

শব্দার্থ। সন্তমেব — বিদ্যমানই, অর্থাৎ দ্রব্যে বিদ্যমান আছে বলিয়াই। নীলাদি বণ্ণং — নীল পীতাদি বর্ণ। দীপাদযো বিয — প্রদীপাদির ন্যায় অর্থাৎ প্রদীপাদির আলোক যেমন প্রকাশ করে। ধাতুস্মিং — ধাতুতে। সন্তমেব অত্থং — বিদ্যমান অর্থই। উপসগ্গা — উপসর্গ সকল। পকাসকা হোন্তি — প্রকাশক হয়।

বঙ্গানুবাদ। উপসর্গের নিজের কোন অর্থ নাই। উহারা ধাতুর অর্থমাত্র প্রকাশ করিয়া থাকে। যেমন প্রদীপাদির আলোক দ্রব্যে বিদ্যমান নীলাদি বর্ণের প্রকাশক, তেমন উপসর্গও ধাতুতে বিদ্যমান অর্থের প্রকাশক মাত্র।

উপসর্গের গতি তিন প্রকার :— কোন উপসর্গ ধাতুর অর্থের বাধা জন্মায় যেমন — পটিমুক্কং — পটিমুঞ্চতি ইত্যাদি। কোন উপসর্গ ধাতুর অর্থের অনুবর্ত্তন করে, যেমন — অভিবন্দতি ইত্যাদি। কোন উপসর্গ ধাতুর অর্থের উৎকর্ষ বিধান করে, যেমন — অতিক্কমতি ইত্যাদি।

**"ও অব সরে"**তি ওসস অবো।

**শব্দার্থ।** সরে — স্বরবর্ণ পরে থাকিলে। ওসস — ওকার স্থানে। অবো — 'অ' আদেশ হয়।

**বঙ্গানুবাদ।** স্বর বর্ণ পরে থাকিলে ধাতুর বৃদ্ধিপ্রাপ্ত অন্ত্যস্বর ওকার স্থানে 'অব' আদেশ হয়। যথা, "অভবি ভবতি, ভবস্‌সতি বা" এই বাক্যে ভূ + অ = ভবো। এইরূপ — পভবো, সম্ভবো, তিভবো ইত্যাদি।

পূর্ব্বে উক্ত বরাদি ধাতুর উত্তর অপ্রত্যয়ে নিষ্পন্ন শব্দসকল পুংলিঙ্গ। যথা, বর ধাতু বরণে — সং-বর + অ = সংবরো এইরূপ :—

বর-সরা দর-চরা গমু-যমু সন-হনা
নদ-মদা রণ-গহা জপাদযো বরাদযো।

**শব্দার্থ।** বর-সরা — বর ধাতু ও সর ধাতু, বর ধাতু — বরণে; সরধাতু — গতি চিন্তা ও হিংসায়। দর-চরা — দর ধাতু ও চর ধাতু। দর — অনাদরে বিদরণে; চর — গতি ও ভক্ষণে। গমু-যমু — গমু — গমনে যমু — উপরমণে। সন-হনা — সন ধাতু ও হন ধাতু, সন — সম্ভবে, হন — হিংসা ও গতি অর্থে। নদ-মদা — নদ ধাতু ও মদ ধাতু, নদ — অব্যক্ত শব্দে, মদ — হর্ষ ও মত্ততা অর্থে রণ-গহা — রণ ধাতু ও গহ ধাতু রণ — শব্দে গহ — গ্রহণে। জপ — ব্যক্ত শব্দে বা জপনে। জপাদযো — জপাদি ধাতু। বরাদযো — বরাদি ধাতু নামে কথিত হয়।

**বঙ্গানুবাদ।** বর সর, দর চর গমু যমু, সন হন নদ, মদ, রণ, গহ জপ ইত্যাদি ধাতুকে বরাদিগণ কহে।

ণম্‌হিত্বেব — "ণম্‌হি রঞ্জস্‌স ঙ্গো ভাব করণেসু" এই সূত্র হইতে 'ণম্‌হি' এই পদটী পরবর্ত্তী সূত্রে যোগ করিবে।

## আকারন্তানমাযো।

ণানুবন্ধে পরে আকারন্ত ধাতূনমন্তস্‌স আযো হোতি।

পদবিচ্ছেদ। আকারন্তানং, আ'যো, দ্বিপদীসূত্র।

শব্দার্থ। ণম্হি — ণকারানুবন্ধ পরে থাকিলে অর্থাৎ ণ ইৎ পরে থাকিলে; সংস্কৃত মুগ্ধবোধ ব্যাকরণে 'অনুবন্ধ' কে 'ইৎ' বলা হইয়াছে। ণানুবন্ধে পরে — ণ কারানু বন্ধযুক্ত 'ণ্বু' প্রত্যয় পরে থাকিলে। আকারন্ত ধাতূনং অন্তস্স — আকারান্ত ধাতুগণের অন্ত্যস্বরের স্থানে। আযো হোতি — 'আয' আদেশ হয়।

অট্ঠৈতি ধম্মা অনুবন্ধা — অনুবন্ধ সকল অস্থায়ী কার্য্যসিদ্ধির জন্য প্রযুক্ত হয় বটে, কিন্তু পরে লুপ্ত হইয়া যায়।

বঙ্গানুবাদ। ণানুবন্ধ পরে থাকিলে আকারান্ত ধাতুর অন্ত্য আকার স্থানে 'আয' আদেশ হয়। যথা, দাধাতু — দানে, দা ধাতুর উত্তর ণ্ব প্রত্যয় করিলে, যেমন — দা+ণ্বু=দাযক, এস্থলে ণ্বু প্রত্যয়ের ণকার অনুবন্ধ, সুতরাং সানুবন্ধ ণ্বু প্রত্যয় পরে থাকাতে দাধাতুর অন্ত্যস্বর আকার স্থানে 'আয' আদেশ হইয়াছে, এবং ণ্বু প্রত্যয়ের স্থানে 'অক' আদেশ হইয়াছে।

"অনকা যুণ্বূনং"তি যুণ্বূনং অনকা।

বঙ্গানুবাদ। যু এবং ণ্বূ প্রত্যয়ের স্থানে যথাক্রমে 'অন' এবং 'অক' আদেশ হয়, অর্থাৎ যু প্রত্যয় স্থানে ' অন ' এবং ণ্বূ প্রত্যয় স্থানে 'অক' আদেশ হয়। যথা 'অন্নং অদাসি দদাতি দস্সতি বা' এই বাক্যে 'অন্নং' এই কর্ম্ম উপপদের পরস্থ দাধাতুর উত্তর ণ্বূ প্রত্যয় করিলে — অন্নদাযক' এই কৃদন্ত পদ সিদ্ধ হয়, তদুত্তর সি যো ইত্যাদি বিভক্তি যোগ করিলে অন্নদাযকো ইত্যাদি।

"তে আযাবা কারিতে"তি এ-ওনং আয-আবা।

শব্দার্থ। তে—পূর্ব্বে উক্ত বৃদ্ধি প্রাপ্ত একার এবং ওকার। আযাবা — 'আয' এবং 'আব' হয়। কারিতে — হেত্বর্থে, অর্থাৎ কারিত

প্রত্যয়ের ন্যায় ণানুবন্ধ বলিয়া ণ্বু প্রত্যয় পরে থাকিলে নী ধাতুর ঈকারের বৃদ্ধি হইয়া একার হয়।

বঙ্গানুবাদ। ণ্বু প্রত্যয় পরে থাকিলে অসংযোগান্ত ধাতুর বৃদ্ধিপ্রাপ্ত অন্ত্যস্বর একার এবং ওকার স্থানে যথাক্রমে 'আয' এবং 'আব' আদেশ হয়। যথা, নী + ণ্বু = নাযকো; সুধাতু — শ্রবণে, সু + ণ্বু = সাবকো. এইরূপ — লুনাতীতি লাবকো, পুনাতীতি পাবকো ইত্যাদি।

"করস্স চ তত্তং তুস্মিং"তি তুম্হি ধাত্বন্তস্স তো।

শব্দার্থ। তুস্মিং — 'তু' প্রত্যয় পরে থাকিলে। করস্স — 'কর' ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ রকার স্থানে। তত্তং — ত কার আদেশ হয়।

বঙ্গানুবাদ। তু প্রত্যয় পরে থাকলে 'কর' ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ রকার স্থানে তকার আদেশ হয়। যথা কর + তু = কত্তু, তদুত্তর সি যো ইত্যাদি বিভক্তি যুক্ত হয়, কত্তা ইত্যাদি। সত্থাব — 'কত্তু' শব্দের বিভক্তিরূপ 'সত্থু' শব্দের বিভক্তি রূপ সদৃশ; দিস পেক্খণে — দিস' ধাতু পেক্ষণে অর্থাৎ দর্শনে। যদাদিনা ইসস অত্তং — "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে নিপাতনে ইকার স্থানে অকার আদেশ হয়। যথা, ভযদস্সাবী, এস্থলে "দিসস্স পস্স-দিস্স-দক্খা বা" এই সূত্রানুসারে দিস' স্থানে 'দিস্স' আদেশ করিয়া তৎপরে দিস্স' এর আদি দকারস্থ ইকার স্থানে অকারাদেশ করতঃ 'আবী' প্রত্যয় করিলে উক্ত শব্দ সিদ্ধ হয়, ইহার রূপ ঈকারান্ত দণ্ডী শব্দের রূপের ন্যায়।

রুজ ভঙ্গে — রুজধাতু — ভঙ্গে, সুখভেদে বা পীড়া অর্থে।

"বিস-রুজ পদাদিতো ণ"তি ণো।

শব্দার্থ। বিস-রুজ-পদাদিতো - বিস রুজ, পদ ইত্যাদি ধাতুর উত্তর। ণ — ণ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। বিস, রুজ পদ ইত্যাদি ধাতুগণের উত্তর ণ প্রত্যয় হয়, কর্ত্তৃবাচ্যে।

**"কগা চজানং"**তি ণানুবন্ধে পরে ধাত্বন্তানং চজানং কগা॥

শব্দার্থ। ণানুবন্ধে পরে — ণ প্রত্যয় পরে থাকিলে। চজানং — চকার এবং জকার স্থানে। কগা—ক কার এবং গকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ণ প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য চকার ও জকার স্থানে যথাক্রমে ককার ও গকার আদেশ হয় অর্থাৎ চকার স্থানে ককার এবং জকার স্থানে গকার আদেশ হয়। যথা রুজতীতি রুজ+ণ= রোগো, পপুব্ব বিসধাতু পবেসনে — প – বিস + ণ = পবেসো, পজ্জতীতি পদ + ণ = পাদো ইত্যাদি।

**"ভাবে চে"** তি ভাবে ণো।

শব্দার্থ ভাবে — ভাবার্থে বা ভাববাচ্যে। ণো — ণ প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। ভাববাচ্যেও কোন কোন ধাতুর উত্তর ণ প্রত্যয় হয়। যথা পচনং ইতি অত্থে পচ + ণ = পাকো, ইহ চ কম্মাবচনিচ্ছাযং — এস্থলেও কর্ত্তার কর্ম্মবিবক্ষা না থাকিলে, অর্থাৎ সকর্ম্মক ক্রিয়ার কর্ম্ম উল্লেখ করিবার ইচ্ছা না হইলে। ভাবেপি ভাববাচেপি। ণপ্পচ্চযো — ণপ্রত্যয় হয় কিতকাভিহিতো ভাবো -- কৃৎপ্রত্যয়ে যে 'ভাব' কথিত হয় তাহা ভাবার্থ এবং আখ্যাত প্রত্যয়ে যে ভাব কথিত হয় তাহা ভাববাচ্য; এই ভাবার্থ ও ভাববাচ্য অর্থতঃ বিশেষ আছে। দব্বমিবেতি ঞাযা বহুবচনং চ হোতি — ভাববাচক কৃদন্ত ক্রিয়াপদেরও দ্রব্যবাচক শব্দের ন্যায় বহুবচন হয়। যথা, পাকা; এইরূপ — সিচ ধাতু সেচনে, সেচনং সেকো; সুচ ধাতু — শোকে, সোচনং সোকো, চজনং চাগো, যজনং যাগো ইত্যাদি শব্দ ভাবার্থে ণপ্রত্যয়ে সিদ্ধ, ইহাদের বহুবচনও হয়।

গমু সপ্প গতিম্হি — 'গমু' ধাতু ও 'সপ্প' ধাতু গমনার্থে।

**"ক্বিচে"** তি ক্বি।

বঙ্গানুবাদ। কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে কোন কোন ধাতুর উত্তর কর্তৃবাচ্যে 'ক্বি' প্রত্যয় হয়।

**"ধাত্বন্তস্‌স লোপো ক্বিম্‌হী"** তি ক্বিম্‌হি ধাত্বন্তস্‌স লোপো বা।

শব্দার্থ। ক্বিম্‌হি — 'ক্বি' প্রত্যয় পরে থাকিলে। ধাত্বন্তস্‌স লোপো — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের লোপ হয়, এখানে 'গমু' ধাতুর মকারের লোপ হইবে। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। 'ক্বি' প্রত্যয় পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ বিকল্পে লুপ্ত হয়। যথা, সব্বং গচ্ছতীতি সব্বং — গমু + ক্বি = সব্বগো, এস্থলে 'ক্বি' প্রত্যয় নিম্ন সূত্রানুসারে লোপ হইয়াছে।

**"ক্বি লোপো চে"** তি ক্বিস্‌স লোপো।

বঙ্গানুবাদ। ক্বি' প্রত্যয়ের লোপ হয়। যথা অভিভবতীতি অভি — ভূ + ক্বি = অভিভূ ভুজেন গচ্ছতীতি ভুজগো, উরসা গচ্ছতীতি উরগো, বেহাসযা গচ্ছতীতি বিহগো, কম্মতো অঞ্জনীতি কম্মজো, আহারতো জাতোতি আহারজো, এস্থলে পঞ্চমী তৎপুরুষ। এইরূপ পঙ্কে জাতং পঙ্কজং, জলে জাতং জলজং, থলে জাতং থলজং ইত্যাদি স্থলে সপ্তমী তৎপুরুষ।

চর গতিম্‌হি — চরধাতু গতি অর্থে।

**তস্‌সীলাদীসু ণীত্বাবীচ**

ধাতূহি তস্‌সীলাদ্যত্থেসু ণ্যাদযো হোন্তি।

পদবিচ্ছেদ। তস্‌সীলাদীসু, ণীত্বাবী, চ, ত্রিপদী সূত্র।

শব্দার্থ। ধাতূহি — সমস্ত ধাতুর উত্তর। তস্‌সীলাদীসু — তৎশীলাদি অর্থে, এখানে শীল অর্থ স্বভাব। ণীত্বাবী — ণী, তু, এবং

আবী প্রত্যয় হয়, নীচ তুচ আবীচ নীত্থাবী। ন্যাদযো হোন্তি — নী আদি প্রত্যয় হয়. নী আদি যেসং তে, ন্যাদযো।

বঙ্গানুবাদ। শীলাদি অর্থে সমস্ত ধাতুর উত্তর নী, তু, এবং আবী প্রত্যয় হয়। যথা, ব্রহ্মং সীলেন চরতি, তং ধম্মো, তস্মিং সাধু বা, ব্রহ্মচারী ; এস্থলে ব্রহ্মং — শ্রেষ্ঠ, অর্থাৎ শ্রেষ্ঠচর্য্য ; সীলেন — প্রকৃতি দ্বারা বা স্বভাবের দ্বারা ; চরতি — করে বা আচরণ করে ; তং ধম্মো — তদাচার ; তস্মিং সাধু — তাহাতে কুশল বা দক্ষ। ব্রহ্মং — চর+নী=ব্রহ্মচারী , এইরূপ — পিযং পসং সতি সীলেন, তং ধম্মো, তস্মিং সাধু বা, এই প্রকার অর্থে 'পিযং' এই কর্ম্ম উপপদের পর 'সংস' ধাতু প্রশংসা অর্থে — পিযং – প — সংস+নী = পিযপসংসী ; ভযং পস্সিতুং সীলং যসস সো ভযদস্সাবী, এস্থলে পস্স' স্থানে 'দস্স' আদেশ হইয়াছে।

ঘুস সদ্দে —'ঘুস' ধাতু — শব্দে বা ঘোষণা অর্থে।

**"সদ্দ-কুধ-চল-মণ্ডত্থ-রুচাদীহি যু" তি যু।**

শব্দার্থ। সদ্দ-কুধ-চল-মণ্ডত্থ-রুচাদীহি — ঘুস্ ধাতু শব্দকরণে, কুধ ধাতু — ক্রোধার্থে, চল ধাতু — চলনার্থে, মণ্ডধাতু — মণ্ডণার্থে, রুচ ধাতু — রুচি অর্থে, ইত্যাদি ধাতুর উত্তর। যু – 'যু' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। শীলার্থে ঘুস, কুধ, চল, মণ্ড, রুচ, ইত্যাদি ধাতুর উত্তর 'যু' প্রত্যয় হয়। যথা, ঘোসতি সীলেনাতি ঘুস+যু=ঘোসনো, এস্থলে পূর্ব্বে উক্ত সূত্রানুসারে 'যু' স্থানে 'অন' আদেশ হইয়াছে। এইরূপ — কুজ্ঝতি সীলেনাতি কুধ+যু=কোধনো, চলতি সীলেনাতি চল+যু=চলনো, মণ্ডতি সীলেনাতি মণ্ডনো, বড্ঢতীতি বড্ঢনো, ইত্যাদি।

**পারাদি গমিম্হা রূ।**

পারাদীহি পরস্মা গমি ধাতুতো তস্‌সীলাদিসু ক্ক হোতি।

পদবিচ্ছেদ। পারাদি গমিম্‌হা, ক্ক — দ্বিপদী সূত্র।

শব্দার্থ। পারাদি গমিম্‌হা — পারাদি কর্ম্মপদের পরবর্ত্তী 'গমি' ধাতুর পর, পারাদীহি গমি — পারাদি গমি তম্‌হা পারাদি গমিম্‌হা; সেইখানে 'গমু' ধাতুকে 'গমি' ধাতু উক্ত হইয়াছে। ক্ক — 'ক্ক' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্যে পারাদি কর্ম্মপদের পরস্থিত 'গমি' ধাতুর উত্তর 'ক্ক' প্রত্যয় হয়, শীলাদি অর্থে।

## রম্‌হি রন্তো রাদি নো।

রানুবন্ধে পরে সব্বো ধাত্বন্তো তেন রেনসহ নো হোতি লুপ্যাতীত্যত্থো।

পদবিচ্ছেদ। রম্‌হি, অন্তো, রাদি, নো, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। রম্‌হি — রানুবন্ধ পরে থাকিলে। অন্তো — সস্বর অন্ত্য ব্যঞ্জনবর্ণ, অর্থাৎ ধাতুর স্বরসহ অন্ত্য ব্যঞ্জনবর্ণ, এখানে 'গমি' ধাতুর 'মি কার' অর্থাৎ মকারকে ইকার হইতে পৃথক্ না করিয়া সেই ইকার সহ মকার। রাদি — 'ক্ক প্রত্যয়ের আদ্য অস্বর র্‌কার, অর্থাৎ 'ক্ক' এর উকার রহিত কেবল 'র্‌' কার। নো — অভাবপ্রাপ্ত হয় অর্থাৎ লুপ্ত হয়। সব্বো ধাত্বন্তো তেন রেনসহ — ধাতুর সস্বর অন্ত্য ব্যঞ্জনবর্ণ সেই অস্বর 'র্‌' কারসহ, এখানে 'ক্ক' প্রত্যয়ের উকাররহিত 'র্‌' কার সহ 'গমি' ধাতুর অন্ত্য সস্বর ব্যঞ্জনবর্ণ মিকার। নো হোতি — লুপ্ত হয়।

বঙ্গানুবাদ। ক্কপ্রত্যয় পরে থাকিলে সেই অস্বর র্‌কার সহ ধাতুর অন্ত্য সস্বর ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যথা, পারং গচ্ছতীতি পারং —:গমি + ক্ক = পারগূ, এস্থলে গমি ধাতুর 'মি' এবং ক্কপ্রত্যয়ের 'র্‌' লুপ্ত হইয়াছে।

ভিক্‌খ যাচনে — 'ভিক্‌খ' ধাতু — যাচনে বা মাগনে।

"ভিকৃখাদিতো চে" তি রূ, যদাদিনা ক্বচি রস্সো।

শব্দার্থ। ভিকৃখাদিতো—ভিক্খাদি ধাতুর উত্তর। রূ — রূ প্রত্যয় হয়। যদাদিনা — "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে নিপাতনে। ক্বচি — ক্বচিৎ। রসসো — রূ প্রত্যয়ের ঊকার হ্রস্ব হয় অর্থাৎ ঊকার স্থানে উকার হয়।

বঙ্গানুবাদ। শীলাদি অর্থে ভিক্খাদি ধাতুর উত্তর রূ প্রত্যয় হয়। যথা, ভিকৃখতি সীলেনাতি ভিকৃখ+রূ=ভিকৃখু, এস্থলে রূ প্রত্যয়স্থ ঊকার স্থানে উকার হইয়াছে। এইরূপ — ঞা অববোধনে বি — ঞা+রূ=বিঞ্ঞূ ইত্যাদি।

"ভাব-কম্মেসু তব্বানীযা"তি তব্বো অনীযো চ।

শব্দার্থ। ভাব-কম্মেসু — ভাব ও কর্ম্মবাচ্যে। তব্বানীযা — 'তব্ব' ও 'অনীয' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে সমস্ত ধাতুর উত্তর 'তব্ব' ও 'অনীয প্রত্যয় হয়।

"ইকারাগমো অসব্ব ধাতুকম্হি"তি ই আগমো।

শব্দার্থ। অসব্ব ধাতুকম্হি — অজ্জতনী, পরোক্ষা, কালাতিপত্তি এবং ভবিস্সন্তি এই চতুর্ব্বিধ বিভক্তির নাম 'অসব্বধাতুক' তাহা পরে থাকিলে। ইকারাগমো — ইকার আগম হয়। তদ্ধিতাদো -- "তদ্ধিত-সমাস- কিতকা নাম' 'বা তবেতুনাদীসুচ" এই সূত্রের 'চ' কার যোগে। কিচ্চন্তা — 'কিচ্চ' প্রত্যয়ান্ত শব্দ সকল। নামং 'ব — নাম সদৃশ।

বঙ্গানুবাদ। 'অসব্বধাতুক' বিভক্তি পরে থাকিলে ইকার আগম হয়। এস্থলে 'তব্ব' প্রত্যয় পরে থাকাতে ভু ধাতুর উত্তর ইকার আগম: হইয়াছে। যথা, ভূ+তব্ব=ভবিতব্বং, এস্থলে ভাবার্থে নিষ্পন্ন বলিয়া নপুংসক লিঙ্গ ও এক বচন হইয়াছে। এইরূপ — জনিতব্বং, বিদিতব্বং ইত্যাদি।

তত্র — "ইকারাগমো অসব্বধাতুকম্‌হি" এই সূত্রটী পূর্ব্বে আখ্যাত বিষয়ে উক্ত হইয়াছে; এস্থলে ইহা কোন্‌ যুক্তিতে প্রয়োগ করা হইল সন্দেহ হইতে পারে। কারণ, 'পাদযো তেকালিকা' এই সূত্রানুসারে উল্লিখিত 'তব্ব' এবং 'অনীয' প্রত্যয়ও কালত্রয়ে প্রযুক্ত হয়। উক্ত প্রত্যয়দ্বয়ের মধ্যে 'তব্ব' প্রত্যয় পরে থাকিলে — "ইকারাগমো অসব্ব-ধাতুকম্‌হি" এই সূত্রানুসারে 'ইকারাগম' বালাবতার ব্যাকরণে উক্ত হইয়াছে। এই সূত্রানুসারে যেই 'ইকারাগম' উক্ত হইয়াছে, তাহা আখ্যাত বিষয়ের কৃৎ বিষয়ের নহে। অজ্জতনী, পরোক্ষা, কালাতিপত্তি ও ভবিস্‌সন্তি এই চতুর্ব্বিধ বিভক্তি সর্ব্ব ধাতুর উত্তর হয় না, কোন কোন ধাতুর উত্তর হয়, তজ্জন্য ইহাদিগকে 'অসর্ব্বধাতুক' নাম দেওয়া হইয়াছে; কিন্তু 'তব্ব' ও 'অনীয' প্রত্যয় সমস্ত ধাতুর হয় বলিয়া পূর্ব্বে উক্ত হইয়াছে। এস্থলে "যথাগমমিকারো" এই সূত্রানুসারে 'তব্ব' প্রত্যয় পরে থাকিলে ধাতুর উত্তর ইকার আগম হয় এইরূপ বলা উচিত। "কচ্চাযনবুত্তি" নামক ব্যাকরণে "যথাগমমিকারো" এই সূত্রানুসারে 'তব্ব' প্রত্যয় পরে থাকাতে ধাতুর উত্তর ইকারাগম করা হইয়াছে। 'মহারূপ-সিদ্ধি' নামক ব্যাকরণেও 'তব্বে পরে সীহগতিযা কচীতি অনুবত্ততে' তৎপরে "যথাগমমিকারো" এই সূত্র উল্লেখ করা হইয়াছে ইহার পরে 'যথাযোগং ব্যঞ্জনাদিকেসু কিচ্চ-কিতকপ্পচ্চযেসু পরেসু ইকারাগমো' এইরূপ উক্ত হইয়াছে। 'তব্ব' প্রত্যয় পরে থাকিলে ইকার আগম, কিন্তু 'অনীয' প্রত্যয় পরে থাকিলে ইকারাগম হইবে না। "অঞ্ঞ্রেঞ্চ সুচ" এই সূত্রানুসারে ভূ ধাতুর ঊকার স্থানে ওকারাদেশ হইয়াছে, এবং "ও অবসরে' এই সূত্রানুসারে ওকারস্থানে 'অব' আদেশ হইয়াছে, যথা— 'ভবিতব্ব' তৎপর সি বিভক্তির স্থানে 'অং' আদেশ করিয়া 'ভবিতব্বং' পদ সিদ্ধ হইল। ভূ + অনীয = ভবনীযং, এস্থলে ভাবার্থে বা ভাববাচ্যে একবচন ও নপুংসক লিঙ্গ হইয়াছে। কর্ম্মবাচ্যে — অভি' উপসর্গ

১৬—

যোগে অকৰ্ম্মক ভূধাতু সকৰ্ম্মক হয় কৰ্ম্মবাচ্যে 'কিচ্চ' প্রত্যয়ান্ত শব্দ ত্রিলিঙ্গ। যেমন অভিভূযতে অভিভূযিত্থ অভিভুযিস্সতে বা অভি—ভূ+তব্ব=অভিভবিতব্বো, কোধো, অভি—ভূ+অনীয=অভিভবনীযো, কোধো। স্ত্রীলিঙ্গে—অভিভবিতব্বা তণ্হা, অভিভবিতব্বং দুক্খং ইত্যাদি। এই কৃৎ প্রত্যয় বিষয়ে "ইকারাগমো অসব্বধাতুকম্হি" তি ই আগমো' এই পাঠ বালাবতার আচার্য্য কর্ত্তৃক রচিত, কিম্বা পরবর্ত্তী কালে অপর কোন ব্যক্তি কর্ত্তৃক সংযোজিত ইহা বিজ্ঞগণের বিবেচ্য।

অন্তস্স—"ধাত্বন্তস্স লোপো ক্বিম্হি" এই সূত্র হইতে 'অন্তস্স' এই পদটীও এবং "করস্স চ তত্তং তুস্মিং" এই সূত্র হইতে 'করস্স' ও 'তত্তং' এই পদদ্বয়ও পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিয়া সূত্রের অর্থ করিতে হইবে।

## তুং তুন তব্বেসু বা।

তুমাদিসু করন্তসস তো বা হোতি।

পদবিচ্ছেদ। তুংতুন-তব্বেসু, বা, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। তুং-তুন-তব্বেসু,—তুং, তুন এবং তব্ব প্রত্যয় পরে থাকিলে। করন্তস্স—'কর' ধাতুর অন্ত্য রকার স্থানে। বা—বিকল্পে। তো হোতি—তকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। তুং, তুন, এবং তব্ব প্রত্যয় পরে থাকিলে কৰ্ম্মবাচ্যে 'কর' ধাতুর অন্ত্য রকার স্থানে বিকল্পে তকার আদেশ হয়। যথা, করীযতীতি কর+তব্ব=কত্তব্বো, কত্তব্বা, কত্তব্বং; কর+অণীয=করণীযো, করণীযা, করণীযং।

এত্থ—এস্থলে অর্থাৎ 'করণীযো' শব্দের ণকার স্থলে।

### "রহাদিতো নো ণ" ইতি নস্স ণো।

শব্দার্থ। রহাদিতো—ধাতুর অন্ত্য রকার ও হকারের পরস্থিত

নো — দন্ত্য নকার। ণ — মূর্দ্ধন্য ণকার হয়। নস্স ণো — দন্ত্য নকার স্থানে মূর্দ্ধন্য ণকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ধাতুর অন্ত্য রকার এবং হকারের পরবর্ত্তী দন্ত্য নকার স্থানে মূর্দ্ধন্য ণকার হয়।

"সাসদিসতো তস্স রিট্ঠো চে"তীহ চকারেন তস্স রট্ঠো।

শব্দার্থ। সাস-দিসতো — 'সাস' ও 'দিস' ধাতুর উত্তর। তো — 'ত' প্রত্যয় হয়। তস্স — ত প্রত্যয়ের স্থানে। রিট্ঠো — 'রিট্ঠ' আদেশ হয়, ইহার রকার অনুবন্ধ ইহ — এই সূত্রে। চকারেন — চকার যোগে তস্স — 'তব্ব' প্রত্যয়ের তকার স্থানে। রট্ঠো — 'রট্ঠ' আদেশ হয়।

বঙ্গানুবাদ। 'সাস' ও দিস' ধাতুর উত্তর ত প্রত্যয় হয় এবং এই ত প্রত্যয়ের স্থানে "রট্ঠ' আদেশ হয়। সূত্রের চকারযোগে 'তব্ব' প্রত্যয়ের তকার স্থানে 'রট্ঠ' আদেশ হয়। যথা দিস+তব্ব =দট্ঠব্বং এস্থলে 'দিস' ধাতুর অন্ত ব্যঞ্জন দকারস্থ ইকারের স্থানে নিপাতনে অকার হইয়াছে এবং অনুবন্ধ রকারসহ দিস ধাতুর অন্ত্য ব্যঞ্জন সকারের লোপ হইয়াছে।

"ণ্যো চে"তি ভাব-কম্মেসু ণ্যো চ সদ্দগ্গহণেন তেয্যপ্পচ্চযো চ।

শব্দার্থ। ভাব-কম্মেসু — ভাব ও কর্ম্মবাচ্যে। ণ্যো — 'ণ্য' প্রত্যয় হয়। চসদ্দেন — সূত্রের চকারযোগে। তেয্যপ্পচ্চযো চ — 'তেয্য' প্রত্যয়ও হয়।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর ণ্য' প্রত্যয় হয়। সূত্রের চকার যোগে 'তেয্য' প্রত্যয়ও হয়। যথা, করণং কত্তব্বং বা, কারিযং, এখানে— করণং ইতি ভাবো, কত্তব্বং ইতি কম্মং অর্থাৎ ভাব কিম্বা কর্ম্মবাচ্যে কর+ণ্য=কারিযং, এস্থলে ণ্য প্রত্যয় পরে

থাকাতে কর ধাতুর ককারস্থ অকারের বৃদ্ধি আকার হইয়াছে, এবং "যথাগমমিকারো" এই সূত্রানুসারে 'কর' ধাতুর পরে ইকার আগম হইয়াছে। ঞা ধাতু অববোধনে ঞা + তেয্য = ঞাতেয্যং, ঞাতব্বং ইতি অথো।

## বদ-মদ-গম-যুজ-গরহাকারাদীহি জ্জ-ম্ম-গ্গ-য্হেয্যা গারো বা।

বদাদীহি আকারন্তেহি চ পরস্স ণ্যস্স জ্জাদযো ধাত্বন্তেনসহ হোন্তি গরহস্স চ গারো বা।

পদবিচ্ছেদ। বদ-মদ-গম-যুজ-গরহাকারাদীহি, জ্জ-ম্ম-গ্গ-য্হেয্যা, গারো, বা, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। বদ-মদ-গম-যুজ-গরহাকারাদীহি — বদ, মদ, গম, যুজ, গরহ, এবং আকারান্ত ধাতুগণের উত্তর। ণ্যস্স — ণ্য প্রত্যয়ের স্থানে। জ্জ-ম্ম-গ্গ-য্হেয্যা — জ্জ, ম্ম, গ্গ, য্হ, এবং এয্য আদেশ হয়। গরহস্স — 'গরহ' ধাতুর 'গর' স্থানে। গারো — 'গার' আদেশ হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে বদ, মদ, গম, যুজ, গরহ এবং আকারান্ত ধাতুগণের উত্তর ণ্য প্রত্যয়ের স্থানে ধাতুর অন্ত্য সস্বর ব্যঞ্জন দ, ম, জ, হ, এবং আকারান্ত ধাতুর অন্ত্য স্বর আকারসহ যথাক্রমে জ্জ, ম্ম, গগ, য্হ এবং এয্য আদেশ হয়; অর্থাৎ বদ ধাতু ও মদ ধাতুর অন্ত্য দকারসহ ণ্য প্রত্যয়ের স্থানে 'জ্জ' আদেশ, গম ধাতুর অন্ত্য মকারসহ ণ্যপ্রত্যয়ের স্থানে 'ম্ম' আদেশ, যুজ ধাতুর অন্ত্য জকারসহ ণ্যপ্রত্যয়ের স্থানে 'গ্গ' আদেশ, গরহ ধাতুর অন্ত্য হকারসহ ণ্যপ্রত্যয়ের স্থানে য্হ' আদেশ, এবং আকারান্ত ধাতুর অন্ত্য আকারসহ ণ্যপ্রত্যয়ের স্থানে 'এয্য' আদেশ হয়। 'গরহ' ধাতুর 'গর' স্থানে বিকল্পে 'গার'

আদেশ হয়। যথা; বদধাতু — কথনে, বদ + ণ্য = বজ্জং বত্তব্বং ইতি অত্থো। মদ ধাতু — হর্ষে বা মত্ততায়, মদ + ণ্য = মজ্জং মদনীযং ইতি অত্থো। গম ধাতু — গমনে, গম + ণ্য = গম্মং গমনীযং ইতি অত্থো। যুজ ধাতু — যোগে; যুজ + ণ্য = যোগ্গং যুজ্জনীযং ইতি অত্থো। গরহ ধাতু — নিন্দায়, গরহ + ণ্য = গারয্হং গরহিতব্বং ইতি অত্থো। আকারান্ত ধাতু — দা ধাতু দানে, দা + ণ্য = দেয্যং দাতব্বং ইতি অত্থো। পা ধাতু — পানে, পা + ণ্য = পেয্যং পাতব্বং ইতি অত্থো, এইরূপ — মা, হা, ঞা ইত্যাদি ধাতুও দ্রষ্টব্য।

## "করম্হা রিচ্চো" তি রিচ্চো।

শব্দার্থ। করম্হা — কর ধাতুর উত্তর। রিচ্চো — 'রিচ্চ' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে 'কর' ধাতুর উত্তর 'রিচ্চ' প্রত্যয় হয়। (তব্ব, অনীয়, ণ্য, রিচ্চ. ও তেয্য প্রত্যয়কে 'কিচ্চ' প্রত্যয় কহে)। যথা, কর + রিচ্চ = কিচ্চং করণীযং ইতি অত্থো। রাদিলোপো — "রম্হি রন্তো রাদি নো" এই সূত্রানুসারে উক্ত 'রিচ্চ' প্রত্যয়ের আগু রকারসহ 'কর' ধাতুর অন্ত্য রকারের লোপ হয় এবং কর ধাতুর ককারস্থ অকার স্থানে ইকারাদেশ হয়।

## "নন্দাদীহি যু" তি ভাব-কম্মেসু যু।

শব্দার্থ। নন্দাদীহি — নন্দ প্রভৃতি ধাতুর উত্তর। যু — যু প্রত্যয় হয়। ভাব-কম্মেসু — ভাব ও কর্ম্মবাচ্যে।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে নন্দাদি ধাতুর উত্তর যু প্রত্যয় হয়। যথা, গয্হতে গহণীযং বা ইতি অত্থে গহ + যু = গহণং, এস্থলে "অনকা যু-ণ্বূনং" এই সূত্রানুসারে যু প্রত্যয়ের স্থানে 'অন' আদেশ হইয়াছে, এবং "রহাদিতো নো ণ" এই সূত্রানুসারে দন্ত্য নকার স্থানে মূর্দ্ধন্য ণকার

হইয়াছে। এইরূপ — নন্দ ধাতু নন্দনে, আনন্দে, নন্দীযতে নন্দিতব্বং বা ইতি অত্থে নন্দ+যু=নন্দনং, বনং উক্ত সূত্রে কেবল ভাব ও কর্ম্মবাচ্যের কথাই বলা হইয়াছে, কিন্তু কর্ত্তৃবাচ্যেও নন্দাদি ধাতুর উত্তর যু প্রত্যয় হইতে দেখা যায়। যথা, হেত্বর্থে — মাতা-পিতরে নন্দযতীতি নন্দনো, পুত্তো। ঞাযতে ঞাতব্বং বা ইতি অত্থে ঞা+যু=ঞাণং। দ্বীসু নস্স ণো — গহণং ও ঞাণং এই শব্দদ্বয়ের নকার স্থানে ণকার হয়।

**"কত্তুকরণপ্পদেসেসুচে"** তি যু, চকারেন সম্পদানাপাদানেসুপি. পদেসোত্যাধারো।

শব্দার্থ। কত্তু-করণ-প্পদেসেসু — কর্ত্তৃ, করণ, ও অধিকরণকারকে। চকারেণ — সূত্রের চকার যোগে। সম্পদানাপাদানেসুপি — সম্প্রদান ও অপাদান কারকেও। যু — যুপ্রত্যয় হয়। পদেসোত্যাধারো — উল্লিখিত 'পদেসো' এই শব্দের অর্থ আধার অর্থাৎ অধিকরণকারক।

বঙ্গানুবাদ। কর্ত্তৃ, করণ, সম্প্রদান অপাদান ও অধিকরণকারকে ধাতুর উত্তর যু প্রত্যয় হয়। যথা কর্ত্তৃকারকে — রজং হরতীতি অত্থে রজং — হর+যু=রজোহরণং, তোযং (জলং), এস্থলে 'রজ' শব্দ মনোগণ শব্দের অন্তর্গত বলিয়া।

**"এতেসমোলোপে"** তি ও এই সূত্রানুসারে তাহার বিভক্তি লুপ্ত এবং ওকার আগম হইয়াছে। করণকারকে — যেন পহরন্তি তং ইতি অত্থে প — হর+যু=পহরণং, দণ্ডং ইতি অত্থো। অধিকরণকারকে — আস ধাতু — উপবেশনে, যস্মিং আসন্তি তং ইতি ৎ আস+যু= আসনং। সম্পদানকারকে — যস্স সম্মা পদীযতে তং ইতি অত্থে সং — প — দা+যু=সম্পদানং, কারকং ইতি অত্থো। অপাদান কারকে — যস্মা অপদদাতি অপেতি তং ইতি অত্থে অপ — আ — দা+যু=অপাদানং, কারকং।

"সঞ্‌ঞাযং দাধাতো ই" ইতি ই।

শব্দার্থ। সঞ্‌ঞাযং — সংজ্ঞা অর্থে। দা ধাতো — দা ও ধা ধাতুর উত্তর। ই — ই প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। সংজ্ঞার্থে দা ও ধা ধাতুর উত্তর ই প্রত্যয় হয়। যথা, আদী যতীতি আ—দা + ই = আদি; ধা ধাতু—ধারণে, উদকং দধাতীতি উদকং — ধা + ই = উদধি, এস্থলে "যদাদিনা কলোপো" — অর্থাৎ উদক শব্দের ককার নিপাতনে লুপ্ত হইয়াছে।

" ইত্থিযমতিযবো বা" তি ইত্থিযং অকারো তি যু চ বা।

শব্দার্থ। ইত্থিযং — স্ত্রীলিঙ্গে। অতিযবো — অ, তি, এবং যু প্রত্যয় হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। স্ত্রীলিঙ্গে ধাতুর উত্তর অ, তি, এবং যু প্রত্যয় হয়, বিকল্পে। যথা, জর — বযোহানিম্‌হি, জীরতীতি জর + অ = জর, স্ত্রীলিঙ্গে আ প্রত্যয়ে জরা; এইরূপ — পটিসং পুব্বো ভিদ — বিদারণে, পটিসম্ভিজ্জতীতি পটিসং — ভিদ + অ = পটিসম্ভিদ, স্ত্রীলিঙ্গে আপ্রত্যয়ে পটিসম্ভিদা; পটিপুব্বো পদগতিম্‌হি, পটিপজ্জতীতি পটি — পদ + অ = পটিপদ, স্ত্রীলিঙ্গে আ প্রত্যয়ে পটিপদা ইত্যাদি। তি প্রত্যয়ে — সং — ভূ + তি = সম্ভূতি, সু — সবণে — সু + তি = সুতি, নী — নযে — নী + তি = নীতি, ইত্যাদি।

মন ঞাণে — মনধাতু — জ্ঞানে, জাননে।

"গম-খন-হন-রমাদীনমন্তো" তি তে তিম্‌হি চ ধাত্বন্ত লোপো।

শব্দার্থ। গম-খন-হন-রমাদীনং অন্তো — গম, খন, হন রম ইত্যাদি ধাতুর অন্ত্য 'ব্যঞ্জন বর্ণ' লুপ্ত হয়। তে তিম্‌হি চ — ত এবং তি প্রত্যয় পরে থাকিলে।

বঙ্গানুবাদ। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে গম, খন হন,

রম ইত্যাদি ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ লুপ্ত হয়। যথা, মন+তি= মতি, মন+ত=মতো; গম+তি=গতি, সু — গম+ত=সুগতো খন+তি=খতি, ত প্রত্যয়ে খতো; উপ —হন+তি=উপহতি, উপ — হন+ত=উপহতো; রম+তি=রতি, ত প্রত্যয়ে রতো; চিতি — চিন্তায়ং চেতযতীতি চিতি+যু=চেতনা, এস্থলে যু প্রত্যয় পরে থাকাতে চিতি' ধাতুর চকারস্থ ইকারের বৃদ্ধি একার হইয়াছে এবং যু প্রত্যয় স্থানে 'অন' আদেশ হইয়াছে; এইরূপ দি+যু=দেসনা ইত্যাদি

## ঈসদুস্সূহি খ।

ঈসাদীহি পরেহি ধাতূহি খো হোতি।

পদবিচ্ছেদ। ঈস-দুস্সূহি, খ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ঈস-দুস্সূহি — ঈস, দু, এবং সু শব্দের পরস্থিত ধাতুর উত্তর, ঈস-সদ্দ-দুসদ্দ-সুসদ্দেহি পরেহি ধাতূহি। খ — খ প্রত্যয় হয়। ঈসাদীহি পরেহি ধাতূহি — ঈসাদি শব্দের পরস্থ ধাতুর উত্তর।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে ঈসং দু এবং সু শব্দের পরস্থিত ধাতুর উত্তর খ প্রত্যয় হয়। যথা, ঈসং করীযতীতি অপ্পমত্তং করী-যতীতি অত্থে ঈসং — কর+খ=ঈসক্করং, দুক্খেন করীযতেতি দু — কর+খ=দুক্করং, সুখেন করীযতেতি সুকরং ইত্যাদি স্থলে নিপাতনে খ প্রত্যয়ের লোপ হইয়াছে।

## "[illegible]দীহি থমা"তি থমা।

শব্দার্থ। সমাদীহি —সমু ইত্যাদি ধাতুর উত্তর। থ-মা — থ এবং ম প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তৃবাচ্যে সমু ইত্যাদি ধাতুর উত্তর থ এবং ম প্রত্যয় হয়। যথা, সমু — উপসমে, সমেতীতি সমু+থ=সমথো, এস্থলে সমু ধাতুর মকারস্থ উকার স্থানে নিপাতনে অকার হইয়াছে। এইরূপ

—যস্মা ভাযন্তি সত্তা ইতি অথে ভী+ম=ভীমো, ভী ধাতু ভযে।

ইমমিব নং পস্সতীত্যত্থে — ইহার ন্যায় তাহাকে দেখে এই অর্থে। ইমসদ্দুপ্পদা — উপমান বাচক 'ইম' শব্দ উপপদের পরস্থিত। দুস পেক্খণে — দুস ধাতু — প্রেক্ষণে বা দর্শনে। ইচ্চস্মা ক্বিম্হি — এই 'দুস' ধাতুর উত্তর 'ক্বি' প্রত্যয় থাকিলে। ধাত্বন্তস্স লোপে সম্পত্তে — ধাতুর অন্ত্য ব্যঞ্জন বর্ণ লোপ প্রাপ্ত হইলে।

## ইযতমকিএস'নমন্তস্সরোদাঘং ক্বচি দুসস্স গুণং দোরংসক্খীচ।

অযতানং ইম অম্হা কিং এত সমান ইচ্চেতেসং ইম কি এ সা ইচ্চাদেসা হোন্তি তেসমন্তস্সবো দীঘং ক্বচি দুসসসুকারস্স গুণো ইকারো, দস্স রো, ধাত্বন্তস্স সো ক্খো ঈ চ।

পদবিচ্ছেদ। ইযতমকি এসানং, অন্তস্সরো, দীঘং, ক্বচি, দুসস্স, গুণং, দো, রং, স, ক্খ, ঈ, চ, দ্বাদশ পদী সূত্র।

শব্দার্থ। ই য ত ম কি এসানং অন্তসসরো — ইম শব্দ স্থানে ই, অম্হ শব্দ স্থানে ম, কিং শব্দ স্থানে কি, এত শব্দ স্থানে এ, এবং 'সমান' শব্দ স্থানে স আদেশ, এবং সেই আদেশ প্রাপ্ত ইকার 'য' শব্দ, 'ত' শব্দ, মকার কি, একার, এবং সকারের অন্ত্যস্বর। দীঘং — দীর্ঘ হয়। ক্বচি — ক্বচিৎ। দুসস্স — দুসধাতুর দকারস্থ উকারের। গুণং —ইকার গুণ হয় বিপরীত ভাবে গুণ হয়।) দো — দুস ধাতুর দকার। রং — রকার প্রাপ্ত হয়। সক্খ ঈ চ — দুস ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ সকারের স্থানে স, ক্খ, এবং ঈকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ইম, য, ত অম্হ, কিং, এত, এবং 'সমান' শব্দের পরবর্ত্তী দুস ধাতুর উত্তর কি' প্রত্যয় হয়। প্রথমতঃ ইম, অম্হ, কি, এত, এবং 'সমান' শব্দ স্থানে যথাক্রমে ই, ম, কি, এ, এবং

সকার আদেশ হয়, অর্থাৎ ইম শব্দ স্থানে ই, অম্হ শব্দ স্থানে ম, কিং শব্দ স্থানে কি, এত শব্দ স্থানে এ, এবং 'সমান' শব্দ স্থানে সকার আদেশ হয়। তদনন্তর সেই আদেশ প্রাপ্ত ই, ম, কি, এ, ও সকারের এবং য শব্দ ও ত শব্দের অন্ত্যস্বর দীর্ঘ হয়, অর্থাৎ ই কার স্থানে ঈকার, ম স্থানে মা, কি স্থানে কী, সস্থানে সা, য স্থানে যা, এবং তস্থানে তা হয়। ক্বচিৎ দৃস ধাতুর দকারস্থ উকার গুণ হইয়া ইকার হয়; ক্বচিৎ দৃস ধাতুর দকার স্থানে রকার আদেশ হয় এবং ক্বচিৎ দৃস ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ স্থানে স, ক্‌খ, ও ঈকার: আদেশ হয়। যথা, ইমমিব নং পস্সতীতি অত্থে উপমান ভূতে দুতিযন্তে ইমসদ্দে উপপদে সতি — ইমং - দৃস + ক্বি = ঈদিসো, এইরূপ যমিব নং পস্সতীতি অত্থে উপমানভূতে দুতিযন্তে য সদ্দে উপপদে সতি — যং — দৃস + ক্বি = যাদিসো, এইরূপ তং — দৃস + ক্বি = তাদিসো, মং — দৃস + ক্বি = মাদিসো, কিং — দৃস + ক্বি = কীদিসো, এতং — দৃস + ক্বি = এদিসো, সমানং - দৃস — ক্বি = সাদিসো, বিকল্পে সদিসো, দৃস ধাতুর দকার স্থানে রকারাদেশ — ইমং — দৃস + ক্বি = ঈরিসো, এইরূপ যারিসো, তারিসো, মারিসো ইত্যাদি। দৃস ধাতুর অন্ত্যসকার স্থানে 'ক্‌খ' আদেশে—ইমং — দৃস + ক্বি = ঈদীক্‌খো, এইরূপ যাদিক্‌খো, তাদিক্‌খো, মাদিক্‌খো ইত্যাদ। দৃস ধাতুর অন্ত্য সকার স্থানে ঈকারাদেশে — ইমং — দৃস + ক্বি = ঈদী, এইরূপ যাদী, তাদী, মাদী, কাদী ইত্যাদি। সূত্রের চকার যোগে — ক্বচিৎ অম্হাদিসো, এতাদিসো, তুম্হাদিসো ইত্যাদি।

ইহ এ ও নং বুদ্ধীতি গহিতত্তা গুণোতি ইকারাদি — কচ্চায়ন ব্যাকরণে এ এবং ও বৃদ্ধি নামে গৃহীত হইয়াছে, সুতরাং গুণ বলিতে ইকাদি বুঝিতে হইবে; অর্থাৎ "অযুবণ্ণানঞ্চাযো বুদ্ধি" এই সূত্রানুসারে অ স্থানে আ, ই ঈ স্থানে এ এবং উ ঊ স্থানে ও হওয়ার

নাম বৃদ্ধি। পালি ব্যাকরণে গুণ কাহাকে বলে ইহার সংজ্ঞা সূত্র নাই, তথাপি উস্থানে ই এবং উস্থানে ঈ হওয়ার নাম গুণ ইহা বুঝিতে হইবে।

হূ ধাতু — সত্তায় অর্থাৎ হওয়া অর্থে।

"অতীতে ত-তবন্তু-তাবী"তি অতীতে তো তবন্তু তাবী চ।

শব্দার্থ। অতীতে — অতীত কালে, অর্থাৎ অতীত কালের অর্থ বুঝাইতে। ত-তবন্তু-তাবী — ত, তবন্তু এবং তাবী প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। অতীতকালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ত, তবন্তু, এবং তাবী প্রত্যয় হয়। যথা, অহোসীতি অর্থে হূ + ত = হুতো, হূ + তবন্তু = হুতবা, হূ + তাবী = হুতাবী, এস্থলে হূ ধাতুর ঊকার স্থানে উকার হইয়াছে।

তস্সেত্বেব — "সাস-দিসতো তস্স রিট্ঠো চ" এই সূত্র হইতে 'তস্স' এই পদ ও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

ভুজাদীনমন্তো নো দ্বি চ।

তাদো পরে ভুজাদ্যন্তো লুপ্যতে, পরস্স তকারস্স দ্বিত্তং চ।

পদবিচ্ছেদ। ভুজাদীনং, অন্তো, নো, দ্বি, চ পঞ্চপদী সূত্র।

শব্দার্থ। তাদোপরে — ত, তবন্তু, এবং তাবী প্রত্যয় পরে থাকিলে। ভুজাদীনমন্তো -- ভুজ ইত্যাদি ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ। নো — হয় না, অর্থাৎ লুপ্ত হয়। পরস্স তকারস্স — ধাতুর পরস্থিত প্রত্যয়ের তকারের। দ্বি — দ্বিত্ব হয়।

বঙ্গানুবাদ। ত, তবন্তু, এবং তাবী প্রত্যয় পরে থাকিলে ভুজ প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ লুপ্ত হয়, এবং তৎপরবর্ত্তী প্রত্যয়ের তকার দ্বিত্ব হয়। যথা, অভূঞ্জীতি অর্থে — ভুজ + ত = ভুত্তো, ভুজ + তবন্তু = ভুত্তবা, ভুজ + তাবী = ভুত্তাবী; এইরূপ — চজ ধাতু ত্যাগে — চজ +

ত=চত্তো, সঞ্জ ধাতু — সঙ্গে বা সঙ্গ করা অর্থে — সঞ্জ+ত=সত্তো, বিচ ধাতু -- বিবেচনে — বি— বিচ+ত=বিবিত্তো. যুজ ধাতু যোগে — যুজ+ত=যুত্তো ইত্যাদি।

জন জননে — জন ধাতু জননে অর্থাৎ উৎপাদনে।

## জনাদীনমা তিম্হি চ।

তে তিম্হি চ জনাদ্যন্তস্স আ হোতি।

পদ বিচ্ছেদ। জনাদীনং, আ, তিম্হি, চ, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। তে তিম্হি চ=ত এবং তি প্রত্যয় পরে থাকিলে। জনাদীনং — জন ইত্যাদি ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ স্থানে। আ — আকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে জন প্রভৃতি ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ স্থানে আকার আদেশ হয়। যথা, অজনীতি অত্থে জন+ত=জাতো ; জন+তি=জাতি জননং ইতি অত্থো।

রুহ জননে — রুহ ধাতু জনন অর্থাৎ জন্মান অর্থে।

## হান্তেহি হো হস্স লো বা অদহন হানং।

দহ-নহবজ্জিতেহি হকারন্তেহি পরস্স তস্স হো হোতি, ধাত্বন্তস্স হস্স লো চ।

পদ বিচ্ছেদ। হান্তেহি, হো, হস্স, লো, বা, অদহনহানং, ষট্‌পদীসূত্র।

শব্দার্থ। হান্তেহি — দহ ও নহ ধাতু ভিন্ন অন্ত হকারান্ত ধাতুগণের উত্তর। হো — হকার আদেশ হয়। হস্স — হকার স্থানে। বা — বিকল্পে। লো — লকার আদেশ হয়। দহ-নহবজ্জিতেহি হকারন্তেহি — দহ ও নহ ধাতু বর্জ্জিত হকারান্ত ধাতুর উত্তর। হকারন্তেহি — যে সকল ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ হকার, এইরূপ হকারান্ত ধাতুর উত্তর। তস্স — প্রত্যয় স্থানে।

বঙ্গানুবাদ। দহ ও নহ ধাতু ভিন্ন অন্য হকারান্ত ধাতুর পরস্থিত তপ্রত্যয়ের স্থানে হকার আদেশ হয় এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ হকারস্থানে লকার আদেশ হয়, বিকল্পে। যথা, আরুহীতি অত্থে আ — রুহ + ত = আরুল্হো, এইরূপ তবন্ত প্রত্যয় করিলে আরুল্হবা তি প্রত্যয়ে — রুহণং ইতি অত্থে রুল্হি, গাহু ধাতু —বিলোড়নে অগাহীতি গাহু + ত = গাল্হো, মুহধাতু — মোহে মুয্হীতি মুহ + ত = মুল্হো, ইত্যাদি।

**"ভাব কম্মেসু ত"** ইতি তপ্পচ্চযো।

বঙ্গানুবাদ। ভাব ও কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর ত প্রত্যয় হয়।

গে সদ্দে — গে ধাতু শব্দে অর্থাৎ গান করা অর্থে।

**"সব্বত্থ গেগী"** তি গেস্সগী।

শব্দার্থ। সব্বত্থ — সর্ব্বত্র। গেস্স — গে স্থানে। গী — গী আদেশ হয়।

বঙ্গানুবাদ। সর্ব্বত্র গে ধাতুর স্থানে গী আদেশ হয়। যথা, গাযনং গে + ত = গীতং, গে + তি = গীতি।

**"রকারো চ"** তি তে তিম্হি চ ধাত্বন্তলোপো।

শব্দার্থ। তে তিম্হি — ত এবং তি প্রত্যয় পরে থাকিলে। রকারো — কর ধাতুর অন্ত্যবর্ণ রকার। ধাত্বন্তলোপো — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ লোপ হয়।

বঙ্গানুবাদ। ত এবং তি প্রত্যয় পরে থাকিলে 'কর' ধাতুর অন্ত্য রকার লুপ্ত হয়। যথা, অকরীতি কর + ত = কতং, তি প্রত্যয়ে কতি, পকতি, বিকতি ইত্যাদি।

**"দোধস্স চ"** তীহ চকারেন তস্স টো

বঙ্গানুবাদ। পূর্ব্বে সন্ধি পরিচ্ছেদে উক্ত "দোধস্স চ" এই সূত্রের

চকার যোগে ক্বচিৎ তকার স্থানে টকার আদেশ হয়। যথা, ডু — কর+ত=ডুক্কটং (কম্মং ।

তস্‌সেত্বেব — "সাসদিসতো তস্‌স রিটঠো চ" এই সূত্র হইতে 'তস্‌স' এই পদও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

## ধঢভহেহি ধঢাচ।

ধভেহি তস্‌স ধো হোতি, ঢহেহি তস্‌স ঢো চ।

পদ বিচ্ছেদ। ধঢভহেহি, ধঢা চ. ত্রিপদীসূত্র।

শব্দার্থ। ধভেহি — ধকারান্ত ও ভকারান্ত ধাতুর পরস্থিত। তস্‌স — ত প্রত্যয়ের স্থানে। ধো হোতি — ধকার আদেশ হয়। ঢহেহি — ঢকারান্ত ও হকারান্ত ধাতুর পরস্থিত। তস্‌স — ত প্রত্যয়ের স্থানে। ঢো — ঢকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ধকারান্ত ও ভকারান্ত ধাতুর পরস্থিত ত প্রত্যয় স্থানে ধকার এবং ঢকারান্ত ও হকারান্ত ধাতুর পরস্থিত ত প্রতায় স্থানে ঢকার আদেশ হয়।

## হচতুত্থানমন্তানং দো ধে।

ধে পরে ধাত্বন্তানং হকার বগ্‌গচতুত্থানং দো হোতি।

পদবিচ্ছেদ। হচতুত্থানং, অন্তানং, দো, ধে, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। ধে — তপ্রত্যয়ের আদেশ প্রাপ্ত ধ পরে থাকিলে। অন্তানং হচতুত্থানং — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ হ কিম্বা বর্গীয় চতুর্থ বর্ণ স্থানে, অর্থাৎ যদি ধাতুর অন্ত্য বর্ণ হকার অথবা বর্গীয় চতুর্থ বর্ণ হয়, তবে সেই হকার স্থানে অথবা বর্গীয় চতুর্থ বর্ণস্থানে। দো — দকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ধ পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জন হকার স্থানে কিম্বা বর্গীয় চতুর্থ বর্ণ স্থানে দকার আদেশ হয়। যথা, বধ ধাতু

— বন্ধনে, অবন্ধীতি বধ+ত=বদ্ধো, বিধধাতু — বেধনে বা বিদ্ধ করণে বিধ+ত=বিদ্ধো, নহ ধাতু — বন্ধনে সং — নহ+ত=সন্নদ্ধো, লভ ধাতু — লাভে লভ+ত=লদ্ধো ইত্যাদি।

## ডো ঢকারে।

ঢে পরে হচতুত্থানং ডো হোতি।

পদবিচ্ছেদ। ডো, ঢকারে দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ঢকারে — ড প্রত্যয়ের আদেশ প্রাপ্ত ঢকার পরে থাকিলে। ডো — ডকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। ঢ পরে থাকিলে ধাতুর অন্ত্য ব্যঞ্জন হকার স্থানে কিম্বা বর্গীয় চতুর্থ বর্ণস্থানে ডকার আদেশ হয়। যথা, 'বড্ঢ' ধাতু — বর্দ্ধনে অবড্ঢীতি বড্ঢ+ত=বুড্ঢো, এস্থলে 'বড্ঢ' ধাতুর ব কারস্থ অকার স্থানে নিপাতনে উকারাদেশ হইয়াছে। দহ ধাতু — ভস্মীকরণে দহ+ত=দড্ঢং (বনং)।

দুস অপ্পীতিম্হি — দুস ধাতু — অপ্রীতি বা দূষণে।

## "সাদিসন্ত পুচ্ছভঞ্জ হংসাদীহি ট্ঠো"তি আদি ব্যঞ্জনেন সহ তস্স ট্ঠো।

শব্দার্থ। সন্ত-পুচ্ছ-ভঞ্জ-হংসাদীহি — সকারান্ত ধাতুর পরস্থিত এবং পুচ্ছ, ভঞ্জ, হংস প্রভৃতি ধাতুর পরস্থিত; সো অন্তে যস্স সো সন্তো, পুচ্ছো চ ভঞ্জো চ হংসো চ পুচ্ছ-ভঞ্জ-হংসা, সন্তো চ পুচ্ছ-ভঞ্জ-হংসা চ সন্ত-পুচ্ছ-ভঞ্জ-হংসা, সন্ত-পুচ্ছ-ভঞ্জ-হংসা আদী যেসং তে সন্ত-পুচ্ছ-ভঞ্জ-হংসাদযো, তেহি সন্ত-পুচ্ছ-ভঞ্জ-হংসাদীহি। সাদি — প্রত্যয়ের আদিতে স্থিত ব্যঞ্জনবর্ণসহ, অর্থাৎ ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণসহ; আদিনা সহ বত্ততেতি সাদি। তস্স — 'ত' প্রত্যয়ের স্থানে। ট্ঠো — 'ট্ঠ' আদেশ হয়।

বঙ্গানুবাদ। সকারান্ত ধাতুর পরবর্ত্তী এবং পুচ্ছ ভঞ্জ, হংস প্রভৃতি ধাতুর পরবর্ত্তী ত প্রত্যয় স্থানে ইহার পূর্ব্বস্থ ব্যঞ্জনবর্ণসহ 'ট্ঠ' আদেশ হয়, অর্থাৎ সকারান্ত ধাতুর পরস্থিত ও পুচ্ছ, ভঞ্জ হংস প্রভৃতি ধাতুর পরস্থিত ত প্রত্যয়ের স্থানে উক্ত ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণসহ 'ট্ঠ' আদেশ হয়। যথা, অতুস্সীতি তুস+ত=তুট্ঠো পুচ্ছধাতু — জিজ্ঞাসা অর্থে। পুচ্ছ+ত=পুট্ঠো, নস ধাতু — অদর্শনে, বিনাশে নস+ত= নট্ঠো, হংস ধাতু— প্রীতি অর্থে হংস+ত=হট্ঠো, এস্থলে অনুস্বারের লোপ হইয়াছে।

ভিদ বিদারণে — ভিদ ধাতু — বিদারণার্থে।

**"ভিদাদিতো ইন্নান্নঈনা বা"** তি তস্স ইন্নাদযো ধাত্বন্ত লোপো চ।

শব্দার্থ। ভিদাদিতো — ভিদ প্রভৃতি ধাতুর পরস্থিত। তস্স — ত প্রত্যয়ের স্থানে। ইন্নান্নঈনা — ইন্ন, অন্ন, এবং ঈন আদেশ হয়। বা — বিকল্পে। ধাত্বন্তলোপো — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ লুপ্ত হয়।

বঙ্গানুবাদ। ভিদ প্রভৃতি ধাতুর পরস্থিত ত প্রত্যয়ের স্থানে বিকল্পে ইন্ন, অন্ন, ও ঈন আদেশ হয়। এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যথা, অভিজ্জীতি ভিদ+ত=ভিন্নো, এস্থলে ত প্রত্যয়ের স্থানে ইন্ন আদেশ হইয়াছে। এইরূপ বি — ছিদ+ত=বিচ্ছিন্নো ; ছদ ধাতু — আচ্ছাদনে ছদ+ত=ছন্নো, এস্থলে ত প্রত্যয়ের স্থানে 'অন্ন' আদেশ হইয়াছে, এইরূপ পটি —ছদ+ত=পটিছন্নো, খী ধাতু — ক্ষয়ে খী+ত= খীণো, এস্থলে ত প্রত্যয়ের স্থানে 'ঈন' আদেশ হইয়াছে এবং "রহাদিতো ণো" এই সূত্রানুসারে দন্ত্য নকার স্থানে মূর্দ্ধন্য ণকার হইয়াছে।

ত ইত্বেব — "ভাব-কম্মেসু ত'' এই সূত্র হইতে ত এই পদ ও পরবর্ত্তী সূত্রে যোগ করিতে হইবে।

## বুধ-গমাদিত্থে কত্তরি।

সব্ব-কালে বুধ-গমাদীহি তদত্থে গম্যমানে কত্তরি তো হোতি।

পদবিচ্ছেদ। বুধ-গমাদিত্থে, কত্তরি, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। সব্বকালে — সর্ব্বকালে অর্থাৎ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কালে। বুধ গমাদিত্থে — বুধ, গমু প্রভৃতি ধাতুর অর্থ বুঝাইতে; বুধ চ গমু চ বুধ-গমু আদী যেসং তে বুধ-গমাদযে, বুধ-গমাদীনং অত্থো বুধ-গমাদিত্থো, তস্মিং। কত্তরি — কর্ত্তৃবাচ্যে।

বঙ্গানুবাদ। সর্ব্বকালে বুধ গমু প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয় হয়। যথা, বুধ ধাতু — জ্ঞানে, জাগরণে ও বিকশনার্থে হয়; অবুজ্ঝি, বুজ্ঝতি বুজ্ঝি স্সতি বা ইতি অত্থে বুধ + ত = বুদ্ধো, গমুধাতু — গমনে, গমু + ত = গতো, সরণং অগমাসি গচ্ছতি গমিস্সতি বা ইতি অত্থে সরণং — গমু + ত = সরণং গতো, এইরূপ সমথং গতো, ইত্যাদি।

তর তরণে — তর ধাতু-তরণে।

### "তরাদীহিন্নো" তি তস্স ইন্নো, ধাত্বন্তলোপো চ।

শব্দার্থ। তরাদীহি — তর প্রভৃতি ধাতুর পরস্থিত। তস্স — ত প্রত্যয়ের স্থানে। ইন্নো — 'ইন্ন' আদেশ হয়। ধাত্বন্ত লোপো — ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ লুপ্ত হয়।

বঙ্গানুবাদ। তর প্রভৃতি ধাতুর পরস্থিত তপ্রত্যয় স্থানে 'ইন্ন' আদেশ হয়, এবং ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণের লোপ হয়। যথা, অতরীতি তর + ত = তিন্নো, উ — তর + ত = উত্তিন্নো, সং — পুর + ত = সম্পুন্নো পরি — পুর + ত = পরিপুন্নো ইত্যাদি স্থলে পুর ধাতু — পূরণে; তুদ ধাতু — ব্যথায় তুদ + ত = তুন্নো, থর ধাতু — বিস্তৃতি অত্থে বি — থর + ত = বিথিন্নো, ইত্যাদি।

## বত্তমানে মানন্তা।

পচ্চুপ্পন্নে ধাতুতো কত্তু-কম্ম-ভাবেসু মানো হোতি, কত্তরি অন্তো চ।

পদ বিচ্ছেদ। বত্তমানে, মানন্তা, দ্বিপদীসূত্র।

শব্দার্থ। বত্তমানে — বর্ত্তমানকালে। ধাতুতো — ধাতুর উত্তর। কত্তু-কম্ম-ভাবেসু — কর্ত্তৃ, কর্ম্ম, ও ভাববাচ্যে। মানন্তা — মান এবং 'অন্ত' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। বর্ত্তমানকালে কর্ত্তৃ কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর 'মান' প্রত্যয় এবং কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর 'অন্ত' প্রত্যয় হয়। যথা, সহ ধাতু — সহনে বা ক্ষমাঅর্থে সহ+মান=সহমানো। "হবপরিযযো লো বা" এই সূত্রানুসারে কর্ম্মবাচ্যে হ এবং যকরের বিপর্যয় হয়, অর্থাৎ হকার স্থানে যকার এবং যকার স্থানে হকার হয়। যথা, সহীযতীতি সহ+মান=সযহমানো; ভাববাচ্যে ভুযতেতি ভূ+মান= ভূ নাং।

### "গমিস্সান্তো চ্ছো বা সব্বাসু চা" তি মস্স চ্ছো।

শব্দার্থ। সব্বাসু — সমস্ত প্রত্যয় ও বিভক্তি পরে থাকিলে। গমিসান্তো — গমি (গমু) ধাতুর অন্ত্য মকার। বা — বিকল্পে। চ্ছো— 'চ্ছ' আদেশ হয়।

বঙ্গানুবাদ। সমস্ত ক্রিয়া-বিভক্তি পরে থাকিলে গমি ধাতুর অন্ত্য মকার স্থানে বিকল্পে চ্ছ' আদেশ হয়। এই সূত্রানুসারে গমি ধাতুর অন্ত্য মকার স্থানে 'চ্ছ' আদেশ করা হইয়াছে তৎপরে উল্লিখিত "বত্তমানে মানন্তা" এই সূত্রানুসারে 'গচ্ছ' এই পদের উত্তর অন্ত প্রত্যয় করিয়া 'গচ্ছন্ত' শব্দ নিষ্পন্ন করা হইয়াছে। গচ্ছন্ত এইটী কৃদন্ত শব্দ বলিয়া তদুত্তর সি, যো প্রভৃতি বিভক্তি যুক্ত হয়।

"সিম্হি গচ্ছন্তাদীনং ন্ত সন্দো অং" এই সূত্রানুসারে 'গচ্ছন্ত' শব্দের 'ন্ত' এর স্থনে অং আদেশ এবং সি বিভক্তির লোপ করিলে পুংলিঙ্গে প্রথমার একবচনে 'গচ্ছং' এই পদ সিদ্ধ হইল।

## সেসেস্সন্তু মানানা।

সেসো'তি অপরিসমত্তো, ভবিস্সতকালে কম্মনুপপদে সেসত্থে সসং আদযো হোন্তি।

পদবিচ্ছেদ। সেসে, স্সন্তুমানানা, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। সেসে — অপরিসমাপ্ত অর্থ বুঝাইতে, অবশেষার্থে। ভবিস্সতিকালে — ভবিষ্যৎ কালে। কম্মনুপপদে — কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে। স্সন্তুমানানা — স্সং, ন্ত, মান এবং আন প্রত্যয় হয়; স্সং চ ন্তু চ মনো চ আনো চ স্সন্তুমানানা।

বঙ্গানুবাদ। কর্ম্মপদ পূর্ব্বে থাকিলে ভবিষ্যৎ কালে অপরিসমাপ্ত অর্থ বুঝাইতে ধাতুর উত্তর স্সং, ন্ত, মান এবং আন প্রত্যয় হয়। যথা — কম্মং করিস্সতীতি কম্মং — কর + স্সং = কম্মং করিস্সং, ন্ত প্রত্যয়ে — কম্মং করোন্তো, মান প্রত্যয়ে — কম্মং কুরুমানো, আন প্রত্যয়ে — কম্মং করাণো, এস্থলে দন্ত্য নকার মূর্দ্ধণ্য ণকার হইয়াছে।

পুব্বরূপে সিলোপো — পূর্ব্বরূপে সি বিভক্তির লোপ হয় অর্থাৎ প্রথমে করিস্স' এই সিদ্ধরূপ সি বিভক্তির লোপ এবং অং আদেশ করিলেও হয়। যেমন, "সেসে স্সন্তুমানানা" এস্থলে পূর্ব্বের ন্যায় চারিটী প্রত্যয় গ্রহণ না করিয়া স্সন্ত, মান ও আন এই তিনটী প্রত্যয় গ্রহণ করিলে — কর + স্সন্ত = করিস্সন্ত এই পদ নিষ্পন্ন হয়, তৎপর "ন্তস্সন্তো যোসু চ" এই সূত্রের চকার যোগে — 'করিস্সন্ত' এই শব্দের ন্ত' স্থনে অকার আদেশ করিলে "করিস্সন্ত" হয়,

তদনন্তর 'ন্ত' স্থানে অং আদেশ ও সি বিভক্তির লোপ করিলে — 'করিস্‌সং' এই পদ সিদ্ধ হয়, তৎপর গুণবন্তু শব্দের ন্যায় রূপসিদ্ধি করিলে — করিস্‌সন্তো ইত্যাদি।

## অক্‌খরেহি কারং।

অক্‌খরবাচীহি সদ্দেহি সকত্থে কারো হোতি।

পদবিচ্ছেদ। অক্‌খরেহি, কারং, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অক্‌খরেহি — অক্ষরবাচক শব্দের উত্তর। সকত্থে — স্বার্থে। কারং — কার প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। অক্ষরবাচক শব্দের উত্তর স্বার্থে 'কার' প্রত্যয় হয়। যথা — 'অ এব কারো' এই বাক্যর্থে অ + কার = অকারো, এস্থলে স বিভক্তির স্থানে ওকার আদেশ হইয়াছে। এইরূপ আ এব কারো আকারো, ক এব কারো ককারো, ইত্যাদি।

ধাতুতো সকত্থে ষদাদিনা ই চ তি চ পচ্চযা কাতব্বা।

বঙ্গানুবাদ। ধাতুর উত্তর স্বার্থে নিপাতনে ই এবং তি প্রত্যয় হয়। যথা — গমু ইচ্চযং ধাতু এব এই বাক্যার্থে গমু + ই = গমি. এইরূপ রমু এব রমি, বমু এব বমি ইত্যাদি। তি প্রত্যয়ে — 'কর ইচ্চযং ধাতু এব' এই বাক্যার্থে কর + তি = করোতি, এস্থলে "তনাদিতো ও যিরা" এই সূত্রানুসারে 'ও' বিকরণ প্রত্যয় হইয়াছে। সুতরাং 'করোতি' এই শব্দও করধাতুবাচক শব্দবশে গ্রহণ করিলে করোতিস্‌স করোতিম্হি, করোতিনা ইত্যাদি যথাযোগ্য রূপসিদ্ধি হয়।

## ইচ্ছত্থেসু সমান কত্তুকেসু তবেতুং বা।

এক কত্তুকেসু ইচ্ছত্থেসু গম্যমানেসু ধাতুহি কত্তরি তবেতুং বা হোন্তি।

পদবিচ্ছেদ। ইচ্ছত্থেসু, সমান কত্তুকেসু, তবেতুং, বা, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। সমান কত্তুকেসু ইচ্ছত্থেসু — একই কর্ত্তার ইচ্ছা বুঝাইলে; অর্থাৎ যে কর্ত্তা ক্রিয়া সম্পাদন করিবে, তাহারই ইচ্ছা বুঝাইলে। ধাতূহি — ধাতুর উত্তর। কত্তরি — কর্ত্তৃবাচ্যে। তবেতুং — তবে ও তুং প্রত্যয় হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। একই কর্ত্তার ইচ্ছা বুঝাইলে কর্ত্তৃবাচ্যে ধাতুর উত্তর তবে, এবং তুং প্রত্যয় হয়; বিকল্পে।

## "তবেতুনাদীসু কা"তি করস্স কা।

শব্দার্থ। তবেতুনাদীসু — তবে, তুন প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে। করস্স — করধাতুর স্থানে। কা — কা আদেশ হয়।

বঙ্গানুবাদ। তবে, তুন প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে করধাতুর স্থানে কা আদেশ হয়। যথা — কর+তবে=কাতবে, সো কাতবে ইচ্ছতি — সে করিতে ইচ্ছা করে। কর+তুং=কাতুং, সো কাতুং ইচ্ছতি — সে কাজ করিতে ইচ্ছা করে। যো করোতি সো এব ইচ্ছতীত্বেক কত্তুকতা — যে কর্ত্তা ক্রিয়া করিতেছে, সে কর্ত্তাই ইচ্ছা করিতেছে, ইহার নাম এক কর্ত্তৃকতা বা সমান কর্ত্তৃকতা।

সাসাদো চকারেন তুং পচ্চযস্স রট্ঠুমাদেসে — "সাসদিসতো তস্স রিট্ঠো চ" এই সূত্রে উক্ত চকার যোগে তুং প্রত্যয় স্থানে 'রট্ঠুং' আদেশ করিলে — দিস+রট্ঠুং=দট্ঠুং।

## "অরহ সক্কাদীসু চে"তি অরহাত্থেসু তুং।

শব্দার্থ। অরহ-সক্কাদীসু — অর্হ, সামর্থ্য ইত্যাদি অর্থে। তুং — তুং প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। অর্হ, সামর্থ্যাদি অর্থে ধাতুর উত্তর তুং প্রত্যয় হয়। যথা — নিন্দ ধাতু — গর্হা বা কুৎসা অর্থে — 'কো তং নিন্দিতুমরহতি', 'সক্কা জেতুং ধনেন বা' ইত্যাদি।

## পুব্বকালেককত্তুকানং তুন ত্বান ত্বা বা।

সমান কত্তুকানং ধাতূনং মজ্ঝে পুব্বক্রিয়াবাচীহি ধাতূহি তুন ত্বান ত্বা বা হোন্তি।

পদবিচ্ছেদ। পুব্বকালা, এককত্তুকানং, তুন-ত্বান-ত্বা, বা, চতুষ্পদীসূত্র।

শব্দার্থ। এককত্তুকানং — সমান কর্ত্তাবোধক ধাতুসকলের মধ্যে। পুব্বকালা — পূর্ব্ব ক্রিয়া-বাচক ধাতুর উত্তর, অর্থাৎ অসমাপিকা ক্রিয়া। বাচক ধাতুর উত্তর। তুন-ত্বান-ত্বা — তুন, ত্বান এবং ত্বা প্রত্যয় হয়। বা — বিকল্পে।

বঙ্গানুবাদ। একই কর্ত্তার সমাপিকা ও অসমাপিকা ক্রিয়াবাচক ধাতুদ্বয়ের মধ্যে অসমাপিকা ক্রিয়াবাচক ধাতুর উত্তর তুন, ত্বান ও ত্বা প্রত্যয় হয় বিকল্পে। যথা — কাতুন গচ্ছতি কত্বান কত্বা বা — করিয়া যাইতেছে। দানাদীনি পুঞ্ঞানি কত্বা সগ্গং গচ্ছন্তি মানবা — দানাদি পুণ্যকর্ম্ম করিয়া মানবগণ স্বর্গে যায়।

ঠিত্বা পীত্বা বজতীত্যাদো পরাপেক্খায পুব্বত্তং — ঠিত্বা বজতি (গচ্ছতি), পীত্বা বজতি ইতি আদীসু — থাকিয়া যাইতেছে, পান করিয়া যাইতেছে ইত্যাদি স্থলে ঠিত্বা — থাকিয়া, পীত্বা — পান করিয়া, ইহারা পূর্ব্ব ক্রিয়া বা অসমাপিকা ক্রিয়া এবং 'বজতি' — যাইতেছে এইটী অপর ক্রিয়া বা সমাপিকা ক্রিয়া। অসমাপিকা ক্রিয়া একটী সমাপিকা ক্রিয়ার অপেক্ষা করে।

ঠা গতিনিবুত্তিম্হি — ঠা ধাতু — গতি নিবৃত্তি অর্থে।

**"ঠাপানমিঈ চে"তি ঠাস্স ই পাস্স ঈ চ।**

শব্দার্থ। ঠাপানং — ঠা ও পা ধাতুর অন্ত্য আকার স্থানে। ই ঈ — ই এবং ঈ আদেশ হয়।

বঙ্গানুবাদ। ঠা ধাতু ও পা ধাতুর অন্ত্যস্বর আকার স্থানে যথাক্রমে ইকার ও ঈকার হয়, অর্থাৎ ঠা ধাতুর আকার স্থানে ইকার এবং পা ধাতুর আকার স্থানে ঈকার আদেশ হয়। যথা — ঠিত্বা, পীত্বা; পালিতে 'ঠত্বা' পদই প্রায় ব্যবহৃত হয়।

বা কারেন ভিন্ন কত্তুকেস্বপি বদন্তি — "পুব্বকালেক কত্তুকানং তুন ত্বান ত্বা বা" এই সূত্রে উক্ত 'বা' শব্দের যোগে বিভিন্ন কর্ত্তার অসমাপিকা ক্রিয়াবাচক ধাতুর উত্তর তুন, ত্বান ও ত্বা প্রত্যয় হয়, ইহা পণ্ডিতগণ বলেন। যথা — সীহং দিস্বা ভয়ং উপ্পজ্জতি — সিংহকে দেখিয়া ভয় উৎপন্ন হইতেছে, এস্থলে 'দিস্বা' এই অসমাপিকা ক্রিয়ার কর্ত্তা যে কোনও ব্যক্তি, এবং 'উপ্পজ্জতি' এই সমাপিকা ক্রিয়ার কর্ত্তা 'ভয়ং'। 'দিস্বানস্স এতদহোসি', 'দিস্বান ভগবতো এতদহোসি', ইত্যাদি উদাহরণ দ্রষ্টব্য।

এত্থ — 'দিস্বা' এস্থলে।

**"দিসাস্বানস্বান্ত লোপো চে"তি তুনাদীনং স্বা ধাত্বন্ত-লোপো চ।**

শব্দার্থ। দিসা — দিস ধাতুর উত্তর। তুনাদীনং — তুন, ত্বান এবং ত্বা প্রত্যয় স্থানে। স্বান-স্বা — 'স্বান' এবং 'স্বা' আদেশ হয়। অন্তলোপো — ধাতুর অন্ত্য ব্যঞ্জন লুপ্ত হয়।

বঙ্গানুবাদ। দিস ধাতুর পরস্থিত তুন, ত্বান ও ত্বা প্রত্যয় স্থানে 'স্বান' কিম্বা স্বা' আদেশ হয় এবং উক্ত ধাতুর অন্ত্য সকার লুপ্ত হয়। যথা — দিস্বা, দিস্বান।

সদ বিসরণাদিম্‌হি — সদধাতু বিশরণ, গতি, অবসাদ, প্রাপ্তি ইত্যাদি অর্থে হয়।

"দধান্ততো যো ক্বচী" তি

তুনাদিসু যাগমো ; যবতমাদিনা সযকারস্‌স দস্‌স জো, দ্বিত্তং, ই আগমো।

শব্দার্থ। তুনাদিসু — তুন, ত্বান ও ত্বা প্রত্যয় পরে থাকিলে। দধান্ততো — দকারান্ত ও ধকারান্ত ধাতুর উত্তর। ক্বচি — ক্বচিৎ। যো — য কার আগম হয়। যবতমাদিনা — "যবতং তলণদকারানং ব্যঞ্জনানি চলঞজ কারত্তং" এই সূত্রানুসারে। সযকারস্‌স দসস যকারসহ দকার স্থানে। জো — জকার আদেশ হয়। দ্বিত্তং — দ্বিত্ব হয়। ই আগমো — 'যথাগমমিকারো' এই সূত্রানুসারে ইকার আগম হয়।

বঙ্গানুবাদ। তুন, ত্বান, ও ত্বা প্রত্যয় পরে থাকিলে দকারান্ত ও ধকারান্ত ধাতুর উত্তর ক্বচিৎ যকার আগম হয়। "যবতং তলণদকারানং ব্যঞ্জনানি চলঞ জকারত্তং" এই সূত্রানুসারে উক্ত যকারসহ ধাতুর অন্ত্য দকার স্থানে জকার আদেশ হয়, পুনঃ সেই জকারের দ্বিত্ব হয়, এবং "যথা গমমিকারো" এই সূত্রানুসারে ইকার আগম হয়। যথা — সদ + ত্বা = সজ্জিত্বা, উ—পদ + ত্বা = উপ্পজ্জিত্বা, ইত্যাদি।

"যথা কত্তরি চ" এই সূত্রানুসারে উক্ত যকারসহ ধকারান্ত ধাতুর অন্ত্য ধকার স্থানে ঝকার আদেশ হয়, এবং সেই ঝকারের দ্বিত্ব হয়, এস্থলে ঝ পরে থাকাতে সেই বর্গের তৃতীয় বর্ণ জ দ্বিত্ব হয়। যথা— বুধ + ত্বা = বুজ্‌ঝিত্বা ; বুদ্ধো লোকে উপ্পজ্জিত্বা ধম্মং বুজ্‌ঝিত্বা জনতং বোধেসি, ইত্যাদি অসমাপিকা ক্রিয়াযোগে উদাহরণ জ্ঞাতব্য।

"সব্বেহি তুনাদীনং যো" তি যাদেসো বা।

শব্দার্থ। সব্বেহি — সমস্ত ধাতুর পরস্থিত। তুনাদীনং — তুন, ত্বান, ও ত্বা প্রত্যয় স্থানে। বা — বিকল্পে। যো — যকার আদেশ হয়।

বঙ্গানুবাদ। সমস্ত ধাতুর পরস্থিত তুন, ত্বান, ও ত্বা প্রত্যয় স্থানে বিকল্পে যকার আদেশ হয়। যথা — কর+ত্বা=করিয, বন্দ+ত্বা= বন্দিয, ইত্যাদি। কর+তুন=কত্তুন, এস্থলে "তুং তুন তব্বেসু বা" এই সূত্রানুসারে কর ধাতুর অন্ত্য রকার স্থানে তকার আদেশ হইয়াছে।

দিস উচ্চারণে — দিস ধাতু উচ্চারণার্থে।

"পুব্ব রূপঞ্চ", তি যে পরে পুব্বরূপং।

শব্দার্থ। যে পরে — উক্ত আদেশপ্রাপ্ত যকার পরে থাকিলে। পুব্ব রূপং — পূর্ব্ববর্ণের স্বরূপ প্রাপ্ত হয়, অর্থাৎ পূর্ব্বস্থ ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ সদৃশ হয়।

বঙ্গানুবাদ। য পরে থাকিলে, তাহা তৎপূর্ব্ব বর্ণের স্বরূপ প্রাপ্ত হয়, অর্থাৎ ধাতুর পরস্থিত তুন, ত্বান, ও ত্বা প্রত্যয় স্থানে যেই যকার আদেশ হয়, সেই যকার স্থানে তৎপূর্ব্বস্থ ধাতুর অন্ত্য ব্যঞ্জনবর্ণ আদেশ হয়। যথা — উ—দিস+য=উদ্দিস্স, এস্থলে 'উ' এই উপসর্গের পরে থাকাতে দিস ধাতুর দকারের দ্বিত্ব হইয়াছে।

দল্হং'তি দুতিযন্তোপপদা গহ ইচ্চস্মা যদাদিনা ণং পচ্চযো তস্মা গহস্সানুপ্পযোগো চ কত্তব্বো, বিভত্তি লোপো।

শব্দার্থ। দল্হং'তি দুতিযন্তোপপদা — 'দল্হং' এই দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপপদের পরস্থিত। গহইচ্চস্মা — 'গহ' এই ধাতুর উত্তর। যদাদিনা —"যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে। ণং পচ্চযো — ণং প্রত্যয় হয়। তস্মা — তাহার পর, 'দল্হং' এই উপপদের পর গহস্সানুপ্পযোগো চ কত্তব্বো — গহ ধাতুর পুনর্প্রয়োগ কর্ত্তব্য। বিভত্তিলোপো — 'দল্হং' এই পদের দ্বিতীয়া বিভক্তির লোপ হয়।

বঙ্গানুবাদ। 'দল্হং' এই দ্বিতীয়া বিভক্ত্যন্ত উপপদের পরস্থিত 'গহ' ধাতুর উত্তর নিপাতনে ণং প্রত্যয় হয়। ণং প্রত্যয় পরে থাকাতে

'গহ' ধাতুর গকারস্থ অকারের বৃদ্ধি আকার হইয়া 'গাহ' হইয়াছে 'গাহ' ধাতু পরে থাকাতে 'দল্হং' এই উপপদের দ্বিতীয়া বিভক্তি লুপ্ত হয়। যথা — দল্হং — গহ + ণং = দল্হ-গাহো তং দল্হ-গাহং, দল্হ-গাহং গণ্হাতি, দল্হং গণ্হাতীত্যত্থো দল্হ-গাহং গণ্হাতি — দৃঢ় গ্রহণে গ্রহণ করিতেছে, অর্থাৎ দৃঢ়রূপে গ্রহণ করিতেছে। এইরূপ 'সরেন' এই তৃতীয়ান্ত উপপদের পরস্থিত ভণ ধাতুর উত্তর নিপাতনে ণাং প্রত্যয় করিলে — সর-ভঞ্ঞং ভণতি, সরেন মধুরং কত্বা ভণতীত্যত্থো।

## একাদিতো সকিস্স কৃত্থত্তুং।

সকিম্হি বারং, একাদীহি সখিংসদ্দস্স অত্থে কৃত্থত্তুং পচ্চযো হোতি।

পদ বিচ্ছেদ। একাদিতো, সকিস্স, কৃত্থত্তুং, ত্রিপদীসূত্র।

শব্দার্থ। একাদিতো — এক, দুই ইত্যাদি সংখ্যাবাচক শব্দের উত্তর। সকিস্স — 'সকিং' শব্দের অর্থে, সকিং অর্থ সকৃৎ, বার। কৃত্থত্তুং — 'কৃত্থত্তুং' প্রত্যয় হয়।

বঙ্গানুবাদ। সকৃদর্থে একাদি সংখ্যাবাচক শব্দের উত্তর 'কৃত্থত্তুং' প্রত্যয় হয়। যথা — একস্মিং বারে একং বারং বা, এই অর্থে একং + কৃত্থত্তুং = এক কৃত্থত্তুং, এইরূপ দ্বিকৃত্থত্তুং, তিকৃত্থত্তুং ইত্যাদি। বিভত্ত্য-লোপে তু — কিন্তু 'তীনি' এই সংখ্যাবাচক শব্দের বিভক্তি ক্বচিৎ লুপ্ত না হইলে — 'তীনি কৃত্থত্তুং' এইরূপ পদ হয়, তথা — চত্তারি কৃত্থত্তুং ইত্যাদি।

লিঙ্গং বালপ্পবোধত্থং বুত্তং যেভুয্যবুত্তিযা,
বিসেসো তত্থ সব্বত্থ ঞেয্যো বিঞ্ঞূহি পালিতো।

অন্বয়। বালপ্পবোধত্থং লিঙ্গং যেভুয্যবুত্তিযা বুত্তং, তত্থ সব্বত্থ বিসেসো বিঞ্ঞূহি পালিতো ঞেয্যো।

শব্দার্থ। বালপ্পবোধত্থং — বালকদের জানিবার জন্য। লিঙ্গং — লক্ষণ অথবা ধাতু, প্রত্যয়, ও বিভক্তিবর্জ্জিত অর্থসঙ্গত শব্দ, নাম-শব্দ। যেভুয্যবুত্তিযা — বহুল উক্তি দ্বারা, অধিক বিধানে বুত্তং — কথিত হইয়াছে। তত্থ — পূর্ব্বে উক্ত লিঙ্গে বা নাম-শব্দে, তদ্ধিতাদি শব্দ ও নাম-শব্দের মধ্যে গণ্য। সব্বত্থ — সর্ব্বত্র, অর্থাৎ পূর্ব্বে উক্ত নাম-শব্দের সকল স্থানে। বিসেসো — বিশেষার্থ। বিঞ্ঞূহি — বিজ্ঞগণ কর্ত্তৃক, বুদ্ধিমানগণের। ঞেয্যো — জ্ঞাতব্য, জানা উচিত।

বঙ্গানুবাদ। বালকদের জ্ঞানের জন্য লিঙ্গ বা নাম-শব্দ নানাবিধান মতে বর্ণিত হইয়াছে। বুদ্ধিমান বালকগণ উহার বিশেষার্থ ত্রিপিটকের পালিভাষা হইতে জানিয়া লইবে।

---

# কারক।

ছকারানি সামী চ বুত্তানুত্তভেদতো.
দ্বিধাথ বুচ্চরে ভেদো বিভত্তীনং চ বুচ্চতে।

অন্বয়। অথ ছকারকানি সমী চ বুত্তানুত্তভেদতো দ্বিধা বুচ্চরে, বিভত্তীনং ভেদো চ বুচ্চতে।

শব্দার্থ। অথ -- অনন্তর, অর্থাৎ কৃদন্তের পর। ছকারকানি — কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয় প্রকার কারক। সামী — স্বামী বিভক্তি বা সম্বন্ধপদ, ক্রিয়ার সহিত অন্বয় হয় না, বলিয়া ইহা কারক নামে কথিত হয় না, স্বামী বা সম্বন্ধ পদ নামে কথিত হয়। বুত্তানুত্তভেদতো -- উক্ত ও অনুক্তভাব ভেদে, উক্ত ও অনুক্ত বশে। দ্বিধা — দুই প্রকার। বুচ্চরে — কথিত হয়। বিভত্তীনং ভেদো — প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী এই সত প্রকার বিভক্তির প্রভেদ। বুচ্চতে — উক্ত হয় বা উক্ত হইতেছে।

বঙ্গানুবাদ। অনন্তর ছয় প্রকার কারক ও সম্বন্ধপদ উক্তানুক্ত ভেদে দুই প্রকারে, এবং বিভক্তি সমূহের প্রভেদ নিম্নে ক্রমে বলা হইতেছে।

সমাস-তদ্ধিতখ্যাত কিতকা যত্থ জাযরে,
সো অত্থো কথিতোতেহি অবুত্তো তদপরো ভবে।

অন্বয়। সমাস-তদ্ধিতাখ্যাত-কিতকা যত্থ জাযরে, সো অত্থো তেহি কথিতো, তদপরো অবুত্তো ভবে।

শব্দার্থ। সমাস-তদ্ধিতাখ্যাত-কিতকা — সমাস, তদ্ধিত, আখ্যাত, এবং কৃদন্ত পদ। যত্থ — যেস্থলে, অর্থাৎ কর্ত্তৃ, কর্ম্মাদি কারকে, বা কর্ত্তৃ, কর্ম্মাদি অর্থে। জায়রে — হয়। সো অত্থো — কর্ত্তৃ, কর্ম্মাদি

পদের অর্থ। তেহি — তাহাদের দ্বারা, অর্থাৎ সমাস, তদ্ধিত আখ্যাত, ও কৃদন্ত পদের দ্বারা। কথিতো — উক্ত। তদপরে — তদ্ভিন্ন অন্য। অবুত্তো — অনুক্ত নামে অভিহিত। ভবে — হয়।

বঙ্গানুবাদ। সমাস, তদ্ধিত, আখ্যাত ও কৃদন্ত পদ দ্বারা কথিত কর্তৃ, কর্ম্মাদি কারককে উক্ত কারক এবং তাহাদের দ্বারা অকথিত কারককে অনুক্ত কারক কহে।

বুত্তে কম্মাদি সামিস্মিং লিঙ্গত্থে পঠমা সিযা,

অবুত্তে তু ভবন্তঞ্ঞা দুতিযাদী যথারহং।

অন্বয়। কম্মাদি সামিস্মিং বুত্তে লিঙ্গত্থে পঠমা সিযা, অবুত্তে তু অঞ্ঞা দুতিযাদী যথারহং ভবন্তি।

শব্দার্থ। কম্মাদি সামিস্মিং বুত্তে — সমাসাদি দ্বারা কর্তৃ, কর্ম্মাদি কারক উক্ত হইলে এবং স্বামী বা সম্বন্ধ পদ ও উক্ত হইলে। লিঙ্গত্থে — লিঙ্গার্থে। পঠমা সিযা — প্রথমা বিভক্তি হয়। অবুত্তে — সমাসাদি দ্বারা কর্তৃ কর্ম্মাদি কারক অনুক্ত হইলে। অঞ্ঞা দুতিযাদী — অপর দ্বিতীয়াদি বিভক্তি সকল। যথারহং — যথাযোগ্য। ভবন্তি — হয়।

বঙ্গানুবাদ। সমাসাদি দ্বারা কর্তৃ কর্ম্মাদিকারক এবং সম্বন্ধপদ উক্ত হইলে সেই কর্তৃ কর্ম্মাদি কারকে এবং সম্বন্ধ পদে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হয় উহাদের দ্বারা সেই কারক ও সম্বন্ধ পদ অনুক্ত হইলে, সেই কারকও সম্বন্ধ পদে যথাযোগ্য দ্বিতীয়া তৃতীয়াদি বিভক্তি হয়। সংক্ষেপতঃ সর্ব্বত্র উক্ত কারকে প্রথমা বিভক্তি এবং অনুক্ত কারকে দ্বিতীয়াদি বিভক্তি হয়।

করোতি কিরিযং নিপ্ফাদেতীতি কারকং — করে অর্থাৎ ক্রিয়া নিষ্পন্ন করে এই অর্থে কারক অথবা যাহা ক্রিয়া-নিষ্পত্তির নিমিত্ত বা হেতু তাহাই কারক, কর+ণু = কারকং, এস্থলে 'কর' ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ণু প্রত্যয়ে [ • ঢ ক শব্দ; ক্রিয়া-নিষ্পত্তি

নিমিত্ত ভূত কারক শব্দ নিত্য নপুংসক লিঙ্গ, এতদ্ভিন্ন অন্যত্র কর্ম্ম করণার্থে কারক শব্দ সর্ব্বলিঙ্গ; যেমন, দাযকো কারকো ইত্যাদি কারকো পুরিসো, কারিকা ইত্থি, কারকং কুলং ইত্যাদি।

কারকসদ্দো — কারক' এই শব্দ। মুখ্যতো — মুখ্যতঃ, প্রধানতঃ। কত্তারং — কর্ত্তাকে। অমুখ্যতো — অমুখ্যতঃ, অপ্রধানতঃ। কম্মাদিং — কর্ম্মাদিকে অর্থাৎ কর্ম্ম; করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ কারককে। বদতি — বলে, প্রকাশ করে। তথাহ — তেমনই। সব্ব সদ্দবোহারো — সমস্ত শব্দের ব্যবহার। মুখ্যামুখ্যবসেন — মুখ্য ন অমুখ্য বশে, এস্থলে মুখ্য অর্থ প্রধান, প্রকৃত এবং অমুখ্য অর্থ অপ্রধান, অপ্রকৃত, বঞ্চক। দ্বিধা — দুইপ্রকার বা দুই প্রকারে। বত্ততে — আছে বা হয়।

বঙ্গানুবাদ। ক্রিয়া নিষ্পত্তির নিমিত্ত ভূত কারক ছয় প্রকার, তন্মধ্যে কর্ত্তৃকারক মুখ্য এবং অপর পাঁচ প্রকার কারক অমুখ্য; সুতরাং মুখ্য ও অমুখ্যবশে কারক পুনঃ দুই প্রকার। যেমন, 'বুদ্ধো দেসিতো ধম্মো' এস্থলে 'দেসিতো' এই কৃদন্ত ক্রিয়া-নিষ্পত্তির প্রধান নিমিত্ত ভূত বুদ্ধ কর্ত্তৃকারক; 'বুদ্ধং বন্দে' এস্থলে 'বন্দে' এই আখ্যাত ক্রিয়ার নিষ্পত্তির অপ্রধান নিমিত্তভূত বুদ্ধ কর্ম্ম কারক; 'বুদ্ধেন লোকো সুখী জাতো' এস্থলে 'জাতো' এই কৃদন্ত ক্রিয়া-নিষ্পত্তির অপ্রধান নিমিত্তভূত বুদ্ধ করণ কারক। ক্রিয়া-নিষ্পত্তির মুখ্য ও অমুখ্য নিমিত্ত বা হেতুভূত কারক এইরূপে জানিবে। স্বামী বা সম্বন্ধপদ ক্রিয়া-নিমিত্ত বা হেতু নহে বলিয়া তাহা কারকের মধ্যে গণ্য নহে। বস্তুতঃ যাবতীয় শব্দ মুখ্য ও অমুখ্য ভেদে দুই প্রকারে ব্যবহৃত হয়। যেমন, 'গঙ্গাযং নহানং,' 'গঙ্গাযং সস্সং' এই উদাহরণদ্বয়ের মধ্যে প্রথমোক্ত উদাহরণে গঙ্গা শব্দ দ্বারা জল প্রবাহ বুঝাইতেছে; কারণ, জলপ্রবাহের মধ্যেই স্নানক্রিয়া সম্ভবে, সুতরাং তাহা মুখ্য

বা প্রকৃত অর্থ। দ্বিতীয় উদাহরণে গঙ্গাশব্দ দ্বারা গঙ্গানদীর সমীপে এই অর্থ বুঝাইতেছে; কারণ, গঙ্গায় শস্যোৎপত্তি অসম্ভব, গঙ্গার সমীপে স্থলভাগই উহা সম্ভবে, সুতরাং গঙ্গায় শস্য এই অর্থ অমুখ্য অপ্রকৃত বা প্রবঞ্চক। অতএব সমস্ত শব্দের মুখ্য ও অমুখ্য ব্যবহার এইরূপেই দ্রষ্টব্য।

---

## উক্তকর্ম্ম।

তত্থ বুত্তকম্মং তব—উল্লিখিত সেই ষড়বিধ কারকের মধ্যে এস্থলে প্রথমতঃ সমাসাদিদ্বারা উক্ত কর্ম্মের উদাহরণ বলা হইতেছে। যেমন, আগত-সমণো বিহারো, ঘাতিকো আহারো, স্ূদেন ওদনো পচ্চতে, বুদ্ধেন দেসিতো ধম্মো। এইখানে সমাস, তদ্ধিত, আখ্যাত ও কৃদন্ত ভেদে চতুর্ব্বিধ উদাহরণ বলা হইয়াছে।

সমাসদ্বারা উক্ত কর্ম্মের উদাহরণঃ— 'আগতা সমণাযং' এইটি বহুব্রীহি সমাসের বাক্য; অন্য পদার্থে বহুব্রীহি সমাস হয়। সমাস করিবার সময় অর্থানুসারে সমাস বাক্যে দ্বিতীয়াদি বিভক্ত্যন্ত একটী 'য' (যদ্) শব্দের প্রয়োগ করিতে হয়। উক্ত বাক্যে অন্য পদের অর্থ বুঝাইবার জন্য দ্বিতীয় বিভক্ত্যন্ত 'যং' শব্দের প্রয়োগ হইয়াছে, উহা শ্রমণদের আগমন ক্রিয়ার কর্ম্মকারকভূত স্থান বিশেষ। সুতরাং উল্লিখিত সমাস-বাক্যটী কর্ম্মার্থে প্রয়োগ করা হইয়াছে। সমাসে সমস্যমান পদগুলির বিভক্তি ও যদ্ শব্দ লুপ্ত হইলে 'আগত-সমণো' এই সমাসপদ সিদ্ধ হয়। তদ্রূপ যদ্ শব্দের দ্বারা উক্তার্থ তদ্ শব্দের দ্বারা প্রকাশ করিবার জন্য 'সো' শব্দ ব্যবহৃত হয়, কারণ যদ্ ও তদ্ শব্দদ্বয়ের পরস্পর নৈকট্য সম্বন্ধ। তদ্ধেতু 'আগতা সমণাযং সো' আগতসমণো, বিহারোতি অত্থো, এস্থলে উক্ত সমাস

বাক্যে 'যং' এইটি কর্ম্মকারক তদর্থ প্রকাশক 'সো' এইটী 'আগতসমণো' এই সমাস পদের সর্ব্বনাম বিশেষণ 'আগত সমণো' এস্থলে সমাসের দ্বারা উক্ত কর্ম্মে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হইয়াছে ইহাই উক্ত কর্ম্ম নামে অভিহিত হয়।

তদ্ধিত দ্বারা উক্ত কর্ম্মের উদাহরণ:— 'ঘতেন সংসট্‌ঠো' এইটি তদ্ধিত বাক্য; কর্ম্মবাচ্যে 'ঘত' শব্দের উত্তর সংসৃষ্টার্থে 'ণিক' প্রত্যয় করিলে 'ঘাতিকো' এই তদ্ধিতান্ত শব্দ সিদ্ধ হয়। ঘতেন — ঘৃত দ্বারা। সংসট্‌ঠো — সংসৃষ্ট মিশ্রিত। উক্ত তদ্ধিত বাক্যটী কর্ম্মবাচ্যে করা হইয়াছে। 'সংসট্‌ঠো' এইটী কৃদন্ত ক্রিয়া. 'আহারো' এই বিশেষ্য পদের বিশেষণ। কর্ম্মবাচ্যে উক্ত কর্ম্মের প্রথমা হয়, সুতরাং সংসট্‌ঠো এই কৃদন্ত পদে উক্ত কর্ম্মে প্রথমা হইয়াছে। 'ঘাতিক' শব্দেরদ্বারা 'সংসট্‌ঠ' শব্দের অর্থও তৎসঙ্গে কথিত হওয়াতে 'সংসট্‌ঠ' শব্দের লোপ হইয়াছে। ঘাতিক শব্দের দ্বারা কথিত পদের অর্থ প্রকাশ করিতে আহার' শব্দ নির্দ্দেশ করা হইয়াছে। ঘাতিকো' (আহারো) এস্থলে উক্ত কর্ম্মে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হইয়াছে। ইহা তদ্ধিত দ্বারা উক্ত কর্ম্ম নামে অভিহিত হয়।

আখ্যাতক্রিয়াদ্বারা উক্ত কর্ম্মের উদাহরণ:—'সূদেন ওদনো পচ্চতে এইটি কর্ম্মবাচ্য। 'পচ্চতে' এইটী কর্ম্মবাচ্যের আখ্যাত ক্রিয়া, তাহা 'ওদনো' এই কর্ম্মের অনুযায়িনী হইয়াছে। তদ্ধেতু উহা আখ্যাতক্রিয়া দ্বারা উক্ত কর্ম্ম নামে অভিহিত হয়। 'ওদনো' এস্থলে উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হইয়াছে।

কৃদন্ত ক্রিয়াদ্বারা উক্ত কর্ম্মের উদাহরণ:—'বুদ্ধেন দেসিতো ধম্মো' এই বাক্যে 'দেসিতো' এইটী কৃদন্ত ক্রিয়া, তাহা 'ধম্মো' এই কর্ম্ম কারকের বিশেষণ পদ। কৃদন্ত ক্রিয়াটি 'ধম্মো' এই কর্ম্মের অনুযায়িনী হইয়াছে। তদ্ধেতু উহা কৃদন্ত ক্রিয়া দ্বারা উক্ত কর্ম্ম নামে কথিত

হয়। 'ধম্মো' এস্থলে উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হইয়াছে। 'ভাব কম্মেসু ত' এই সূত্রানুসারে কর্ম্মবাচ্যে দিস ধাতুর উত্তর ত প্রত্যয় করিয়া 'দেসিত' পদ সিদ্ধ হইয়াছে। বস্তুতঃ কর্ম্মবাচ্যে কর্ম্মকারকের ক্রিয়া কর্ম্মানুযায়িনী এবং কর্তৃবাচ্যে কর্তৃকারকের ক্রিয়া কর্ত্তানুযায়িনী হইয়া থাকে। এই নিয়মানুসারে উক্তানুক্ত কর্তৃ কর্ম্মাদি কারক দ্রষ্টব্য।

বিভত্তিং বিনা চাত্থং নিদ্দিসিতুমসক্কুণেয্যত্তা অবসিট্ঠ লিঙ্গত্থমত্তা পেক্খসম্পন বিহারাদিতো তব্বিসেসনেহি তত্তুল্যাধিকরণেহি আগন্ত সমণাদীহি চ পঠমা হোতেব।

শব্দার্থ। বিভত্তিং বিনা — বিভক্তি ব্যতীত। অত্থংনিদ্দিসিতুং — অর্থ নির্দ্দেশ করিতে অর্থাৎ অর্থ প্রকাশ করিতে। অসক্কুণেয্যত্তা — অসমর্থতাহেতু। অবসিট্ঠলিঙ্গত্থমত্তাপেক্খাসম্পন — কর্ম্মাদি অবশিষ্ট লিঙ্গ বা শব্দরূপের অপেক্ষা করাতেই। বিহারাদিতো — বিহারো, আহারো, ওদনো, এবং ধম্মো এই চতুর্ব্বিধ শব্দের উত্তর। তব্বিসেসনেহি — তাহাদের বিশেষণভূত। তত্তুল্যাধিকরণেহি — তাহাদের সমানাধিকরণ বা সমান সম্বন্ধযুক্ত। আগত-সমণাদীহি — আগত-সমণো, ঘাতিকো ও দেসিতো এই ত্রিবিধ শব্দের উত্তর। পঠমা হোতেব — উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তিই হয়।

ব্যাখ্যা। পূর্ব্বে উক্ত হইয়াছে — ধাতু, প্রত্যয় ও বিভক্তি বর্জ্জিত অথচ অর্থযুক্ত যে শব্দ তাহাকে লিঙ্গ বলে। লিঙ্গ অর্থ যুক্ত হইলেও তদুত্তর বিভক্তিযুক্ত না হইলে উহার অভিপ্রেত অর্থ সম্যক্ প্রতীত হয় না, এই হেতু লিঙ্গের উত্তর বিভক্তি যুক্ত হয়। যেমন, আগত সমণো বিহারো, ঘাতিকো আহারো, দেসিতো ধম্মো, এস্থলে লিঙ্গের উত্তর প্রথমা বিভক্তি যুক্ত হইয়াছে। উহাদের মধ্যে বিহারো, আহারো ও ধম্মো এই তিনটী পদ বিশেষ্য এবং আগত-সমণো, ঘাতিকো, ও দেসিতো এই তিনটি পদ যথাক্রমে উক্ত বিশেষ্য পদত্রয়ের তুল্যাধি-

১৮—

করণভূত বিশেষণ। বিশেষ্য পদের যে লিঙ্গ, যে বচন ও যে বিভক্তি হয়, তাহার তুল্যাধিকরণভূত বিশেষণ পদেরও সেই লিঙ্গ, সেই বচন, ও সেই বিভক্তি হইয়া থাকে এই নিয়মানুসারে বিহারো, আহারো, ও ধম্মো এই তিনটি বিশেষ্য পদের লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হওয়াতে উহাদের তুল্যাধিকরণভূত আগত-সমণো, ঘাতিকো ও দেসিতো এই তিনটী বিশেষণ পদেরও লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হইয়াছে।

কথং ওদনং পচতীত্যাদো দুতিযাযপি কম্মে বুত্তে পুন লিঙ্গত্থমত্তম-পেকখিত্বা পঠমা ন হোতীতি চে কম্মমত্তে তায পাকটংবুত্তে সতি সতোপি লিঙ্গত্থস্স তিরোভূতত্তা।

শব্দার্থ। কথং — কি প্রকারে। ওদনং পচতীত্যাদো — সূদো ওদন পচতী ইত্যাদি কর্তৃবাচ্যের বাক্যে। দুতিযাযপি কম্মে বুত্তে— দ্বিতীয়া বিভক্তি দ্বারা কর্ম্ম উক্ত হইলে অর্থাৎ প্রকাশ করা হইলে আখ্যাত ক্রিয়া দ্বারা নহে পুন লিঙ্গত্থমত্তমপেকখিত্বা — পুনর্ব্বার কেবল লিঙ্গার্থকে অপেক্ষা করিয়া। পঠমা ন হোতীতি চে — কর্ম্মে প্রথমা বিভক্তি হয়না কেন। কম্মমত্তে তায পাকটংবুত্তে সতি — সেই দ্বিতীয়া বিভক্তি দ্বারা কর্ম্ম মাত্র প্রকাশ করা হইলে। সতোপি লিঙ্গত্থস্স তিরোভূতত্তা — বর্ত্তমান লিঙ্গার্থ তিরোভূত হয় এই কারণে অর্থাৎ লিঙ্গার্থের তিরোধান হয় বলিয়া

ব্যাখ্যা। উল্লিখিত বিষয়ে সন্দেহ দূরীকরণার্থে এস্থলে প্রশ্নোত্তর হইতেছে।

প্রশ্ন। 'সূদেন ওদনো পচ্চতে' ইত্যাদি কর্ম্মবাচ্যের বাক্যে 'পচ্চতে' ইত্যাদি আখ্যাত ক্রিয়া দ্বারা উক্ত কর্ম্মে যদি প্রথমা বিভক্তি হইতে পারে, তবে সূদো ওদনং পচতি' ইত্যাদি কর্তৃবাচের বাক্যে 'ওদনং ইত্যাদি কর্ম্ম দ্বিতীয়া বিভক্তি দ্বারা প্রকাশ হওয়ার পরে লিঙ্গার্থ মাত্র অপেক্ষা করিয়া তাহাতে প্রথমা বিভক্তি কেন হইতে পারে না?

অর্থাৎ সঙ্ক্ষেপতঃ উক্ত কর্ম্মে যদি প্রথমা বিভক্তি হইতে পারে, তবে অনুক্তকর্ম্মে প্রথমা বিভক্তি কেন হইতে পারে না ?

উত্তর। দ্বিতীয়া বিভক্তিতে কর্ম্ম প্রকাশ করা হইলে "বুত্তে কম্মাদি সামিস্মিং 'লঙ্গত্থে পঠমা সিযা" এই সূত্রানুসারে কর্ম্মাদি উক্ত কারকে ও উক্ত সম্বন্ধ পদে যে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হয়, তাহা অন্তর্হিত হইয়া যায় এই কারণে অনুক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হয় না, দ্বিতীয়া বিভক্তিই হইয়া থকে এবং উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হয়, দ্বিতীয়া বিভক্তি হয় না। অথবা কর্ত্তৃবাচ্যের ক্রিয়া কর্ত্তানুযায়িনী হয়, এই কারণে উক্ত কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়, কিন্তু কর্ত্তৃবাচ্যের ক্রিয়া কর্ম্মানুযায়িনী হয় না, এই কারণে অনুক্ত কর্ম্মে প্রথমা না হইয়া দ্বিতীয়া বিভক্তি হইয়া থাকে।

ওদনো পচ্চতে 'তাত্র একত্তে তু তেবিভত্তিযা বুত্তেপি তায তং অসুকস্'স বেত্যানযমেত্বা সামঞ্ঞেন বুত্তন্তি ওদনাক্খ্যো বিসেসে ঠিতং একত্তং নিস্সায এক বচনং হোতের-তথাহি, আখ্যাতা সামঞ্ঞমত্থং বদন্তি স্যাদযো তু বিসেসং।

শব্দার্থ। ওদনো পচ্চতে'ত্যত্র — 'ওদনো পচ্চতে' এস্থলে, অর্থাৎ 'সূদেন ওদনো পচ্চতে' এই কর্ম্মবাচ্যের বাক্যে। একত্তে তু তে বিভত্তিযা বুত্তেপি — 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়ায় 'তে' বিভক্তি দ্বারা এক বচন উক্ত হইলেও, অর্থাৎ আখ্যাত ক্রিয়ার 'তে' বিভক্তি দ্বারা উক্ত কর্ম্মের এক বচন প্রকাশ করা হইলেও। তায — সেই 'তে' বিভক্তিদ্বারা, 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়ায় 'তে' বিভক্তিদ্বারা. তং — সেই এক বচন। অসুকস্সেবেত্যানিযমেত্বা — অসুকস্স এব ইতি অনিযমেত্বা, অমুক কর্ম্মেরই এইরূপ নিয়ম না করিয়া, অর্থাৎ অনির্দ্দিষ্টভাবে। সামঞ্ঞেন — সামান্যতঃ সামান্য ভাবে সাধারণভাবে। বুত্তন্তি — উক্ত হইয়াছে এই কারণে, কথিত হওয়াতে। ওদনাখ্যো

বিসেসে ঠিতং একত্তং নিস্সায — ওদনাখ্যা বিশেষে স্থিত একবচন হেতুত্তে, অর্থাৎ ওদনাখ্যাত বস্তু বিশেষে স্থিত একবচন হেতু। এক বচনং হোতেব — এক বচনই হয়, এক বচনং হোতি এব। তথাহি — সেইরূপ হইলে, তাহা হইলে। আখ্যাতা — আখ্যাত :ক্রিয়া সকল সামঞ্ঞমত্থং — সামান্য অর্থ, অর্থাৎ সাধারণ ক্রিয়া মাত্র। বদন্তি — বলে, প্রকাশ করে। স্যাদযো — সি, যো ইত্যাদি শব্দ বিভক্তি সকল। তু — কিন্তু। বিসেসং — বিশেষ অর্থ। বদন্তি — বলে।

ব্যাখ্যা। 'সূদেন ওদনো পচ্চতে' এই কর্ম্মবাচ্যের বাক্যে 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়ার 'তে' বিভক্তি দ্বারা এক বচনের অর্থ প্রকাশ করা হয় বটে কিন্তু তদ্বারা 'অমুক কর্ম্মের এক বচন' এইরূপ নির্দ্দিষ্ট করিয়া প্রকাশ করা হয় না। উক্ত ক্রিয়া বিভক্তি সামান্যতঃ একবচনের অর্থ মাত্র প্রকাশ করাতে উহার বিশেষার্থ জানিবার জন্য 'কি পক্ক হইতেছে' অনুসন্ধান করিলে ওদন বিশেষ পক্ক হইতেছে, সুতরাং ওদনেরই একবচন বুঝা যায়, অন্য কোন বস্তুর একবচন নহে। অতএব ইহাতে বুঝা গেল সমস্ত আখ্যাত বিভক্তি সামান্য ক্রিয়ার্থ মাত্র প্রকাশ করে বটে, অমুক বা অমুকের এইরূপ নির্দ্দিষ্ট করিয়া বিশেষার্থ প্রকাশ করিতে পারে না কিন্তু সি, যো ইত্যাদি শব্দ বিভক্তি উক্ত প্রকারে নির্দ্দিষ্ট করিয়া বিশেষার্থও প্রকাশ করিতে পারে।

যজ্জেবং বিসেস গতং কম্মং নিস্সায দুতিযাপি কিং ন হোতীতি চে, তগ্গতম্পি কম্মং সদ্দসত্তিস্স ভাবতো তেবিভত্তিযা এব গম্যতেতি।

শব্দার্থ। যজ্জেবং — যদি এইরূপ হয়, যদি+এবং=যজ্জেবং সন্ধি। বিসেসগতং — বিশেষার্থ প্রাপ্ত, বিশেষ গুণ প্রাপ্ত। কম্মং নিস্সায — কর্ম্মহেতু; কর্ম্মকে অবলম্বন করিয়া। দুতিযাপি — দ্বিতীয়া বিভক্তিও। কিংনহোতীতিচে — তবে কেন হয় না। তগ্গতম্পি কম্মং — সেই

বিশেষ গুণপ্রাপ্ত কর্ম্ম, সেই বিশিষ্ট কর্ম্ম। সদ্দসত্তিস্সভাবতো —শব্দ শক্তির স্বভাবে, শব্দ শক্তির স্বভাব বশতঃ। তে বিভত্তিযা এব —'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়ার 'তে' বিভক্তি দ্বারাই। গম্যতে —বুঝা যায়।

ব্যাখ্যা। উল্লিখিত বিষয়ে সন্দেহ ভঞ্জনার্থে এস্থলেও প্রশ্নোত্তর হইতেছে।

প্রশ্ন। যদি এইরূপ হয়, তবে ওদন বিশেষ রূপ উক্ত-কর্ম্মের এক বচনকে অপেক্ষা করিয়া তাহাতে দ্বিতীয়া বিভক্তির এক বচন কেন হইতে পারে না?

উত্তর। সেই ওদন রূপ উক্ত-কর্ম্মে যে প্রথমার এক বচন স্থিত আছে, তাহা 'পচ্চতে' এই ক্রিয়া দ্বারা জানা যায়, কারণ, ক্রিয়া দ্বারা উক্ত-কর্ম্মে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হয়, ইহা শব্দ-শক্তির স্বভাব, সুতরাং সেই অবস্থায় দ্বিতীয়ার একবচন হইতে পারে না। 'সূদো ওদনং পচতি' যদি এইরূপ কর্ত্তৃবাচ্যের প্রয়োগ হয়, তবে অনুক্ত-কর্ম্মে দ্বিতীয়ার এক বচন হইতে পারে অর্থাৎ যেই অবস্থায় কর্ম্মে প্রথমার একবচন হয়, সেই অবস্থায় উহাতে দ্বিতীয়ার এক বচন হইতে পারে না, অন্য অবস্থায় তাহা হইতে পারে।

**কথমাগত-সমণং বিহারং পস্সেসত্তিচে, বিহারস্স আগমনকম্মভূতাবত্থা সমাসেনবুত্তা দস্সন কম্মভূতমবত্থন্ত জোতযিতুং ততিযা সিযা। এবং কত্তাদিসুসাম্মিনি চ যথাযোগং বুত্তত্তবিভত্তি বচনানি নেতব্বানি।**

শব্দার্থ। কথং — কি প্রকারে। আগত-সমণং বিহারং পস্স — 'আগত-সমণং বিহারং পস্স' এই কর্ত্তৃবাচ্যের বাক্যে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে, অর্থাৎ এস্থলে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি কিরূপে হইল? বিহারস্স—বিহারের আগমনকম্মভূতাবত্থা— আগমন ক্রিয়ার কর্ম্মভূত অবস্থা। সমাসেন বুত্তা — বহুব্রীহি সমাসের দ্বারা উক্ত হইয়াছে।

দস্সন কম্মভূতমবত্থং তু জোতযিতুং — দর্শন ক্রিয়ার কর্ম্মভূত অবস্থা প্রকাশ করিতে। তুতিযা সিযা —দ্বিতীয়া বিভক্তি হয়। এবং কত্তাদিসু সামিনি চ — এইরূপ কর্ত্তাদি কারকে এবং সম্বন্ধ পদে। যথা যোগং —যথা যোগ্য। বুত্তত্তবিভত্তি বচনানি নেতব্বানি — কর্ত্তৃ, কর্ম্মাদি কারক সমূহের উক্তত্ব, বিভক্তি, ও বচন নেওয়া উচিত, অর্থাৎ কারক সমূহের উক্ত কর্ত্তা, উক্ত কর্ম্ম, উক্ত করণ,' এইরূপ উক্তভাব বিভক্তি ও বচন যথ ক্রমে পরে জানিয়া লইবে।

প্রশ্ন। 'আগত-সমণং বিহারং পস্স' এই বাক্যে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি কিরূপে হইল?

উত্তর। শ্রমণদের আগমন-ক্রিয়ার কর্ম্মভূত অবস্থা সমাসের দ্বারা উক্ত হইয়াছে। তৎ উক্ত কর্ম্মে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হইয়াছে। এখন অন্য কর্ত্তার দর্শন-ক্রিয়ার কর্ম্মভূত অবস্থা প্রকাশ করিতে এস্থলে অনুক্ত-কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। ভিন্ন কর্ত্তার ভিন্ন ক্রিয়ার একই কর্ম্ম বটে, কিন্তু অবস্থাভেদে, শব্দ শক্তির স্বভাব ও বক্তার বিবক্ষাবশে সর্ব্বত্র বিভক্তি ও বচনের প্রভেদ হইয়া থাকে এইরূপে কর্ত্তৃ কর্ম্মাদি ষড়বিধ কারকের ও সম্বন্ধপদের উক্তভাব, বিভক্তি ও বচন নিম্নোক্ত ক্রমিক বর্ণনা হইতে জানিয়া লইবে।

অপ্পধানং দুহাদীনং ন্যাদীনন্তু পধানকং,
কম্মং কম্মেস্বনেকেসু বুত্তকম্মন্তি বুচ্চতি।

অন্বয়। অনেকেসু কম্মেসু দুহাদীনং অপ্পধানং কম্মং ন্যাদীনং তু পধানকং কম্মং বুত্তকম্মং ইতি বুচ্চতি।

শব্দার্থ। অনেকেসু কম্মেসু — একের অধিক কর্ম্মের মধ্যে, অর্থাৎ দুই কর্ম্মের মধ্যে। দুহাদীনং — 'দুহ' প্রভৃতি ধাতুর প্রয়োগে, দুহ ধাতু প্রপূরণে বা দোহনার্থে। অপ্পধানং, কম্মং — অপ্রধান কর্ম্ম, অর্থাৎ গৌণকর্ম্ম। ন্যাদীনং — নী প্রভৃতি ধাতুর প্রয়োগে, নী ধাতু প্রাপণে,

অর্থাৎ নেওয়া অর্থে। তু — 'কন্তু। পধানকং কম্মং — প্রধান কর্ম্ম, অর্থাৎ মুখ্য কর্ম্ম। বুত্ত কম্মস্তি বুচ্চতি — উক্ত কর্ম্ম নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। ধাতু সমূহের মধ্যে কতকগুলি ধাতু অকর্ম্মক, কতকগুলি ধাতু এককর্ম্মক এবং কতকগুলি ধাতু দ্বিকর্ম্মক। তন্মধ্যে অকর্ম্মক ধাতুর কর্ম্মবাচ্য নাই ভাববাচ্য আছে এককর্ম্মক ও দ্বিকর্ম্মক ধাতুরই কর্ম্মবাচ্য হইয়া থাকে। দুহ প্রভৃতি ধাতুর অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়, কিন্তু নী প্রভৃতি ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়।

কর্ম্মবাচ্যে যে কর্ম্মে প্রথমা বিভক্তি হয় তাহাকে উক্ত কর্ম্ম এবং যে কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়, তাহাকে অনুক্ত কর্ত্তা বলে। কিন্তু কর্ত্তৃবাচ্যে যে কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়, তাহাকে উক্ত কর্ত্তা এবং যে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়, তাহাকে অনুক্ত কর্ম্ম বলে।

> দুহ যাচ রুধি পুচ্ছ ভিক্খ সাস্ বচাদযো,
> নী বহ হরাদযো চ উভযেতে দ্বিকম্মকা।

অন্বয়। দুহ, যাচ, রুধি, পুচ্ছ, ভিক্খ, সাস্, বচাদযো চ নী, বহ, হরাদযো চ তে উভযে দ্বিকম্মকা।

শব্দার্থ। দুহ, যাচ, রুধি, পুচ্ছ, ভিক্খ, সাস্, বচাদযো — দুহ ধাতু দোহনে, যাচ ধাতু যাচনে, রুধি ধাতু আবরণে, পুচ্ছ ধাতু জিজ্ঞাসায়, ভিক্খ ধাতু যাচনে, সাস্ ধাতু শাসনে, বচ ধাতু বাক্যে, আদযো — ইত্যাদি, প্রভৃতি; দুহ, যাচ প্রভৃতি ধাতুকে দুহাদি গণীয় ধাতু কহে। নী, বহ, হরাদযো — নী ধাতু নেওয়াথে, বহ ধাতু বহনে, হর ধাতু হরণে, আদযো — প্রভৃতি; নী বহ, হর প্রভৃতি ধাতুকে ন্যাদি গণীয় ধাতু কহে। তে উভয়ে — সেই দুহাদি গণীয় ধাতু ও ন্যাদি গণীয় ধাতু, সেই উভয় গণীয় ধাতু দ্বিকম্মকা — দ্বি কর্ম্মক ধাতু, যে সকল ধাতুর দুইটী কর্ম্ম আছে, উহাদিগকে দ্বিকর্ম্মক ধাতু কহে।

বঙ্গানুবাদ। দুহ, যাচ, রুধি, পুচ্ছ, ভিক্ষ, শাস্, বচ ইত্যাদি ধাতুকে দুহাদি গণীয় ধাতু কহে এবং নী, বহ, হর ইত্যাদি ধাতুকে ন্যাদি গণীয় ধাতু কহে। এই উভয় গণীয় ধাতুর দুইটী করিয়া কর্ম্ম থাকাতে ইহাদিগকে দ্বিকর্ম্মক ধাতু কহে।

তং যথা — গোপালেন গো খীরং দুষ্ হতে দুদ্ধা বা ইহ গোরূপং একং কম্মং খিরলক্খণং চেকং কম্মং এতেসু পযোজনত্তেনাভিমতং খীরং পধানং তন্নিমিত্তভূতা গো অপ্পধানা তস্মা গোতেত্থ বুত্তত্তা পঠমা খীরস্তিহানুত্তত্তা কম্মত্থে দুতিযা ; এবং যাচাদীসু।

শব্দার্থ। তং যথা — তাহা এইরূপ। গোপালেন — গোপাল কর্ত্তৃক। গো — এস্থলে গাভী, ধেনু। খীরং — ক্ষীর, দুগ্ধ। দুয হতে — দোহন করা হইতেছে। বা — অথবা। দুদ্ধা — দুহিতা, দুগ্ধা ; এস্থলে দুহ ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে 'ত' প্রত্যয় হইয়াছে, উহা কৃদন্ত ক্রিয়া ; গাভী দুহিতা বা দুগ্ধা হইতেছে অর্থাৎ গাভী দোহন করা হইতেছে। ইহ — এই কর্ম্মবাচ্যের বাক্যে, এই ক্রিয়া-কারকপদ সম্বন্ধে। গো রূপং একং কম্মং — 'গো' এই একটী কর্ম্ম। খীরলক্খনং চেকং কম্মং — এবং 'খীরং' এই একটী কর্ম্ম। এতেসু — এই উভয় কর্ম্মের মধ্যে। পযোজনত্তেনাভিমতং — গোপালের প্রয়োজন হেতু অভীপ্সিত বা ইচ্ছিত। খীরং পধানং — 'খীরং' এই কর্ম্মটী প্রধান। তন্নিমিত্তভূতা — সেই ক্ষীরের নিমিত্ত বা হেতুভূতা। গো অপ্পধানা — 'গো' এই কর্ম্মটী অপ্রধান। তস্মা — তদ্ধেতু। গোতেত্থ — এস্থলে 'গো' এই কর্ম্মটী, গো + ইতি + এত্থ = গোতেত্থ। বুত্তত্তা পঠমা — ক্রিয়া দ্বারা উক্ত হওয়াতে উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হইয়াছে। খীরস্তি-হানুত্তত্তা — 'খীরং' এই কর্ম্মটী ক্রিয়া দ্বারা উক্ত না হওয়াতে। কম্মত্থে দুতিযা — কর্ম্মার্থে অযুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। এবং যাচাদীসু — এইরূপ যাচ, রুধি ইত্যাদি ধাতুতেও দ্রষ্টব্য।

ব্যাখ্যা। দুহাদি গণীয় ধাতুর অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি এবং হ্যাদি গণীয় ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। উদাহরণ, 'গোপালেন গো খীরং দুয্হতে দুদ্ধা বা' এইটী কর্ম্মবাচ্যের বাক্য। এই উদাহরণে দুহ ধাতু দ্বিকর্ম্মক হেতু 'গো' একটী কর্ম্ম এবং 'খীরং' একটী কর্ম্ম; তন্মধ্যে 'খীরং' এইটী গোপালের প্রয়োজনবশতঃ প্রধান কর্ম্ম এবং ক্ষীরের নিমিত্ত ভূত 'গো' এইটী অপ্রধান কর্ম্ম। তদ্ধেতু 'গো' এই অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি এবং 'খীরং' এই প্রধান কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। এইরূপ — যাচকেন ধনী ধনং যাচীয়তে যাচিতো বা, গোপালেন বজো গাবং রুজ্ঝতে রুদ্ধো বা, সিস্‌সেন গরু ধম্মং পুচ্ছীযতে পুট্‌ঠো বা, বিপ্‌পেন জনো তণ্ডুলং ভিক্‌খীযতে ভিক্‌খিতো বা, আচারিযেন সিস্‌সো ধম্মং অনুসাসীযতে অনুসিট্‌ঠো বা, পণ্ডিতেন জনো কত্তব্বং বুচ্চতে বুত্তো বা, রঞ্ঞা গামো সহস্‌সং দণ্ডীযতে দণ্ডিতো বা, মালাকারেন রুক্‌খো পুপ্‌ফং অবচীযতে অবচিতো বা, গোপালিকায দধি নোনীতং মথীযতে মথিতং বা, সূদেন তণ্ডুলা ওদনং পচ্চন্তে পক্ক বা, ইত্যাদি।

দাসেন ভারো গামং নীযতে নীতো বা অত্র নীযমানো ভারো পধানো-তন্নিমিত্তং গামো অপ্পধানং; তথা বহাদীসু।

শব্দার্থ। দাসেন — দাস কর্ত্তৃক, চাকর কর্ত্তৃক। ভারো — ভার বা বোঝা। গামং — গ্রামে। নীযতে — নেওয়া হইতেছে। বা — অথবা। নীতো — নীত হইতেছে অর্থাৎ নেওয়া হইতেছে। অত্র — এস্থলে, অর্থাৎ এই উদাহরণে। নীযমানো — নীয়মান, যাহা নেওয়া হইতেছে। ভারো — ভার, বোঝা। পধানো — প্রধান কর্ম্ম, মুখ্য কর্ম্ম। তন্নিমিত্তং গামো — তাহার নিমিত্ত কারণ গ্রাম, অর্থাৎ ভার নেওয়ার নিমিত্ত ভূত গ্রাম। অপ্পধানং--অপ্রধান কর্ম্ম, অর্থাৎ গৌণ কর্ম্ম। তথা— তেমন, সেইপ্রকার। বহাদিসু — বহ প্রভৃতি ধাতুতেও দ্রষ্টব্য।

ব্যাখ্যা। পূর্ব্বে উক্ত হইয়াছে — দ্যাদি গণীয় ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। এস্থলে তাহাদের উদাহরণ, 'দাসেন ভারো গামং নীযতে নীতো বা' এস্থলে 'ভারো' একটী কর্ম্ম এবং 'গামং' একটী কর্ম্ম এই দুইটী কর্ম্ম। তন্মধ্যে 'ভারো' এইটী প্রয়োজন বশতঃ প্রধান কর্ম্ম এবং তন্নিমিত্তভূত 'গামং' এইটী অপ্রধান কর্ম্ম। তদ্ধেতু 'ভারো' এই প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি এবং 'গামং' এই অপ্রধান কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। এইরূপ দাসেন ভারো গামং বুয্হতে বুল্হো বা, দাসেন ভারো গামং হরীযতে হটো বা, ব্যাধেন মিগো গামং আকড্ঢীযতে আকড্ঢীতো বা, ইত্যাদি।

গতি বোধাহ্ন সদ্দত্থহরকরা কম্মকানং,
কত্তা অকারিতে যো তং বুত্তকম্মং হি কারিতে।

অন্বয়। গতি বোধাহ্ন সদ্দত্থ হরকরা কম্মকানং অকারিতে যো কত্তা, কারিতে হি তং বুত্ত কম্মং ভবতি।

শব্দার্থ। গতি বোধাহ্ন সদ্দত্থ হরকরা কম্মকানং — গত্যর্থক ধাতুর, বোধার্থক ধাতুর, অন্নার্থক ধাতুর, শব্দার্থক ধাতুর এবং হর ধাতুর, কর ধাতুর ও অকর্ম্মক ধাতুর, অর্থাৎ যেই ধাতুর অর্থ গতি বা গমন, যেই ধাতুর অর্থ বোধ বা জ্ঞান, যেই ধাতুর অর্থ অন্ন বা আহার, যেই ধাতুর অর্থ শব্দকরণ, এবং হরণার্থে হর ধাতুর, করা অর্থে কর ধাতুর ও অকর্ম্মক ধাতুর অর্থাৎ যেই ধাতুর কর্ম্ম নাই সেইরূপ ধাতুর। অকারিতে — অকারিতান্তাবস্থায়, অর্থাৎ অণিজন্তাবস্থায়, কারিত প্রত্যয়ান্ত ধাতুর অপ্রয়োগ অবস্থায়। যো কত্তা — যে কর্ত্তা। কারিতে — কারিতান্তাবস্থায়, অর্থাৎ ণিজন্তাবস্থায়, হেতু কর্ত্তার প্রয়োগে।

পালি ব্যাকরণে কারিত প্রত্যয় করিয়া যে ধাতু নিষ্পন্ন হয়, তাহাকে কারিতান্ত ধাতু বলে, কিন্তু সংস্কৃত ব্যাকরণে ণিচ্ প্রত্যয় করিয়া যে ধাতু নিষ্পন্ন হয়, তাহাকে ণিজন্ত ধাতু বলে। কারিতান্ত ধাতু ও ণিজন্ত ধাতু

কার্য্যতঃ এক। এক কর্ত্তা অন্য কর্ত্তাকে কার্য্যে নিযুক্ত করার নাম প্রেরণ, প্রেরণার্থে ধাতুর উত্তর কারিত প্রত্যয় হয়। যে অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাকে প্রয়োজক কর্ত্তা কহে। প্রয়োজক কর্ত্তার অনুসারে কারিতান্ত ক্রিয়ার পুরুষ ও বচন হয়। প্রয়োজক কর্ত্তা যাহাকে ক্রিয়ায় নিযুক্ত করে, তাহাকে প্রযোজ্য কর্ত্তা কহে। কোন কোন ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তা কর্ম্ম হয়। অন্যত্র প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়া থাকে। যে যে ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তা কর্ম্ম হয়, তাহা উপরের গাথায় দেখান হইয়াছে।

বঙ্গানুবাদ। গত্যর্থক ধাতুর, বোধার্থক ধাতুর, অন্নার্থক ধাতুর, শব্দার্থক ধাতুর এবং হর, কর ধাতুর ও অকর্ম্মক ধাতুর অকারিতন্তাবস্থায় যে কর্ত্তা, কারিতন্তাবস্থায় কর্ম্মবাচ্যে সে উক্ত কর্ম্ম হয়। যথা, অকারিতন্তাবস্থায় — দাসো গামং গচ্ছতি, এস্থলে 'দাসো' উক্ত কর্ত্তা। কারিতন্তাবস্থায় — সামিনা দাসো গামং গচ্ছাপীযতে গচ্ছাপীতো বা, এস্থলে 'সামিনা' এইটি অনুক্ত প্রয়োজক কর্ত্তা, এবং 'দাসো' এইটী উক্ত প্রযোজ্য কর্ম্ম। এইরূপ সিস্‌সো ধম্মং বুজ্ঝতি, কারিতে — গরুনা সিস্‌সো ধম্মং বোধাপীযতে বোধাপিতো বা; অকারিতে — ভিক্‌খু ভত্তং ভুঞ্জতি, কারিতে উপাসকেন ভিক্‌খু ভত্তং ভোজাপীযতে ভোজাপিতো বা; শব্দার্থে অকারিতে—সিস্‌সো পালিং পঠতি, কারিতে উপজ্ঝাযেন সিস্‌সো পালিং পাঠাপীযতে পাঠাপিতো বা; হর ধাতু যোগে অকারিতে — দাসো ভারং হরতি, কারিতে - সামিনা দাসো ভারং হারাপীযতে হারাপিতো বা; করধাতু যোগে অকারিতে — জনো পুঞ্ঞং করোতি, কারিতে—মুনিনা জনো পুঞ্ঞং কারাপীযতে কারাপিতো বা।

অকারিতান্তাবস্থায় যে কর্ত্তা, কারিতান্তাবস্থায় কর্ত্তৃবাচ্যে সে অনুক্ত কর্ম্ম হয়। যথা অকারিতে — দাসো গামং গচ্ছতি, এস্থলে 'দাসো' উক্তকর্ত্তা; কারিতে—সামী দাসং গামং গমযতি। গামযতি, এস্থলে 'দাসং'

অনুক্ত কর্ম্ম ও 'সামী' উক্ত কর্ত্তা। অকারিতে — সিস্সো ধম্মং বুজ্ঝতি কারিতে — গরু সিস্সং ধম্মং বোধেতি ইত্যাদি।

অকর্ম্মক ধাতুর প্রয়োগে:— সি ধাতু শয়নে, হত্থী সযতি, এস্থলে 'সযতি' এইটি অকর্ম্মক ক্রিয়া এবং 'হত্থী' এইটি উক্তকর্ত্তা; কর্ম্মবাচ্যে কারিত-প্রত্যয় যোগে — হত্থারোহেন হত্থী সযাপীযতে সযাপিতো বা, এস্থলে 'হত্থারোহেন' এইটি অনুক্ত কর্ত্তা এবং 'হত্থী' এইটি উক্ত কর্ম্ম। কর্তৃবাচ্যে —হত্থারোহো হত্থিং সযাপেতি, এস্থলে 'হত্থারোহো' এইটী উক্ত কর্ত্তা এবং 'হত্থিং' এইটি অনুক্ত কর্ম্ম. এইরূপে কারিত প্রত্যয় যোগে অকর্ম্মক ধাতুও সকর্ম্মক হইয়া থাকে।

যস্সপ্পধানপ্পধান ক্রিযা সম্বন্ধতো সিযুং
বুত্তাবুত্তত্তা তত্থ পঠমা হোতি নাপরা।

অন্বয়। পধানপ্পধান ক্রিযা সম্বন্ধতো যস্স বুত্তাবুত্তত্তা সিযুং, তত্থ পঠমা হোতি, অপরা নহোতি।

শব্দার্থ। পধানপ্পধান ক্রিযা সম্বন্ধতো — প্রধানও অপ্রধান ক্রিয়ার সহিত সম্বন্ধ বশতঃ, এস্থলে সমাপিকা ক্রিয়াকে প্রধান ও অসমাপিকা ক্রিয়াকে অপ্রধান ক্রিয়া বলা হইয়াছে। যস্স—যেই কর্ম্মের। বুত্তাবুত্তত্তা সিযুং — উক্ত ভাব ও অনুক্ত ভাববশে দুইটী ভাব হয়। তত্থ — তত্র অর্থাৎ সেই কর্ম্মে। পঠমা হোতি — প্রথমা বিভক্তি হয় অর্থাৎ উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। অপরা নহোতি — অন্য বিভক্তি হয়না অর্থাৎ দ্বিতীয়া বিভক্তি হয় না।

বঙ্গানুবাদ। প্রধান ও অপ্রধান এইটী ক্রিয়ার সহিত সম্বন্ধ বশতঃ যে কর্ম্মের উক্ত ভাব ও অনুক্তভাব বশে দুইটী ভাব হয়, কর্ম্মবাচ্য সে কর্ম্মে প্রথমা বিভক্তি হয়, অন্য বিভক্তি হয় না। অর্থাৎ কর্ম্ম বাচ্যের বাক্যে সমাপিকা ও অসমাপিকা দুইটি ক্রিয়ার সহিত যেই কর্ম্মের সম্বন্ধ থাকে, সেস্থলে অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি না হইয়া,

উক্তকর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা, ব্রাহ্মণেন ওদনো পচিত্বা ভুজ্জতে ভুত্তো বা, এস্থলে 'ভুজ্জতে' কিম্বা 'ভুত্তো' ক্রিয়াটি প্রধান এবং 'পচিত্বা' ক্রিয়াটী অপ্রধান; প্রধান ক্রিয়াদ্বারা 'ওদনো' কর্ম্ম উক্ত হওয়াতে তাহাতে প্রথমা বিভক্তি হইয়াছে এবং অপ্রধান ক্রিয়া দ্বারা কর্ম্ম উক্ত না হওয়াতে তাহাতে অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তির সম্ভাবনা ছিল কিন্তু প্রধান ক্রিয়াদ্বারা কর্ম্ম উক্ত হওয়াতে সেই উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হইয়াছে।

ভিক্খিত্বা কিণিত্বাঞ্ঞথা বা ভোজনক্রিযং কত্তুং সক্কাতি ভিক্খাদীনং সামঞ্ঞভূতং ভোজনক্রিযং ভিক্খাদিক্রিযতো ব্যাবচ্ছিন্দতীতি পাকক্রিযা ভোজনক্রিযায বিসেসং — ননুপচিত্বা দানং গহণমঞ্ঞং বা কত্তুম্পি সক্কাতি দানাদীনং সাধারণস্স পচনস্স ভোজনক্রিযায দানাদিতো বিসেসীযমানত্তা পচনং চ বিসেস্সং, সচ্চং তথাহি পচনমপ্পধানং ত্বান্তেনা বুচ্চমানত্তা ত্বান্তেনাভিধীযমানা হি ক্রিযা কম্মুত্তর ক্রিযমপেক্খতীত্যপ্পধানা।

শব্দার্থ। ভিক্খিত্বা — ভিক্ষা করিয়া। কিণিত্বা — ক্রয় করিয়া। অঞ্ঞথা—অন্য প্রকারে। বা—অথবা। ভোজনক্রিযংকত্তুংসক্কা — ভোজন ক্রিয়া করিতে পারা যায়। ভিক্খাদীনং — ভিক্ষাদ অপ্রধান ক্রিয়ার মধ্যে। সামঞ্ঞভূতং — সামান্যভূত, সাধারণভূত। ভোজন ক্রিয়ং — ভোজন ক্রিয়াকে। ভিক্খাদি ক্রিযাতো — ভিক্ষাদি অপ্রধান ক্রিয়া হইতে। ব্যাবচ্ছিন্দতি — পৃথক করিতেছে। ইতি — এই কারণে। পাক ক্রিযা — পাক ক্রিয়া, অর্থাৎ অপ্রধাম ক্রিয়া। ভোজনক্রিযায — ভোজন ক্রিয়ার অর্থাৎ প্রধান ক্রিয়ার। বিসেসনং —বিশেষণ। ননু — প্রশ্নবোধক অব্যয়। পচিত্বা — পাক করিয়া, অপ্রধান ক্রিয়া। দানং গহণং — দান ক্রিয়া, গ্রহণ ক্রিয়া, প্রধান ক্রিয়া। অঞ্ঞং—অন্য অপ্রধান ক্রিয়া। বা—অথবা। কত্তুম্পি —

কারিতেপ্প। সক্কা — পারা যায়। ইতি — এই কারণে। দানাদীনং — দানাদি প্রধান ক্রিয়ার মধ্যে। সাধারণস্স পচনস্স — সাধারণ পাক ক্রিয়ার অর্থাৎ অপ্রধান ক্রিয়ার। ভোজনক্রিযায — ভোজন ক্রিয়ার। দানাদিতো — দানাদি প্রধান ক্রিয়া হইতে বিসেসীযমানত্তা — বিশেষ করা হইতেছে বলিয়া। পচনং — পাক ক্রিয়া অর্থাৎ অপ্রধান ক্রিয়া। বিসেস্সং — বিশেষ্য পদ। সচ্চং — সত্য। তথাপি তাহা হইলেও। পচনমপ্পধানং — পাক ক্রিয়া অপ্রধান। ত্বান্তেন — ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়া দ্বারা। বুচ্চমানত্তা — বলা হইতেছে বলিয়া, কথিত হওয়াতে। ত্বান্তেনাভিধীযমানা ক্রিযা — ত্বা প্রত্যয়ান্ত কথিত পূর্ব্ব ক্রিয়া, ত্বা প্রত্যয়ান্ত অসমাপকা ক্রিয়া। কম্পি — কাহাকে অপেক্ষা করিতেছে অর্থাৎ কোন্ ক্রিয়াকে অপেক্ষা করে। উত্তরক্রিযামপেক্খতীতি অপ্পধানা — উত্তর ক্রিয়াপদকে অপেক্ষা করে বলিয়া অপ্রধান অর্থাৎ সমাপিকা ক্রিয়াকে অপেক্ষা করে বলিয়া অসমাপিকা ক্রিয়া অপ্রধান।

ব্যাখ্যা। উল্লিখিত উদাহরণে যেমন 'পচিত্বা' এই ত্বা প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার পরে 'ভুজ্জতে' এই সমাপকা ক্রিয়া প্রয়োগ করা হইয়াছে তেমন 'ভিক্খিত্বা, কিণিত্বা' কিম্বা অন্য কোন ত্বা প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার পরেও 'ভুজ্জতে' এই সমাপকা ক্রিয়া প্রয়োগ করা যাইতে পারে। তাহা হইলে, ত্বা প্রত্যয়ান্ত অনেক অসমাপিকা ক্রিয়ার মধ্যে 'ভুজ্জতে' এই সমাপকা ক্রিয়াটি সাধারণ, সাধরণা বলিয়া 'পচিত্বা' এই অসমাপকা ক্রিয়াটি 'ভুজ্জতে' এই সমাপিকা ক্রিয়াটিকে অন্যান্য ত্বা প্রত্যয়ান্ত অসমাপকা ক্রিয়া হইতে পৃথক করিতেছে। তদ্ধেতু 'পচিত্বা' ক্রিয়া 'ভুজ্জতে' ক্রিয়ার বিশেষণ।

প্রশ্ন। যেমন 'পচিত্বা' এই অসমাপক ক্রিয়ার পরে 'ভুজ্জতে' এই সমাপকা ক্রিয়া প্রয়োগ করা হয় ... তেমন সেই চিত্বা

ক্রিয়ার পরে 'দীষতে, গয়হতে' কিম্বা অন্য কোন সমাপিকা ক্রিয়াও কি প্রয়োগ করা যাইতে পারে না? যদি পারে, তবে অনেক সমাপিকা ক্রিয়ার মধ্যে 'পচিত্বা' এই অসমাপিকা ক্রিয়াটী সাধারণ, সাধারণ বলিয়া 'ভুঞ্জতে' এই সমাপিকা ক্রিয়াটি 'পচিত্বা' এই অসমাপিকা ক্রিয়াটিকে অন্যান্য সমাপিকা ক্রিয়া হইতে পৃথক করিতেছে। তদ্ধেতু 'পচিত্বা' এই অসমাপিকা ক্রিয়াটী 'ভুঞ্জতে' এই সমাপিকা ক্রিয়ার বিশেষ্য এবং 'ভুঞ্জতে' এইটী উহার বিশেষণ নহে কি?

উত্তর। হাঁ, তাহা সত্য বটে; তথাপি 'পচিত্বা ভুঞ্জতে' এইরূপ প্রয়োগ করাতে 'পচিত্বা' এইটী অপ্রধান ক্রিয়া (অসমাপিকা) এবং 'ভুঞ্জতে' এইটী প্রধান ক্রিয়া সমাপিকা। সুতরাং অপ্রধান ক্রিয়া প্রধান ক্রিয়ার অপেক্ষা করিতেছে বলিয়া অপ্রধান ক্রিয়াটী প্রধান ক্রিয়ার বিশেষণ এবং প্রধান ক্রিয়ার সম্বন্ধানুসারে উক্ত কর্ম্মে প্রথমা বিভক্তি হইয়া থাকে।

---

## বিশেষণ ও বিশেষ্য।

যাব পদদ্বয়ং কিঞ্চি সম্বন্ধমুপলব্ভতে,
বিসেসন বিসেস্সত্তং গম্যতে তত্থ কামতো।

অন্বয়। যাব কিঞ্চি পদদ্বয়ং সম্বন্ধং উপলব্ভতে, তত্থ বিসেসন-বিসেসসত্তং কামতো গম্যতে।

শব্দার্থ। যাব — যাবৎ। 'কিঞ্চিপদদ্বয়ং — কোন পদদ্বয়। সম্বন্ধং — সম্বন্ধ। উপলব্ভতে — উপলব্ধ হয়, বুঝা যায়। তত্থ — তত্র, সেই পদদ্বয়ে। বিসেসন-বিসেস্সত্তং — বিশেষণ ও বিশেষ্যত্ব, অর্থাৎ বিশেষণ ও বিশেষ্য ভাব। কামতো — ইচ্ছানুরূপ। গম্যতে — প্রতীত হয় বা জানা যায়

বঙ্গানুবাদ। দুই পদের মধ্যে পরস্পর সম্বন্ধ ভাব থাকিলে, তন্মধ্যে বক্তার ইচ্ছানুরূপ একটী বিশেষণ ও অপরটী বিশেষ্য পদ হয়। যেমন, নীলমুপ্পলং, এস্থলে 'নীল' 'একটী পদ ও 'উপ্পলং' একটী পদ, এই পদদ্বয়ের যে কোন একটী পদকে বক্তার ইচ্ছামতে বিশেষণ বা বিশেষ্য পদ করা যাইতে পারে। প্রথমতঃ কেবল উৎপল বলিলে, তাহা নীল, পীত, লাল, শ্বেত প্রভৃতি নানাবিধ উৎপল সমূহের মধ্যে সাধারণ বুঝায় কিন্তু নীল উৎপল বলিলে নীল গুণটী উৎপল দ্রব্যটীকে অন্যান্য গুণযুক্ত উৎপল হইতে পৃথক করে অর্থাৎ অন্যান্য গুণযুক্ত উৎপল সমূহের মধ্যে নীল গুণদ্বারা তাহা বিশেষ করা হয়। সুতরাং উৎপল দ্রব্যটী বিশেষ্য ও নীল গুণটী তাহার বিশেষণ। দ্বিতীয়তঃ কেবল নীল বলিলে তাহা উৎপল, আকাশ, বস্ত্র, ভ্রমর প্রভৃতি নানাবিধ দ্রব্য সমূহের মধ্যে সাধরণ বুঝায় কিন্তু নীলউৎপল বলিলে উৎপল দ্রব্যটী নীলগুণটীকে অন্যান্য দ্রব্য সমূহ হইতে পৃথক করে। সুতরাং এস্থলে উৎপল দ্রব্যটী নীল গুণের বিশেষণ ও নীলগুণটী তাহার বিশেষ্য এইরূপে বক্তার বিবক্ষাবশে বিশেষণ ও বিশেষ্য দ্রষ্টব্য। তথাপি গুণটী দ্রব্যেরই বিশেষণ বলিয়া সর্ব্বত্র গৃহীত হইয়া থাকে।

যস্মা হি যত্তেদবুদ্ধি হোতি তং তব্বিসেসনং,
তং চ জাতি গুণ ক্রিয়া দব্বন্নামং'ত্যনেকধা।

অন্বয়। যস্মা হি যত্তেদবুদ্ধি হোতি তং তব্বিসেসনং, তং চ জাতি গুণ ক্রিয়া দব্বং নামন্তি অনেকধা।

শব্দার্থ। যস্মা — যাহা হইতে। যত্তেদবুদ্ধি হোতি — যাহার ভেদ বুদ্ধি বা ভেদ জ্ঞান হয়। তং — তাহা, সেই ভেদজ্ঞানের হেতু। তব্বিসেসনং — তাহার বিশেষণ অর্থাৎ বিশেষণের আধারভূত পদার্থের বিশেষণ। তং চ — তাহাও, উক্ত বিশেষণও। জাতি-গুণ-ক্রিয়া —

জাতি, গুণ, ক্রিয়া দব্বং — দ্রব্য। নামং — নাম অর্থাৎ ব্যক্তি। অনেকধা — অনেক প্রকার।

বঙ্গানুবাদ। যাহা হইতে যাহার ভেদ বুদ্ধি হয়, তাহা তাহার বিশেষণ। অর্থাৎ যে পদদ্বারা যে পদের গুণ বা অবস্থা প্রকাশ করা হয়, সেই পদ সেই পদের বিশেষণ। বিশেষণ পাঁচ প্রকার:— জাতি, গুণ, ক্রিয়া, দ্রব্য ও নাম।'

যথা গো ধবলো গন্তা বিসাণী দেবদত্তকো,
জাত্যাদীপি বিসস্‌সন্তে নিস্‌সযেহি সকেহি তু।

অন্বয়। যথা ধবলো গন্তা বিসাণী দেবদত্তকো গো জাত্যাদীহিপি সকেহি নিস্‌সযেহি বিসেস্‌সন্তে।

শব্দার্থ। যথা — যেমন। ধবলো — শ্বেত। গন্তা — গমনকর্ত্তা, গমনকারী। বিসাণী — শৃঙ্গী। দেবদত্তকো — দেবদত্ত নামক। গো — গরু। জাত্যাদীপি — জাতি, গুণ প্রভৃতিও। সকেহি নিস্‌সযেহি — স্বকীয় আশ্রয়ভূত দ্রব্যদ্বারা। বিসেস্‌সন্তে — বিশেষ করা হয়।

বঙ্গানুবাদ। উক্ত বিশেষণের উদাহরণ:— ধবলো গন্তা বিসাণী দেবদত্তকোগো, এস্থলে ধবলগুণ ইহার আশ্রয়ভূত গো দ্রব্যকে নীলাদি গুণযুক্ত দ্রব্য হইতে পৃথক করিতেছে বলিয়া, তাহা গো দ্রব্যের বিশেষণ; 'গন্তা' এখানে গমন ক্রিয়া ইহার কর্ত্তাভূত গো দ্রব্যকে দাঁড়ান, শয়ন প্রভৃতি ক্রিয়াযুক্ত গো দ্রব্য হইতে পৃথক করিতেছে বলিয়া, 'গন্তা' এই পদটী গো দ্রব্যের বিশেষণ; 'বিসাণী' এস্থলে বিষাণ দ্রব্য বিষাণযুক্ত গো দ্রব্যকে বিষাণহীন গো দ্রব্য হইতে পৃথক করিতেছে বলিয়া, তাহা গো দ্রব্যের বিশেষণ; 'দেবদত্তকো' এস্থলে দেবদত্ত নামটী দেবদত্ত নামযুক্ত গো দ্রব্যকে যজ্ঞদত্তাদি নামযুক্ত গো দ্রব্য হইতে পৃথক করিতেছে বলিয়া, তাহা গো দ্রব্যের বিশেষণ; 'গো'

১৯

এস্থলে গোজাতি, ইহা গো দ্রব্যকে মনুষ্য অশ্বাদি জাতিযুক্ত দ্রব্য হইতে পৃথক করিতেছে বলিয়া উক্ত গো শব্দটী গো দ্রব্যের বিশেষণ। এস্থলে গো দ্রব্য অর্থ গরুর দেহ বা রূপস্কন্ধ দ্রব্য। এইরূপ জাতি গুণাদিও ইহাদের স্ব স্ব আশ্রয়ভূত দ্রব্যদ্বারা বিশেষ করা হয়। তাহার উদাহরণ নিম্নগাথায় উক্ত হইয়াছে।

তং যথা জাতি গাবস্স ধবলো গমনং তথা,
বিসাণং নামমিচ্চেবং জাত্যাদীনং বিসেস্সতা।

অন্বয়। তং যথা গাবস্সজাতি তথা গাবস্স ধবলো গাবস্স গমনং গাবস্স বিসাণং গাবস্স নামং ইতি এবং জাত্যাদীনং বিসেস্সতা হোতি।

শব্দার্থ। তং যথা — তাহা এইরূপ। গাবস্স জাতি — গরুর জাতি। তথা — তেমন। গাবস্স ধবলো — গরুর ধবলতা। গাবস্স গমনং — গরুর গমন। গাবস্স বিসাণং — গরুর বিষাণ। গাবস্স নামং — গরুর নাম। ইতি এবং — এইরূপ। জাত্যাদীনং — জাতি গুণাদির অর্থাৎ জাতি, গুণ, ক্রিয়া, দ্রব্য ও নাম এই পাঁচ পদের। বিসেস্সতা হোতি — বিশেষ্যভাব হয়।

বঙ্গানুবাদ। তাহার উদাহরণ এই:— গাবস্স জাতি গাবস্স ধবলো গাবস্স গমনং গাবস্স বিসাণং গাবস্স নামং, এস্থলে 'গাবস্স' এই পদটী জাতি, ধবলতা, গমন, বিষাণ ও নাম এই পাঁচটী পদকে বিশেষ করিতেছে বলিয়া 'গাবস্স' এই পদটী উক্ত পাঁচপদের বিশেষণ এবং উক্ত পাঁচ পদ উহার বিশেষ্য। এস্থলে গোত্ব লক্ষণই গো জাতি; সুতরাং গোত্ব বা গো জাতি গো দ্রব্যেই আছে; এই গো দ্রব্য উক্ত জাতির আধার। এইরূপ গুণাদিও, গো দ্রব্যকে আশ্রয় করিয়া থাকে বলিয়া উক্ত গো দ্রব্য গুণাদির আধার।

অথবা বিসেসযতীতি পরিযাযো বিসেসনং,
তং যথা গোতি কথিতে বাচাত্যত্থো বিসেস্সতে।

অন্বয়। অত্থং বিসেসযতীতি পরিযাযো বিসেসং তং যথা গোতি কথিতে বাচা ইতি অত্থো বিসেস্সতে।

শব্দার্থ। অত্থং — অর্থ বিসেসযতীতি — বিশেষ করে এই অর্থে। পরিযাযো — পর্য্যায় শব্দ, সমান অর্থবোধক শব্দ। বিসেসনং -- বিশেষণ নামে কথিত হয়। তং যথা — তাহা এইরূপ। গোতি কথিতে — 'গো' এই শব্দ বলিলে। বাচা ইতি — বাক্য এই পদে। অত্থো বিসেস্সতে — অর্থ বিশেষ করা হয় অর্থাৎ অভিপ্রেত অর্থ নির্দ্ধারিত হয়।

বঙ্গানুবাদ। সমানার্থ বাচক বা অভিন্নার্থ বোধক শব্দের নাম পর্য্যায় শব্দ। অভিপ্রেত অর্থকে নানা অর্থ হইতে বিশেষ করে বলিয়া পর্য্যায় শব্দও বিশেষণ। যেমন, গো বলিলে তদ্বারা গরু, ভূমি, মাতা, কিরণ, বাক্য ইত্যাদি নানা অর্থ বুঝায়; কিন্তু যখন নানা অর্থ না বুঝাইয়া অভিপ্রেত একটী মাত্র অর্থ বুঝায় — যেমন বাক্য, তখন এই বাক্য শব্দটী উক্ত গো শব্দের বিশেষণ হয়।

তত্রসকল খণ্ডমুণ্ডাদি ব্যত্তনুযাযী গোত্তাদি সামঞ্ঞং জাতি; দব্বনিস্সিতো নীলাদিকো গুণো; ক্রিযা বুত্তলকৃখণা; জাতাদীনমাধারো দব্বং; পবত্তি নিবুত্তিসংখাত বোহারত্থং করীযমানো সঙ্কেতো নামং নাম; অভিন্নত্থো সদ্দো পরিযাযো।

শব্দার্থ। তত্র — পূর্ব্বে উক্ত জাতি গুণাদির মধ্যে। সকল খণ্ডমুণ্ডাদিব্যত্তনুযাযী — সমুদয় অঙ্গ-প্রত্যঙ্গাদি বিশেষানুগামী। গোত্তাদি সামঞ্ঞং — গোত্বাদি সাধারণ লক্ষণ অর্থাৎ যে সকল লক্ষণ গো জাতির মধ্যে সাধারণ। জাতি — জাতি নামে কথিত হয়। দব্বনিস্সিতো — পৃথিব্যাদি দ্রব্যাশ্রিত অর্থাৎ যাহা পৃথিব্যাদি মহাভূতরূপকে আশ্রয় করিয়া থাকে। নীলাদিকো — নীল পীতাদি রূপ। গুণো— গুণ। ক্রিযা — ক্রিয়া, ব্যাপার। বুত্তলকৃখণা — আখ্যাত বিষয়ে

'অদ্দব্বভূত' ইত্যাদিতে উক্ত লক্ষণ যুক্ত। জাত্যাদীনমাধারো — জাতি গুণ, ক্রিয়া ও নাম ইহাদের আধার বা আশ্রয়। আধারো — পৃথিবী, অপ, তেজ ও বায়ু এই চতুর্মহাভূত পদার্থই এস্থলে আধার নামে কথিত। দব্বং — দ্রব্য নামে কথিত হয়। পবাত্ত নিবুত্তিসঙ্খাত-বোহারথং — প্রবর্ত্তি-নিবৃত্তি-লক্ষণভূত : ব্যবহারের জন্য ; কার্য্যে নিযুক্ত করার নাম প্রবর্ত্তি এবং তাহা হইতে নিবৃত্ত করার নাম নিবৃত্তি, প্রবর্ত্তি লক্ষণ বা নিবৃত্তি লক্ষণের নাম ব্যবহার। করীযমানো — বিধীয়মান, যাহা করা হইতেছে। সঙ্কেতো — সঙ্কেত। নামং নাম — নাম নামে কথিত হয় অভিন্নত্থো সদ্দো — অভিন্নার্থ শব্দ, সমানার্থ বোধক শব্দ। পরিযাযো — পর্য্যায় নামে কথিত হয়

ব্যাখ্যা। উল্লিখিত জাতি গুণাদির সংজ্ঞা এস্থলে বলা হইতেছে। সমুদয় অঙ্গ প্রত্যঙ্গাদি ব্যক্তানুযায়ী গোত্বাদি সাধারণ যে লক্ষণ, তাহার নাম জাতি। দ্রব্যাশ্রিত নীল, পীত প্রভৃতিকে গুণ কহে। আখ্যাত বিষয়ে উক্ত লক্ষণযুক্ত যে ব্যাপার, তাহার নাম ক্রিয়া। জাতি গুণাদির আধারকে দ্রব্য কহে। প্রবর্ত্তি-নিবৃত্তি লক্ষণভূত ব্যবহারার্থে বিধীয়মান যে সঙ্কেত, তাহাকে নাম বলে অভিন্নার্থবোধক শব্দকে পর্য্যায় কহে।

বিসেস্সে দিস্সমানা যা লিঙ্গসঙ্খ্যা বিভত্তিযো,
তুল্যাধিকরণে ভীয্যো কত্তব্বা তা বিসেসনে।

অন্বয়। বিসেস্সে দিস্সমানা যা লিঙ্গ-সঙ্খ্যা বিভত্তিযো তা তুল্যাধিকরণে বিসেসনে ভীয্যো কত্তব্বা।

শব্দার্থ। বিসেস্সে — বিশেষ্য পদে। দিসসমানা — দৃশ্যমানা। যা লিঙ্গ-সঙ্খ্যা-বিভত্তিযো — যেই লিঙ্গ, বচন ও বিভক্তি। তা — সেই লিঙ্গাদি। তুল্যাধিকরণে বিসেসনে — সমানাধিকরণ বিশেষণে। ভীয্যো — [illegible] কত্তব্বা—কর্ত্তব্য অর্থাৎ প্রয়োগ করিবে।

বঙ্গানুবাদ। বিশেষ্যপদের যে লিঙ্গ, যে বচন ও যে বিভক্তি হয়, উহার তুল্যাধিকরণ বিশেষণ পদেরও প্রায় সেই লিঙ্গ, সেই বচন ও সেই বিভক্তি হইয়া থাকে। যথা, 'কামাবচরং কুসলং চিত্তং উপ্পন্নং হোতি সোমনস্সসহগতং ঞাণসম্পযুত্তং,' এস্থলে 'চিত্তং' এইটী বিশেষ্যপদ নপুংসক লিঙ্গ, এক বচন ও প্রথমা বিভক্তি; কামাবচরং, কুসলং, উপ্পন্নং, সোমনস্সসহগতং, ঞাণসম্পযুত্তং, এই পদগুলি 'চিত্তং' এই বিশেষ্য পদের তুল্যাধিকরণ বিশেষণ, এস্থলেও উক্ত প্রকার লিঙ্গ বচনাদি হইয়াছে।

তুল্যাধিকরণেতি কিং — উপরের গাথায় কেবল বিশেষণ না বলিয়া তুল্যাধিকরণ বিশেষণ বলিবার কারণ কি? ইহা জিজ্ঞাসা করা হইতেছে। রঞ্ঞো ধনং — তাহার প্রত্যুত্তরে অন্য একটী ভিন্নাধিকরণের উদাহরণ দ্বারা বলা হইয়াছে — 'রঞ্ঞো ধনং', এখানে 'ধনং' এইটী বিশেষ্য পদ, 'রঞ্ঞো' এইটী ভিন্নাধিকরণ বিশেষণ পদ। বিশেষ্য পদের লিঙ্গাদি ভিন্নাধিকরণ বিশেষণ পদে হয় নাই। এই হেতু উক্ত গাথায় কেবল বিশেষণ না বলিয়া তুল্যাধিকরণ বিশেষণ বলা হইয়াছে।

ভীয্যোতি কিং — উল্লিখিত গাথায় ভীয্যো (প্রায়) এই শব্দটি প্রয়োগ করিবার কারণ কি? এইরূপ পুনঃ জিজ্ঞাসা করা হইয়াছে। গুণা পমাণং — তদুত্তরে অন্য একটী তুল্যাধিকরণ বিশেষণ পদের উদাহরণ দর্শাইয়া বলা হইয়াছে — 'গুণাপমাণং' এস্থলে 'গুণা' এইটী প্রকৃতি কর্ত্তা (উদ্দেশ্য পদ)। এবং 'পমাণং' এইটী বিকৃতি কর্ত্তা (বিধেয় পদ)। বস্তুতঃ বিকৃতি কর্ত্তা প্রকৃতি কর্ত্তার বিশেষণ হইয়া থাকে। উভয় পদ শীলাদি ধর্ম্মের অন্যতম একটিরই অর্থ প্রকাশ করিতেছে বলিয়া উহারা তুল্যাধিকরণ; কারণ — তুল্যাধিকরণ পদদ্বয় একই বস্তুর অর্থ প্রকাশ করিয়া থাকে। বিকৃতি কর্ত্তা আপন লিঙ্গাদি পরিত্যাগ করে না। তদ্ধেতু 'পমাণং এইটি তুল্যাধিকরণ

বিশেষণ হইলেও 'গুণা' এই প্রকৃতি কর্ত্তার লিঙ্গাদি গ্রহণ করে নাই। এই কারণে উল্লিখিত গাথায় 'ভীয্যো' শব্দের প্রয়োগ করা হইয়াছে।

কথং চিত্তানি বীসতি জাযন্তীতি চে — পুন জিজ্ঞাসা করা হইয়াছে — প্রকৃতি-বিকৃতি কর্ত্তা স্থলে উক্ত নিয়ম না হইতে পারে, তবে 'চিত্তানি বীসতি জাযন্তি' অর্থাৎ 'বীসতি চিত্তানি জাযন্তি' এস্থলে উক্ত নিয়ম হইবে না কেন? এস্থলে 'চিত্তানি' এইটী বিশেষ্যপদ, 'বীসতি' এইটী তুল্যাধিকরণ বিশেষণ পদ, এবং 'জাযন্তি' এইটী আখ্যাত ক্রিয়াপদ; এস্থলে বিশেষণপদটী উক্ত বিশেষ্যের লিঙ্গ ও বচন পরিত্যাগ করিয়া বিভক্তি মাত্র গ্রহণ করিয়াছে। এবং আখ্যাতপদটী কর্ত্তার লিঙ্গটী পরিত্যাগ করিয়া বচনটী গ্রহণ করিয়াছে। ইহাদের কারণ নিম্নে প্রদর্শিত হইয়াছে।

বীসন্তি সদ্দো অত্তনো নিযতিত্থিলিঙ্গেক বচনত্তা চিত্তসদ্দস্স বিভত্তি মত্তং গণ্হতি — উক্ত প্রশ্নের উত্তরে বলা হইয়াছে — 'বীসতি' শব্দটা নিত্য স্ত্রীলিঙ্গ ও একবচনান্ত, ইহার অন্য লিঙ্গ ও অন্য বচন নাই এই নিমিত্ত উহা চিত্তশব্দের লিঙ্গ ও বচনপরিত্যাগ করিয়া কেবল বিভক্তি মাত্র গ্রহণ করিয়াছে।

আখ্যাতিকনত্বলিঙ্গত্তা লিঙ্গং গহিতুং নারহতীতি বিসেস্সস্সবচনমত্ত-মপেক্খতে তস্মা জাযন্তীতি বহুবচনম্পি চিত্তাপেক্খমেব — আখ্যাত ক্রিয়াও অলিঙ্গ বলিয়া বিশেষ্যের লিঙ্গ গ্রহণ করিতে পারে না, বচন মাত্র অপেক্ষা করিয়া থাকে। এই হেতু উক্ত উদাহরণে 'জাযন্তি' এই আখ্যাত ক্রিয়াটী চিত্তশব্দের লিঙ্গ পরিত্যাগ করিয়া বহুবচনমাত্র গ্রহণ করিয়াছে। বিশেষ্যকে নির্দ্দেশ করে বলিয়া আখ্যাত ক্রিয়াও তাহার তুল্যাধিকরণ বিশেষণ পদ।

কিং বীসতিমপেক্খিত্বা একবচনম্পি নহোতীতি চে — নিত্য এক বচনান্ত 'বীসতি' শব্দের অপেক্ষা করিয়া আখ্যাত ক্রিয়াটীও কি এক-বচনে হইতে পারে না?

বীসতিয়া চিত্তবিসেসনভূততায়প্পধানত্তা — 'বীসতি' শব্দটী চিত্ত শব্দের বিশেষণবশতঃ অপ্রধান; প্রধান ও অপ্রধানের মধ্যে প্রধানটীর কার্য্যই প্রসিদ্ধ, এই হেতু অপ্রধান বিশেষণপদকে অপেক্ষা না করিয়া প্রধান বিশেষ্যপদকে অপেক্ষা করিয়া তাহার বচন গ্রহণ করিয়াছে।

নযোযমঞ্ঞত্রাপি ঞেয্যো — এই নিয়ম অন্যত্রও জ্ঞাতব্য অর্থাৎ এস্থলে যে নিয়ম প্রদর্শিত হইল, তাহা সর্ব্বত্রই দ্রষ্টব্য।

## অনুক্ত কর্ম্ম।

সমাস তদ্ধিত, কৃদন্ত ও আখ্যাত ক্রিয়ার দ্বারা যেই কর্ম্ম উক্ত হয় না, তাহার নাম অনুক্ত কর্ম্ম।

অনুত্ত কম্মং যথা — অত্র সমাস তদ্ধিতানং সকং সকং বাক্যমেবোদাহরণং কত্তব্বং।

শব্দার্থ। অনুত্ত কম্মং যথা — অনুক্ত কর্ম্ম যথা, অর্থাৎ অনুক্ত কর্ম্মের উদাহরণ প্রদর্শন করা হইতেছে। অত্র — এই স্থানে। সমাসতদ্ধিতানং — সমাস ও তদ্ধিত শব্দের। সকং সকং — স্ব স্ব। বাক্যমেবোদাহরণং — বাক্যং এব উদাহরণং। বাক্যমেব — বাক্যই। উদাহরণং — উদাহরণ। কত্তব্বং — কর্ত্তব্য, করা উচিত।

ব্যাখ্যা। এস্থলে অনুক্ত কর্ম্মের উদাহরণ পৃথক বলা হয় নাই। পূর্ব্বে উক্ত সমাস ও তদ্ধিত বাক্যের উদাহরণই দ্রষ্টব্য। পূর্ব্বে উক্ত সমাস বাক্য :— 'আগতা সমণা যং' এইটী বহুব্রীহি সমাসের বাক্য। এই বাক্যে 'আগতা' এইটী কৃদন্ত ক্রিয়া, তদ্দ্বারা উক্ত হইয়াছে বলিয়া 'সমণা' এইটী উক্ত কর্ত্তা এবং তদ্দ্বারা উক্ত হয় নাই বলিয়া 'যং' এইটী অনুক্ত কর্ম্ম, ইহা অনির্দ্দিষ্ট কর্ম্ম, 'বিহারং' এইটী নির্দ্দিষ্ট অনুক্ত কর্ম্ম। সুতরাং সেই কৃদন্ত ক্রিয়ার দ্বারা কিম্বা সমাসপদ দ্বারা কর্ম্ম উক্ত হয় নাই বলিয়া উহা অনুক্ত কর্ম্ম নামে অভিহিত হয়। সমাসের দ্বারা উক্ত হয়

নাই; কারণ, সমাসপদ তখন সিদ্ধ হয় নাই। কৃদন্তের দ্বারা উক্ত হয় নাই কারণ, কৃদন্ত ক্রিয়াটী কর্ত্তার বিশেষণ হইয়াছে; কর্ত্তা 'সমণা'; উহা কর্ম্মের অনুযায়িনী বা কর্ম্মের বিশেষণ হয় নাই। তজ্জন্য 'যং বিহারং' এইটী অনুক্ত কর্ম্ম এবং তাহাতে কর্ম্মার্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

তদ্ধিত বাক্যের উদাহরণ:— 'ঘতেন সংসট্‌ঠো ওদনো' এইটী তদ্ধিত বাক্য। এই বাক্যে 'সংসট্‌ঠো' এইটী কর্ম্মবাচ্যে তপ্রত্যয়নিষ্পন্ন কৃদন্ত ক্রিয়া, তদ্দ্বারা 'ওদনো' এই কর্ম্মটী উক্ত হইয়াছে বলিয়া 'ওদনো' এইটী উক্ত কর্ম্ম, উক্ত কর্ম্মে লিঙ্গার্থে প্রথমা বিভক্তি হইয়াছে। কিন্তু তাহা কৃদন্ত ক্রিয়ার দ্বারাই উক্ত হইয়াছে, তদ্ধিতান্ত শব্দ দ্বারা তাহা উক্ত হয় নাই, কারণ সংস্পৃষ্টার্থে 'ঘত' শব্দের উত্তর 'ণিক' প্রত্যয়ে সিদ্ধ 'ঘাতিকো' (ওদনো) এই তদ্ধিতান্ত শব্দ তখন সিদ্ধ হয় নাই। কৃদন্ত ক্রিয়ার দ্বারা উক্ত হওয়াতে উহাতে উক্ত কর্ম্মে প্রথমা হইয়াছে, কিন্তু তদ্ধিতান্ত শব্দ দ্বারা উক্ত না হইলেও তাহাতে অন্য ক্রিয়ার অভাবে অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া হয় নাই।

এবমনুত্তকত্তরি:— অনুক্ত কর্ত্তার উদাহরণও এইরূপে জানিবে। যথা, সূদেন ওদনো পচ্চতে, এস্থলে 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হইয়াছে, কর্ম্ম 'ওদনো', এই হেতু 'ওদনো' উক্ত কর্ম্ম এবং তাহাতে প্রথমা বিভক্তি হইয়াছে। কিন্তু 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই, কর্ত্তা 'সূদেন' এই হেতু ইহাকে অনুক্ত কর্ত্তা কহে, অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়।

আখ্যাত ক্রিয়া দ্বারা অনুক্ত কর্ম্মের উদাহরণ:— সূদো ওদনং পচতি, এস্থলে 'পচতি' এই আখ্যাত ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হইয়াছে, কর্ত্তা 'সূদো' এখানে উক্ত কর্ত্তায় প্রথমা হইয়াছে। কিন্তু ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হয় নাই, কর্ম্ম 'ওদনং', এই হেতু ইহাকে অনুক্ত কর্ম্ম কহে; অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়।

কৃদন্ত ক্রিয়া দ্বারা অনুক্ত কর্ম্মের উদাহরণ :— বুদ্ধো ধম্মং দেসিতবা, এস্থলে 'দেসিতবা' এই কৃদন্ত ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হইয়াছে, কর্ত্তা 'বুদ্ধো' এখানে উক্ত কর্ত্তায় প্রথমা হইয়াছে। কিন্তু ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হয় নাই, কর্ম্ম 'ধম্মং', এই হেতু ইহা অনুক্ত কর্ম্ম নামে কথিত হয়। অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়, ইহার নাম কর্ম্মার্থে দ্বিতীয়া। বুদ্ধেন ধম্মো দেসিতো, এস্থলে 'দেসিতো' এই কৃদন্ত ক্রিয়াটী 'ধম্মো' এই কর্ম্মের অনুযায়িনী হইয়াছে, তদ্ধেতু ইহা উক্ত কর্ম্ম নামে কথিত হয়, উক্ত কর্ম্মে প্রথমা হইয়াছে। কিন্তু ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই, কর্ত্তা 'বুদ্ধেন', এই হেতু ইহা অনুক্ত কর্ত্তা নামে কথিত হয়, অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। এইরূপে অনুক্ত করণ, অনুক্ত সম্প্রদান ইত্যাদি দ্রষ্টব্য।

## দ্বিকর্ম্মক ক্রিয়ার উদাহরণ।

অনেক কম্মকানং যথা — অনেক কর্ম্মক ক্রিয়ার উদাহরণ অর্থাৎ দ্বিকর্ম্মক ক্রিয়ার উদাহরণ এস্থলে প্রদর্শন করা হইতেছে। যথা, আখ্যাত ক্রিয়াযোগে — গোপালো গাবিং খীরং দোহতি, এস্থলে 'দোহতি' এইটী আখ্যাত ক্রিয়া, ইহা কর্ত্তানুযায়িনী হইয়াছে, কর্ত্তা 'গোপালো', এই হেতু ইহার নাম উক্ত কর্ত্তা, তাহাতে প্রথমা হইয়াছে ; কিন্তু ক্রিয়াটী কর্ম্মানুযায়িনা হয় নাই; কর্ম্ম 'গাবিং' এবং 'খীরং' এই দুইটী, এই হেতু ইহাদের নাম অনুক্ত কর্ম্ম, অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয়, ইহাকে কর্ম্মার্থে দ্বিতীয়া বলে।

কৃদন্ত ক্রিয়াযোগে উদাহরণ :— গোপালো গাবিং খীরং দুদ্ধবা, এস্থলে 'দুদ্ধবা' এইটী কৃদন্ত ক্রিয়া, ইহা 'গোপালো' এই কর্ত্তানুযায়িনী হইয়াছে, তদ্ধেতু 'গোপালো' এইটী উক্ত কর্ত্তা এবং তাহাতে প্রথমা হইয়াছে। ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হয় নাই বলিয়া অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া হইয়াছে, কর্ম্ম

'গাবিং' এবং 'খাবং' এই দুইটী। এইরূপ — ব্রাহ্মণো গহপতিং পটং যাচি যাচিতবা; গোপালো গাবং বজং রুন্ধি রুদ্ধবা; উপাসকো ভিক্খুং ধম্মং পুচ্ছি পুট্ঠবা, ইত্যাদি স্থলে দ্বিকর্ম্মক ক্রিয়ার কর্ম্মদ্বয় অনুক্ত, তাহাতে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

ন্যাদি গণীয় ধাতুর যোগে উদাহরণ:— দাসো ভারং গামং নযতি নীতবা ইত্যাদি স্থলে অনুক্ত কর্ম্ম পূর্ব্বোক্ত নিয়মে দ্রষ্টব্য।

গাবিং গামন্ত্যভযত্র — উল্লিখিত "গোপালো গাবিং খীরং দোহতি" এবং "দাসো ভারং গামং নযতি" এই উদাহরণ দুইটীর প্রথমটীতে 'গাবিং' এবং দ্বিতীয়টীতে 'গামং' এই উভয় স্থলে। "যং করোতি তং কম্মং" তিহানুবত্তিত বা কারেন কম্ম সঞ্ঞা অর্থাৎ "যেন বা কযিরতে তং করণং" এই সূত্রের 'বা' শব্দটী "যং করোতি তং কম্মং" এই সূত্রের অনুগমন করিতেছে, তাহ হইলে সূত্রটী 'যং করোতি তং বা কম্মং' এইরূপ হইল; সুতরাং এই সূত্রের 'বা' শব্দের যোগে এইরূপ অর্থ গ্রহণ করিতে হইবে যে কর্ত্তা যাহা করে, তাহার নিমিত্তকেও কর্ম্ম কহে। তদ্ধেতু এস্থলেও ক্ষীরের নিমিত্ত ভূত 'গাবিং' এবং ভারের নিমিত্ত ভূত 'গামং' এই দুইটী কর্ম্ম।

"গতি বুদ্ধি ভুজ পঠহর কর সযাদীনং কারিতে বা

তি কারিতে সতি বা দুতিযা পকৃথে কত্তরি ততিযা।

ভাবার্থ। এই সূত্রটী পূর্ব্বেও উক্ত হইয়াছে। গতিবোধার্থক প্রভৃতি এককর্ম্মক ধাতু কারিত প্রত্যয়-যোগে দ্বিকর্ম্মক হয়। কিন্তু এস্থলে বিশেষভাবে বলা হইতেছে যে, প্রযোজ্য কর্ত্তায় কখন দ্বিতীয়া ও কখন তৃতীয়া বিভক্তি হয়। যথা, সামা দাসং গামং গমযতি দাসেন বা, অর্থাৎ 'সামী দাসং গামং গমযতি', অথবা 'সামী দাসেন গামং গমযতি' এই উভয় বাক্য অর্থতঃ একই। প্রথমতঃ 'দাসো গামং গচ্ছতি'

এস্থলে গচ্ছতি' এই ক্রিয়ার কর্ত্তা 'দাসো' এবং 'গামং' এইটী তাহার কর্ম্ম। কারিতান্ত ধাতুর প্রয়োগে যথা — সামী দাসং গামং গমযতি, এস্থলে গমযতি' এইটী কারিতান্ত ক্রিয়া, ইহার প্রয়োজক কর্ত্তা 'সামী', এবং 'দাসং' এইটী প্রযোজ্যকর্ম্ম, এস্থলে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। পুনঃ 'সামী দাসেন গামং গমযতি' এস্থলে 'সামী' এইটী প্রয়োজক কর্ত্তা বা হেতুকর্ত্তা, 'দাসেন' এইটী প্রযোজ্যকর্ত্তা এস্থলে তৃতীয়া বিভক্তি হইয়াছে। গামন্ত্যত্রতু পুব্বেব বা কারেন কম্মসঞ্ঞা — গামং ইতি অত্র — অর্থাৎ উল্লিখিত উদাহরণে গামং' এইটী কর্ম্মকারক, তাহা পূর্ব্বে উক্ত 'যং করোতি তং বা কম্মং' এই সূত্রের 'বা' শব্দের দ্বারা প্রকাশ করা হইয়াছে। এইরূপ সিস্সো ধম্মং বুজ্ঝ ত — শিষ্য ধর্ম্ম বুঝিতেছে। কারিতান্ত ধাতুর প্রয়োগে:— গরু সিস্সং ধম্মং বোধয'ত — গুরু শিষ্যকে ধর্ম্ম বুঝাইতেছেন, এস্থলে 'গুরু' প্রয়োজক কর্ত্তা, 'শিষ্যকে' এইটী প্রযোজ্যকর্ম্ম, এস্থলে দ্বিতীয়া হইয়াছে, ধর্ম্ম' এইটীও কর্ম্মকারক, এবং 'বুঝাইতেছেন' এইটী কারিতান্ত ক্রিয়া। অন্যপ্রকার:— গরু সিস্সেন ধম্মং বোধযতি, এস্থলে 'সিস্সেন' এইটী প্রযোজ্যকর্ত্তা এস্থলে তৃতীয়া হইয়াছে। উপাসকো ভিক্খুং ভত্তং ভোজযতি ভিক্খুনা বা; আচারিযো অন্তেবাসিকং পালিং পাঠযতি অন্তে বাসিকেন বা, ইত্যাদি উদাহরণে কর্ত্তৃবাচ্যে প্রয়োজক কর্ত্তায় বা হেতুকর্ত্তায় প্রথমা বিভক্তি হইয়াছে, এবং প্রযোজ্যকর্ত্তায় কখন দ্বিতীয়া ও কখন তৃতীয়া বিভক্তি হইয়াছে।

দ্বিকর্ম্মক ধাতু কারিতপ্রত্যয়যোগে ত্রিকর্ম্মক হয়। যথা, গোপো দাসং গাবীং খীরং দোহাপেতি, এস্থলে 'গোপো' এইটী প্রয়োজক কর্ত্তা, 'দাসং' এইটী প্রযোজ্যকর্ম্ম, 'গাবিং' এইটী অপ্রধানকর্ম্ম, এবং 'খীরং' এইটী প্রধানকর্ম্ম; 'গোপো' এইটী উক্ত কর্ত্তা এবং দাসং, গাবিং ও খীরং এই তিনটী অনুক্তকর্ম্ম। ব্রাহ্মণো গাবো গোট্ঠে দোহাপেতি,

এস্থলে 'গোপালং' এবং 'খীরং' এই কর্ম্মদ্বয় উদ্ধৃত আছে।

অকর্ম্মকধাতু কারিতপ্রত্যয়যোগে এককর্ম্মক হয়। যথা, হত্থী সযতি — হস্তী শয়ন করিতেছে. এস্থলে 'সযতি' ক্রিয়াটী অকর্ম্মক ; কারিত-প্রত্যয়যোগে :— হত্থারোহো হত্থিং সাযতি — হস্ত্যারোহী বা মাহুত হস্তীকে শয়ন করাইতেছে. এস্থলে 'হত্থিং' এইটী প্রযোজ্যকর্ম্ম ; অথবা হত্থারোহো হত্থিনা সাযতি, এস্থলে 'হত্থিনা' একটী প্রযোজ্যকর্ত্তা, তৃতীয়া বিভক্তি হইয়াছে। এইরূপ জননী পুত্তং সাযতি পুত্তেন বা ; উপাসকো ভিক্খুং নিসীদাপেতি ভিক্খুনা বা, ইত্যাদি।

## উক্ত কর্ত্তা।

সমাস, তদ্ধিত, আখ্যাত ও কৃদন্তের দ্বারা কথিত কর্তৃকারককে উক্তকর্ত্তা কহে। উক্তকর্ত্তায় প্রথমা বিভক্তি হয়।

বুত্তকত্তা যথা — উক্তকর্ত্তা যথা, অর্থাৎ উক্তকর্ত্তার উদাহরণ এস্থলে প্রদর্শন করা হইতেছে। যথা, সমাসের দ্বারা :— 'জিতানি ইন্দ্রিযানি যেন' এইটী বহুব্রীহি সমাসের বাক্য, এই বাক্যে 'যেন' এস্থলে অনুক্ত কর্ত্তার তৃতীয়া হইয়াছে ; কিন্তু যখন সমাস করা হয়, তখন সমাস পদটী উক্ত কর্ত্তায় স্থিত হয় যেমন — 'জিতিন্দ্রিযো', মুনি, এস্থলে 'জিতিন্দ্রিযো' এইটী সমাস পদ মুনি উহার বিশেষ্যপদ, এই বিশেষ্যপদকে অপেক্ষা করিয়া সমাসপদটী সিদ্ধ হইয়াছে, সুতরাং তাহাতে উক্তকর্ত্তায় প্রথমা হইয়াছে। ইহাকে লিঙ্গার্থে প্রথমা বলে।

তদ্ধিতের দ্বারা :— 'অভিধম্মং অবেচ্চ অধীতে' এইটী তদ্ধিত বাক্য, এই বাক্যে 'অধীতে' এই আখ্যাত ক্রিয়ার কর্ত্তা উদ্ধৃত আছে উদ্ধৃত কর্ত্তাটী উক্তকর্ত্তা, তাহা আখ্যাত ক্রিয়ার দ্বারা উক্ত বলিয়া সেই আখ্যাত ক্রিয়ার উক্তকর্ত্তা নামে কথিত হয়, কিন্তু তদ্ধিতান্ত শব্দের দ্বারা উক্ত হয় নাই বলিয়া. তাহা তদ্ধিতান্ত শব্দের অনুক্তকর্ত্তা ;

'অভিধম্মং' এইটী অনুক্তকর্ম্ম, তদুত্তর 'ণিক' প্রত্যয় করিয়া 'আভিধম্মিকো' এই তদ্ধিতান্তপদ সিদ্ধ হইয়াছে, এই সিদ্ধপদ উক্তকর্ত্তা নামে কথিত হয়, ইহাতে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে। 'ভিক্খু' এইটী উহার বিশেষ্যপদ, এই পদটীকে লক্ষ্য করিয়া সেই তদ্ধিতান্ত পদটী সিদ্ধ হইয়াছে।

আখ্যাতক্রিয়া দ্বারা :— সূদো ওদনং পচতি; এস্থলে 'পচতি' এইটী আখ্যাতক্রিয়া, তাহা 'সূদো' এই কর্ত্তানুযায়িনী হইয়াছে, এই হেতু 'সূদো' এইটী উক্তকর্ত্তা নামে কথিত হয়, এবং 'ওদনং' এইটী অনুক্তকর্ম্ম, তাহাতে দ্বিতীয়া হইয়াছে, ইহাকে কর্ম্মার্থে দ্বিতীয়া বলে।

কৃদন্তের দ্বারা :— পুঞ্ঞকারো পুমা, এস্থলে 'পুঞ্ঞং' এই কর্ম্ম-উপপদের পর 'কর' ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণ প্রত্যয়ে নিষ্পন্ন 'পুঞ্ঞকারো' শব্দটী উক্ত কর্ত্তা নামে কথিত হয়, ইহাতে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে। 'পুমা' এইটী উহার বিশেষ্য পদ, এই পদটীকে অপেক্ষা করিয়া 'পুঞ্ঞকারো' এই কৃদন্ত পদ সিদ্ধ হইয়াছে।

বুত্তকত্তাতি সোঞ্ঞেয্যো যোমুখ্যোনেক কত্তুসু,
উস্সাহবত্তা মুখ্যো সো যো কত্তারং পযোজযে।

অন্বয়। অনেক কত্তুসু যো মুখ্যো সো বুত্তকত্তাতিঞ্ঞেয্যো, যো কত্তারং পযোজযে সো উস্সাহবত্তা মুখ্যো।

শব্দার্থ। অনেক কত্তুসু — অনেক কর্ত্তার মধ্যে অর্থাৎ একটী বাক্যে একের অধিক কর্ত্তা থাকিলে তাহাদের মধ্যে। যো মুখ্যো— যে কর্ত্তা মুখ্য বা প্রধান। সো — সেই কর্ত্তা। উস্সাহবত্তা — উদ্যমশীলতা হেতু। মুখ্যো — মুখ্য, প্রধান।

বঙ্গানুবাদ। একটী বাক্যে একের অধিক কর্ত্তা থাকিলে, তাহাদের মধ্যে যেইটী মুখ্য, কর্ত্তৃবাচ্যে তাহা উক্ত কর্ত্তা হয়। যে কর্ত্তা অন্য কর্ত্তাকে ক্রিয়ায় নিযুক্ত করে তাহার নাম মুখ্য কর্ত্তা বা প্রয়োজক

কর্ত্তা এবং যে কর্ত্তাকে ক্রিয়ায় নিযুক্ত করে, তাহার নাম অমুখ্য কর্ত্তা বা প্রযোয্য কর্ত্তা। যথা, সূদজেট্‌ঠো সূদেন ওদনং পাচেতি — সূদজ্যেষ্ঠ সূদের দ্বারা ওদন পাক করাইতেছে, এস্থলে 'সূদজেট্‌ঠো' এব 'সূদেন' এই দুইটী কর্ত্তা; তন্মধ্যে সূদজেট্‌ঠো' এইটী মুখ্য কর্ত্তা বা প্রয়োজক কর্ত্তা এবং 'সূদেন' এইটী অমুখ্য কর্ত্তা বা প্রযোজ্য কর্ত্তা। 'পাচেতি এই ক্রিয়াটী মুখ্য কর্ত্তার অনুযায়িনী হইয়াছে, তদ্ধেতু তাহা উক্ত কর্ত্তা, তাহাতে প্রথমা হইয়াছে এবং ক্রিয়াটি অমুখ্য কর্ত্তার অনুযায়িনী হয় নাই বলিয়া 'সূদেন' এইটী অনুক্ত কর্ত্তা ইহাতে তৃতীয়া বিভক্তি হইয়াছে। 'ওদনং' এইটী অনুক্ত কর্ম্ম, ইহাতে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

পযোজকম্পি যো অঞ্‌ঞো যদা পন পযোজযে,
বুত্তকত্তা তদা এসো তস্মাপ্যুস্‌সাহবন্ততো।

অন্বয় যদা পন পযোজকং অপি যো অঞ্‌ঞো পযোজযে, তদা তস্মা উস্‌সাহবন্ততো অপি এসো বুত্তকত্তা।

শব্দার্থ। যদা — যখন। পযোজং অপি — প্রয়োজক কর্ত্তাকেও। যো অঞ্‌ঞো পযোজযে — অন্য প্রয়োজক কর্ত্তা প্রথম প্রয়োজক কর্ত্তাকে ক্রিয়ায় নিযুক্ত করে। তদা — তখন। তস্মাউস্‌সাহবন্ততোপি — প্রথম প্রয়োজক কর্ত্তার উৎসাহ অপেক্ষা দ্বিতীয় প্রয়োজক কর্ত্তার উৎসাহ অধিকতর বলিয়া। এসো বুত্তকত্তা — দ্বিতীয় প্রয়োজক কর্ত্তা উক্ত কর্ত্তা হইয়া থাকে।

বঙ্গানুবাদ। যখন অন্য প্রয়োজক কর্ত্তা প্রথম প্রয়োজক কর্ত্তাকেও ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তখন সেই দ্বিতীয় প্রয়োজক কর্ত্তাই উক্ত কর্ত্তা হয় এবং তদনুযায়িনী ক্রিয়া হইয়া থাকে। প্রথম প্রয়োজক কর্ত্তা তখন প্রযোজ্য কর্ত্তায় পরিণত হইয়া থাকে। যথা, অমচ্চো সূদজেট্‌ঠেন সূদেন ওদনং পাচেতি এস্থলে অমাত্য সূদজ্যেষ্ঠকে পাক

ক্রিয়ায় নিযুক্ত করিতেছে সূদজ্যেষ্ঠ পুন সূদকে (পাচককে) ঐ কার্য্যে নিযুক্ত করিতেছে এবং সূদ ওদন পাক করিতেছে সুতরাং 'অমচ্চো' এইটী উক্ত প্রয়োজক কর্ত্তা, ইহাতে প্রথমা হইয়াছে, 'সূদজেট্‌ঠেন' এবং 'সূদেন' এই দুইটী অনুক্ত প্রযোজ্য কর্ত্তা, উভয়স্থলে তৃতীয়া বিভক্তি হইয়াছে।

এত্থ দুতিযহেতু বচনচ্ছাতো কারিতন্তস্মাপি পুন ণে হোতি পুব্বস্স কারিতস্স যদাদিনা লোপো কত্তব্বো।

শব্দার্থ। এত্থ — এস্থলে অর্থাৎ উক্ত উদাহরণে। দুতিযহেতু বচনচ্ছাতো — "যো কারেতি সহেতু" অর্থাৎ যে করায় সে হেতু কর্ত্তা এই বিধানমতে যেই ব্যক্তি প্রথম হেতু কর্ত্তাকেও কার্য্যে নিযুক্ত করে, সেই ব্যক্তির নাম দ্বিতীয় হেতু কর্ত্তা সুতরাং বক্তার বিবক্ষানুসারে দ্বিতীয় হেতু কর্ত্তার প্রয়োগ করা হইলে। কারিতন্তস্মাপি — কারিতান্ত ধাতুর উত্তরও। পুন ণে হোতি — পুন 'ণে' প্রত্যয় হয়; পুব্বস্স কারিতস্স — পূর্ব্ব কারিত প্রত্যয়ের অর্থাৎ প্রথম হেতু কর্ত্তার কারিত প্রত্যয়ের। যদাদিনা — যদনিপপন্নাদি সূত্রানুসারে অর্থাৎ নিপাতনে লোপো কত্তব্বো—লোপ করা কর্ত্তব্য অর্থাৎ লোপ করিবে।'

ভাবার্থ। পূর্ব্বে উক্ত 'অমচ্চো সূদজেট্‌ঠেন সূদেন ওদনং পাচেতি এই উদাহরণে দুইটী হেতু কর্ত্তা:— প্রথম হেতু কর্ত্তা 'সূদজেট্‌ঠেন এবং দ্বিতীয় হেতুকর্ত্তা 'অমচ্চো'। যখন একটী মাত্র হেতুকর্ত্তা হয়, তখন 'পচ' ধাতুর উত্তর ণে প্রত্যয়ও তি বিভক্তি করিয়া 'পাচেতি' এই হেতু ক্রিয়া প্রয়োগ করিতে হয়। বিবক্ষাবশে যখন দ্বিতীয় হেতু কর্ত্তা হয় অর্থাৎ হেতুকর্ত্তা একটী অধিক হয়, তখন 'পাচে' এই কারিতান্ত ধাতুর উত্তর আরো একটী ণে প্রত্যয় করিয়া পূর্ব্বে কৃত ণে প্রত্যয় লোপ করিতে হয় এবং তদন্তর তি বিভক্তি করিয়া 'পাচেতি' এই হেতু ক্রিয়া প্রয়োগ করিতে হয়। কারণ, প্রত্যেক

হেতু কর্ত্তার জন্ম ধাতুর উত্তর এক একটী ণে প্রত্যয় করা বিধেয়। একটী বাক্যে যতগুলি হেতুকর্ত্তা থাকিবে, ধাতুর উত্তর ততগুলি ণে প্রত্যয় করিয়া পূর্ব্ব পূর্ব্ব ণে প্রত্যয় লোপ করতঃ শেষের একটী মাত্র ণে প্রত্যয় রাখিতে হয় এবং তদন্তর যথাযথ ক্রিয়া বিভক্তি যোগ করিতে হয়। একের অধিক হেতুকর্ত্তা থাকিলে, শেষের একটী মাত্র হেতুকর্ত্তা উক্ত কর্ত্তা নামে কথিত হয় এবং সেই উক্ত কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়। অবশিষ্ট হেতুকর্ত্তা অনুক্ত কর্ত্তা নামে কথিত হয় এবং সেই অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়া থাকে।

## উক্ত কর্ম্ম-কর্ত্তা।

করীযমানং যং কম্মং সযমেবপ্পসিজ্‌ঝতি,
সুকরং সেহি গুণেহি কম্মকত্তাতি তং বিদুং।

অন্বয়। করীযমানং যং কম্মং সেহি গুণেহি সুকরং 'হুত্বা' সযমেবঃ পসিজ্‌ঝতি, তং কম্মকত্তাতি 'পণ্ডিতা' বিদুং।

শব্দার্থ। করীযমানং — যাহা করা হইতেছে। যং কম্মং — যেই কর্ম্ম। সেহি গুণেহি — স্বীয় গুণ দ্বারা, নিজের সাধন গুণে। সুকরং হুত্বা — সুখকর হইয়া, সহজসাধ্য হইয়া। সযমেব — স্বয়ংই অর্থাৎ নিজেই। পসিজ্‌ঝতি — প্রসিদ্ধ হয় অর্থাৎ সিদ্ধ হয়। তং — তাহাকে, সেই কর্ম্মকে। কম্মকত্তাতি — কর্ম্ম কর্ত্তা বলিয়া অর্থাৎ কর্ম্ম কর্ত্তা এই নামে। পণ্ডিতা — পণ্ডিতগণ। বিদুং — জানেন।

বঙ্গানুবাদ। যেই কর্ম্মটী নিজগুণে সুখকর হইয়া কর্ত্তার যত্ন ব্যতীত-স্বয়ংই সিদ্ধ হয়, তাহাকে কর্ম্ম-কর্ত্তা কহে অর্থাৎ যেস্থলে কর্ত্তার যত্ন ব্যতিরেকে কর্ম্ম নিজগুণে স্বয়ং সিদ্ধ হয়, তাহার নাম কর্ম্ম কর্ত্তা। কর্ম্ম কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়, অন্য কর্ম্মপদ থাকে না। কর্ম্ম কর্ত্তৃবাচ্যের ক্রিয়াটী কর্ম্মবাচ্যের ক্রিয়ার ন্যায়। যথা, কুসূলো সযমেব

ভিজ্‌জতে — অর্থাৎ কুস্থল স্বয়ংই ভাঙ্গিতেছে, এস্থলে কুস্থল অর্থ গোলা ঘর, ইহা জীর্ণ হওয়াতে স্বয়ং ভাঙ্গিয়া যাইতেছে। তত্র 'ভিজ্‌জতে' ক্রিয়াটী কর্ম্মবাচ্যের ক্রিয়ার ন্যায় হইয়াছে। 'কুস্থলো' এইটী কর্ম্ম-কর্ত্তা, ক্রিয়াটী কর্ম্ম-কর্ত্তার অনুযায়িনী হইয়াছে, এই হেতু 'কুস্থলো' এই উক্ত কর্ম্ম কর্ত্তায় প্রথমা বিভক্তি হইয়াছে।

কুস্থলো খলু অত্তট্‌ঠেসু লেড্‌ডু-সক্‌খরাদিসু জিণ্‌ণেসু পরপ্পযোগং বিনা ভেদমুপগচ্ছন্তো অত্তনা এব ভিজ্জতে নাম, ততো কম্মভূতো চ কত্তুভূতো চ সো এব।

শব্দার্থ। ইহার ভাবার্থ উপরে উক্ত হইয়াছে। এস্থলে কেবল শব্দার্থ দেওয়া হইতেছে।

কুস্থলো — কুস্থল বা কুশূল, শস্যাগার। খলু — নিশ্চয়ার্থক অব্যয়। অত্তট্‌ঠেসু লেড্‌ডু সক্‌খরাদিসু জিণ্‌ণেসু — আত্মস্থ লেষ্টু শর্করাদি জীর্ণ হইলে; অর্থাৎ যেই উপকরণে কুশূল নির্ম্মাণ করা হইয়াছিল, সেই উপকরণগুলি জীর্ণ হইলে। পরপ্পযোগং বিনা — পরের চেষ্টা বিনা, অর্থাৎ কর্ত্তার যত্ন ব্যতিরেকে। ভেদমুপগচ্ছন্তো — ভাঙ্গিতে ভাঙ্গিতে, অর্থাৎ ভাঙ্গিবার সময় উপস্থিত হইলে। অত্তনা এব ভিজ্জতে নাম — নিজেই ভাঙ্গিয়া যায় বলিয়া কথিত হয়। ততো — তাহার পর, এই কারণে। কম্মভূতো চ কত্তুভূতো চ সো এব — কর্ম্মভূত ও কর্ত্তৃভূত সেই কুশূলই অর্থাৎ সেই কুশূলকে কর্ম্মও বলা যায় কর্ত্তাও বলা যায়; যেমন — কুশূল ভাঙ্গিতেছে' এস্থলে কে ভাঙ্গিতেছে ইহা জিজ্ঞাসা করা হইলে, তদুত্তরে বলা হয় — উহা স্বয়ং ভাঙ্গিতেছে, অর্থাৎ কুশূল ভাঙ্গা ক্রিয়াটী স্বয়ং সিদ্ধ হইতেছে, কোন ব্যক্তির যত্ন উহাতে প্রয়োগ করা হয় নাই। বস্তুতঃ কর্ম্ম কর্ত্তৃবাচ্যের ক্রিয়াটী কোন ব্যক্তির চেষ্টাতে নিষ্পাদিত হয় না, প্রকৃতির নিয়মানুসারে ইহা স্বয়ং নিষ্পন্ন হইয়া থাকে।

**কম্ম কত্তা কম্মমিবেতি বত্তব্বং কম্মা তদেসতো চ কম্মকত্তরিপি কম্মনি বিয অত্তনোপদ য বিকরণা সিজ্ঝন্তি ইদং চ যদাদিনা সঙ্গহীতং।**

শব্দার্থ। কম্মকত্তা কম্মমিবেতি বত্তব্বং কম্ম তদেসতো — কর্ম্ম-কর্ত্তা কর্ম্মের ন্যায় ইহা বলা উচিত। কারণ কর্ম্মের স্বরূপ বা কর্ম্মের সাদৃশ্য উহাতে আছে। কম্ম-কত্তরিপি — কর্ম্ম-কর্তৃবাচ্যেও। কম্মনি বিয — কর্ম্মবাচ্যে যেমন ধাতুর উত্তর 'য' বিকরণ প্রত্যয় হয়। অত্তনোপদ য বিকরণা সিজ্ঝন্তি — আত্মনেপদে 'য' বিকরণ প্রত্যয় সিদ্ধ হয়, অর্থাৎ কর্ম্ম-কর্তৃবাচ্যে ধাতুর উত্তর য বিকরণ প্রত্যয় হয়। ইদং চ যদাদিনা সঙ্গহীতং — কর্ম্ম-কর্ত্তা কর্ম্মসদৃশ ইহা 'কচ্চায়ন' ব্যাকরণে "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে সংগৃহীত হইয়াছে।

ভাবার্থ। কর্ম্ম-কর্ত্তা কর্ম্মসদৃশ; তদ্ধেতু কর্ম্মবাচ্যে যেমন ধাতুর উত্তর 'য' এই বিকরণ প্রত্যয় হয়, তেমন কর্ম্ম কর্তৃবাচ্যেও ধাতুর উত্তর 'য' এই বিকরণ প্রত্যয় হয়। কর্ম্ম-কর্ত্তা কর্ম্ম সদৃশ ইহা 'কচ্চায়ন' ব্যাকরণে "যদনুপপন্না নিপাতনা সিজ্ঝন্তি" এই সূত্রানুসারে সংগৃহীত হইয়াছে।

## অনুক্ত কর্ত্তা।

যে কর্ত্তা ক্রিয়া দ্বারা উক্ত হয় না, তাহার নাম অনুক্ত কর্ত্তা। অনুক্ত কর্ত্তা যথা — অনুক্ত কর্ত্তার উদাহরণ এস্থলে প্রদর্শন করা হইতেছে। যথা সূদেন ওদনো পচ্চতে, এস্থলে 'পচ্চতে' এই আখ্যাত ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই, কর্ত্তা 'সূদেন', এই হেতু ইহাকে অনুক্ত কর্ত্তা বলে। অনুক্ত কর্ত্তার তৃতীয়া বিভক্তি হয়। ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হইয়াছে কর্ম্ম 'ওদনো', এই নিমিত্ত ইহার নাম উক্ত কর্ম্ম, উক্ত কর্ম্মে প্রথমা হয়। এইরূপ — পুমুনা পুঞ্ঞং কতং, এস্থলে 'কতং' এইটী কৃদন্ত ক্রিয়া, এই ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই, কর্ত্তা 'পুমুনা', এই

হেতু ইহার নাম অনুক্ত কর্ত্তা, ইহাতে তৃতীয়া বিভক্তি হইয়াছে। ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হইয়াছে কর্ম্ম ‘পুঞ্ঞং’, এই নিমিত্ত ইহার নাম উক্ত কর্ম্ম, এস্থলে প্রথমা হইয়াছে।

অনেক কত্তুকানং যথা — একাধিক কর্ত্তৃকারকযুক্ত বাক্যে অনুক্ত কর্ত্তার উদাহরণ প্রদর্শন করা হইতেছে। যথা. সূদজেট্ঠেন সূদেন ওদনো পাচাপীযতে, এই কর্ম্মবাচ্যের বাক্যে ‘পাচাপীযতে’ এই ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই কর্ত্তা ‘সূদজেট্ঠেন’ এবং ‘সূদেন’, তন্মধ্যে ‘সূদজেট্ঠেন’ এইটী প্রয়োজক কর্ত্তা এবং ‘সূদেন’ এইটী প্রযোজ্য কর্ত্তা, এই উভয় কর্ত্তার নাম অনুক্ত কর্ত্তা, অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়াছে। ‘ওদনো’ এইটী উক্ত কর্ম্ম, ইহাতে প্রথমা হইয়াছে। এইরূপ — অমচ্চেন সূদজেটঠেন সূদেন ওদনো পাচাপীযতে, এস্থলে ‘সূদেন’ এইটী প্রযোজ্য শুদ্ধ কর্ত্তা, ‘সূদজেট্ঠেন’ এইটী প্রথম হেতু কর্ত্তা, এবং ‘অমচ্চেন’ এইটী দ্বিতীয় হেতু কর্ত্তা। ক্রিয়াটী কর্ত্তানুযায়িনী হয় নাই বলিয়া উহারা অনুক্ত কর্ত্তা নামে কথিত হয়; তদ্ধেতু প্রত্যেক অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়াছে।

যস্সপ্পধানপ্পধান ক্রিয়াসম্বন্ধতো সিযুং,
অনুত্তবুত্ততা তত্থ ততিযা হোতি না পরা।

অন্বয়। পধানপ্পধান ক্রিয়া সম্বন্ধতো যস্স অনুত্তবুত্ততা সিযুং, তত্থ ততিযা হোতি ন অপরা।

শব্দার্থ। পধানপ্পধান ক্রিযা সম্বন্ধতো — মুখ্য ও অমুখ্য ক্রিয়দ্বয়ের সম্বন্ধ হেতু। যস্স — যাহার, যে কর্ত্তার। অনুত্তবুত্ততা সিযুং — অনুক্ত ভাব ও উক্ত ভাব হয়। তত্থ — তত্র, সেই সম্বন্ধে। ততিযা হোতি — তৃতীয়া বিভক্তি হয়। ন অপরা — অন্য প্রথমা বিভক্তি হয় না।

বঙ্গানুবাদ। এক কর্ত্তার সহিত প্রধান ও অপ্রধান ক্রিয়াদ্বয়ের সম্বন্ধ থাকিলে সেই সম্বন্ধে উক্ত কর্ত্তায় প্রথমা না হইয়া অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়া থাকে। যথা, ব্রাহ্মণেন ভুত্বা সুপ্যতে, এস্থলে 'ভুত্বা' এইটী অপ্রধান ক্রিয়া এবং 'সুপ্যতে' এইটী প্রধান ক্রিয়া। এই উভয় ক্রিয়া 'ব্রাহ্মণেন' এই কর্ত্তার সহিত সম্বন্ধ। এস্থলে সুপধাতু শয়নার্থে, সুপ ধাতু অকর্ম্মক বলিয়া তদুত্তর ভাববাচ্যে 'তে' বিভক্তি হইয়াছে। বস্তুতঃ যেখানে সাধ্য, সেইখানে সাধক থাকিবেই। এস্থলে শয়ন ক্রিয়াটী সাধ্য, সুতরাং তাহা সাধক বা কর্ত্তার অপেক্ষা করিতেছে, কর্ত্তা 'ব্রাহ্মণেন'। সেই ভাববাচ্যে নিষ্পন্ন 'সুপ্যতে' ক্রিয়া দ্বারা উক্ত হয় নাই বলিয়া 'ব্রাহ্মণেন' এইটী অনুক্ত কর্ত্তা। 'ভুত্বা' এই ত্বা প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়াটী কর্ত্তৃবাচ্যে নিষ্পন্ন বলিয়া তদ্দ্বারা কর্ত্তা উক্ত হইয়াছে, 'ব্রাহ্মণেন' এইটী তাহার উক্ত কর্ত্তা। 'ভুত্বা' এই ক্রিয়া দ্বারা উক্ত হইলেও, কিন্তু ত্বা প্রত্যয়ান্ত বলিয়া তাহা অপ্রধান। প্রধান ও অপ্রধানের মধ্যে প্রধানের কার্য্যই প্রসিদ্ধ। সুতরাং অপ্রধান ক্রিয়া দ্বারা উক্ত কর্ত্তায় প্রথমা না হইয়া প্রধান ক্রিয়া দ্বারা অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়াছে।

এত্থ সুপ সযনে ইচ্চস্স অকম্মকত্তা ভাবে তে বিভত্তি হোতি ভাবো চ সদ্দরূপত্তা কত্তারমপেক্খতে কত্তা চ তে বিভত্তিযা নবুত্তো, ত্বাপ্পচ্চযেন পন বুত্তো ন ম ত্বাস্স কত্তরি কতত্তা, তথাপি পধান সুপিনক্রিযা সম্বন্ধোপাযেন অবুত্তত্তা ততিযা; নত্বপ্পধান ভোজনক্রিযাভি সম্বন্ধদ্বারেন বুত্তেপি পঠমা।

শব্দার্থ। ইহার ভাবার্থ উপরে উক্ত হইয়াছে, এস্থলে কেবল শব্দার্থ মাত্র দেওয়া হইতেছে।

এত্থ — এস্থলে অর্থাৎ 'ব্রাহ্মণেন ভুত্বা সুপ্যতে' এই উদাহরণে। সুপ সযনে — সুপ ধাতু শয়নার্থে। ইচ্চস্স — ইহার, অর্থাৎ সুপধাতুর,

ইতি+অস্‌স=ইচ্চস্‌স। অকম্মকত্তা — অকর্ম্মক বলিয়া, অকর্ম্মক-হেতু। ভাবে — ভাববাচ্যে। তে বিভত্তি হোতি — আত্মনেপদী 'তে' বিভক্তি হয়। ভাবোচ — ভাব সাধনও, অর্থাৎ ভাববাচ্যও। সদ্ধরূপত্তা — সাধ্যরূপ বলিয়া, অর্থাৎ সাধন করিবার বিষয় হেতু। কত্তারমপে-ক্‌খতে — কর্ত্তৃকারককে অপেক্ষা করে অর্থাৎ কর্ত্তার প্রতীক্ষা করে। কত্তা চ — কর্ত্তৃকারকও। তে বিভত্তিযা ন বুত্তো — আত্মনেপদী 'তে' বিভক্তি দ্বারা উক্ত হয় নাই। ত্বাপ্পচ্চযেন — ত্বা প্রত্যয় দ্বারা। বুত্তো নাম — উক্ত কর্ত্তা নামে কথিত হয়। ত্বাস্‌স কত্তরি কতত্তা — ত্বা প্রত্যয় কর্ত্তৃবাচ্যে বিহিত হওয়াতে। তথাপি — তাহা হইলেও। পধান সুপিন ক্রিযাসম্বন্ধোপাযেন — প্রধান শয়ন ক্রিয়ার সম্বন্ধ কারণ দ্বারা। অবুত্তত্তা ততিযা — উক্ত না হওয়াতে তৃতীয়া বিভক্তি হয়, অর্থাৎ 'সুপ্যতে' এই ক্রিয়া দ্বারা উক্ত হয় নাই বলিয়া অনুক্ত কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হইয়াছে। অপ্পধান ভোজন ক্রিযাভি সম্বন্ধদ্বারেন — অপ্রধান ভোজন ক্রিয়ার বিশিষ্ট সম্বন্ধোপায় দ্বারা। বুত্তেপি — উক্ত হইলেও, অর্থাৎ অপ্রধান ক্রিয়া দ্বারা উক্ত হইলেও। নতু পঠমা — কিন্তু প্রথমা বিভক্তি হয় না।

## উক্ত করণ।

সমাস ও কৃতের দ্বারা উক্ত করণ কারককে উক্ত করণ বলে।

বুত্তকরণং যথা — উক্ত করণকারকের উদাহরণ এস্থলে দেওয়া হইতেছে। যথা—

(১) সমাস দ্বারা, ছিন্নো রুক্‌খো যেন সো, এই সমাস বাক্যে 'যেন' এস্থলে করণে তৃতীয়া; 'ছিন্ন-রুক্‌খো' এইটী সমাস পদ, 'ফরসু' এইটী উহার বিশেষ্যপদ, এই পদটীর অপেক্ষা করিয়া সমাস পদ সিদ্ধ হইয়াছে। সমাসটী করণকারকে করাতে তদ্দারা করণ উক্ত বলিয়া কথিত হয়। উক্ত করণকারকে প্রথমা বিভক্তি হয়। সুতরাং ছিন্ন-

রুক্খো' এইটী উক্ত করণকারক এবং এস্থলে উক্ত করণে প্রথমা বিভক্তি হইয়াছে। উহার বিশেষ্য 'ফরস্থ' এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(২) কৃতের দ্বারা ঃ— পহরতি যেন তং, এই বাক্যে 'যেন' এস্থলে করণে তৃতীয়া। 'প' পূর্ব্বক 'হর' ধাতুর উত্তর করণে 'যু' প্রত্যয় করিয়া নিষ্পন্ন 'পহরণং' এই কৃদন্ত শব্দটী উক্ত করণ নামে কথিত হয়; কারণ, করণে যুপ্রত্যয় করিয়া উহা সিদ্ধ হওয়াতে উহার নাম উক্তকরণ, উক্ত করণে প্রথমা বিভক্তি হয়, এই নিমিত্ত 'পহরণং' এস্থলে প্রথমা হইয়াছে। 'আয়ুধং' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

## উক্ত সম্প্রদান।

সমাস, তদ্ধিত ও কৃতের দ্বারা উক্ত সম্প্রদান কারকের নাম উক্ত সম্প্রদান।

সম্পদানং যথা — উক্ত সম্প্রদান কারকের উদাহরণ এস্থলে বলা হইতেছে। যথা—

(১) সমাস দ্বারা, দিন্নো সুঙ্কো যস্স, সো দিন্ন-সুঙ্কো রাজা, এস্থলে সমাসটী সম্প্রদানার্থে করাতে তদ্দ্বারা সম্প্রদানকারক উক্ত বলিয়া কথিত হয়। উক্ত সম্প্রদান কারকে প্রথমা বিভক্তি হয়। সুতরাং 'দিন্ন-সুঙ্কো' এইটী উক্ত সম্প্রদানকারক এবং এস্থলে প্রথমা হইয়াছে। 'রাজা' এইটী উহার বিশেষ্য; ইহাকে উদ্দেশ্য করিয়া সমাস পদটী সিদ্ধ হইয়াছে। তদ্ধেতু 'রাজা' এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(২ তদ্ধিত দ্বারা, দক্খিণা দীযতে যস্স, সো দক্খিণেয্যো ভিক্খু, এস্থলে সম্প্রদানার্থে 'ণেয্য' এই তদ্ধিত প্রত্যয়ে নিষ্পন্ন বলিয়া উহার নাম উক্ত সম্প্রদান কারক। উক্ত সম্প্রদানে প্রথমা বিভক্তি হয়। তদ্ধেতু 'দক্খিণেয্যো' এই তদ্ধিতান্ত পদে প্রথমা হইয়াছে। 'ভিক্খু' এইটী

উহার বিশেষ্য, ইহাকে লক্ষ্য করিয়া সেই তদ্ধিতান্তপদটী সিদ্ধ হইয়াছে। তদ্ধেতু 'ভিক্খু' এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(৩) কৃতের দ্বারা, যস্স সম্মা পদীযতে, তং সম্পদানং বুদ্ধো, এস্থলে সম্প্রদানার্থে 'যু' এই কৃৎ প্রত্যয়ে নিষ্পন্ন বলিয়া উহার নাম উক্ত সম্প্রদানকারক, উক্ত সম্প্রদানে প্রথমা বিভক্তি হয়। সুতরাং 'সম্পদানং' এস্থলে প্রথমা হইয়াছে। 'বুদ্ধো' এইটী উহার বিশেষ্য, এই বিশেষ্য-পদকে উদ্দেশ্য করিয়া সেই কৃদন্তশব্দটী সিদ্ধ হইয়াছে। তদ্ধেতু 'বুদ্ধো' এস্থলেও লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

## উক্ত অপাদান।

সমাস ও কৃতের দ্বারা উক্ত অপাদান কারকের নাম উক্ত অপাদান।

বুত্তাপাদানং যথা — উক্ত অপাদান কারকের উদাহরণ এস্থলে বলা হইতেছে। যথা—

(১) সমাস দ্বারা, নিগ্গতা জনা যস্মা, সো নিগ্গত জনো গামো, এস্থলে সমাসটী অপাদানে করাতে উহার নাম উক্ত অপাদান, উক্ত অপাদানে প্রথমা হয়। সুতরাং 'নিগ্গত জনো' এস্থলে উক্ত অপাদানে প্রথমা হইয়াছে। 'গামে' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(২) কৃতের দ্বারা, ভাযন্তি যস্মা, সো ভীমো রক্খসো, এস্থলে অপাদানে 'ম' এই কৃৎপ্রত্যয়ে নিষ্পন্ন বলিয়া উহার নাম উক্ত অপাদান, উক্ত অপাদানে প্রথমা হয়। তদ্ধেতু 'ভীমো' এই কৃদন্ত শব্দে প্রথমা হইয়াছে। 'রক্খসো' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

## উক্ত অধিকরণ।

সমাস তদ্ধিত ও কৃতের দ্বারা উক্ত অধিকরণ কারকের নাম উক্ত অধিকরণ।

বুত্তে'কাসো যথা — উক্ত অবকাশ অর্থাৎ উক্ত অধিকরণ কারকের উদাহরণ যথা—

(১) সমাস দ্বারা, মত্তা মাতঙ্গা যস্মিং, তং মত্তমাতঙ্গং বনং, এস্থলে সমাসটী অধিকরণার্থে করাতে উহার নাম উক্তাধিকরণ, উক্ত অধিকরণে প্রথমা হয়। তদ্ধেতু 'মত্ত-মাতঙ্গং' এস্থলে প্রথমা হইয়াছে। 'বনং' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(২) তদ্ধিত দ্বারা, রুকৃখা যস্মিং সন্তি, সো রুকৃখবা দেসো, এস্থলে অধিকরণার্থে 'বন্ত' এই তদ্ধিত প্রত্যয়ে নিষ্পন্ন বলিয়া 'রুকৃখবা' এই তদ্ধিতান্ত শব্দটী উক্ত অধিকরণ; উক্ত অধিকরণে প্রথমা হয়। তদ্ধেতু উহাতে প্রথমা হইয়াছে। 'দেসো' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(৩) কৃৎপ্রত্যয় দ্বারা, যস্মিং আসন্তি, তং আসনং পীঠং, এস্থলে অধিকরণার্থে 'আস' ধাতুর উত্তর 'যু' প্রত্যয় করিয়া নিষ্পন্ন 'আসনং' এই কৃদন্ত শব্দটী উক্ত অধিকরণ, ইহাতে প্রথমা হইয়াছে। 'পীঠং' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

## উক্ত স্বামী বা উক্ত সম্বন্ধ পদ।

সমাস ও তদ্ধিত দ্বারা উক্ত সম্বন্ধপদের নাম উক্ত স্বামী।

বুত্ত সামী যথা — উক্ত স্বামীপদের উদাহরণ এস্থলে বলা হইতেছে যথা—

(১) সমাস দ্বারা, দস বলানি যস্স, সো দসবলো ভগবা, এস্থলে সমাসটী সম্বন্ধার্থে করা হইয়াছে তদ্ধেতু ইহার নাম উক্ত স্বামী বা উক্ত সম্বন্ধপদ। উক্ত স্বামী পদে প্রথমা বিভক্তি হয়। 'দসবলো' এই উক্ত স্বামী পদে প্রথমা হইয়াছে। 'ভগবা এই পদটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

(২) তদ্ধিত দ্বারা, বীণা অস্স সিপ্পং, সো বেণিকো গন্ধব্বো এস্থলে 'বীণা' শব্দের উত্তর সম্বন্ধার্থে 'ণিক' প্রত্যয় করিয়া নিষ্পন্ন হওয়াতে 'বেণিকো' এইটী উক্ত স্বামী, এস্থলে প্রথমা হইয়াছে 'গন্ধব্বো' এইটী উহার বিশেষ্য, এস্থলে লিঙ্গার্থে প্রথমা হইয়াছে।

সমাসো হোতি সব্বথ কিতকো সামীবজ্জিতে,
তদ্ধিতো লব্ভতে 'ভয্যো করণাবধিবজ্জিতে।

অন্বয়। সব্বথ সমাসো হোতি কিতকো সামীবজ্জিতে 'কারকছক্কে' হোতি, তদ্ধিতো করণাবধিবজ্জিতে 'কারক চতুক্কে' সামিনি চ ভিয্যো লব্ভতে।

শব্দার্থ। সব্বথ — সর্ব্বত্র অর্থাৎ কর্ত্তৃ কর্ম্মাদি ষড়বিধ কারকে ও সম্বন্ধপদে। সমাসো হোতি — সমাস হয় অর্থাৎ কর্ত্তৃ কর্ম্মাদি কারক-বাচক ও সম্বন্ধপদ বাচক সমাস হয়। কিতকো — কৃৎপ্রত্যয় সামী বজ্জিতে কারক ছক্কে — স্বামী বিভক্তি ব্যতীত অর্থাৎ সম্বন্ধপদ ভিন্ন অপর ষড়বিধ কারকে। হোতি — হয়। তদ্ধিতো — তদ্ধিতপ্রত্যয়। করণাবধি বজ্জিত কারকচতুক্কে সামিনি চ — করণ ও অপাদানকারক ভিন্ন অপর চতুর্ব্বিধ কারকে ও সম্বন্ধ পদে। ভিয্যো — প্রায়, অধিক পরিমাণে। লব্ভতে লব্ধ হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তৃ কর্ম্মাদি ষড়বিধ কারকেও সম্বন্ধপদে সমাস কর্ত্তৃ কর্ম্মাদি কারকবাচক ও সম্বন্ধপদ বাচক হয়। কৃৎপ্রত্যয় সম্বন্ধ পদ ভিন্ন ষড়বিধ কারকে হয়। তদ্ধিত প্রত্যয় করণ ও অপাদানকারক ভিন্ন অপর চতুর্ব্বিধ কারকে ও সম্বন্ধ পদে প্রায় ব্যবহৃত হইয়া থাকে।

আখ্যাতং কত্তুকম্মেসু করণাদীনং ত্বভাসতে
সং সং বাক্যমুদাহারো ইতি তান্যুদাহটা।

অন্বয়। আখ্যাতং কত্তুকম্মেসু হোতি, করণাদীনং অভাসিতে তু সং সং বাক্যং উদাহারো হোতি ইতি তানি অনুদাহটা হোন্তি।

শব্দার্থ। আখ্যাতং — আখ্যাত ক্রিয়া। কত্তু কম্মেসু হোতি — কর্ত্তৃ ও কর্ম্মকারকে হয়। করণাদীনং — করণ সম্প্রদান, অপাদান ও অধিকরণ কারকের এবং সম্বন্ধ পদের মধ্যে। অভাসিতেতু — অনুক্ত বিষয়েই। সং সং বাক্যং — স্ব স্ব বাক্য। উদাহরো — উদাহরণ। হোতি — হয়। ইতি — এই হেতু তানি — অনুক্ত করণ, অনুক্ত সম্প্রদান অনুক্ত অপাদান, অনুক্ত অধিকরণ ও অনুক্ত সম্বন্ধ পদ। অনুদাহটা হোন্তি — অকথিত হয়, অনুক্ত হয়।

বঙ্গানুবাদ আখ্যাত ক্রিয়া কর্ত্তৃ ও কর্ম্মকারকে ব্যবহৃত হয়। করণ, সম্প্রদান অপাদান, অধিকরণ ও সম্বন্ধ পদের অনুক্ত বিষয়েই স্ব স্ব বাক্য উদাহরণ হয়। তদ্ধেতু সেই করণাদি কারক ও সম্বন্ধ পদ অনুক্ত বলিয়া কথিত হয়।

ভাবার্থ। কর্ত্তৃ ও কর্ম্মকারকের উক্তানুক্ত বিষয়ে আখ্যাত ক্রিয়া ব্যবহৃত হয়। যথা, সূদো ওদনং পচতি, এস্থলে 'পচতি' ক্রিয়া দ্বারা 'সূদো' এই কর্ত্তা উক্ত হওয়াতে 'সূদো' উক্ত কর্ত্তা এবং সেই ক্রিয়া দ্বারা 'ওদনং' এই কর্ম্ম উক্ত হয় নাই বলিয়া 'ওদনং' অনুক্ত কর্ম্ম। পুনঃ 'সূদেন ওদনো পচ্চতে', এস্থলে 'পচ্চতে' এই ক্রিয়া দ্বারা ওদনো' এই কর্ম্ম উক্ত হওয়াতে 'ওদনো' উক্ত কর্ম্ম, এবং ক্রিয়া দ্বারা উক্ত হয় নাই বলিয়া 'সূদেন' অনুক্ত কর্ত্তা, এস্থলে তৃতীয়া হইয়াছে। সুতরাং আখ্যাত ক্রিয়া কর্ত্তৃ ও কর্ম্মকারকের উক্তানুক্ত বিষয়ে এইরূপে ব্যবহৃত হয়।

করণ কারকাদির অনুক্ত বিষয়ে স্বস্ব বাক্যের উদাহরণঃ— ছিন্ন-রুক্খো ফরসু, এস্থলে ছিন্ন-রুক্খো" এইটী সমাসের দ্বারা উক্ত হওয়াতে উহার নাম উক্ত করণ, উক্ত করণে প্রথমা হইয়াছে। সমাস বাক্যে—ছিন্নো রুক্খো যেন, এস্থলে সমাসের দ্বারা উক্ত হয় নাই বলিয়া যেন' এইটী অনুক্ত করণ, অনুক্ত করণে তৃতীয়া হইয়াছে।

সমাসের দ্বারা করণ কারকের উক্তানুক্ত ভাব বর্ণিত হইল। সম্প্রদানাদি কারকের উক্তানুক্ত ভাবও এইরূপ দ্রষ্টব্য

কৃৎ প্রত্যয়ের দ্বারা করণ কারকের অনুক্ত বিষয়ে স্বীয় বাক্যের উদাহরণ:—যেন পহরন্তি, এই বাক্যে "পহরন্তি" এই ক্রিয়া দ্বারা উক্ত হয় নাই বলিয়া 'যেন' এইটি অনুক্ত করণ, অনুক্ত করণে তৃতীয়া হইয়াছে। 'পহরণং' এই কৃদন্ত শব্দটি কৃৎ প্রত্যয়ের দ্বারা উক্ত হওয়াতে তাহা উক্ত করণ, উক্ত করণে প্রথমা হইয়াছে। এইরূপ সম্প্রদানাদি কারকেও দ্রষ্টব্য।

বুত্তাবুত্তানং দিসামত্তমিদং নযেনানেন বক্খমানম্পি নেতব্বং।

শব্দার্থ। বুত্তাবুত্তানং—উক্তানুক্ত কারকাদির অর্থাৎ উক্ত কারকাদির ও অনুক্ত কারকাদির। ইদং দিসামত্তং—ইহা উপায় মাত্র। অনেন নযেন—এই নিয়মে, এই উপায়ে। বক্খমানম্পি—বক্ষ্যমান কারকাদির উক্তানুক্ত ভাব অর্থাৎ উল্লিখিত কারকাদির উক্তানুক্ত বিষয়। নেতব্বং—নেওয়া কর্ত্তব্য অর্থাৎ জানা উচিত বা জানিবে।

ভাবার্থ। সম্বন্ধ পদসহ ষড়বিধ কারকের উক্তানুক্ত বিষয়ের উপায় মাত্র কথিত হইল, অর্থাৎ উক্ত ও অনুক্ত কারকাদির কেবল নিয়মটী উপরে বর্ণিত হইয়াছে। এই নিয়মে সম্বন্ধ পদসহ কারকসমূহের উক্তানুক্ত ভাব জানিয়া লইবে।

## বিভক্তি-ভেদ।

অথ বিভত্তিভেদো বুচ্চতে।

তৎপরে অর্থ বিশেষ, শব্দবিশেষ, ও ধাতু বিশেষ যোগে শব্দবিভক্তির প্রভেদ প্রদর্শন করা হইতেছে।

বাত্বেব— যেন বা কবিরতে তং করণং" এইসূত্র হইতে 'বা' এই পদটী পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিয়া সূত্রের অর্থ করিতে হইবে।

## যং করোতি তং কম্মং।

কত্তা যং ইচ্ছিতমনিচ্ছিতমচ্ছিতানিচ্ছিতং বা করোতি ক্রিয়ায় সম্বন্ধযতি তং চ বা কারেনাকথিতং চ কম্মং নাম হোতি।

পদবিচ্ছেদ। যং, করোতি, তং কম্মং, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। কত্তা—কর্ত্তা। যং করোতি—ইচ্ছিত, অনিচ্ছিত, বা ইচ্ছিতানিচ্ছিত যাহা করে। তং কম্মং তাহা কর্ম্ম অর্থাৎ তাহার নাম কর্ম্মকারক। তং চ—তাহাও অর্থাৎ সেই কর্ম্মও। বা কারেন—উক্ত সূত্রে সংযোজিত 'বা' এই শব্দের অর্থ গ্রহণে। অকথিতং চ কম্মং নাম হোতি — ক্রিয়া দ্বারা উক্ত না হওয়াতে অনুক্ত কর্ম্ম নামে কথিত হয়

বঙ্গানুবাদ। কর্ত্তা যাহা করে তাহার নাম কর্ম্ম। অর্থাৎ কর্ত্তা ইচ্ছিত, অনিচ্ছিত, বা ইচ্ছিতানিচ্ছিত যাহা করে, তাহার নাম কর্ম্ম। সূত্রের 'বা' শব্দের যোগে উহা অনুক্ত কর্ম্ম নামে অভিহিত হয়। সুতরাং উহা ইচ্ছিত কর্ম্ম, অনিচ্ছিত কর্ম্ম, এবং ইচ্ছিতানিচ্ছিত কর্ম্ম ভেদে তিন প্রকার।

## কম্মত্থে দুতিযা।

কম্মত্থে দুতিযা হোতি।

পদবিচ্ছেদ। কম্মত্থে, দুতিযা দ্বিপদী সূত্র।

শব্দার্থ। কম্মত্থে- কর্ম্মার্থে, অর্থাৎ অনুক্ত কর্ম্মের অর্থ বুঝাইলে। দুতিযা হোতি - দ্বিতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। কর্ম্মার্থে দ্বিতীয়া বিভক্তি হয়। অর্থাৎ অনুক্ত কর্ম্মে কর্ম্মার্থে দ্বিতীয়া বিভক্তি হয়।

তত্থ ইচ্ছিতং তাব — উল্লিখিত ত্রিবিধ কর্ম্মের মধ্যে প্রথমতঃ ইচ্ছিত কর্ম্মের উদাহরণ বলা হইতেছে।

কর্ত্তা যাহা ইচ্ছাপূর্ব্বক করে, তাহার নাম ইচ্ছিত কর্ম্ম। যথা, বুদ্ধং বন্দে, এস্থলে ‘বন্দে’ এই ক্রিয়ার কর্ত্তা ‘অহং’ উদ্ধৃত আছে। ‘বুদ্ধং’ এই পদটা উহার কর্ম্ম। এস্থলে কর্ত্তা বুদ্ধকে ইচ্ছাপূর্ব্বক বন্দনা করিতেছে। এইহেতু ‘বুদ্ধং’ এই পদটা ইচ্ছিত কর্ম্ম। ক্রিয়া দ্বারা উক্ত না হওয়াতে উহা অনুক্ত কর্ম্ম, অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া হইয়াছে। উনপত্তং ভুঞ্জতি, এস্থলে ‘ভুঞ্জতি’ ক্রিয়াটী প্রথম পুরুষ এক বচনে প্রযুক্ত হওয়াতে ‘সো’ এই পদটি উহার কর্ত্তা। তত্র ‘উনপত্তং’ অর্থ :পাত্রস্থ ভোজন বা অন্ন। কর্ত্তা ইচ্ছাপূর্ব্বক অন্ন ভোজন করিতেছে। সুতরাং ‘উনপত্তং’ এইটী ইচ্ছিত কর্ম্ম ; ক্রিয়া দ্বারা উক্ত না হওয়াতে তাহা অনুক্ত কর্ম্ম। অনুক্ত কর্ম্মে দ্বিতীয়া হইয়াছে।

এথ পত্তন্তি তগগতং ভোজনমভেদোপচারা—এস্থলে অভেদোপচার হেতু পাত্র শব্দ দ্বারা তৎগত অর্থাৎ পাত্রস্থ ভোজন বুঝাইতেছে। যথা, গামো আগচ্ছি এস্থলে গ্রাম আসিতেছে” বলিলে অর্থ হয় না। আধার ও আধেয় এই উভয়ের মধ্যে চিন্তা করিলে ইহার অর্থ বুঝা যায়। সুতরাং গ্রাম আসিতেছে না, গ্রাম আধার ; ইহার আধেয় যে কোন ব্যক্তি আসিতেছে এইরূপ অর্থ বুঝা যায়। এইরূপ, উক্ত পাত্র বস্তুটী আধার এবং তৎগত ভোজন বস্তুটী আধেয়। আধার ও আধেয়ের মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধ হেতু কচিৎ আধার শব্দের দ্বারা আধেয়ের অর্থ গ্রহণ করিতে হয়।

কর্ত্তা অনিচ্ছাপূর্ব্বক যাহা করে, তাহার নাম অনিচ্ছিত কর্ম্ম। যথা, কণ্টকং মদ্দতি, এস্থলে ‘মদ্দতি’ এই ক্রিয়া দ্বারা উক্ত হওয়াতে ‘সো’ এইটি উক্ত কর্ত্তা, উদ্ধৃত আছে। ক্রিয়া দ্বারা উক্ত হয় নাই বলিয়া “কণ্টকং” এইটি অনুক্ত কর্ম্ম, এস্থলে দ্বিতীয়া হইয়াছে। কণ্টকাকীর্ণ স্থান দিয়া যাইবার কালে কর্ত্তা অনিচ্ছ সত্ত্বে কণ্টক

মর্দ্দন করিতেছে, এইহেতু 'কণ্টকং' এইটি অনিচ্ছিত কর্ম্ম। এইরূপ, বিসং গিলতি, এস্থলে "গিলতি" এই ক্রিয়ার কর্ত্তা "সো" উদ্ধৃত আছে। বিসং এইটি অনুক্ত কর্ম্ম, এস্থলে দ্বিতীয়া হইয়াছে। এখানেও কর্ত্তার বিষ গিলিবার ইচ্ছা নহে। তথাপি অজ্ঞাতসারে গিলিতেছে বলিয়া বিসং" এইটি অনিচ্ছিত কর্ম্ম।

কর্ত্তার ইচ্ছা ও অনিচ্ছা বশে কৃত কর্ম্মদ্বয়ের নাম ইচ্ছিতানিচ্ছিত কর্ম্ম। যথা গামং গচ্ছং রুকৃখমূলমুপ সপ্‌পতি, এস্থলে 'গচ্ছং' এই কৃদন্ত ক্রিয়ার বিশেষ্য বা কর্ত্তা সো" উদ্ধৃত আছে; ইহার কর্ম্ম "গামং"। "উপসপপতি" এই আখ্যাত ক্রিয়ার কর্ত্তা ও "সো" একই ব্যক্তি, এবং ইহার কর্ম্ম 'রুকৃখমূলং'। এস্থলে কর্ত্তার অভিপ্রায় গ্রামে যাওয়া, সুতরাং 'গামং' এইটি ইচ্ছিত কর্ম্ম। বৃক্ষমূ'ল যাওয়ার অভিপ্রায় না হইলেও পথে বৃক্ষ থাকা বশতঃ অবশ্য বৃক্ষতল দিয়া উহাকে গ্রামে যাইতে হইতেছে। সুতরাং 'রুক্‌খমূলং" এইটি অনিচ্ছিত কর্ম্ম। উক্ত বাক্যে একটি ইচ্ছিত কর্ম্ম ও অন্যটি অনিচ্ছিত কর্ম্ম। এইরূপ একটি বাক্যে ইচ্ছিত ও অনিচ্ছিত কর্ম্মভেদে দুই প্রকার কর্ম্ম থাকিলে উহারা এক শব্দে ইচ্ছিতানিচ্ছিত কর্ম্ম নামে কথিত হয়। তত্র 'উপসপ্‌পতি' অর্থ উপসর্পণ করিতেছে অর্থাৎ সমীপে গমন করিতেছে।

অত্র গামগমনমিচ্ছিতং রুক্‌খমূলোপসপ্‌পনং পাসাঙ্গিকমিত্যনিচ্ছিতং নাম। ইহার অর্থ উপরে প্রকাশ করা হইয়াছে।

## অকথিত কর্ম্ম।

ষড়বিধ কারক-সংজ্ঞা-সূত্রের কোন কারক-সংজ্ঞা-সূত্রের দ্বারা যাহা কর্ম্ম নামে কথিত হয় না, অথচ বিকল্প বিধানে কর্ম্মসংজ্ঞা দেওয়া হয়, এস্থলে তাহার নাম অকথিত কর্ম্ম।

অকথিতং ভগবা ভিক্খূ এতদবোচ—এত্থ ভিক্খূত্যকথিতং তং চ কেনাকথিতং ছকারকসঞ্ঞাহি তস্মা কেনাপি সুত্তেন কারকসঞ্ঞা ন বিহিতাতি বা কারেন ভিক্খূত্যত্র কম্ম সঞ্ঞা, এবং বীরণে কটং করোতীত্যাদি। অকথিতঞ্চ কম্মং দ্বিকম্মক ধাতু যোগে দট্ঠব্বং।

**শব্দার্থ।** অকথিতং—অকথিত কর্ম্ম। ভগবা 'ভিক্খূ' এতদবোচ—এই বাক্যটি অকথিত কর্ম্মের উদাহরণ, ইহার অর্থ 'ভগবান ভিক্ষুদিগকে ইহা বলিলেন'। এত্থ—এস্থলে, অর্থাৎ এই উদাহরণে। ভিক্খূত্যকথিতং—"ভিক্খূ" এক পদটি অকথিত কর্ম্ম। তং চ—এবং তাহা, অর্থাৎ সেই অকথিত কর্ম্ম। কেনাকথিতং—কাহার দ্বারা অকথিত, অর্থাৎ কোন্ সংজ্ঞা সূত্রের দ্বারা অকথিত? এইরূপ জিজ্ঞাসা করা হইতেছে। ছকারক সঞ্ঞাহি—ষড়্বিধ কারক সংজ্ঞা দ্বারা, অর্থাৎ কারকসমূহের সংজ্ঞা-সূত্র দ্বারা, অথবা ষড়্বিধ কারক সংজ্ঞা-সূত্রের কোনও একটি সূত্রদ্বারা উহা কর্ম্ম কারক বলিয়া কথিত হয় না। তস্মা—তদ্ধেতু। কেনাপি সুত্তেন—কোনও সূত্রের দ্বারা। কারক সঞ্ঞা—কর্ম্ম কারক সংজ্ঞা। ন বিহিতা—বিহিত হয় না বা হয় নাই। বা কারেন—'বা' এই শব্দের যোগে, অর্থাৎ 'যং করোতি তং কম্মং' এই সূত্রে সংযোজিত বা শব্দের যোগে বিকল্প বিধানে। ভিক্খূত্যত্র কম্মসঞ্ঞা—'ভিক্খূ' এই পদটি এস্থলে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হইয়াছে, কেননা তাহা এস্থলে ধর্ম্মকথার ক্রিয়াজনক নিমিত্ত, তদ্ধেতু বিকল্প বিধানে তাহার কর্ম্ম সংজ্ঞা বিহিত হইয়াছে। এবং—এইরূপ।

বীরণে কটং করোতীত্যাদি—বীরণে কটং করোতি এই বাক্যটিও অকথিত কর্ম্মের উদাহরণ, এস্থলে "বীরণে" এই পদটিও বিকল্প বিধানে বিহিত অকথিত কর্ম্ম। অকথিতঞ্চ কম্মং—অকথিত কর্ম্মও। দ্বিকম্মক ধাতু যোগে—দ্বিকর্ম্ম ধাতুর যোগে, অর্থাৎ দুহাদি ও যাদিগণীয় ধাতুর যোগে। দট্ঠব্বং—দ্রষ্টব্য।

ভাবার্থ। অকথিত কর্ম্মের উদাহরণঃ—'ভগবা ভিক্‌খূ এতদবোচ', এস্থলে 'অবোচ' এই ক্রিয়ার কর্ত্তা "ভগবা" এবং কর্ম্ম 'এতং', ইহা প্রধান কর্ম, "ভিক্‌খূ" এই পদটি অপ্রধান কর্ম্ম, এই অপ্রধান কর্ম্মের নাম অকথিত কর্ম্ম। এস্থলে প্রশ্ন হইতেছে — কিসের দ্বারা কর্ম্ম অকথিত অর্থাৎ কোন্ কারক-সংজ্ঞা সূত্রের দ্বারা, ইহা কর্ম্ম বলিয়া কথিত হয় নাই? উত্তর — ষড়্‌বিধ কারকের সংজ্ঞা সূত্রের দ্বারা, অর্থাৎ কারকসমূহের কোন সংজ্ঞা-সূত্রে উহা কর্ম্মকারক বলিয়া কথিত হয় না। তথাপি উহা প্রধান কর্ম্মের নিমিত্ত বলিয়া কর্ম্মকারকের সংজ্ঞা-সূত্রের বিকল্প বিধানে কর্ম্মসংজ্ঞা প্রাপ্ত হইয়াছে। সুতরাং প্রধান কর্ম্মের নিমিত্তভূত অপ্রধান কর্ম্মের নাম এস্থলে অকথিত কর্ম্ম। এইরূপ, বীরণে কটং করোতি, এস্থলে 'বীরণে' এইটী অকথিত কর্ম্ম। যং করোতি তং কম্মং" এই সূত্রানুসারে 'কটং' এইটী প্রধান কর্ম্ম, অর্থাৎ উক্ত সূত্রের দ্বারা বিহিত হওয়াতে তাহা কথিত কর্ম্ম সেই সূত্রের অনুবর্ত্তিত বিকল্পার্থ-বোধক 'বা' শব্দের যোগে 'বীরণে' পদটী অকথিত কর্ম্ম। এইরূপ দুহাদি ও যাচাদি গণীয় দ্বিকর্ম্ম ধাতুর যোগে অকথিত কর্ম্ম দ্রষ্টব্য।

নিব্বত্তি বিকতিপ্পত্তি ভেদা কম্মং তিধা যথা,
কটং করোতি ঝাপেতি কট্ঠং রূপং বিপস্সতি।

অন্বয়। নিব্বত্তি বিকতিপ্পত্তি ভেদা কম্মং তিধা হোতি। যথা, কটং করোতি. কট্ঠং ঝাপেতি রূপং বিপস্সতি।

শব্দার্থ। নিব্বত্তি-বিকতিপ্পত্তি ভেদা — নির্ব্বৃত্তি, বিকৃতি ও প্রাপ্তি ভেদে; এস্থলে নিবৃত্তি অর্থ উৎপত্তি, বিকৃতি অর্থ রূপান্তরিত হওয়া, প্রাপ্তি অর্থ অধিগম, লাভ। তিধা — তিন প্রকার। হোতি — হয়। যথা — যেমন। কটং করোতি — এই বাক্যটী নির্ব্বৃত্তি কর্ম্মের উদাহরণ; কটং অর্থ তৃণাসন, মাদুর; করোতি — তৈয়ার করে; কটং করোতি — মাদুর তৈয়ার করে। কট্ঠং ঝাপেতি — এই বাক্যটী বিকৃতি কর্ম্মের

উদাহরণ; তাহার অর্থ কাষ্ঠ জ্বালাইতেছে। রূপং বিপস্সতি — এই বাক্যটী প্রাপ্তি কর্ম্মের উদাহরণ; তাহার অর্থ রূপ দর্শন করিতেছে অর্থাৎ চক্ষু ইন্দ্রিয়ের দ্বারা রূপ দর্শন লাভ করিতেছে।

বঙ্গানুবাদ। নির্বৃত্তি কর্ম্ম, বিকৃতি কর্ম্ম ও প্রাপ্তি কর্ম্ম ভেদে কর্ম্ম-কারক তিন প্রকার। যথা, (১) কটং করোতি. এস্থলে 'কটং' এইটী নির্বৃত্তি কর্ম্ম; (২) কট্ঠং ঝাপেতি, এস্থলে 'কট্ঠং' এই পদটী বিকৃতি কর্ম্ম; এতদ্ভিন্ন সমুদয় কর্ম্মকারক প্রাপ্তি কর্ম্ম নামে কথিত হয়, যথা — (৩) রূপং বিপস্সতি, এস্থলে 'রূপং' এই পদটী প্রাপ্তি কর্ম্ম।

ফলতঃ অনুৎপন্ন বস্তুর উৎপাদনের নাম নির্বৃত্তি কর্ম্ম। উৎপন্ন বস্তুর বিনাশ বা রূপান্তর করার নাম বিকৃতি কর্ম্ম। এবং বিদ্যমান বস্তুর লাভ করার নাম প্রাপ্তি কর্ম্ম।

দুতিযান্বেব — "কম্মত্থে দুতিযা" এই সূত্র হইতে 'দুতিযা' এই পদটী পরবর্ত্তী সূত্রে যোগ করিয়া সূত্রের অর্থ করিতে হইবে।

## কালদ্ধানমচ্চন্ত সংযোগে।

কালদ্ধানং দব্ব-গুণ-ক্রিযাহি নিরন্তর সংযোগে সতি দুতিযা সিযা।

পদ বিচ্ছেদ। কালদ্ধানং, অচ্চন্তসংযোগে, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। কালদ্ধানং — কালবাচক ও পথবাচক শব্দের, কালো চ অদ্ধা চ কালদ্ধানো, তেসং কালদ্ধানং। দব্ব-গুণ ক্রিযাহি — দ্রব্য, গুণ ও ক্রিয়ার সহিত। অচ্চন্ত সংযোগে — অত্যন্ত সংযোগ হইলে; অর্থাৎ নিরন্তর সংযোগ বুঝাইলে, প্রথম হইতে শেষ পর্য্যন্ত অবিচ্ছিন্ন সম্বন্ধ বুঝাইলে। দুতিযা সিযা — দ্বিতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। দ্রব্য, গুণ বা ক্রিয়ার সহিত কাল ও পথবাচক শব্দের অত্যন্ত সংযোগ বুঝাইলে, কালবাচক ও পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। ইহাকে অত্যন্ত সংযোগে দ্বিতীয়া বলে। যথা, (১) মাসং

২১—

মংসোদনো (এক মাস ব্যাপিয়া খাওয়ার মাংসোদন) এস্থলে কালবাচক 'মাস' শব্দের সহিত দ্রব্যবাচক 'মাংসোদনে'র অত্যন্ত সংযোগ হেতু 'মাসং' এস্থলে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। (২) সরদং রমণীয়া নদী — অর্থাৎ শরৎ কাল ব্যাপিয়া নদী রমণীয়া, এস্থলে রমণীয়তা গুণ, ইহার সহিত শরৎকালের নিরন্তর সংযোগ হেতু 'সরদং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে (৩) মাসং সজ্ঝায়তি' এস্থলে "সজ্ঝায়তি" এই ক্রিয়ার সহিত 'মাসং" (এক মাস ব্যাপিয়া) এই কালবাচক শব্দের নিরন্তর সংযোগ হেতু তাহাতে দ্বিতীয়া হইয়াছে। (৪) যোজনং বনরাজী — অর্থাৎ যোজন বিস্তৃত পথে বন রেখা নিরন্তর ব্যাপৃতা, এস্থলে দ্রব্যবাচক বনরাজী শব্দের সহিত পথবাচক যোজনশব্দের নিরন্তর সম্বন্ধ হেতু 'যোজনং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে। (৫) যোজনং দীঘো পব্বতো, এস্থলে দীর্ঘতা গুণ, ইহার সহিত পথবাচক যোজন শব্দের নিরন্তর সংযোগ হেতু 'যোজনং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে। (৬) কোসং সজ্ঝাযতি, এস্থলে 'সজ্ঝায়তি' ক্রিয়ার সহিত পথবাচক ক্রোশ শব্দের অত্যন্ত সংযোগ হেতু 'কোসং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে।

## কম্মপ্পবচনীয় যুত্তে।

কম্মপ্পবচনীয়েহি যুত্তেঠানে দুতিযা সিযা।

লক্খণে বিচ্ছাযং ইত্থম্ভূতে ভাগে সহত্থে হীনে চ বত্তমানস্স অনুস্স সহত্থহীন বজ্জিতেসু লক্খণাদাসু পতি-পরীনং চ ভাগ সহত্থ হীন বজ্জিতেসু তেস্বেব অভিস্স চ কম্মপ্পবচনীযসঞ্ঞা।

পদ বিচ্ছেদ। কম্মপ্পবচনীযযুত্তে, একপদী সুত্ত।

শব্দার্থ। কম্মপ্পবচনীযযুত্তে — কর্ম্মপ্রবচনীয় পদের দ্বারা যুক্তস্থানে, অর্থাৎ কর্ম্মপ্রবচনীয় পদের দ্বারা যুক্ত শব্দে; কম্মং পবচনীযং যেসং তে কম্মপ্পবচনীযা, তেহি উপসগ্গেহি যুত্তং কম্মপ্পবচনীয় যুত্তং, তস্মিং কম্মপ্পবচনীযযুত্তে। দুতিযা সিযা — দ্বিতীয়া বিভক্তি হয়। লক্খণে —

লক্ষণার্থে, প্রকাশনার্থে। বিচ্ছায়ং — বীপ্সার্থে, যুগপৎ ব্যাপ্তীচ্ছা অর্থে। ইথম্ভূতে — ইত্থভূতার্থে, এই প্রকার প্রাপ্ত অর্থে, স্বভাবের অন্যথা ভাব প্রাপ্ত অর্থে। ভাগে — ভাগার্থে। সহথে — সহ অর্থে। হীনে -- ঊনার্থে। বর্ত্তমানস্স অনুস্স — প্রযোজ্যমান অনু উপসর্গের। সহথহীন বজ্জিতেসু লক্খণাদীসু — উক্ত লক্ষণাদি ছয় প্রকার অর্থের মধ্যে সহ ও হীন অর্থ ভিন্ন অপর চারিপ্রকার অর্থে। পতি পরীনং — পতি ও পরি উপসর্গে। ভাগ সহথহীন বজ্জিতেসু তেস্বেব — উক্ত ছয় প্রকার অর্থের মধ্যে ভাগ, সহ ও হীন অর্থ ভিন্ন অপর তিন প্রকার অর্থে। অভিস্স — অভি উপসর্গের। কম্মপ্পবচনীযসঞ্ঞা — কর্ম্ম প্রবচনীয় সংজ্ঞা হয়, অর্থাৎ উক্ত প্রকার অর্থ বুঝাইলে অনু, পতি, পরি ও অভি এই চতুর্ব্বিধ উপসর্গের কর্ম্ম প্রবচনীয় সংজ্ঞা হয়।

বঙ্গানুবাদ। কর্ম্মপ্রবচনীয় পদের প্রয়োগে শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়।

ভাবার্থ। যখন অনু উপসর্গের অর্থ লক্ষণ, বীপ্সা, ইত্থম্ভূত, ভাগ, সহ ও হীন বুঝায়, তখন তাহার নাম কর্ম্মপ্রবচনীয়। এইরূপ যখন পতি ও পরি উপসর্গের অর্থ লক্ষণ, বীপ্সা, ইত্থম্ভূত ও ভাগ বুঝায়, তখন তাহাদের নাম কর্ম্মপ্রবচনীয়। এবং যখন অভি উপসর্গের অর্থ লক্ষণ, বীপ্সা ও ইত্থম্ভূত বুঝায়, তখন তাহার নাম কর্ম্মপ্রবচনীয়। সংক্ষেপতঃ উক্ত প্রকার অর্থে অনু, পতি, পরি ও অভি এই চারি প্রকার উপসর্গ কর্ম্ম প্রবচনীয় নামে কথিত হয়। যথা, লক্ষণার্থে— রুক্খমনুবিজ্জোততে চন্দো — বৃক্ষে চন্দ্র প্রকাশ পাইতেছে অর্থাৎ বৃক্ষকে লক্ষ্য করিয়া তদুপরি চন্দ্র প্রকাশ পাইতেছে, এস্থলে 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে 'রুক্খং' এই শব্দে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। বীপ্সার্থে — রুক্খং রুক্খমনু বিজ্জোততে চন্দো — অর্থাৎ বৃক্ষে বৃক্ষে চন্দ্র প্রকাশ পাইতেছে, এস্থলে বীপ্সার্থবাচক 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে 'রুক্খং

রুক্খং’ এই রূপ দ্বিরুক্তি হইয়াছে এবং তত্র দ্বিতীয়া হইয়াছে। ‘অনু’ এই কর্ম্ম প্রবচনীয়ের প্রয়োগ ব্যতিরেকেও বীপ্‌সার্থে সর্ব্বত্র দ্বিরুক্তি হইয়া থাকে।

লক্‌খণং ব্যঞ্জকং — রুক্‌খমনুবিজ্জোততে চন্দো, রুক্‌খেত্যত্থো ; এত্থ রুক্‌খো লক্‌খণং বিজ্জোতমানো চন্দো লক্‌খিতব্বো, তত্রানুনা রুক্‌খসস লক্‌খণ বুত্তিতা পকাসীযতীতি রুক্‌খো অনুনা যুত্তো নাম। রুক্‌খং রুক্‌খমনুবিজ্জোততে চন্দো, রুক্‌খে রুক্‌খে ইত্যত্থো, যদাদিনা বিচ্ছাযং রুক্‌খমিচ্চস্‌স সবিভত্তিস্‌স দ্বিত্তং ; এবং সব্বত্থ বিচ্ছাযং দ্বিত্তং।

শব্দার্থ। লক্‌খণং — লক্ষণ। ব্যঞ্জকং — প্রকাশক। রুক্‌খমনু-বিজ্জোততে চন্দো — ইহা লক্ষণার্থবাচক ‘অনু’ এই কর্ম্মপ্রবচনীয়ের উদাহরণ। রুক্‌খেত্যত্থো — ‘রুক্‌খে চন্দো বিজ্জোততে’ ইহা উক্ত উদাহরণের পালি অর্থ। এত্থ — এস্থলে, এই উদাহরণে। রুক্‌খো লক্‌খণং — বৃক্ষ প্রকাশক লক্ষণ। বিজ্জোতমানো চন্দো লক্‌খিতব্বো — দীপ্তিমান চন্দ্র উক্ত লক্ষণদ্বারা লক্ষিতব্য। তত্রানুনা রুক্‌খস্‌স লক্‌খণ বুত্তিতা পকাসিযতীতি রুক্‌খো অনুনা যুত্তো নাম — সেই উদাহরণে ‘অনু’ এই কর্ম্ম প্রবচনীয় শব্দের দ্বারা বৃক্ষের লক্ষণাবৃত্তি প্রকাশ করা হইতেছে বলিয়া বৃক্ষ “অনু” এই কর্ম্মপ্রবচনীয়ের দ্বারা যুক্ত বা সম্বন্ধিত বলিয়া কথিত হয়।

রুক্‌খংরুক্‌খমনুবিজ্জোততে চন্দো — ইহা লক্ষণার্থসহ বীপ্‌সার্থবাচক ‘অনু’ এই কর্ম্মপ্রবচনীয়ের উদাহরণ। রুক্‌খে রুক্‌খে ইত্যত্থো — ‘রুক্‌খে রুক্‌খে চন্দো বিজ্জোততে’ ইহা উক্ত উদাহরণের পালি অর্থ ; যদাদিনা — “যদনিপপন্না নিপ্পাতনা সিজ্ঝন্তি” এই সূত্রানুসারে। বিচ্ছাযং — বীপ্‌সার্থে। রুক্‌খমিচ্চস্‌স — ‘রুক্‌খং’ এই শব্দের। সবিভত্তিস্‌স — বিভক্তিসহ। দ্বিত্তং — দ্বিত্ব হইয়াছে। সব্বত্থ — সর্ব্বত্র। বিচ্ছাযংদ্বিত্তং — বীপ্‌সার্থে দ্বিত্ব হয়। ইহার ভাবার্থ উপরে প্রকাশ করা হইয়াছে।

ভিন্নানি যানি বত্থূনি ক্রিয়ায তু গুণেনবা,
দব্বেন বাপি ব্যাপিতুং ইচ্ছা বিচ্ছাতি বুচ্চতে।

অন্বয়। ভিন্নানি যানি বত্থূনি ক্রিযায তু গুণেন বা দব্বেন বা অপি ব্যাপিতুং ইচ্ছা বিচ্ছা ইতি বুচ্চতে।

শব্দার্থ। ভিন্নানি — বিভিন্ন, ভিন্ন ভিন্ন। যানি বত্থূনি — যে সকল পদার্থ। ক্রিযায — ক্রিয়ার দ্বারা। তু — এস্থলে বিকল্পনার্থে নিপাত। গুণেন — গুণের দ্বারা। দব্বেন — জাতি গুণাদির আধারভূত দ্রব্যের দ্বারা। বা — অথবা। ব্যাপিতুং ইচ্ছা — ব্যাপ্ত করিতে বা প্রকাশ করিতে ইচ্ছা। বিচ্ছা ইতি বুচ্চতে — বীপ্সা নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। অনেক বস্তুর সহিত একটি মাত্র ক্রিয়া, গুণ, বা দ্রব্যের সম্বন্ধ করিবার যে ইচ্ছা, তাহার নাম বিপ্সা। যথা, (১) গামো গামো গম্যতে, এস্থলে 'গমু' ধাতু গমনার্থে হইয়াছে, পালিতে গম্‌ধাতু সকর্ম্মক কিন্তু বাঙ্গালাতে তাহা অকর্ম্মক, তদ্ধেতু 'গম্যতে' এইটী কর্ম্মবাচ্যের ক্রিয়া, তদ্বারা 'গামো' এই কর্ম্ম উক্ত হওয়াতে উক্ত কর্ম্মে প্রথমা হইয়াছে, ইহার কর্ত্তা লুপ্ত আছে। উক্ত উদাহরণের অর্থ — গ্রামে গ্রামে যাওয়া হইতেছে, এস্থলে 'গ্রামে গ্রামে' অর্থ প্রত্যেক গ্রামে, ইহা দ্বারা অনেক গ্রাম বুঝাইতেছে। সুতরাং গ্রামরূপ অনেক বস্তুর সহিত একমাত্র গমন ক্রিয়ার সম্বন্ধ করা হইয়াছে। (২) গামো গামো রমণীযো, এস্থলেও গ্রাম গ্রাম অর্থাৎ প্রত্যেক গ্রাম রমণীয়, ইহাদ্বারা অনেক গ্রাম বুঝাইতেছে। সুতরাং গ্রামরূপ অনেক বস্তুর সহিত 'রমণীযো' এই গুণবাচক বিশেষণ পদের সম্বন্ধ করা হইয়াছে। (৩) গামে গামে জলং, এস্থলেও গ্রামে গ্রামে অর্থাৎ প্রত্যেক গ্রামে, ইহাদ্বারা অনেক গ্রাম বুঝাইতেছে। সুতরাং গ্রামরূপ অনেক বস্তুর সহিত জলরূপ দ্রব্যের সম্বন্ধ করা হইয়াছে। এইরূপ বীপস্যার্থে

সর্ব্বত্র দ্বিরুক্তি হইয়া থাকে এবং একটী মাত্র ক্রিয়া, গুণ, কিম্বা দ্রব্যের সহিত অনেক বস্তুর সম্বন্ধ প্রতীয়মান হইয়া থাকে।

ইত্থম্ভূতার্থে উদাহরণ. স্বভাবের অন্যথা ভাব প্রাপ্ত হওয়ার নাম ইত্থম্ভূত। যথা, সাধু দেবদত্তো মাতরমনু. এস্থলে ইহার অর্থ — দেবদত্ত অন্যের প্রতি অসাধু হইলেও কিন্তু মাতার প্রতি সাধু অর্থাৎ ভক্তিমান। এই উদাহরণে ইত্থম্ভূতার্থবাচক 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে 'মাতরং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে।

ভাবার্থে উদাহরণ ঃ— যদেত্থ মং অনু সিয়া তং দীযতু, অর্থাৎ এস্থলে যাহা আমার ভাগ তাহা আমাকে দেওয়া হউক, এখানে ভাগার্থবাচক 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে 'মং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে।

সহার্থে উদাহরণ ঃ— নদিমন্ববসিতা বারাণসী ইহার অর্থ বারাণসী পুরী নদীর সহিত একাবদ্ধা অর্থাৎ নদীর তীরে অবস্থিতা, এস্থলে সহার্থবাচক 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে নদিং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে।

হীনার্থে উদাহরণ ঃ— অনুসারিপুত্তং পঞ্‌ঞবা ভিক্‌খু, ইহার অর্থ — প্রজ্ঞাবান্ ভিক্ষু সারিপুত্র হইতে প্রজ্ঞায়হীন, অর্থাৎ ভিক্ষু প্রজ্ঞাবান্ হইলেও কিন্তু সারিপুত্র হইতে প্রজ্ঞায় ছোট। এস্থলে হীনার্থবাচক 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে 'সারিপুত্তং' এস্থলে দ্বিতীয়া হইয়াছে। এইরূপ ভিন্ন ভিন্ন অর্থে 'অনু' এই কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে দ্বিতীয়া বিভক্তি হয়, ইহা অন্যত্রও দ্রষ্টব্য।

এবং পচ্চাদীহি যথা যোগং যোজেতব্বং — এইরূপে পতি, পরি ও অভি এই তিনটী কর্ম্মপ্রবচনীয়ের প্রয়োগে যথাসম্ভব উদাহরণ দ্রষ্টব্য। যেমন, লক্ষণ, বীপ্‌সা, ইত্থম্ভূত ও ভাগার্থে পতি' এই কর্ম্মপ্রবচনীয়ের উদাহরণ ঃ— (১) লক্ষণার্থে — রুক্‌খং পতি বিজ্জোততে চন্দো। (২) বীপ্‌সার্থে — রুক্‌খং রুক্‌খং পতি বিজ্জোততে চন্দো। (৩) ইত্থম্ভূতার্থে

— সাধু দেবদত্তো মাতরং পতি। (৪) ভাগার্থে — যদেত্থ মং পতি সিযা তং দীযতু। এইরূপ 'পরি' এই কর্ম্মপ্রবচনীয়ের উদাহরণও।

লক্ষণ, বীপ্সা ও ইত্থম্ভূতার্থে 'অভি' এই কর্ম্মপ্রবচনীয়ের উদাহরণ ঃ— (১ লক্ষণার্থে — রুক্খমভি বিজ্জোততে চন্দো। (২) বীপ্সার্থে — রুক্খং রুক্খমভি বিজ্জোততে চন্দো। (৩) ইত্থম্ভূতার্থে — সাধু দেবদত্তো মাতরমভি।

## ক্বচি দুতিযা ছট্ঠীনমত্থে।

ছট্ঠত্থে ক্বচি দুতিযা সিযা।

পদ বিচ্ছেদ। ক্বচি, দুতিযা, ছট্ঠীনং, অত্থে, চতুষ্পদী।

শব্দার্থ। ক্বচি — ক্বচিৎ। ছট্ঠীনমত্থে — ষষ্ঠী বিভক্তির অর্থ বুঝাইলে। দুতিযা সিযা — দ্বিতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। ষষ্ঠ্যর্থে শব্দের উত্তর ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, তং খোপন ভগবন্তং, ইহার পালি অর্থ তস্স ভগবতো, অর্থাৎ সেই ভগবানের। এই উদাহরণে 'তং ভগবন্তং' এস্থলে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

এবং অন্তরা অন্তো তিরো অভিতো পরিতো পটিভা ইচ্চাদানং যোগে।

বঙ্গানুবাদ। এইরূপ — অন্তরা, অন্তো, তিরো, অভিতো, পরিতো, পটিভা, ইত্যাদি নিপাত শব্দের যোগে ক্বচিৎ ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, অন্তরা চ নালন্দং, অর্থাৎ অন্তরা চ রাজগহং অন্তরা চ নালন্দং অদ্ধান মগ্গপটিপন্নো, এস্থলে 'অন্তরা' এই নিপাত শব্দের যোগে 'রাজগহং' এবং 'নালন্দং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। অন্তোরট্ঠং, অর্থাৎ রট্ঠস্স অন্তো ভাগে বসাত, এস্থলে 'অন্তো' এই নিপাতের যোগে 'রট্ঠং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া হইয়াছে। তিরো রট্ঠং, অর্থাৎ রট্ঠস্স বহিভাগে বসতি, এস্থলে 'তিরো' এই

নিপাতের যোগে 'রট্‌ঠং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া হইয়াছে। অভিতো গামং, অর্থাৎ গামস্‌স সমন্তা গামূপচারে বসতি, এস্থলে 'অভিতো' এই নিপাতের যোগে 'গামং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া। পরিতো গামং, অর্থাৎ গামস্‌স সমন্তা গামূপচারে বসতি, এস্থলে 'গামং' এখানে 'পরিতো' এই নিপাতের যোগে 'গামং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া। উপমা মং পটিভাতি, অর্থাৎ উপমা মথ্‌হং উপট্‌ঠহতি রুচ্চতি বা, এস্থলে 'পটি' উপসর্গ পূর্ব্বক ভাধাতুর যোগে 'মং' এখানে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া।

ক্বচীত্যধিকারো — "ক্বচি দুতিযা ছট্‌ঠীনমত্থে" এই সূত্র হইতে 'ক্বচি' এই পদটী পরবর্ত্তী সূত্রের সহিত যোগ করিয়া সেই সূত্রের অর্থ করিতে হইবে। এস্থলে 'অধিকারো' এই শব্দের দ্বারা পরবর্ত্তী অনেক সূত্রের সহিত 'ক্বচি' এই পদটীর সম্বন্ধ বুঝায়।

## ততিযা সত্তমীনঞ্চ

ততিযা সত্তম্যত্থে চকারেন সম্পদানে চ পঞ্চম্যত্থে চ ক্বচি দুতিযা সিযা।

পদবিচ্ছেদ। ততিযা সত্তমীনং, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ততিযা সত্তমীনং — তৃতীয়া ও সপ্তমী বিভক্তির অর্থ বুঝাইলে। চকারেন — সূত্রের চকার যোগে। সম্পদান — চতুর্থী বিভক্তির অর্থ বুঝাইলে। পঞ্চম্যত্থে — পঞ্চমী বিভক্তির অর্থ বুঝাইলে। ক্বচি — ক্বচিৎ। দুতিযা সিযা — দ্বিতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। তৃতীয়া ও সপ্তম্যর্থে, ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। উক্ত সূত্রের চকার যোগে, ক্বচিৎ চতুর্থী এবং পঞ্চম্যর্থে ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :— মং নালপিস্‌সতি, অর্থাৎ মযা সহ নালপিস্‌সতি, এস্থলে 'মং' এখানে তৃতীয়ার্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। পুব্বণ্‌হ সমযং নিবাসেত্বা, অর্থাৎ পুব্বণ্‌হ সমযে নিবাসেত্বা, এস্থলে 'পুব্বণ্‌হ সমযং' এখানে সপ্তম্যর্থে দ্বিতীয়া হইয়াছে।

উপ, অনু, অধি ও আ পূর্ব্বক বস ধাতুর যোগে, অধি ও আ পূর্ব্বক সি ধাতু, ঠা ধাতু ও আস ধাতুর যোগে এবং অভি ও নি পূর্ব্বক বিস ধাতুর যোগে ক্বচিৎ সপ্তমার্থে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :— গামং উপবসতি, অর্থাৎ গামে বসতি; গামং অনুবসতি, অর্থাৎ গামে বসতি; গামং অধিবসতি, অর্থাৎ গামে বসতি; গামং আবসতি, অর্থাৎ গামে বসতি। গামং অধিসেতে, অর্থাৎ গামে সযতে; গামং অধিতিট্‌ঠতি, অর্থাৎ গামে তিট্‌ঠতি; গামং অজ্ঝাসযতি, অর্থাৎ গামে আসযতি; গামং অভিনিবিসতি, অর্থাৎ গামে পবিসতি; ইত্যাদি উদাহরণে সপ্তম্যর্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে।

পানাচারত্থেসু — পান ও আচারার্থে, অর্থাৎ পান করা অর্থে পা ধাতু ও ভ্রমণার্থে চর ধাতুর যোগে ক্বচিৎ সপ্তম্যর্থে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :— নদিং পিবতি, অর্থাৎ নদিযং পানীযং পিবতি; গামং চরতি, অর্থাৎ গামে চরতি; এই উভয় উদাহরণে সপ্তমার্থে দ্বিতীয়া হইয়াছে।

সম্পদানে — সম্প্রদানার্থে, অর্থাৎ চতুর্থ্যর্থে ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :— পচ্চারোচেমি তং, অর্থাৎ পচ্চারোচেমি তে, এস্থলে 'তং' এই পদে চতুর্থ্যর্থে দ্বিতীয়া হইয়াছে।

পঞ্চম্যত্থে — পঞ্চম্যর্থে ক্বচিৎ দ্বিতীয়া বিভক্তি হয়। যথা :— পুব্বেব গামং, অর্থাৎ গামস্মা পুব্বস্মিং, এস্থলে 'গামং' এই পদে পঞ্চম্যর্থে দ্বিতীয়া হইয়াছে।

সুখং সেতিচ্চাদিসু ক্রিযাবিসেসনত্তা কম্মত্থে যেব দুতিযা সিযা, কথং ভূকরা সব্বধাত্বত্থেস্বেব সন্তি ততো সেতীতি সযনং করোতীত্যত্থো; কিংবিসিট্‌ঠং সযনন্ত্যাপেক্খাযং সুখন্ত্যপেক্খীযমানত্তা সযনক্রিযায সুখন্তেতং বিসেসনন্তি সুখস্স সযনেন তুল্যাধিকরণত্তা তগ্গতং দুতিযেকবচনং নপুংসকত্তংচ সুখসদ্দো লভতে।

শব্দার্থ। সুখং সেতিচ্চাদিসু — সুখং সেতি, অর্থাৎ সুখে শয়ন করে, ইত্যাদি বাক্যে। ক্রিযাবিসেসনত্তা — 'সুখং' এই পদটী 'সেতি' এই ক্রিয়ার বিশেষণ বলিয়া। কম্মত্থে যেব তুতিযা সিযা — 'সুখং' এই পদে কর্ম্মার্থে দ্বিতীয়া বিভক্তি হয়। কথং — কি প্রকারে প্রশ্নার্থে নিপাত পদ।

ভূকরা সব্বধাত্বত্থেস্বের সন্তি — ভূ ধাতু ও কর ধাতু সমস্ত ধাত্বর্থেই আছে, সুতরাং ভূ ও কর ধাতু দ্বারা সমস্ত ধাতুর কার্য্য সম্পাদন করা যায়, যেমন — বড্ঢতি অর্থাৎ বুডটি ভবতি, দিপ্পতি অর্থাৎ দিত্তি ভবতি ইত্যাদি স্থলে বডঢ ধাতু ও দীপ ধাতুর কার্য্য ভূধাতুর দ্বারা সম্পাদন করা হইয়াছে। এইরূপ সযতি অর্থাৎ সযনং করোতি, গচ্ছতি অর্থাৎ গমনং করোতি ইত্যাদি স্থলে সিধাতু ও গমু ধাতুর কার্য্য কর ধাতুর দ্বারা সম্পাদন করা হইয়াছে। এইরূপ সযতি অর্থাৎ সযনং করোতি, গচ্ছতি অর্থাৎ গমনং করোতি ইত্যাদি স্থলে সি ধাতু ও গমু ধাতুর কার্য্য কর ধাতুর দ্বারা সম্পাদন করা হইয়াছে। ততো — তদ্ধেতু। সেতীতি সযনং করোতীত্যত্থো — 'সেতি' ইহার পালি অর্থ 'সযনং করোতি' অর্থাৎ শয়ন করে। কিং বিসিট্ঠং সযনন্ত্যাপেক্খাযং — কিরূপ বিশিষ্ট শয়ন ইহা অন্বেষণ করিলে। সুখন্ত্যাপেক্খিযমানত্তা — সুখ শয়ন 'সুখ' এই পদ অন্বেষণ করা হইতেছে বলিয়া। সযন ক্রিযায সুখন্তেতং বিসেসনন্তি — 'সুখং' এই পদ 'সযনং' এই ক্রিয়াবাচক বিশেষ্যের বিশেষণ হয়, অথবা 'সুখং' এই পদটী শয়ন ক্রিয়ার বিশেষণ। সুখসস সযনেন তুল্যাধিকরণত্তা — শয়ন শব্দের সহিত সুখ শব্দের সমান সম্বন্ধ বলিয়া। তগ্গতং — তৎগত, অর্থাৎ শয়ন শব্দে স্থিত। দুতিযেকবচনং — দ্বিতীয়া বিভক্তির একবচন। নপুংসকত্তং চ — এবং নপুংসকলিঙ্গত্ব। সুখ সদ্দো লভতে — সুখ শব্দ লাভ করে, অর্থাৎ 'সুখং' এই শব্দে দ্বিতীয়ার একবচন ও নপুংসক লিঙ্গ ব্যবহৃত হয়।

ভাবার্থ। সুখং সেতি (সুখে শয়ন করে) ইত্যাদি উদাহরণে 'সুখং' এই পদটী 'সেতি' এই ক্রিয়ার বিশেষণ বলিয়া তাহাতে কর্ম্মার্থে দ্বিতীয়া বিভক্তি হইয়াছে। কি প্রকারে? ভূধাতু ও করধাতু সমস্ত ধাতুতেই আছে। সুতরাং ভূ ও কর ধাতু দ্বারা যাবতীয় ধাতুর কার্য্য সম্পাদন করা যায়। যেমন 'বড্ঢতি' অর্থাৎ বুড্ঢি ভবতি, 'দীপ্পতি' অর্থাৎ দিত্তি ভবতি ইত্যাদি স্থলে 'বড্ঢ' ধাতু ও 'দীপ্' ধাতুর কার্য্য ভূধাতু দ্বারা নিষ্পন্ন করা হইয়াছে। 'সযতি' অর্থাৎ সযনং করোতি 'গচ্ছতি' অর্থাৎ গমনং করোতি. ইত্যাদি স্থলে সি ধাতু ও 'গম্' ধাতুর কার্য্য কর ধাতু দ্বারা নিষ্পন্ন করা হইয়াছে। সুতরাং সযনং করোতি' ইহা বলিলে প্রশ্ন হইতে পারে কিরূপ শয়ন করিতেছে? তদুত্তরে বলা যাইতে পারে 'সুখং সযনং করোতি', এস্থলে 'করোতি' এই ক্রিয়ার কর্ম্ম "সযনং" এস্থলে দ্বিতীয়ার একবচন ও নপুংসক লিঙ্গ; 'সুখং' এই পদটী 'সযনং' এই পদের বিশেষণ, সুতরাং 'সুখং' এই পদেও দ্বিতীয়ার একবচন ও নপুংসক লিঙ্গ হইয়াছে। অতএব 'সুখং সেতি' এস্থলে 'সুখং' এই পদটী সেতি' এই ক্রিয়ার বিশেষণ এবং তাহাতে দ্বিতীয়ার একবচন ও নপুংসক লিঙ্গ হইয়াছে।

ক্রিযাবিসেসনং যাব তং সব্বং হি নপুংসকে,
সিযা চ এক বচনং যথা ভিক্খূ সুখং ঠিতা।

অন্বয়। ক্রিযাবিসেসনং যাব তং সব্বং হি নপুংসকে সিযা, এক বচনং চ সিযা, যথা ভিক্খূ সুখং ঠিতা।

শব্দার্থ। ক্রিযা বিসেসনং — ক্রিয়া বিশেষণ। যাব — যতগুলি, যে সকল। তং সব্বং — সে সকল। হি — নিশ্চয়ার্থক অব্যয়। নপুংসকে সিযা — নপুংসক লিঙ্গে হয়। এক বচনং — দ্বিতীয়ার একবচন হয়।

বঙ্গানুবাদ। ক্রিয়া-বিশেষণগুলি প্রায় নপুংসক লিঙ্গে ও দ্বিতীয়ার এক বচনে হইয়া থাকে। যথা, ভিক্খূ সুখং ঠিতা. এস্থলে সুখং' এই

পদটী ক্রিয়া বিশেষণ। কোন কোন স্থলে ক্রিয়া বিশেষণ প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিতে হইয়া থাকে। যেমন সো সতোব অস্‌সসতি সতো পস্‌সসতি; অস্‌সুমুখো রোদতি. নগ্‌গো আগচ্ছতি. ইত্যাদি স্থলে সতো, অস্‌সুমুখো. নগ্‌গো প্রভৃতি প্রথমান্ত পদগুলি যথাক্রমে অস্‌সসতি, পস্‌সসতি, রোদতি, আগচ্ছতি প্রভৃতি ক্রিয়ার গুণ প্রকাশ করিতেছে বলিয়া, উহারা ক্রিয়া-বিশেষণ। একাহেনেব বারানসিং পাযাসি, নবহি মাসেহি বিহারং নিট্‌ঠাপেসি. ইত্যাদি স্থলে একাহেন, নবহি মাসেহি, প্রভৃতি তৃতীয়ান্ত পদগুলি যথাক্রমে পাযাসি নিট্‌ঠাপেসি, প্রভৃতি ক্রিয়ার বিশেষণ।

---

## কর্ত্তৃকারক।

### যো করোতি স কত্তা।

যোঞ্‌ঞকারকানং পধানো কম্মট্‌ঠমত্তট্‌ঠং বা ক্রিযং করোতি সো কত্তা নাম।

পদবিচ্ছেদ। যো, করোতি, সো, কত্তা, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। যো - যে। করোতি—করে। সো— সে। কত্তা—কর্ত্তা। অঞ্‌ঞকারকানং—কর্ম্ম, করণাদি অপর কারকসমূহের মধ্যে। পধানো হুত্বা—প্রধান হইয়া। কম্মট্‌ঠমত্তট্‌ঠং বা ক্রিযং করোতি — কর্ম্মস্থ বা আত্মস্থ ক্রিয়া করে, অর্থাৎ কর্ম্মবাচ্যে কর্ম্মস্থ ক্রিয়া কিম্বা ভাববাচ্যে আত্মস্থ ক্রিয়া সম্পাদন করে। সো কত্তা নাম—সে কর্ত্তা নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। যে ক্রিয়া সম্পাদন করে, সে কর্ত্তা। অর্থাৎ কর্ম্ম, করণাদি কারকসমূহের মধ্যে যে প্রধান হইয়া কর্ম্মস্থ ক্রিয়া কিম্বা আত্মস্থ ক্রিয়া সম্পাদন করে তাহার নাম কর্ত্তা।

"কত্তরিচে"তি ততিযা।

শব্দার্থ। কত্তরি—কর্ত্তৃ কারকে। ততিষা—তৃতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। কর্ম্ম ও ভাববাচ্যে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা—(১) কর্ম্মস্থ ক্রিয়ার উদাহরণ:— সূদেন থালিযং কট্‌ঠেহি ওদনো পচ্চতে, এস্থলে "সূদেন" এই পদে অনুক্ত কর্ত্তায় তৃতীয়া, "থালিযং" এই পদে অনুক্তাধিকরণে সপ্তমী, 'কট্‌ঠেহি' এই পদে অনুক্ত করণে তৃতীয়া, 'ওদনো' এই পদে উক্ত কর্ম্মে প্রথমা, এবং 'পচ্চতে' এই পদটী কর্ম্ম বাচ্যের ক্রিয়া; এই ক্রিয়াটী কর্ম্মানুযায়িনী হওয়াতে ইহা কর্ম্মস্থ ক্রিয়া নামে কথিত হইয়াছে।

(২) আত্মস্থ ক্রিয়ার উদাহরণ:—রঞ্‌ঞা পাসাদে পাদেহি ঠীযতে, এস্থলে "রঞ্‌ঞা" এই পদে অনুক্ত কর্ত্তায় তৃতীয়া। "পাসাদে" এই পদে অনুক্তাধিকরণে সপ্তমী, 'পাদেহি' এই পদে অনুক্ত করণে তৃতীয়া, এবং "ঠীযতে" এই পদটী ভাববাচ্যের ক্রিয়া, ইহার কর্ম্ম নাই, কিন্তু কর্ত্তা বিদ্যমান থাকাতে ইহা কর্ত্তার আত্মস্থ ক্রিয়া বা কর্ত্তৃস্থ ক্রিয়া নামে কথিত হইয়াছে।

এত্থ থাল্যাদি কারকসমূহো সূদেন যোজিতো সংসং ধারণাদিনা ব্যাপারেন পাকক্রিযমভিনিব্বত্তযতীতি সূদোযেব উস্‌সাহযুত্তত্তা পধানো, ন পন থাল্যাদি; তত্থ পাকক্রিযা কম্মট্‌ঠা, ঠিতক্রিযা'তু কত্তুট্‌ঠা।

শব্দার্থ। এত্থ—এস্থলে, প্রথমোক্ত উদাহরণে। থাল্যাদি কারকসমূহো—পাকস্থালী, কাষ্ঠ ও ওদনরূপ কারকসমূহ। সূদেন যোজিতো—পাচক কর্ত্তৃক সম্পাদিত। সংসং ধারণাদিনা ব্যাপারেন—স্বস্ব ধারণাদি ক্রিয়া দ্বারা, অর্থাৎ পাকস্থালীর ধারণ ক্রিয়া, কাষ্ঠের জ্বলন ক্রিয়া দ্বারা। পাকক্রিযমভিনিব্বত্তযতি—ওদনের পাক ক্রিয়া জন্মাইতেছে। ইতি—এই হেতুতে। সূদো যেব—পাচকই। উস্‌সাহযুত্তত্তা — উৎসাহযুক্ত বলিয়া অর্থাৎ ক্রিয়া সম্পাদনে উদ্যোগী বলিয়া। পধানো — প্রধান।

ন পন থাল্যাদি—পাকস্থালী, কাষ্ঠ ও ওদনরূপ কারক সমুদায় প্রধান নহে। তত্থ—সেস্থলে, অর্থাৎ উল্লিখিত উদাহরণদ্বয়ের মধ্যে। পাক-ক্রিয়া কম্মট্‌ঠা—পাকক্রিয়া অর্থাৎ 'পচ্চতে" এই ক্রিয়াটী কর্ম্মস্থ 'ওদনো' এই কর্ম্মে স্থিত। ঠিতিক্রিযাতু কত্তুট্‌ঠা—স্থিতি ক্রিয়া অর্থাৎ 'ঠীযতে' এই ক্রিয়াটী কর্ত্তৃস্থ, কর্ত্তার বর্ত্তমানতা হেতু কর্ত্তৃকারকে স্থিত।

ভাবার্থ। সূদেন থালিযং কট্‌ঠেহি ওদনো পচ্চতে", এস্থলে পাকস্থালী কাষ্ঠ ও ওদনরূপ কারকসমূহ পাচক কর্ত্তৃক সম্পাদিত। তন্মধ্যে পাকস্থালী স্বয়ং তণ্ডুলাদি ধারণ করিতেছে, কাষ্ঠ স্বয়ং জ্বলিতেছে, এবং তণ্ডুল স্বয়ং পক্ক হইতেছে; সুতরাং পাকস্থাল্যাদি কারকসমূহ স্বস্ব ধারণাদি ক্রিয়া যোগে ওদনের পাকক্রিয়া জন্মাইতেছে। ইহাদের মধ্যে সূদ (পাচক) উৎসাহবান বলিয়া প্রধান এবং অপরকারকসমূহ অপ্রধান। প্রথমোক্ত উদাহরণে পাক ক্রিয়ার বিদ্যমানতা কর্ম্মে থাকাতে উহা কর্ম্মস্থ ক্রিয়া বলিয়া কথিত হইয়াছে, এবং শেষোক্ত উদাহরণে স্থিতি ক্রিয়ার বিদ্যমানতা কর্ত্তায় থাকাতে উহা কর্ত্তৃস্থ ক্রিয়া বলিয়া কথিত হইয়াছে।

যো যোজযং সকসকে খলু কারকানি,
অঞ্ঞে ক্রিযে যতনযুত্ততযা পধানো।
কম্মট্‌ঠিতং ক্রিযমথাত্তঠিতং করোতি,
কত্তাতি সো নিগদিতো, সচ নেকভেদো।

অন্বয়। যো অঞ্ঞে কারকানি সকসকে ক্রিযে খলু যোজযং যতনযুত্ততযা পধানো কম্মট্‌ঠিতং ক্রিযং অথ অত্তঠিতং করোতি, সো কত্তাতি নিগদিতো, সোচ অনেকভেদো।

শব্দার্থ। যো—যে। অঞ্ঞে কারকানি—কর্ম্ম, করণাদি অন্য কারকসমূহ। সকসকে ক্রিযে—স্ব স্ব ক্রিয়ায়। যোজযং—নিযুক্ত

করিতে করিতে, নিযোক্তা। যতনযুত্ততযা—যত্নবান বলিয়া, উৎসাহযুক্ত বলিয়া। পধানো — প্রধান। কম্মট্ঠিতং ক্রিযং — কর্ম্মস্থিত ক্রিয়া। অথ—কিম্বা। অত্তঠিতং—কর্ত্তার আত্মস্থ ক্রিয়া। করোত—সম্পাদন করে। সো কত্তাতি নিগদিতো—সে কর্ত্তা বলিয়া কথিত। নিগদিতো—কথিত। সোচ—সেই কর্ত্তাও অনেকভেদো—নানাবিধ।

বঙ্গানুবাদ। যে অন্য কারকসমূহকে ইহাদের নিজ নিজ ক্রিয়ায় নিযুক্ত করে; এইরূপ নিয়োগে যত্নবান বলিয়া যে অন্য কারকসমূহের মধ্যে প্রধান, এবং যে কর্ম্মস্থ ক্রিয়া কিম্বা কর্তৃস্থ ক্রিয়া সম্পাদন করে তাহাকে কর্ত্তা কহে।

---

## করণকারক।

### যেন বা কযিরতে তং করণং।

কত্তা যেন করোতি পস্সতি বা তং কত্তুস্স ক্রিযাসিদ্ধিযমতিসযেনোপকারভূতং গম্যতে'তি করণং নাম।

পদবিচ্ছেদ। যেন, বা, কযিরতে, তং, করণং, পঞ্চপদী সূত্র।

শব্দার্থ। যেন—যদ্বারা। কযিরতে—করে, অর্থাৎ ক্রিয়া সম্পাদন করে। তং করণং—তাহা করণ কারক। কত্তা — কর্ত্তা। যেন পস্সতি—যদ্বারা দেখে। বা—কিম্বা। কত্তুস্স ক্রিযাসিদ্ধিযং — কর্ত্তার ক্রিয়া সিদ্ধিতে, অর্থাৎ কর্ত্তার ক্রিয়া সম্পাদনে। অতিসযেন—অতিশয়। উপকারভূতং—উপকারভূত। গম্যতে—বুঝায়। ইতি—এই কারণে। করণং নাম—করণ কারক নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তা যদ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাহার নাম করণ কারক। অর্থাৎ কর্ত্তা যদ্বারা কর্ম্ম করে, কিম্বা যদ্বারা দর্শন,

শ্রবনাদি ক্রিয়া সম্পাদন করে, তাহা কর্ত্তার ক্রিয়া সম্পাদনে অতিশয় উপকারভূত বলিয়া করণ কারক নামে কথিত হয়।

## করণে ততিযা।

করণ কারকে ততীয়া বিভত্তি হোতি।

পদ বিচ্ছেদ। করণে, ততীযা, দ্বীপদী সূত্র।

শব্দার্থ। করণে—করণ কারকে। ততীযা—তৃতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। করণকারকে তৃতীয়া বিভক্তি হয়।

বাহিরঞ্চ তথাজ্ঝত্তং করণং দুবিধং যথা,
বীহিং লুনাতি দত্তেন নেত্তেন চন্দমিকৃখতে।

অন্বয়। বাহিরঞ্চ তথা অজ্ঝত্তং করণং দুবিধং। যথা, দত্তেন বীহিং লুনাতি, নেত্তেন চন্দং ইকৃখতে।

শব্দার্থ। বাহিরং — বহির্জাত, বাহ্য। তথা — তেমন সেইরূপ। অজ্ঝত্তং — আধ্যাত্মিক, অর্থাৎ শরীরস্থ বা দেহস্থিত। করণং দুবিধং — করণকারক দ্বিবিধ। দত্তেন — দাত্র দ্বারা, কাটারি দ্বারা। বীহিং — ধান্য। লুনাতি — ছেদন করিতেছে। নেত্তেন — নেত্র দ্বারা। চন্দং — চন্দ্র। ইকৃখতি -- দর্শন করিতেছে।

বঙ্গানুবাদ। বাহ্য ও আধ্যাত্মিক ভেদে করণকারক দ্বিবিধ। যথা, (১) বাহ্য করণকারকের উদাহরণঃ— দত্তেন বীহিং লুনাতি, অর্থাৎ দাত্র দ্বারা ব্রীহি ছেদন করিতেছে, এস্থলে 'দত্তেন' এই পদটী বাহ্যকরণ কারক, ইহাতে তৃতীয়া হইয়াছে। (২) আধ্যাত্মিক করণকারকঃ— নেত্তেন চন্দং ইকৃখতে, অর্থাৎ নেত্র দ্বারা চন্দ্র দেখিতেছে, এস্থলে 'নেত্তেন' এই পদটী আধ্যাত্মিক করণকারক, ইহাতে তৃতীয়া হইয়াছে।

ততিযাত্যধিকারো — "করণে ততিযা" এই সূত্র হইতে 'ততিযা' এই পদটী নিয়ে কয়েকটা সূত্রের সহিত যোগ করিবে।

## সহাদি যোগে চ।

সহ অলং কিং আদীনং যোগে সহত্থে চ ততিযা সিযা। সহ সদ্দেন চ যোগে ক্রিযা-গুণ-দব্ব সমবাযে সম্ভবতি।

পদ বিচ্ছেদ। সহাদি যোগে, চ, দ্বিপদীসূত্র।

শব্দার্থ। সহাদি যোগে — সহ প্রভৃতি শব্দের যোগে। সহ অলং কিং আদীনং যোগে — সহ, অলং, কিং ইত্যাদি শব্দের যোগে। সহত্থে — সহার্থে অর্থাৎ সহ অর্থ বুঝাইলে। ক্রিযা-গুণ-দব্ব সমবাযে — ক্রিয়া, গুণ, ও দ্রব্যের সংযোগে অর্থাৎ ক্রিয়াবাচক, গুণবাচক ও দ্রব্য-বাচক শব্দের সমবায়ে। সম্ভবতি — সম্ভব হয়।

বঙ্গানুবাদ। সহাদি শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। অর্থাৎ সহ, অলং, কিং ইত্যাদি শব্দের যোগে এবং সহার্থক শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। এস্থলে সহ শব্দের যোগ ক্রিয়া, গুণ ও দ্রব্যের সমবায়ে হয়। যথা (১) ক্রিয়ার সহিত সহ শব্দের যোগে উদাহরণ :— পুত্তেন সহ বুত্তি, এস্থলে 'বুত্তি' এই ক্রিয়াবাচক শব্দের সহিত 'সহ' শব্দের যোগে 'পুত্তেন' এই পদে তৃতীয়া হইয়াছে। (২) গুণবাচক শব্দের সহিত সহ শব্দের যোগে উদাহরণ :— পুত্তেন সহ থূলো, এস্থলে 'থূলো' এই গুণবাচক শব্দের সহিত 'সহ' শব্দের যোগে 'পুত্তেন' এই পদে তৃতীয়া হইয়াছে। (৩) দ্রব্যবাচক শব্দের সহিত সহ শব্দের যোগে উদাহরণ :— পুত্তেন সহ ধনং, এস্থলে 'ধনং' এই দ্রব্যবাচক শব্দের সহিত 'সহ' শব্দের যোগে 'পুত্তেন' এই পদে তৃতীয়া হইয়াছে।

সহার্থে অর্থাৎ সহ শব্দ ব্যতিরেকে সহ শব্দের অর্থ বুঝাইলে তৃতীয়া হয়। যথা — পুত্তেন বুত্তি, পুত্তেন থূলো, পুত্তেন ধনং, ইত্যাদি স্থলে সহ শব্দ ব্যতিরেকে সহ শব্দের অর্থ বুঝাইতেছে বলিয়া তৃতীয়া হইয়াছে। 'অলং' শব্দের যোগে :— অলং তে ইধ বাসেন, এস্থলে 'অলং' শব্দের

২২—

যোগে 'বাসেন' এই পদে তৃতীয়া হইয়াছে। কিং শব্দের যোগে :— কিংতে জটাহি, এস্থলে 'কিং' শব্দের যোগে 'জটাহি' এই পদে তৃতীয়া হইয়াছে। উক্ত উদাহরণদ্বয়ে 'অলং' এবং 'কিং' শব্দ নিষেধার্থক হইয়াছে। 'সদ্ধিং' শব্দের যোগে তৃতীয়া :— নিসীদি ভগবা সদ্ধিং ভিক্খু সংঘেন। 'সমং' শব্দের যোগে :- সহস্‌সেন সমং মিতা। 'নানা' শব্দের যোগে : — পিযেহি মনাপেহি নানাভাবো। 'বিনা' শব্দের যোগে :— পিযেহি মনাপেহি বিনা ভাবো।

## হেত্বথে চ।

হেত্বথে হেতুযোগে চ ততিযা সিযা।

পদ বিচ্ছেদ। হেত্বথে, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। হেত্বথে — হেত্বর্থে অর্থাৎ হেতু অর্থ বুঝাইলে। হেতু-যোগে — হেতু শব্দের যোগে। ততিযা সিযা — তৃতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। হেত্বর্থে ও হেতু শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, (১) হেত্বর্থে :— অন্নেন বসতি, এস্থলে 'অন্নেন' এই পদে হেত্বর্থে তৃতীয়া হইয়াছে, অন্ন হেতু এই অর্থে। ২) হেতু শব্দের যোগে :— 'কেন হেতুন', এস্থলে হেতু শব্দের যোগে 'কেন' এই পদে তৃতীয়া হইয়াছে। এইরূপ ধম্মেন বসতি, বিজ্জায বসতি, নচ্চা বসলো হোতি, দানেন ভোগবা হোতি, ইত্যাদি উদাহরণে হেত্বর্থে তৃতীয়া হইয়াছে। কেনত্থেন সো আগতো, এস্থলে প্রয়োজনার্থে 'কেন' এই পদে তৃতীয়া হইয়াছে।

## "সত্তম্যত্থেচে" তি ততিযা সিযা।

শব্দার্থ। সত্তম্যত্থে — সপ্তম্যর্থে, অর্থাৎ সপ্তমী বিভক্তির অর্থ বুঝাইলে। ততিযা সিযা — তৃতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। সপ্তম্যর্থে তৃতীয়া বিভক্তি হয়। যথা, পুব্বেন গামং, অর্থাৎ গামস্মা পুব্বস্মিং, এস্থলে 'পুব্বেন' এই পদে সপ্তম্যর্থে তৃতীয়া এবং 'গামং' এই পদে পঞ্চম্যর্থে দ্বিতীয়া হইয়াছে।

## যেনঙ্গবিকারো।

যেন ব্যাধিমতা অবযবেন সরীরস্স বিকারো বিঞ্ঞাযতি তত্থ ততিযা সিযা। বিকারো অঞ্ঞথাভাবো।

পদ বিচ্ছেদ। যেন, অঙ্গবিকারো, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। যেন ব্যাধিমতা অবযবেন — যেই ব্যাধিগ্রস্থ অবয়বের দ্বারা, যেই বিকৃত অঙ্গের দ্বারা। সরীরস্স বিকারো — অঙ্গের বিকার অর্থাৎ বিকলতা। বিঞ্ঞাযতি — জানা যায়। তত্থ — সেই বিকল অঙ্গে। ততিযা সিযা — তৃতীয়া বিভক্তি হয়। বিকারো অঞ্ঞথা ভাবো — বিকার অর্থ অন্যথাভাব।

বঙ্গানুবাদ। যেই বিকৃত অঙ্গের দ্বারা অঙ্গের বিকৃতি, সেই বিকৃত অঙ্গে তৃতীয়া বিভক্তি হয়। অর্থাৎ অঙ্গ বিকার অর্থে অঙ্গ বাচক শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, অক্খিনা কাণো; এইরূপ সোতেন বধিরো, হত্থেন কুণী, পাদেন খঞ্জো ইত্যাদি।

## "বিসেসনেচে" তি বিসেসনত্থে ততিযা সিযা।

শব্দার্থ। বিসেসনত্থে—বিশেষণার্থে, অর্থাৎ বিশেষণের অর্থ বুঝাইলে। ততিযা সিযা — তৃতীয়া বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। বিশেষণার্থে শব্দের উত্তর তৃতীয়া বিভক্তি হয়। যথা, গোত্তেন গোতমো, এস্থলে বিশেষণের অর্থ বুঝাইতে 'গোত্তেন' এই পদে তৃতীয়া হইয়াছে।

বুত্ততো'ঞ্ঞত্র যা ততিযা দিস্সতি সা সব্বা "কত্তরিচে" তীহ চকারেন সিজ্ঝতি।

শব্দার্থ। বুত্ততোঞ্ঞত্র — উল্লিখিত 'করণে ততিযা' ইত্যাদি সূত্রানুসারে উক্ত তৃতীয়া বিভক্তি ভিন্ন অন্যত্র। যা ততিযা দিস্সতি — যেই তৃতীয়া বিভক্তি দেখা যায়, অর্থাৎ যে সকল তৃতীয়া বিভক্তির প্রয়োগ দেখা যায়। সা সব্বা — সেই সকল তৃতীয়া বিভক্তি। "কত্তরি চে"তীহ চকারেন সিজ্ঝতি—"কত্তরি চ" এই সূত্রের চকার যোগে অর্থাৎ চকারের অর্থ গ্রহণে সিদ্ধ হয়।

ভাবার্থ। উপরে যে সকল তৃতীয়া বিভক্তির প্রয়োগ উক্ত হইল, এতদ্ভিন্ন অন্যত্র যে সকল তৃতীয়া বিভক্তির প্রয়োগ দেখা যায়, সেই সকল তৃতীয়া বিভক্তির প্রয়োগ "কত্তরি চ" এই সূত্রের চকার যোগে সিদ্ধ হয়। অর্থাৎ উপরোক্ত সূত্রানুসারে তৃতীয়া বিভক্তির প্রয়োগ সম্বন্ধে যাহা উক্ত হইল, তদ্ভিন্ন "কত্তরি চ" এই সূত্রের চকারের অর্থানুসারে অর্থাৎ কর্ম্মাদিতে দ্বিতীয়াদি বিভক্ত্যর্থেও তৃতীয়া বিভক্তির প্রয়োগ হইয়া থাকে। যথা, (১) তিলেহি বপতি, অর্থাৎ তিলানি খেত্তে বপতি, এস্থলে 'তিলেহি' এই পদে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তির অর্থে তৃতীয়া বিভক্তির প্রয়োগ হইয়াছে। (২) মুমুত্তা মযং তেন মহা সমণেন, অর্থাৎ তম্হা মহা সমণা মযং মুমুত্তা, এই উদাহরণে 'তেন মহা সমণেন' এই পদে অপাদানে পঞ্চম্যর্থে তৃতীয়া বিভক্তি হইয়াছে। (৩) অত্তানাব অত্তানং সম্মন্নতি, অর্থাৎ অত্তা এব অথবা সো এব অত্তানং সম্মন্নতি, এস্থলে 'অত্তনা' এই পদে প্রথমা বিভক্ত্যর্থে তৃতীয়া বিভক্তি হইয়াছে। (৪) ইত্থম্ভূতার্থেঃ— পরিব্বাজকং তিদণ্ডেন অদ্দক্খি, অর্থাৎ সো পরিব্বাজকং তিদণ্ডেন যুত্তলক্খণ সঙ্খাত পকার পত্তং অপস্সি, এই উদাহরণে 'তিদণ্ডেন' এই পদে ইত্থম্ভূতার্থে তৃতীয়া বিভক্তি হইয়াছে। (৫) ক্রিয়া-অপবর্গে অর্থাৎ ক্রিয়া আশু সম্পাদনার্থ তৃতীয়াঃ— একাহেনেব বারাণসিং পাযাসি, অর্থাৎ একাহমত্তেন অপ্প-কালেন বারাণসিং অগমাসি, এস্থলে 'একাহেন' এই পদে ক্রিয়াঅপবর্গে

তৃতীয়া বিভক্তি হইয়াছে। এইরূপ একাহেনেব তে বিহারে, নিট্‌ঠাপেসি ইত্যাদি। (৬) তুল্যার্থে তৃতীয়া ঃ— মাতরাসমো, পিতরাসমো, ইত্যাদি স্থলে তুল্যার্থে তৃতীয়া বিভক্তি হইয়াছে। (৭) কালে অর্থাৎ উপযুক্ত কালার্থে তৃতীয়াঃ— কালেন ধম্ম সবণং। (৮) পুর্ব্বাদি শব্দের যোগে ঃ— মাসেন পুব্বো, এস্থলে 'পুব্ব' শব্দের যোগে 'মাসেন' এই পদে পঞ্চম্যার্থে তৃতীয়া হইয়াছে। যে ভুয্যেন উপসঙ্‌কমি, এ স্থলে 'যে ভুয্যেন' এই পদে কোন কোন পালি ব্যাকরণে ক্রিয়া-বিশেষণার্থে তৃতীয়া বিভক্তি বলিয়া উক্ত হইয়াছে।

---

## সম্প্রদান কারক।

### যস্‌স দাতুকামো রোচতে ধারযতে বা তং সম্পদানং।

কত্তা পূজাবুদ্ধিযা বা অনুগ্‌গহ বুদ্ধিযা বা যস্‌স দাতু মিচ্ছতি পীতিং করোতি বা ধারযতে বা, তং কত্তুস্‌স দানিচ্ছাদি নিমিত্তং সম্পদানং নাম।

পদবিচ্ছেদ। যস্‌স, দাতুকামো, রোচতে, ধারযতে, বা, তং, সম্পদানং সপ্তপদী সূত্র।

শব্দার্থ। যস্‌স — যাহাকে। দাতু কামো — দিতে ইচ্ছুক। রোচতে — রুচি করে, প্রীতি করে। ধারযতে — ধরায়, ধারণ করায়। বা — অথবা; তং সম্পদানং — তাহা সম্প্রদান কারক। কত্তা— কর্ত্তা। পূজা বুদ্ধিযা — পূজা জ্ঞানে। অনুগ্‌গহবুদ্ধিযা — অনুগ্রহ জ্ঞানে, দয়া জ্ঞানে। দাতু মিচ্ছতি — দিতে বা দান করিতে ইচ্ছা করে। পীতিং করোতি — প্রীতি করে। কত্তুস্‌স—কর্ত্তার। তং দানিচ্ছাদি নিমিত্তং— সেই দানেচ্ছাদি নিমিত্ত। সম্পদানং নাম — সম্প্রদাম কারক নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। কর্ত্তা যাহাকে পূজা জ্ঞানে বা অনুগ্রহ জ্ঞানে দান করিতে ইচ্ছা করে, যাহাকে রুচি করে বা প্রীতি করে, কিম্বা যাহাকে ছত্রাদি ধারণ করে, কর্ত্তার দানেচ্ছাদির সেই নিমিত্তের নাম সম্প্রদান কারক। অর্থাৎ যাহাকে দান করা যায়, এবং রুচ, ধারি প্রভৃতি কতকগুলি ধাতুর যোগে সম্প্রদান কারক হয়।

## সম্পদানে চতুত্থী।

সম্পদানে কারকে চতুত্থী বিভত্তি হোতি।

পদ বিচ্ছেদ। সম্পদানে, চতুত্থী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। সম্পদানে — সম্প্রদান কারকে। চতুত্থী — চতুর্থী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, সমণস্‌স চীবরং দদাতি, এস্থলে দা ধাতুর যোগে সম্প্রদানার্থে চতুর্থী বিভক্তি হইয়াছে। সমণস্‌স রোচতে সচ্চং এস্থলে "রুচ" ধাতুর যোগে চতুর্থী। যঞ্ঞদত্তস্‌স ছত্তং ধারযতে, এস্থলে "ধারি" ধাতুর যোগে চতুর্থী।

অনিরাকত্তানুমন্তারাধকং সম্পদানিযং,
তিধা যথা জলংদেতি রুক্খস্‌সভিক্খুনো'খিনো।

অন্বয়। অনিরাকত্তু, অনুমন্ত, আরাধকং চেতি সম্পদানিযং তিধা, যথা রুক্খস্‌স জলং দেতি, ভিক্খুনো জলং দেতি, অত্থিনো জলং দেতি।

শব্দার্থ। অনিরাকত্তু—অনিরাকর্ত্তৃ, দান বারণ করেনা যে, তাহার নাম অনিরাকর্ত্তৃ সম্প্রদান কারক; নি—আ—কর+তু নিরাকত্তু, ন নিরাকত্তু অনিরাকত্তু। অনুমন্ত—অনুমন্তৃ, দান করিতে অনুমতি করে যে, তাহার নাম অনুমন্তৃ সম্প্রদান কারক। আরাধকং, দান আরাধনা অর্থাৎ যাচ্ঞা করে যে, তাহার নাম আরাধক সম্প্রদান

কারক, আরাধক অর্থ এস্থলে যাচক। সম্পদানিযং—সম্প্রদান কারক। তিধা—তিন প্রকার। অত্থিনো—অর্থীকে, যাচককে।

বঙ্গানুবাদ। সম্প্রদান কারক তিন প্রকার:—অনিরাকর্ত্তৃ সম্প্রদান কারক, অনুমন্তৃ সম্প্রদান কারক, এবং আরাধক সম্প্রদান কারক। যথা, (১) রুক্খস্স জলং দেতি, অর্থাৎ বৃক্ষকে জল দিতেছে, কিন্তু বাঙ্গালাতে বৃক্ষে জল দিতেছে এইরূপ হয়, এস্থলে বৃক্ষ কাহাকেও বলে না যে, আমাকে জল দাও অথচ কেহ স্বেচ্ছায় জল দিতে চাহিলে বারণও করে না, এই প্রকার সম্প্রদান কারকের নাম অনিরাকর্ত্তৃ সম্প্রদান কারক; উক্ত উদাহরণে 'রুকখসস' এই পদে অনিরাকর্ত্তৃ সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হইয়াছে। (২) ভিক্খুনো জলং দেতি, অর্থাৎ ভিক্ষুকে জল দিতেছে, এস্থলে ভিক্ষু কাহারো নিকট জলের জন্য যাচ্ঞা করিতেছে না, জলদাতা স্বয়ং ভিক্ষুর নিকট আসিয়া ভক্তির সহিত জিজ্ঞসা করিতেছে ভন্তে, জল দিতে ইচ্ছা করি, ভিক্ষু অনুমতি করিলেন—হাঁ দাও, এই প্রকার সম্প্রদান কারকের নাম অনুমন্তৃ সম্প্রদান কারক। (৩) অত্থিনো জলং দেতি, অর্থাৎ অর্থীকে জল দিতেছে, এস্থলে অর্থী স্বয়ং লোকের নিকট জলের জন্য যাচ্ঞা করিতেছে, জলদাতাও অনুগ্রহ করিয়া তাহাকে জল দিতেছে, তজ্জন্য অর্থী আরাধক সম্প্রদান কারক; এই উদাহরণে "অত্থিনো" এই পদে আরাধক সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হইয়াছে।

**সিলাঘহনুঠা সপধারপিহ কুধদুহিস্সোসূয রাধিক্খপচ্চাসুণঅনুপতিগিণপুব্বকত্তারোচনত্থতদত্থতুমত্থালমত্থ মঞ্ঞানাদরপ্পাণিনি গত্যত্থ কম্মনি সংসট্ঠ সম্মুতি ভিয্য সত্তম্যত্থেসুচ।**

সিলাঘাদিসু যং তং সম্পদানং নাম।

পদ বিচ্ছেদ। সিলাঘ হনুঠা সপধার পিহ কুধ দুহিস্সো স্য্য রাধিক্খ পচ্চা সুণ অনুপতি গিণ পুব্বকত্তারোচনত্থ তদত্থ তুমত্থালমত্থ মঞ্ঞানাদরপ্পাণিনি—একপদ, গত্যত্থ কম্মণি—একপদ, সংসট্ঠসম্মুতি ভিয্যো সত্তম্যত্থেসু—একপদ, চ—একপদ, এই চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। সিলাঘহনুঠা সপধারপিহকুধদুহিস্সো স্যরাধিক্খ-পচ্চাসুণ অনুপতিগিণ পুব্বকত্তারোচনত্থ তদত্থ তুমত্থালমত্থমঞ্ঞানাদরপ্-পাণিনি—সিলাঘ ধাতু (শ্লাঘ) প্রশংসার্থে, হন ধাতু অপনয়নে, ঠাধাতু গতি নিবারণে, সপধাতু (শপ) আক্রোশে, ধর ধাতু (ধৃ) ধারণে ধর এর ধারো, পিহ ধাতু ইচ্ছার্থে, কুধ ধাতু (ক্রুধ্) কোপে ক্রোধে, দুহ ধাতু (দ্রুহ) জিগীষার্থে, অপকারার্থে, প্রপূরণার্থে, ইস্স ধাতু ঈর্ষার্থে, উস্য ধাতু অস্য়ার্থে, রাধ ধাতু হিংসা ও আরাধনার্থে, ইক্খ ধাতু দর্শনার্থে, পচ্চাসুণ—পতি—আ + সু ধাতু শ্রবণে, অনুপতিগিণ—'অনু' পূর্ব্বক বা "পতি" পূর্ব্বক "গি" ধাতু শব্দে, পুব্বকত্তা—পূর্ব্ব ক্রিয়ার আর্থাৎ প্রথমোক্ত বাক্যে প্রযুক্ত ক্রিয়ার যে কর্ত্তা তাহা সম্প্রদান কারক হয়; আরোচনত্থে—আরোচনার্থে, আরোচন যাহাকে করা হয়, তাহা সম্প্রদান কারক হয়; তদত্থে — তদর্থে, তন্নিমিত্তার্থে, তুমত্থে — তুং প্রত্যয়ের অর্থ বুঝাইলে, অলমত্থে—'অলং' শব্দের অর্থে, অলং অর্থ অর্হ, সমর্থ, যোগ্য, নিষেধ; মঞ্ঞা — অর্থাৎ "মঞ্ঞতি" ক্রিয়ার প্রযোগে; অনাদরে—অনাদরে, অর্থাৎ অনাদর বুঝাইলে; অপ্পাণিনি—অপ্রাণী বাচক শব্দের যোগে, অর্থাৎ অপ্রাণী বাচক শব্দের অর্থ বুঝাইলে; গত্যত্থে—গত্যর্থে, গমনার্থে; গত্যত্থ কম্মনি — গত্যর্থ ধাতুর কর্ম্ম কারকে। সংসট্ঠত্থে — আশীর্ব্বাদার্থে; সম্মুতি — সম্মতি, 'সম্মুতি' বা 'সম্মতি' অর্থতঃ একই, 'সম্মতি' শব্দের যোগে; ভিয্যো—"ভিয্যো" এই নিপাত শব্দের যোগে; সত্তম্যত্থেসু—সপ্তম্যর্থে, সপ্তমী বিভক্তির অর্থ বুঝাইলে।

বঙ্গানুবাদ। সিলাঘ, হনু, ঠা, সপ, ধার, পিহ, কুধ, দুহ, ইস্‌স, উস্‌য, রাধ ও ইক্‌খ এই সকল ধাতুর যোগে সম্প্রদান কারক হয়, এবং পতি—আ—সু ধাতুর যোগে, অনু-গি ধাতুর যোগে, ও পতি-গি-ধাতুর যোগে পূর্ব্ব ক্রিয়ার কর্ত্তার সম্প্রদান কারক হয় আরোচনার্থে, তদর্থে তুং প্রত্যয়ার্থে, ও অলমর্থে সম্প্রদান কারক হয়, 'মঞ্‌ঞতি' ক্রিয়ার যোগে, ও অনাদরে অপ্রাণী বাচক শব্দের সম্প্রদান কারক হয়, গমু ধাতুর যোগে কর্ম্মার্থে সম্প্রদান কারক হয় (কর্ম্ম কারকও হয়) অশীর্ব্বাদার্থে 'সম্মুতি' শব্দের যোগে, "ভিয্যো" শব্দের যোগে, এবং সপ্তম্যর্থে সম্প্রদান কারক হয়। যথা, (১) সিলাঘ, বুদ্ধস্‌স সিলাঘতে, অর্থাৎ সাবকো বুদ্ধং থোমেতি, এস্থলে 'বুদ্ধস্‌স' এই পদে সম্প্রদান কারকে চতুর্থী হইয়াছে। (২) হনু, হনুতে তুয্‌হং, অর্থাৎ তুবং অপনযতি, এস্থলে 'তুয্‌হং' এই পদে চতুর্থী হইয়াছে। (৩) ঠা, উপতিট্‌ঠেয্য সকপুত্তানং, এইরূপ ভিক্‌খুস্‌স ভুঞ্জমানস্‌স পানীযেন বা বিধুপনেন বা উপতিট্‌ঠেয্য। (৪) সপ, তুয্‌হং সপতে। (৫) ধর, সুবণ্ণং তে ধারয়তে, অর্থাৎ তুয্‌হং সুবণ্ণং ধনং ইণকারোহুত্বা কোচি ধারযতে। (৬) পিহ, সমিদ্ধানং পিহযন্তি দলিদ্দা। (৭) কুধ, তস্‌স কুজ্‌ঝতি। (৮) দুহ, দুহযতি দিসানং মেঘো, এস্থলে 'দিসানং' এই পদে পূরণার্থে চতুর্থী, ইহার পালি অর্থ "মেঘো দিসাযো পরিপূরেতি"; দুহ ধাতু নাশে, দুহযতি দিসানং মেঘো অর্থাৎ মেঘো দিসাযো নাসেতি, এস্থলে 'দিসানং' এই পদে নাশনার্থে চতুর্থী। যো মিত্তানং নদূভতি, এস্থলে 'মিত্তানং' এই পদে চতুর্থী। (৯) ইস্‌স, তিত্থিযা ইস্‌সযন্তি সমণানং। (১০) উস্‌য, দুজ্জনা গুণবন্তানং উস্‌যন্তি। (১১) রাধ, আরাধো মে রঞ্‌ঞো রাজানং ব', অর্থাৎ মে আরাধনা রঞ্‌ঞো হোতি, এস্থলে "রঞ্‌ঞো' এই পদে আরাধনার্থে চতুর্থী; বিশেষতঃ জিজ্ঞাসাচ্ছলে বলা হয় — তব আরাধো কো? কতমং ত্বং

আরাধেসি? আরাধো মে রঞ্ঞো অহং রাজানং আরাধেমি. এস্থলে 'রঞ্ঞো' এই পদে চতুর্থী এবং 'রাজানং' এই পদে দ্বিতীয়া। (১২) ইকৃখ আযস্মতো উপসম্পদাপেক্খো উপতিস্সো আযস্মন্তং বা অর্থাৎ আযস্মতো উপালিত্থেরস্স উপসম্পদাপেকখো উপতিসসো, এস্থলে "আযস্মতো উপালিত্থেরস্স" এখানে চতুর্থী বিভক্তি এবং আযস্মন্তঃ উপালিত্থেরঃ উপজ্ঝাযং কত্বা উপসম্পদং অপেক্খমানো উপতিস্সো এস্থলে 'আযস্মন্তং উপালিত্থেরং" এখানে দ্বিতীয়া। (১৩) পতি—সু ধাতু ভগবা ভিকখূ এতদবোচ, ভিকখু ভগবতো পচ্চসসোস্সুং, আস্মণস্তি, বা এই উদাহরণে দুইটী বাক্য:—১ম "ভগবা ভিকখূ এতদবোচ" এবং ২য় "ভিকখূ ভগবতো পচ্চস্সোস্সুং"; প্রথমোক্ত বাক্যে "অবোচ" এই ক্রিয়ার কর্ত্তা "ভগবা" ইহা শেষোক্ত বাক্যে "পচ্চস্সোস্সুং" এই ক্রিয়া যোগে সম্প্রদান কারক হইয়াছে. তদ্ধেতু "ভগবতে" এই পদে চতুর্থী হইয়াছে। (১৪) আ—সুধাতু, ভগবা ভিকখূ এতদবোচ, ভিকখূ ভগবতো আস্সুণন্তি আসুণিংসু বা। (১৫) অনু—গি ধাতু, ভিকখূ জনং ধম্মং সাবেত্তি, ভিকখুনো জনো অনুগিণাতি, অর্থাৎ ভিক্ষুজন সমূহকে ধর্ম্ম শুনাইতেছেন, জনসমূহ ভিক্ষুকে সাধুবাদ প্রদান করিতেছে এস্থলেও দুইটী বাক্য, প্রথমোক্ত বাক্যে 'সাবেত্তি' এই ক্রিয়ার কর্ত্তা 'ভিকখূ', ইহা শেষোক্ত বাক্যে 'অনুগিণাতি, এই ক্রিয়াযোগে সম্প্রদান কারক হইয়াছে, তদ্ধেতু 'ভিকখুনো' এই পদে চতুর্থী হইয়াছে। (১৬ পতি-গিধাতু ভিকখু জনং ধম্মং সাবেত্তি, জনা ভিকখুনো পতিগিণাতি. এস্থলেও ঐরূপ দ্রষ্টব্য। (১৭) আরোচনার্থে, আমন্তযামি বো, অর্থাৎ ভিকখবে বো আরোচযামি এস্থলে 'বো' এই পদে চতুর্থী। (১৮ তদর্থে. যুদ্ধায সন্নদ্ধো, এইরূপ বহুজন হিতায বহুজন সুখায অথায হিতায সুখায দেবমনুস্সানং। (১৯) তুমর্থে, লোকানু কম্পকায, অর্থাৎ লোকং

অনুকম্পিতুং, এস্থলে 'লোকানুকম্পকায' এই পদে তুং প্রত্যয়ার্থে চতুর্থী হইয়াছে। (২০) অলমর্থে, অলং মল্লো মল্লস্স, মল্লো মল্লস্স অরহতি বা। (২১) অলং মে সুবণ্ণেন, অর্থাৎ সুবণ্ণেন মে পয়োজনং নত্থি। (২২) 'মঞ্ঞতি' ক্রিয়াযোগে, কট্ঠস্স ত্বং মঞ্ঞে অর্থাৎ ত্বং কট্ঠ সদিসং কত্বা মঞ্ঞামি, এস্থলে 'কট্ঠস্স' এই পদে অপ্রাণীবাচক শব্দে চতুর্থী। কিন্তু অনাদরার্থ ও অপ্রাণীবাচক শব্দ না বুঝাইলে চতুর্থী বিভক্তি হইবে না; যেমন, সুবণ্ণং ত্বং মঞ্ঞে, এস্থলে অনাদরার্থ বুঝাইতেছে না বলিয়া 'সুবণ্ণং' এই পদে চতুর্থী হইল না; গদ্রভং ত্বং মঞ্ঞে এস্থলে অপ্রাণীবাচক শব্দের প্রয়োগ না হওয়াতে 'গদ্রভং' এই পদে চতুর্থী হইল না। (২৩) গত্যর্থ ধাতুর প্রয়োগে, গামস্স গতো, গামং গতো বা, এস্থলে 'গমু' ধাতুর যোগে প্রায়ই কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইয়া থাকে, ক্বচিৎ কর্ম্মার্থে চতুর্থী হয়, 'গামস্স' এই পদে কর্ম্মার্থে চতুর্থী। (২৪) আশীর্ব্বাদার্থে ভদ্দং ভবতো হোতু, এইরূপ — আযস্মতো দীঘাযু হোতু সুখং তে হোতু ইত্যাদি স্থলে 'ভবতো, আযস্মতো, তে' এই পদগুলিতে চতুর্থী বিভক্তি হইয়াছে। (২৫) 'সম্মুতি' যোগে সাধু সম্মুতি মে, অর্থাৎ সম্মুতি মযহং সাধু হোতি। (২৬) 'ভিয্যো' যোগে, ভিয্যোসোমত্তায, পমাণতো অধিকং ইতি অত্থো, এস্থলে 'সোমত্তায' এই পদে চতুর্থী। (২৭) সপ্তম্যর্থে, তুযহং আবিকরোমি, অর্থাৎ তব সন্তিকে আবিকরোমি, এস্থলে 'তুযহং' এই পদে সপ্তম্যর্থে চতুর্থী হইয়াছে। (২৮) উপমা শব্দের যোগে, উপমং তে করিস্সামি, এস্থলে 'তে' এই পদে চতুর্থী। অত্থগ্গহণেন — উক্ত সূত্রে প্রযুক্ত 'অত্থ' শব্দের অর্থানুসারে, অথবা 'অত্থ' এই শব্দের অর্থ গ্রহণে। উক্ত সূত্রের চকার যোগে 'পেসনা'দি ক্রিয়াযোগেও চতুর্থী হয়, যেমন — ভিক্খূনং দূতং পাহেসি, এস্থলে 'ভিক্খূনং' এই পদে সপ্তম্যর্থে চতুর্থী। তস্স ফাসু হোতি, আহিতা হিংস্স ফাসু হোতি, ইত্যাদি।

"নমো যোগাদিস্বপিচে"তি চতুত্থী।

শব্দার্থ। নমো যোগাদিসু — 'নমো' এই নিপাতাদি শব্দের যোগে। চতুত্থী হোতি — চতুর্থী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। 'নমো' এই নিপাতাদির যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, নমো তে, নমো তে বুদ্ধবীরত্থু, নমো করোহি নাগস্স, ইত্যাদি স্থলে 'নমো' শব্দের যোগে চতুর্থী হইয়াছে। সোত্থিপজানং সোত্থিতে ভগিনী, সোত্থি গব্ভসস, ইত্যাদি স্থলে 'সোত্থি' শব্দের যোগে চতুর্থী। স্বাগতং তে, এস্থলে 'স্বাগতং' শব্দের যোগে 'তে' এই পদে চতুর্থী। কিং বিপ্পটিসারায, এস্থলে 'কিং' শব্দের যোগে চতুর্থী হইয়াছে।

## অপাদান কারক।

### যস্মাদপেতি ভযমাদত্তে বা তদপাদানং।

যতো অপসরতি ভাযতি গণ্হাতি বা তং কত্তুস্স অপগমনাদি সীমাভূতন্তি অপাদানং নাম।

পদ বিচ্ছেদ। যস্মা, আদপেতি, ভযং, আদত্তে, বা, তং, অপাদানং, সপ্তপদী সূত্র।

শব্দার্থ। যস্মা — যাহা হইতে। আদপেতি — এস্থলে দুইটী ক্রিয়া যুক্ত হইয়াছে — একটী 'আদদাতি', আর একটী 'অপেতি" এই দুইটী ক্রিয়া পরস্পর সংযুক্ত হইয়া 'আদপেতি' এই একটী ক্রিয়া হইয়াছে; 'আদদাতি' — অর্থ গ্রহণ করে বা গ্রহণ করিতেছে; 'অপেতি' অর্থ অপসৃত হয় বা চলিয়া যায়। ভযং আদত্তে — ভয় প্রাপ্ত হয়। যতো — যাহা হইতে। অপসরতি — চলিয়া যায়, অপসরণ করে। ভাযতি — ভয় পায়। গণ্হাতি — গ্রহণ করে। বা — অথবা। কত্তুস্স — কর্ত্তার। অপগমনাদি সীমাভূতং — অপগমনাদি সীমাভূত। তং — তাহা। অপাদানং নাম — অপাদান কারক নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। যাহা হইতে অপগমন, ভয়, গ্রহণ, ইত্যাদি হয়, অর্থাৎ যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি অপসৃত, ভীত, গৃহীত, পরাজিত বা উৎপন্নাদি হয়, তাহার নাম অপাদান কারক।

## অপাদানে পঞ্চমী।

অপাদান কারকে পঞ্চমী বিভত্তি হোতি।

পদ বিচ্ছেদ। অপাদানে, পঞ্চমী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অপাদানে — অপাদান কারকে। পঞ্চমী — পঞ্চমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, গামা অপেন্তি, চোরা ভাযন্তি, উপজ্ঝাযা সিক্খং গণ্হাতি।

নিযমপুব্বকে বিজ্জাগ্গহণে সাদ্ধে আদানত্থেনেব সিজ্ঝতি।

শব্দার্থ। নিযমপুব্বকে — নিয়ম পূর্ব্বক। বিজ্জাগ্গহণে — বিদ্যা-শিক্ষাগ্রহণে। সাদ্ধে — সাধ্য, সাধন যোগ্য। আদানত্থেনেব — সূত্রে উক্ত আদান'র্থ বুঝাইলেই। সিজ্ঝতি — সিদ্ধ হয়, অর্থাৎ অধ্যয়ন বা 'অধীযতে' ক্রিয়া সিদ্ধ হয়।

ভাবার্থ। এতক্ষণ এইরূপ বিদ্যাশিক্ষা করিব এই প্রকার নিয়ম করিয়া সাধন যোগ্য বিদ্যা-শিক্ষা গ্রহণে আদান অর্থ বুঝাইলেই অধ্যয়ন ক্রিয়া সিদ্ধ হয়। যথা, উপজ্ঝাযম্হা অধীযতে, অর্থাৎ উপজ্ঝাযতো নিযমপুব্বকং বিজ্জং আদি যতি, এস্থলে 'অধীযতে' এই পদে বিদ্যা-শিক্ষাগ্রহণ বুঝাইতেছে বলিয়া 'উপজ্ঝাযম্হা' এই পদে পঞ্চমী বিভক্তি হইয়াছে।

সমেপ্যপগমে যস্মিং পুব্বরূপা যদচ্চুতং,
বুচ্চতে তদপাদানং তং চলাচলতো দ্বিধা,
যথাস্সাধাবতা পোসো পতে রুক্খা ফলং তি চ।

অন্বয়। অপগমে সমে অপি দ্বিন্নং যং পুব্বরূপা অচ্চুতং তং অপাদানং বুচ্চতে, তং অপাদানং চলাচলতো দ্বিধা। যথা, ধাবতা অস্‌সা পোসো পতে, রুক্‌খা ফলং পতে ইতি চ।

শব্দার্থ। অপগমে — অপগমনে, অপসরণে। সমে অপি — সমান হইলেও। দ্বিন্নং — উভয়ের। যং — যাহা। পুব্বরূপা — পূর্ব্বাবস্থা হইতে। অচ্চুতং — অচ্যুত, যাহা চ্যুত হয় নাই, অর্থাৎ যাহা পূর্ব্বাবস্থায় স্থিত আছে। তং — তাহা। অপাদানং বুচ্চতে — অপাদানকারক নামে কথিত হয়। তং অপাদানং — সেই অপাদানকারক। চলাচলতো — চলাপাদান ও অচলাপাদান কারক বশে। দ্বিধা — দুই প্রকার। যথা — যথা, যেমন। ধাবতা অস্‌সা — ধাবমান অশ্ব হইতে। পোসো — পুরুষ। পতে — পড়িতেছে, স্খলিত হইতেছে। রুক্‌খা — বৃক্ষ হইতে। ফলংপতে — ফল পড়িতেছে।

বঙ্গানুবাদ। উভয়ের অপগমন সমান হইলেও অর্থাৎ স্থান-চ্যুতি-ক্রিয়া উভয়ের এক সদৃশ হইলেও, যাহা পূর্ব্বাবস্থা হইতে চ্যুত হয় নাই বা পূর্ব্বাবস্থায় স্থিত আছে, তাহা অপাদান কারক নামে কথিত হয়। ইহা চলাপাদান ও অচলাপাদান বশে অপাদান কারক দুই প্রকার। যথা, ধাবতা অস্‌সা পোসো পতে, অর্থাৎ ধাবমান অশ্ব হইতে পুরুষ পড়িতেছে, এস্থলে 'অস্‌সা' এইটী চলাপাদান কারক এবং তাহাতে পঞ্চমী হইয়াছে। রুক্‌খা ফলং পতে, অর্থাৎ বৃক্ষ হইতে ফল পড়িতেছে, এস্থলে 'রুক্‌খা এইটী অচলাপাদান কারক এবং তাহাতে পঞ্চমী হইয়াছে।

## ধাতুনামানমুপসগ্‌গযোগাদিস্বপি চ।

ধাত্বাদি বিসেসানং যোগে যং তং অপাদানং নাম।

পদ বিচ্ছেদ। ধাতুনামানং, উপসগ্‌গযোগাদিসু, অপি, চ, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। ধাতুনামানং — ধাতু বিশেষ ও শব্দ বিশেষ যোগে। উপসগ্গযোগাদিসু — উপসর্গ বিশেষ যোগে। ধাতুনামানং উপসগ্গযোগাদিসু যোগে — ধাতু বিশেষ, নাম-শব্দবিশেষ, ও উপসর্গ বিশেষ যোগে।

বঙ্গানুবাদ। ধাতু, শব্দ ও উপসর্গ বিশেষ যোগে যে কারক হয়, তাহা অপাদান নামে কথিত হয়। যথা, বুদ্ধস্মা পরাজেন্তি অঞ্ঞতিত্থিযা, এস্থলে 'পরা' পূর্ব্বক জি ধাতুর যোগে যাহা অনভিভবনীয় অর্থাৎ পরাভবনীয় নহে, তাহা সম্প্রদান কারক হইয়াছে তদ্ধেতু 'বুদ্ধস্মা' এই পদে পঞ্চমী হইয়াছে। কিন্তু 'পরা' পূর্ব্বক জি ধাতুর যোগে যাহা অনভিভবনীয় নহে তাহা অপাদান কারক হইবে না; যেমন, রিপুং পরাজযতি বীরো, এস্থলে 'রিপুং' এইটী কর্ম্ম কারক হইয়াছে, অপাদান কারক হইলনা; 'প' উপসর্গ পূর্ব্বক ভূ ধাতুর যোগে যাহা হইতে অচ্ছিন্ন প্রভব (উৎপত্তি) হয়, তাহা অপাদান কারক হইয়া থাকে; যেমন, অনবতত্তম্হা মহা সরা পভবন্তি, এস্থলে 'অনবতত্তম্হা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে। পেমতো জাযতে ভযং, এস্থলে উপসর্গ বিনা কেবল 'জন' ধাতুর যোগে 'পেমতো' এইপদে অপাদানে পঞ্চমী হইয়াছে।

জুগুপ্সা ও প্রমাদার্থ বোধক ধাতুর যোগে অপাদান কারকের উদাহরণ:— অধম্মা জিগুচ্ছতি, অর্থাৎ অধম্মং গরহতি, এস্থলে 'অধম্মা' এইপদে কর্ম্মার্থে অপাদান কারক হইয়াছে; অধম্মা পমজ্জতি অর্থাৎ আলসিযমাপন্নো অধম্মং পরিবজ্জেতি, এস্থলে 'অধম্মা' এই পদে অপাদানে পঞ্চমী।

নাম শব্দের যোগে উদাহরণ:— ততোপ্পভুতি, এ স্থলে 'পভুতি' এই নাম-শব্দের যোগে 'ততো' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে; যতো সরামি, এস্থলে 'পভুতি' শব্দের প্রয়োগ ব্যতীতও

'পভুতি' শব্দের অর্থ বুঝাইতেছে বলিয়া 'যতো' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে।

অন্যার্থ বোধক শব্দের যোগে উদাহরণ :— নাঞ্‌ঞং তুকৃখা, অর্থাৎ তুকৃথস্মা ইতরং নত্থি. এস্থলে 'অঞ্‌ঞং' শব্দের যোগে 'তুকখা এইপদে অপাদানে পঞ্চমী হইয়াছে ; ভিন্নো দেবদত্তা, এস্থলে 'ভিন্ন' শব্দের দ্বারা 'অন্য' শব্দের অর্থ বুঝাইতেছে বলিয়া 'দেবদত্তা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে।

উপসর্গ যোগে অপাদান কারকের উদাহরণ :— অপসালায আযন্তি বাণিজা, এস্থলে 'অপ' এই উপসর্গ বর্জ্জনার্থে হইয়াছে, সুতরাং বর্জ্জনার্থ বোধক 'অপ' এই উপসর্গের যোগে 'সালায' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে ; আব্রহ্মলোকা সদ্দো অব্ভুগ্‌গচ্ছতি. এস্থলে 'আ' এই উপসর্গ সীমার্থে অর্থাৎ 'পর্য্যন্ত' অর্থে হইয়াছে, সুতরাং সীমার্থ বোধক 'আ' উপসর্গের যোগে 'ব্রহ্মলোকা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে।

'মুখ্যসদৃশ' এইরূপ অর্থবোধক ও প্রতিদান অর্থাৎ বিনিময়ার্থ-বোধক 'পতি' এই উপসর্গের যোগে অপাদান কারক হয়। যথা, বুদ্ধস্মা পতি সারিপুত্তো, অর্থাৎ — ধম্ম সেনাপতি সারিপুত্তত্থেরো গুণেহি বুদ্ধ সদিসো, এত্থ বুদ্ধো পঞ্‌ঞাদীহি গুণেহি মুখ্যো, যেন কেনচি লেসেন সারিপুত্তোত্থেরো বুদ্ধ সদিসোতি অত্থো, নেবা সাধারণ ঞাণাদীহি. নচ মহা পুরিস-লক্‌খণাদীহি ; এস্থলে মুখ্য সদৃশার্থ বোধক 'পতি' উপসর্গের যোগে 'বুদ্ধস্মা' এইপদে অপাদানে পঞ্চমী হইয়াছে ঘতমস্‌স তেলস্মা পতি দদাতি, অর্থাৎ তেলং পঠমং গহেত্বা পচ্ছা অস্‌স পুরিসস্‌সঘতং দদাতীতি অত্থো, এস্থলে বিনিময়ার্থবোধক 'পতি' উপসর্গের যোগে 'তেলস্মা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে।

উক্ত সূত্রের "আদি" শব্দের অর্থানুসারে কারকদ্বয়ের মধ্যেও অপাদান কারক হয়। যথা, লুদ্দকো ইতো পকৃথস্মা মিগং বিজ্ঝতি, অর্থাৎ লুদ্দকো অজ্জদিবসতো পটঠায পকৃথকালে অতিক্কন্তে মিগং বিজ্ঝিস্সতি অথবা লুদ্দকো অজ্জ মিগং বিজ্ঝিত্বা পকৃথকালতো পরং পুন মিগং বিজ্ঝতী'তি অথো এস্থলে "ইতো" একটী অপাদান কারক এবং "মিগং" একটী কর্ম্ম কারক এই উভয় কারকের মধ্যে "পকৃথস্মা" এই পদটী আপাদান কারক এবং তাহাতে পঞ্চমী হইয়াছে; অথবা "কার" শব্দের উত্তর স্বার্থে "ক" প্রত্যয় করিলে 'কারক" শব্দ ক্রিয়ার্থ বাচক হয়, সুতরাং "বিজ্ঝিত্বা" এবং "বিজ্ঝতি" এই ক্রিয়াদ্বয়ের মধ্যে "পকৃথস্মা" এই পদটী অপাদান কারক হইয়াছে। উক্ত উদাহরণে "ইতো" এই পদের উত্তর "বিজ্ঝিত্বা" এই ক্রিয়াটী লুপ্ত থাকিলেও তাহার অর্থ বোধ হইতেছে।

উক্ত সূত্রের "অপি" শব্দের অর্থানুসারে নিপাত যোগেও পঞ্চমী, দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, রহিতা মাতুজা, এস্থলে "রহিতা" অর্থ বর্জ্জিত, বিহীন; "রহিতা" এইটী নিপাত পদ, ইহার প্রয়োগে "মাতুজা" এস্থলে পঞ্চমী হইয়াছে; রহিতা মাতুজং, এস্থলে 'রহিতা" এই নিপাতের যোগে 'মাতুজং' এই পদে দ্বিতীয়া হইয়াছে; রহিতা মাতুজেন, এস্থলে 'রহিতা' এই নিপাতের যোগে "মাতুজেন" এই পদে তৃতীয়া হইয়াছে। এইরূপ "রিতে" এই নিপাতের যোগেও পঞ্চমী, দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা, রিতে সদ্ধম্মা, রিতে সদ্ধম্মং, রিতে সদ্ধম্মেন, এস্থলে "রিতে" এই নিপাতের অর্থ ব্যতীত, বিহীন। এইরূপ "বিনা" শব্দের যোগেও পঞ্চমী, দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হইয়া থাকে; ইহার উদাহরণ উক্ত প্রকারে দ্রষ্টব্য। "নানা" এই নিপাতের যোগে:— নানা কুলা পব্বজিতা, এস্থলে "নানা" এই নিপাতের যোগে "কুলা" এই পদে পঞ্চমী হইয়াছে। "পুথু" এই নিপাতের

২৩—

যোগে :— অরিযেহি পুথগেবাযং, অর্থাৎ অযং পুরিসো অরিযো বিনা এব, এস্থলে "অরিযেহি" এই পদে পঞ্চমী হইয়াছে, উক্ত উদাহরণে "পুথু" অর্থ পৃথক, বিনা। উক্ত সূত্রের চকার যোগে অর্থাৎ চকারের অর্থানুসারে অপাদান কারক এইরূপে অন্যত্রও যোজনা করিবে।

## রক্খণত্থানমিচ্ছিতং।

রক্খা রক্খণং তমত্থো যেসং ধাতুনাং তেসং যোগে বা, রক্খিতব্বা রক্খণা, রক্খণা চ তে অত্থা চেতি রক্খণত্থা, তেসং মজ্ঝে বা যং ইচ্ছিতং তং অপাদানং নাম।

পদবিচ্ছেদ। রক্খণত্থানং, ইচ্ছিতং, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। রক্খণত্থানং — রক্ষণার্থ ধাতুর যোগে, অথবা রক্ষিতব্য বস্তুসমূহের মধ্যে। ইচ্ছিতং — ইচ্ছিত, অভিপ্রেত। উক্ত সূত্রে "রক্খণত্থানং" এই পদের দুই প্রকার বিগ্রহ করা হইয়াছে।

বঙ্গানুবাদ। রক্ষণার্থ ধাতুর প্রয়োগে ইচ্ছিত বস্তুই অপাদান কারক হয়। অথবা রক্ষণীয় বস্তু সমূহের মধ্যে প্রয়োজন বশে যাহা কর্ত্তার অভিপ্রেত, তাহার অপাদান কারক হয়। যথা — উচ্ছুতো সিগালে রক্খন্তি খেত্তে, এস্থলে রক্ষণার্থ ধাতুর যোগে ইচ্ছিত বস্তু 'উচ্ছু' (ইক্ষু), ইহার অপাদান কারক হইয়াছে, তদ্ধেতু 'উচ্ছুতো' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে; যবা পটিসেধেন্তি গাবো খেত্তে, এস্থলে বারণার্থ ধাতুর যোগে যব ও ক্ষেত্ররূপ রক্ষণীয় বস্তুদ্বয়ের মধ্যে প্রয়োজনার্থে যবই কর্ত্তার ইচ্ছিত বস্তু, ইহার অপাদান কারক হইয়াছে, তদ্ধেতু 'যবা' এই পদে পঞ্চমী হইয়াছে। অভিধম্মমধীতে, এস্থলে কর্ত্তার ইচ্ছিত বস্তু অভিধর্ম্ম রক্ষণার্থ ধাতুর প্রয়োগ না হওয়াতে অপাদান কারক হইল না; উক্ত উদাহরণে ক্ষেত্র কর্ত্তার অনিচ্ছিত বস্তু বলিয়া অপাদান কারক হইল না। কোন কোন

আচার্য্য এইরূপ প্রত্যুদাহরণ দর্শাইয়া থাকেনঃ— ভতকো যবং রক্‌খতি, এস্থলে ক্ষেত্রস্বামীর যব-ক্ষেত্র রক্ষা করাই ভৃত্যের কার্য্য বটে, কিন্তু যব তাহার সর্ব্বপ্রকারে ইচ্ছিত বস্তু নহে, বেতনই প্রয়োজনার্থে তাহার প্রধান ইচ্ছিত বস্তু; সুতরাং 'রক্‌খ' ধাতু সকর্ম্মক বলিয়া 'যবং' এই পদে কর্ম্মকারকে দ্বিতীয়া হইয়াছে।

## যেন বা দস্‌সনং।

যেন দট্‌ঠুনা অদস্‌সনং দট্‌ঠব্বেন ইচ্ছিতং সো দট্‌ঠাপাদানং নাম।

পদবিচ্ছেদ। যেন, বা, অদস্‌সনং ত্রিপদী সূত্র।

শব্দার্থ। যেন দট্‌ঠুনা — যেই দ্রষ্টা কর্ত্তৃক। অদস্‌সনং — অদর্শন। দট্‌ঠব্বেন — দ্রষ্টব্য কর্ত্তৃক। ইচ্ছিতং — ইচ্ছিত হয়। সো দট্‌ঠা — সেই দ্রষ্টা। অপাদানং নাম — অপাদান কারক নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। যেস্থলে দ্রষ্টার দর্শন ক্রিয়া দ্রষ্টব্য কর্ত্তৃক অনিচ্ছিত হয়, সেস্থলে দ্রষ্টা অপাদান কারক হয়; কচিৎ অধিকরণ কারকও হয়। যথা — উপজ্ঝাযা অন্তরধাযতি সিস্‌সো, নিলীযতীত্যত্থো, এস্থলে উপধ্যায় দ্রষ্টা এবং শিষ্য দ্রষ্টব্য, শিষ্যের ইচ্ছা উপধ্যায় আমাকে দর্শন না করুক, দর্শন ক্রিয়ার কর্ত্তা উপধ্যায়, সুতরাং উপধ্যায়ের দর্শন ক্রিয়া শিষ্য কর্ত্তৃক অনিচ্ছিত হইয়াছে বলিয়া 'উপজ্ঝাযা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে। জেতবনে অন্তরহিতো, অর্থাৎ জেতবন-বাসীহি অন্তরধাযি, এস্থলে জেতবন শব্দ দ্বারা জেতবনবাসীকেই বুঝাইতেছে, 'জেতবনে' এই পদে অধিকরণে সপ্তমী হইয়াছে। 'জেতবনট্‌ঠা' অর্থ জেতবনবাসীগণ, জেতবনে অট্‌ঠংসু'তি জেতবনট্‌ঠা।

**দূরন্তিকদ্ধকাল নিম্মাণত্বালোপদিসাযোগ বিভত্তারপ্প-যোগসুদ্ধপ্পমোচনহেতু বিবিত্তপ্পমাণ পুব্বযোগ বন্ধনগুণ বচন পঞ্হকথন থোকাকত্তুসু চ।**

দূরাদিসু যং তং অপাদানং, চকারেন কচি দুতিয়া ততিয়া ছট্ঠী চ।

পদবিচ্ছেদ। দূরন্তিক' হইতে 'থোকাকত্তুসু' একপদ চ — একপদ, এই দ্বিপদী সূত্র।

শব্দার্থ। দূরন্তিকদ্ধকালনিম্মাণত্বালোপদিসা যোগ বিভত্তারপ্পযোগ সুদ্ধপ্পমোচন হেতু বিবিত্তপ্পমাণ পুব্বযোগ বন্ধনগুণবচন পঞ্হ কথন থোকাকত্তুসু — দূর ও দূরার্থবাচক শব্দ, সমীপার্থবাচক শব্দ, পথ ও কালের পরিমাণ, ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপ দিক্ ও দিগর্থবাচক শব্দের প্রয়োগ, বিভাগ বিরতি অর্থবাচক শব্দের প্রয়োগ, শুদ্ধার্থ, মোচনার্থ, হেত্বর্থ, বিবেকজার্থ, প্রমাণার্থ, পূর্ব্ব শব্দের প্রয়োগে, বন্ধনার্থ, গুণবচন, প্রশ্ন ও প্রত্যুত্তর প্রদান, অল্পার্থ এবং কর্ত্তৃকারকরহিতস্থান এই সকলের প্রয়োগে ; দূরো চ অন্তিকো চ দূরন্তিকং (দূরন্তিকং চ দূরন্তিকত্থং চ দূরন্তিকন্তি সরূপানমেকসেসং কত্বা বুত্তন্তি মহারূপসিদ্ধিযং বুত্তং), অদ্ধা চ কালো চ অদ্ধকালা তেসং নিম্মাণং অদ্ধকাল নিম্মাণং, ত্বাস্স লোপো ত্বা লোপো, দিসাহি যোগো দিসাযোগো, আরতিস্স পযোগো আরপ্পযোগো, পুব্বস্স যোগো পুব্বযোগো, গুণস্স বচনং গুণবচনং, নত্থি কত্তা যস্স সো অকত্তা ; দূরন্তিকং চ অদ্ধ-কাল-নিম্মাণং চ ত্বা লোপো চ দিসা-যোগো চ বিভত্তং চ আরপ্পযোগো চ সুদ্ধং চ পমোচনং চ হেতু চ বিভত্তিং চ পমাণং চ পুব্বযোগো চ বন্ধনং চ গুণবচনং চ পঞ্হো চ কথনং চ থোকং চ অকত্তা চ দূরন্তিকদ্ধকাল-ইত্যাদি, তেসু দূরন্তিকাদিসু।

বঙ্গানুবাদ। দূর ও দূরার্থবাচক শব্দের প্রয়োগে, সমীপার্থে, পথ ও কালের পরিমাণার্থে, ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপে, দিক্ ও দিগর্থ বাচক শব্দের প্রয়োগে, বিভাগার্থে, বিরতি অর্থবাচক শব্দের প্রয়োগে, বিবেকজার্থে, প্রমাণার্থে, পূর্ব্ব শব্দের যোগে, বন্ধনার্থে, গুণবচনে, প্রশ্নে, প্রত্যুত্তরে, অল্পার্থে এবং কর্ত্তৃকারক রহিত স্থানে, যে কারক

হয়, তাহা অপাদান কারক নামে কথিত হয়, অর্থাৎ উক্ত শব্দ সকলের প্রয়োগে অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। সূত্রের চকারযোগে অর্থাৎ চকারের অর্থানুসারে ক্বচিৎ দ্বিতীয়া, তৃতীয়া ও ষষ্ঠী বিভক্তিও হইয়া থাকে। যথা — (১) দূর শব্দের যোগে উদাহরণঃ— দূরতো আগম্ম, দূরং আগম্ম দূরেন আগম্ম বা দূরার্থবাচক শব্দের যোগেঃ— আরকা তে মোঘপুরিসা ধম্ম-বিনযা, ধম্ম-বিনযং, ধম্ম-বিনযেন বা। (২) 'অন্তিক' বা সমীপার্থে, সমীপং গামা, গামং, গামেন বা। (৩) অদ্ধা অর্থাৎ পথের পরিমাণার্থে, মধুরায চতুসু যোজনেসু সঙ্কস্সং। কালের পরিমাণার্থে, ইতো একনবুতি কপ্পমত্থকে। (৪) ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপে, পাসাদা সঙ্কমেয্য, অর্থাৎ পাসাদং অভিরুহিত্বা সঙ্কমেয্য, এস্থলে 'অভিরুহিত্বা' এই ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপে 'পাসাদা' এই পদে পঞ্চমী হইয়াছে, কিন্তু ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপ না হইলে সেস্থলে পঞ্চমী না হইয়া অন্য বিভক্তি হইয়া থাকে। এইরূপ — আসনা বুট্‌ঠহেয্য, অর্থাৎ আসনে নিসীদিত্বা বুট্‌ঠহেয্য। (৫) দিগর্থে, পুরত্থিমতো (পুরত্থিমদিসায)। দিগর্থবাচক শব্দের যোগে, অবীচিতো উপরি। (৬) বিভাগার্থে, যতো পণীততরো, এস্থলে 'যতো' এই পদে বিভাগার্থে বা নির্দ্ধারার্থে পঞ্চমী হইয়াছে। (৭) বিরতি অর্থে, গামধম্মা বিরতি, অর্থাৎ মেথুনধম্মা বিরমন্তীতি অত্থো। (৮) শুদ্ধার্থে, মাতিতো সুদ্ধো, অর্থাৎ মাতুপক্খতো লোভনীযেহি ধম্মেহি সুদ্ধো অসংসট্‌ঠো। (৯) প্রমোচনার্থে, মুত্তো মারবন্ধনা, অর্থাৎ কামগুণ বন্ধনতো বিযুত্তো; এইরূপ 'মুত্তোহং সব্বপাসেহি ন তে মুচ্চন্তি মচ্চুনা।' (১০) হেত্বর্থে, কস্মা হেতুনা, এস্থলে 'কস্মা' এই পদে পঞ্চমী এবং পঞ্চমীর অভাবে বিকল্পে দ্বিতীয়া, তৃতীয়া ও চতুর্থী বিভক্তি হইয়া থাকে; যথাঃ— কিং কারণং, এস্থলে দ্বিতীয়া; কেন হেতুনা এস্থলে তৃতীয়া; কিস্স হেতু, এস্থলে চতুর্থী। (১১) বিবিক্তার্থে, বিবিচ্চেব কামেহি, অর্থাৎ

রূপকামাদীহি কামেহি বিনা হুত্বা এব। প্রমাণার্থে, দীঘসো নব বিদত্থিযো, অর্থাৎ দীঘপ্পমাণেন নব বিদত্থিযো, এস্থলে "দীঘোরেহি" এই সূত্রানুসারে 'দীঘ' শব্দের উত্তর পঞ্চমী 'স্মা' বিভক্তির স্থানে বিকল্পে 'সো' আদেশ হইয়াছে। (১৩) পূর্ব্ব শব্দের যোগে, পুব্বেব সম্বোধা, অর্থাৎ সচ্চাববোধতো পঠমমেব, এস্থলে পূর্ব্ব (পুব্বো) শব্দের অর্থ প্রথম বা আদি। (১৪) ঋণ বন্ধনার্থে, সতস্মা বদ্ধো, সতেন বা, এস্থলে ঋণ-বন্ধনার্থে বিকল্পে পঞ্চমী, পক্ষে — করণে তৃতীয়া। (১৫) গুণবচনে, ইস্সরিযা জনং রক্খতি রাজা, অর্থাৎ ইস্সরিয গুণ হেতুতো রাজা জনং রক্খতি পালেতীতি অত্থো, রাজা ঐশ্বর্য্যগুণে প্রজা পালন করেন। (১৬) প্রশ্নার্থে ও উত্তর দানার্থে ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপে কর্ম্ম ও অধিকরণ বিষয়ে বিকল্পে অপাদানে পঞ্চমী হয়, পক্ষে দ্বিতীয়া বা তৃতীয়া বিভক্তি হয়; যথা :— অভিধম্মা পুচ্ছন্তি, অর্থাৎ অভিধম্মং সুত্বা পঞ্হং করোন্তি, অথবা — অভিধম্মে ঠত্বা পঞ্হং করোন্তি, এস্থলে ত্বা প্রত্যয়ান্ত 'সুত্বা' কিম্বা 'ঠত্বা' ক্রিয়ার লোপে কর্ম্ম ও অধিকরণ বিষয়ে 'অভিধম্মা' এই পদে অপাদানে পঞ্চমী হইয়াছে; কিন্তু ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপ না হইলে অপাদানে পঞ্চমী হইবে না। পক্ষে — অভিধম্মং পুচ্ছন্তি, এস্থলে কর্ম্মে দ্বিতীয়া; অভিধম্মেন পুচ্ছন্তি, এস্থলে করণে তৃতীয়া হইয়াছে। প্রত্যুত্তর দানে :— অভিধম্মা কথযন্তি, অর্থাৎ অভিধম্মং পঠিত্বা কথযন্তি, অথবা অভিধম্মে ঠত্বা কথযন্তি। এস্থলে কথন অর্থ উত্তরদান ত্বা প্রত্যয়ান্ত 'পঠিত্বা' কিম্বা 'ঠত্বা' ক্রিয়ার লোপে 'অভিধম্মা' এই পদে অপাদানে পঞ্চমী; ত্বা প্রত্যয়ান্ত ক্রিয়ার লোপ না হইলে পঞ্চমী হইবে না, দ্বিতীয়া কিম্বা সপ্তমী হইবে। পক্ষে — অভিধম্মং কথযন্তি, অভিধম্মেন কথযন্তি বা, এই উদাহরণদ্বয়ে যথাক্রমে দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হইয়াছে। (১৭) অল্পার্থে, থোকা মুচ্চতি, এস্থলে

'থোকা' এই পদে পঞ্চমী, পক্ষে থোকেন মুচ্চতি, এস্থলে 'থোকেন' এই পদে করণ তৃতীয়া হইয়াছে। (১৮ অকর্ত্তরি অর্থাৎ কর্ত্তৃকারক বিহীন স্থানে নিত্য অপাদানে পঞ্চমী হয়ঃ— বিপুলত্তা; কামাবচরস্স কুসলস্স কম্মস্স কতত্তা উপচিতত্তা উস্সন্নত্তা বিপুলত্তা উপ্পন্নং হোতি চক্খু-বিঞ্ঞাণং, ইত্যাদি স্থলে হেত্বর্থে অকর্ত্তরি পঞ্চমী হইয়াছে।

---

## স্বামী বা সম্বন্ধপদ।

## যস্স বা পরিগ্গহো তং সামী।

যস্স সং সামী সমীপো সমূহো অবয়বা তং সামী নাম।

পদবিচ্ছেদ। যস্স, বা, পরিগ্গহো, তং, সামী, পঞ্চপদী সূত্র।

শব্দার্থ। যস্স — যাহার। বা — অথবা। পরিগ্গহো — পরিগ্রহ, আয়ত্ত। সং — স্বীয় ধন। সামী — স্বামী, অধিকারী। সমীপো — সমীপ, নিকট। সমূহো — সমূহ, রাশি। অবয়বো — অবয়ব, অঙ্গ-প্রত্যঙ্গাদি তং সামীনাম — তাহ স্বামী বা সম্বন্ধপদ নামে কথিত।

বঙ্গানুবাদ। যাহার পরিগ্রহ, স্বামী যাহার অধিপতি, যাহার সমীপ, যাহার সমূহ কিম্বা যাহার অবয়ব, তাহার নাম স্বামী অর্থাৎ সম্বন্ধপদ। অর্থাৎ বিশেষ্য পদ কোন পদের সহিত সম্বন্ধ হইলে সম্বন্ধ বলে।

## সামীস্মিং ছট্‌ঠী।

সামীস্মিং ছট্‌ঠী বিভত্তি হোতি।

পদবিচ্ছেদ। সামীস্মিং, ছট্‌ঠী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। সামীস্মিং — স্বামীপদে অর্থাৎ সম্বন্ধ পদে। ছট্‌ঠী বিভত্তি হোতি — ষষ্ঠী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। স্বামী বা সম্বন্ধ পদে ষষ্ঠি বিভক্তি হয়। যথা, পরিগ্রহার্থে ভিক্খুনো চীবরং, এ স্থলে 'ভিক্খুনো' এই পদে পরিগ্রহার্থে ষষ্ঠি বিভক্তি হইয়াছে; নরানমিন্দো, এস্থলে 'নরানং' এই পদে অধিপতি অর্থে ষষ্ঠি হইয়াছে, নগরস্স সমীপং, এস্থলে 'নগরস্স' এইপদে সমীপার্থে ষষ্ঠি হইয়াছে; সুবণ্ণস্সরাসি, এস্থলে সমূহার্থে ষষ্ঠি; রুক্খস্স সাখা, এস্থলে অবয়বার্থে ষষ্ঠি, শাখা বৃক্ষের অবয়ব, অর্থাৎ অঙ্গ বিশেষ উক্ত সূত্রের 'বা' শব্দের যোগে অন্যত্রও ষষ্ঠি বিভক্তি হয়। যথা, (১) হেতু শব্দের যোগে উদাহরণ ঃ— বুদ্ধস্স হেতু; (২) সদৃশার্থে— পিতুস্স সদিসো; (৩ 'অন্ত' প্রত্যয়ান্ত শব্দের যোগে ঃ— মুসাবাদস্স ওত্তপ্পং অর্থাৎ অভুতবাদতো ভাযন্তো, এস্থলে 'অব' পূর্ব্বক 'তপ' ধাতুর উত্তর 'অন্ত' প্রত্যয় করিলে এবং "ও অবস্স" এই সূত্রানুসারে 'অব' এর স্থানে ওকার আদেশ করিলে 'ওত্তপ্পন্ত' শব্দ হয়, এস্থলে নিপাতনে পকারের দ্বিত্ব, তৎপরে "সিম্হি গচ্ছন্তাদীনং ন্তসদ্দো অং" এই সূত্রানুসারে 'ওত্তপ্পন্ত' শব্দের 'ন্ত' এর স্থানে 'অং' আদেশ করিলে 'ওত্তপ্পং শব্দ সিদ্ধ হয়; সুতরাং 'ওত্তপ্পং' এই অন্ত প্রত্যয়ান্ত শব্দের যোগে মুসাবাদস্স এই পদে অপাদনার্থে ষষ্ঠি বিভক্তি হইয়াছে। (৪) গুণবাচক শব্দের যোগে ঃ— পঞ্ঞায পটুভাবো, এস্থলে 'পটুভাবো' এই পদটী গুণবাচক বিশেষ্য, ইহার প্রয়োগে 'পঞ্ঞায' এই পদে ষষ্ঠি হইয়াছে। ৫ সুহিতার্থে বা তৃপ্তার্থে, ফলানং তিত্তো এস্থলে 'তিত্তো' শব্দের অর্থ তৃপ্ত, পরিপূর্ণ, 'ফলানং' এই পদে করণার্থে ষষ্ঠী হইয়াছে; পূরং হিরঞ্ঞস্সুবণ্ণস্স এস্থলে পরিপূর্ণার্থে ষষ্ঠি হইয়াছে। (৬ নিপাত বিশেষ যোগে ঃ— বসলস্স কত্বা, অর্থাৎ বসলং কত্বা, এস্থলে 'কত্বা' এই কৃদন্ত ক্রিয়া নিপাতের যোগে 'বসলস্স' এই পদে কর্ম্মার্থে ষষ্ঠী হইয়াছে। (৭) কালার্থে, মাসস্সদ্বিকৃখত্তুং ভুঞ্জতি, অর্থাৎ মাসে দ্বিক্খত্তুং ভুঞ্জতি

এস্থলে 'মাসস্স' এই পদে অধিকরণার্থে ষষ্ঠী হইয়াছে। (৮) রুজ ধাতুর যোগেঃ— দেবদত্তস্স রুজতি অর্থাৎ দেবদত্তং বাধেতি. এস্থলে রুজ ধাতুর যোগে 'দেবদত্তস্স' এই পদে ষষ্ঠী হইয়াছে। (৯ ক্ত প্রত্যয়ের যোগে কর্ম্ম বাচ্যের কর্ত্তায় ষষ্ঠী হয়ঃ— 'রঞ্ঞো' সম্মতো, অর্থাৎ রঞ্ঞা অভিমতো. এস্থলে 'রঞ্ঞো' এই পদে ক্ত প্রত্যয়ান্ত 'সম্মতো' এই কৃদন্ত ক্রিয়ার প্রয়োগে 'রঞ্ঞো' এই পদে কর্ত্তায় ষষ্ঠী হইয়াছে। এস্থলে "ভ্যাদীতি মতি বুদ্ধি পূজাদীহি ক্তো" এই সূত্রানুসারে সং পূর্ব্বক মন ধাতুর উত্তর ক্ত প্রত্যয় করিলে এবং নিপাতনে ক্ত প্রত্যয়ের ক কারের লোপ করিলে 'সম্মতো' এই ক্ত প্রত্যয়ান্ত কৃদন্ত ক্রিয়া পদ সিদ্ধ হয়।

এতে সম্বন্ধিনো দ্বেতি যম্মাত্থা বুদ্ধি জাযতে,
সম্বন্ধো নাম সো অত্থো সম্বন্ধি দ্বযনিস্সিতো।

অন্বয়। যম্মা অত্থা এতে দ্বে সম্বন্ধিনো ইতি বুদ্ধি জাযতে, সম্বন্ধি দ্বযনিস্সিতো সো অত্থো সম্বন্ধো নাম হোতি।

শব্দার্থ। যম্মা অত্থা — যেই অর্থ হইতে, যেই অর্থ হেতু। এতে দ্বে সম্বন্ধিনো ইতি — এই পদদ্বয় সম্বন্ধি বা সম্বন্ধ যুক্ত বলিয়া। বুদ্ধি জাযতে — বোধ হয়, জ্ঞান হয়। সম্বন্ধি দ্বযনিস্সিতো — সম্বন্ধী পদদ্বয়ে আশ্রিত, সম্বন্ধ যুক্ত পদদ্বয়কে অবলম্বন করিয়া স্থিত। সো অত্থো — সেই অর্থ। সম্বন্ধো নাম হোতি — সম্বন্ধ নামে কথিত হয়।

বঙ্গানুবাদ। যেই পদদ্বয় পরস্পর সম্বন্ধী বলিয়া বোধ হয়, সেই উভয় পদের আশ্রিত অর্থকে সম্বন্ধ বলে।

সম্বন্ধিদ্বযে বিসেস্সো কোচি কোচি বিসেসনং,
কঞ্চুদ্দিস্স ক্রিযং তেসং সম্বন্ধো সো পবত্ততে।

অন্বয়। সম্বন্ধিদ্বযে কোচি বিসেস্সো কোচি বিসেসনং চ হোতি, তেসং সো সম্বন্ধো কঞ্চি ক্রিযং উদ্দিস্স পবত্ততে।

শব্দার্থ। সম্বন্ধি দ্বয়ে — সম্বন্ধযুক্ত পদদ্বয় মধ্যে। কোচি বিসে-সসো — কোনটী বিশেষ্য অর্থাৎ একটী বিশেষ্য। কোচি বিসেসনং — কোনটী বিশেষণ অর্থাৎ অপরটী বিশেষণ। তেসং — তাহাদের, অর্থাৎ সেই বিশেষ্য ও বিশেষণ পদের। সো সম্বন্ধো — সেই সম্বন্ধ। কিঞ্চি ক্রিযং উদ্দিস্স — কোন ক্রিয়াকে উদ্দেশ্য করিয়া। পবত্ততে — প্রবর্ত্তিত হয়।

বঙ্গানুবাদ। সম্বন্ধি পদদ্বয়ের একটী বিশেষ্য ও অপরটী বিশেষণ। উভয়ের আশ্রিত সম্বন্ধার্থ কোন ক্রিয়াকে উদ্দেশ্য করিয়া প্রবর্ত্তিত হয়।

ছট্ঠী দ্বিট্ঠোপি সম্বন্ধো ভেদকস্মা'ব জাযতে,
জাতাপি সা বিসেস্সম্হা সম্বন্ধং ন বদে যতো।

অন্বয়। সম্বন্ধো দ্বিট্ঠোপি ছট্ঠী ভেদকস্মা এব জাযতে যতো সা বিসেসসম্হা জাতাপি সম্বন্ধং ন বদে।

শব্দার্থ। সম্বন্ধো — সম্বন্ধ। দ্বিট্ঠোপি — বিশেষ্য ও বিশেষণের মধ্যে স্থিত হইলেও, অর্থাৎ উভয় পদকে অবলম্বন করিয়া থাকিলেও। ছট্ঠী — ষষ্ঠী বিভক্তি। ভেদকস্মা জাযতে — ভেদকের উত্তর হয় অর্থাৎ বিশেষণের উত্তর হয়। বিসেস্সম্হা জাতাপি — বিশেষ্যের উত্তর প্রযুক্ত হইলেও। সম্বন্ধং ন বদে — সম্বন্ধ নামে কথিত হয় না।

বঙ্গানুবাদ। সম্বন্ধ বিশেষ্য ও বিশেষণ বশে উভয় পদকে অবলম্বন করিয়া থাকিলেও ভেদকের (বিশেষণের) উত্তরই ষষ্ঠী বিভক্তি হইয়া থাকে ভেদ্য (বিশেষ্য) পদের উত্তর তাহা হয় না, যে হেতু ভেদ্য পদের উত্তর ষষ্ঠী বিভক্তি হইলেও তাহা সম্বন্ধ নাম কথিত হয় না।

সদ্দসত্তি সভাবোযমিতি এত্থ পতীযতে
পতীতিমনতিক্কম্ম হোতি সদ্দত্থসণ্ঠিতি।

অন্বয়। এত্থ অযং সদ্দসত্তিসভাবেতি পতীযতে, সদ্দত্থসণ্ঠিতি পতীতিং অনতিক্কম্ম হোতি।

**শব্দার্থ।** এত্থ — এ স্থলে, এই ব্যাকরণশাস্ত্রে, অথবা মাগধী ভাষায়। অযং সদ্দসত্তিসভাবোতি পতীযতে — ভেদক বিশেষণের উত্তর যে ষষ্ঠী বিভক্তি হয়, ইহা শব্দ শক্তির স্বভাব বলিয়া প্রতীত হয়। সদ্দত্থ-সণ্ঠীতি — শব্দার্থের ব্যবস্থা, শব্দার্থের প্রবর্ত্তী। পতীতিং অনতিকৃকম্ম — লোক-প্রতীতি অতিক্রম না করিয়া। হোতি — হয়।

**বঙ্গানুবাদ।** ভেদকের উত্তর যে ষষ্ঠী বিভক্তি হয়, ইহা শব্দ-শক্তির স্বভাব বলিয়া প্রতীত হয়। কারণ শব্দার্থের ব্যবস্থা লোক-প্রতীতি অতিক্রম করে না।

"অঞ্ঞমঞ্ঞাপেক্খলক্খণো সম্বন্ধো, সোচনেক বিধো:— জঞ্ঞ-জনক বাচ্চ-বাচক বিকার-বিকারী পরিমাণ-পরিমেয্য পূরণ-পূরিত-ব্বাদি ভেদেন"।

**শব্দার্থ।** অঞ্ঞমঞ্ঞাপেক্খলক্খণো সম্বন্ধো—পরস্পরের অপেক্ষা ভাব লক্ষণই সম্বন্ধ। সো—সেই সম্বন্ধ। অনেক বিধো—অনেক প্রকার।

ভাবার্থ। পরস্পরের অপেক্ষা-ভাব লক্ষণই সম্বন্ধ নামে উক্ত হয়। সেই সম্বন্ধও অনেক প্রকার। যথা, জঞ্ঞো চ জনকো চ জঞ্ঞ-জনকা — জন্য-জনক, বাচ্চো চ বাচকো চ বাচ্চ-বাচকা — বাচ্য-বাচক, বিকারো চ বিকারী চ বিকার-বিকারী — বিকার-বিকারী, পরিমাণো চ পরিমেয্যো চ পরিমাণ-পরিমেয্যা — পরিমাণ-পরিমেয়, পূরণো চ পূরিতব্বো চ পূরণ পূরিতব্বা — পূরণ-পূরিতব্য ইত্যাদি। ইহাদের উদাহরণ:— (১) জন্য-জনক সম্বন্ধ, রঞ্ঞোপুত্তো। (২) বাচ্য-বাচক সম্বন্ধ, সদ্দস্সত্থো। (৩) বিকার-বিকারী সম্বন্ধ, খীরস্স বিকারো দধি। (৪) পরিমাণ-পরিমেয় সম্বন্ধ, তিলানং মুট্‌ঠি। (৫) পূরণ-পূরিতব্য সম্বন্ধ, বস্সানং ততিযে মাসে।

তত্থ রঞ্ঞো পুত্তোত্যত্র জনন ক্রিযায কতো সম্বন্ধো, তথাহি রাজা জনেতি পুত্তো জনীযতে, তস্মা রাজা জনেতীতি বুত্তে কম্মিতি

বিসেসাপেক্খাযং পুত্তস্স্যপেক্খিযমানত্তা পুত্তেন রঞ্ঞো সম্বন্ধো হোতি ; পুত্তো রঞ্ঞোতি বুত্তে কেনেতি বিসেসাপেক্খাযং রঞ্ঞাতি অপেক্খিযমানত্তা রঞ্ঞো পুত্তস্স সম্বন্ধো হোতি ; ব্রাহ্মণস্স পুত্তো বেস্সস্স পুত্তোতি বত্তুং সক্কুণেয্যত্তা ব্রাহ্মণাদীনং সামঞ্ঞভূতং পুত্তং ব্রাহ্মণাদিতো রাজা বিসেসযতীতি বিসেসনং, পুত্তো তু ততো বিসেসীযতীতি বিসেস্সো। এবং বাচ্চ-বাচক দীসু বচন ক্রিযাদযো নেতব্বা।

ব্যাখ্যা। উল্লিখিত জন্য-জনক সম্বন্ধের উদাহরণে "রঞ্ঞো পুত্তো," রাজার পুত্র, এস্থলে রাজা ও পুত্রের মধ্যে উভয়ের জনন ক্রিয়া দ্বারা সম্বন্ধ করা হইয়াছে। যেমন, রাজা জনেতি, পুত্তো জনীযতে, অর্থাৎ রাজা জন্মাইতেছেন এবং পুত্র জন্মান হইতেছে; তন্মধ্যে 'রাজা জন্মাইতেছেন' ইহা বলিলে প্রশ্ন হইতে পারে রাজা কি জন্মাইতেছেন? তদুত্তরে বলা যাইতে পারে, 'রাজা পুত্রকে জন্মাইতেছেন,' এস্থলে জনন ক্রিয়া দ্বারা পুত্র বিশেষের অপেক্ষা করা হইতেছে বলিয়া পুত্রের সহিত রাজার সম্বন্ধ; 'পুত্র জন্মান হইতেছে' ইহা বলিলে প্রশ্ন হইতে পারে, 'কাহার দ্বারা পুত্র জন্মান হইতেছে,' তদুত্তরে বলা যাইতে পারে, 'রাজা কর্তৃক পুত্র জন্মান হইতেছে', এস্থলেও জনন ক্রিয়া দ্বারা রাজা বিশেষের অপেক্ষা করা হইতেছে বলিয়া পুন রাজার সহিত পুত্রের সম্বন্ধ। এইরূপে রাজা ও পুত্রের পরস্পরের মধ্যে উভয়ের জনন ক্রিয়া দ্বারা সম্বন্ধ ভাব বুঝা গেল। তদনন্তর উহাদের বিশেষণ ও বিশেষ্য পদ নিরূপন করা হইতেছে। যেমন, ব্রাহ্মণের পুত্র, বৈশ্যের পুত্র এইরূপও যখন বলা যাইতে পারে, তখন পুত্র ব্রাহ্মণাদির মধ্যে সাধারণ বুঝায়; কিন্তু যখন 'রাজার পুত্র' এইরূপ বলা হয়, তখন ব্রাহ্মণাদি হইতে রাজা পুত্রকে বিশেষ করিতেছে বলিয়া রাজা বিশেষণ এবং রাজা কর্তৃক ব্রাহ্মণাদি হইতে পুত্র বিশেষিত হইতেছে বলিয়া পুত্র বিশেষ্য। সুতরাং 'রঞ্ঞো

পুত্তো' এস্থলে 'রঞঞো' এই বিশেষণ পদের উত্তর সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হইয়াছে। এইরূপ বাচ্য-বাচকাদি সম্বন্ধও দ্রষ্টব্য।

ছট্‌ঠী সত্তমীত্যধিকারো — "সামিস্মিং ছট্‌ঠী" এই সূত্র হইতে 'ছট্‌ঠী' এই পদটী এবং "ওকাসে সত্তমী" এই সূত্র হইতে 'সত্তমী' এই পদটী পরবর্ত্তী সূত্র সমূহে যোগ করিয়া সূত্র সমূহের অর্থ করিতে হইবে।

## সামিস্সরাধিপতি দাযাদ সক্‌খি পতিভূপসুত কুসলেহি চ।

সাম্যাদি সদ্দযোগে ছট্‌ঠী সত্তমী চ হোতি।

পদ বিচ্ছেদ। সামিস্সরাধিপতি দাযাদ সক্‌খি পতিভূ পসুতকুসলেহি, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। সামিস্সরাধিপতি দাযাদ সক্‌খি-পতিভূ পসুত কুসলেহি — স্বামী, ঈশ্বর, অধিপতি, দায়াদ, সাক্ষী, প্রতিভূ, প্রসূত ও কুশল এই সকল শব্দের যোগে। সামী চ ইস্‌সরো চ অধিপতি চ দাযাদো চ সক্‌খী চ পতিভূ চ পসুতো চ কুসলো চ সামিস্সরাধিপতি-দাযাদ-সক্‌খী-পতিভূ-পসুত-কুসলা, তেহি সামিস্সরাধিপতি-দাযাদ-সক্‌খী-পতিভূ-পসুত-কুসলেহি।

বঙ্গানুবাদ : সামী, ইস্‌সর, অধিপতি, দায়াদ, সক্‌খী, পতিভূ, পসুত এবং কুসল এই সকল শব্দের যোগে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, গোণানং সামী, এস্থলে 'সামী' শব্দের যোগে 'গোণানং' এই পদে ষষ্ঠী হইয়াছে; অথবা 'গোণেসু সামী' এস্থলে 'সামী' শব্দের যোগে 'গোণেসু' এই পদে সম্বন্ধার্থে সপ্তমী হইয়াছে। এইরূপ — গোণানং ইস্‌সরো, গোণেসু ইস্‌সরো বা; গোণানং অধিপতি, গোণেসু অধিপতি বা; গোণানং দাযাদো, গোণেসু দাযাদো বা, ইত্যাদি।

## নিদ্ধারণে চ।

নিদ্ধারণে ছট্‌ঠী সত্তমী চ হোতি।

পদ বিচ্ছেদ। নিদ্ধারণে, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। নিদ্ধারণে — নির্দ্ধারণার্থে, নির্দ্ধারে। ছট্‌ঠী সত্তমী চ হোতি — ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ দ্বারা অবধারণের নাম নির্দ্ধারণ। এইরূপ নির্দ্ধারণে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়।

যং হি জাতি-গুণ-ক্রিয়া-নামেহি সমুদাযতো,
পুথক্‌করণমেকস্‌স তং নিদ্ধারণমব্রুবুং।

অন্বয়। জাতি-গুণ-ক্রিয়া-নামেহি সমুদাযতো যং হি একস্‌স পুথক্‌-করণং তং নিদ্ধারণং অব্রুবুং বেয্যাকরণা।

শব্দার্থ। জাতি-গুণ-ক্রিয়া-নামেহি — জাতি, গুণ, ক্রিয়া, বা নাম বাচক শব্দের দ্বারা। সমুদাযতো — সমূহ হইতে। যং — যাহা, যেই। হি — এস্থলে উক্ত গাথার পদ পূরণে নিপাত পদ। একস্‌সপুথক্‌করণং — এক বস্তু বা ব্যক্তির পৃথক্‌করণ। তং নিদ্ধারণং — তাহা নির্দ্ধারণ। অব্রুবুং — বলিয়াছেন। বেয্যাকরণা — বৈয়াকরণেরা।

বঙ্গানুবাদ। জাতি, গুণ, ক্রিয়া বা সংজ্ঞা দ্বারা সমুদায় স্বজাতীয় হইতে একের পৃথক্ করণের নাম নির্দ্ধারণ, ইহা বৈয়াকরণেরা বলিয়া থাকেন। যথা, (১) জাতি দ্বারা নির্দ্ধারণের উদাহরণ :— নরানং খত্তিযো সূরতরো, অর্থাৎ নরসমূহের মধ্যে ক্ষত্রিয় সূরতর, এস্থলে ক্ষত্রিয় জাতির উৎকর্ষ বিধান করা হইয়াছে, তদ্ধেতু 'নরানং' এই পদে নির্দ্ধারণার্থে ষষ্ঠী হইয়াছে; অথবা 'নরেসু খত্তিযো সূরতরো' এস্থলেও 'নরেসু' এই পদে নির্দ্ধারণার্থে সপ্তমী হইয়াছে। সংস্কৃত প্রভৃতি ব্যাকরণে তর ও তম প্রত্যয়ের বিভিন্নতা আছে, দুই এর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে তর প্রত্যয় এবং বহুর মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইলে তম প্রত্যয় হয়; কিন্তু পালি ব্যাকরণে তেমন নিয়ম নাই। (২) গুণের দ্বারা, কণ্‌হা গাবীনং সম্পন্নখীরতমা, অর্থাৎ গাভীসমূহের

মধ্যে কৃষ্ণা গাভী সম্পন্ন ক্ষীরতমা. ৮

করা হইয়াছে, তজ্জন্য 'গাবীনং' এই

অথবা 'কণ্হা গাবীসু সম্পন্নখীরতমা' এস্থলে

(৩) ক্রিয়া দ্বারা, পথিকানং ধাবং সীঘতমো,

ধাবমান ব্যক্তি শীঘ্রতম, এস্থলে 'ধাবং' এই কৃদন্ত দ্বি

করা হইয়াছে, তজ্জন্য 'পথিকানং' এই পদে নির্দ্ধারণে

অথবা পথিকেসু ধাবং সীঘতমো, এস্থলে নির্দ্ধারণে সপ্ত

(৪) সংজ্ঞা দ্বারা, ব্রাহ্মণানং দেবদত্তো পণ্ডিতো, অর্থাৎ ব্রাহ্ম

দেবদত্ত পণ্ডিত, এস্থলে 'দেবদত্ত' এইটী নাম বা সংজ্ঞা, ইহার

বিধান করা হইয়াছে, তদ্ধেতু 'ব্রাহ্মণানং' এই পদে নির্দ্ধার

হইয়াছে ; অথবা 'ব্রাহ্মণেসু দেবদত্তো পণ্ডিতো' এস্থলে নির্দ্ধারণে সপ্তমী হইয়াছে।

চকারেন পঠমত্থেপি সত্তমী — অর্থাৎ "নিদ্ধারণে চ" এই সূত্রের চকার যোগে কচিৎ প্রথমা বিভক্ত্যর্থে সপ্তমী বিভক্তি হয়। যথা, ইদম্পিস্স হোতি সীলস্মিং, অর্থাৎ ইদম্পি অস্স সীলং হোতি', এস্থলে 'সীলস্মিং' এই পদে প্রথমার্থে সপ্তমী বিভক্তি হইয়াছে।

## অনাদরে চ।

অনাদরে গম্যমানে ছট্ঠী সত্তমী চ হোতি।

পদ বিচ্ছেদ। অনাদরে, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। অনাদরে — অনাদর বুঝাইলে। ছট্ঠী সত্তমী চ হোতি — ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অনাদরে ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, রুদতো দারকস্স পব্বজি, অর্থাৎ দারকস্মিং রুদমানে অনপেক্খিত্বা পব্বজি,— বালক ক্রন্দন করিলেও তৎপ্রতি উপেক্ষা করিয়া তাহাকে প্রব্রজিত

এই পদে অনাদরে ষষ্ঠী হইয়াছে ;

, এস্থলে অনাদরে সপ্তমী হইয়াছে ।

## ছট্‌ঠী চ ।

থে ক্বচি ছট্‌ঠী হোতি ।

ছট্‌ঠী, চ, দ্বিপদীসূত্র ।

ততিযা সত্তমীনমত্থে — তৃতীয়া ও সপ্তমী বিভক্তির অর্থে ।

ক্বচিৎ । ছট্‌ঠী হোতি — ষষ্ঠী বিভক্তি হয় ।

নুবাদ । তৃতীয়া ও সপ্তম্যর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয় । যথা, ন বুদ্ধং যজতি, অর্থাৎ পুপ্‌ফেন বুদ্ধং যজতি. এস্থলে পূজার্থক 'যজ' ধাতুর যোগে 'পুপ্‌ফস্‌স' এই পদে করণে তৃতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে ; এইরূপ — ঘতস্‌স অগ্‌গিং জুহোতি, ঘতেন অগ্‌গিং জুহোতি বা'তি অত্থো ।

কিমলমত্থে — অর্থাৎ কিং ও অলং শব্দের যোগে তৃতীয়া বিভক্তির অর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয় । যথা, কিং তস্‌স, অর্থাৎ 'কিং তেন', এস্থলে কিং শব্দের যোগে 'তস্‌স' এই পদে তৃতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে, অলং তস্‌স, অর্থাৎ 'তেন অলং নপ্‌পযোজনং,' এস্থলে 'অলং' শব্দের যোগে 'তস্‌স' এই পদে তৃতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে ।

সত্তম্যত্থে — অর্থাৎ সপ্তমী বিভক্তির অর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয় । যথা, কুসলা নচ্চগীতস্‌স, নচ্চগীতে দক্খাতি অত্থো, এস্থলে 'নচ্চগীতস্‌স' এই পদে সপ্তম্যর্থে ষষ্ঠী হইয়াছে ।

ক্বচীতি কিং — অর্থাৎ 'ততিয়া-সত্তমীনমত্থে ক্বচি ছট্‌ঠী হোতি' এস্থলে 'ক্বচি' শব্দের প্রয়োগ করিবার কারণ কি ? তদুত্তরে বলা হইতেছে, তৃতীয়া ও সপ্তম্যর্থে নিত্য ষষ্ঠী বিভক্তি হয় না ; 'ত' প্রত্যয় এবং 'তব্ব' প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় তৃতীয়া বিভক্তিই হইয়া থাকে । যথা, দেসিতো

এই পদদ্বয় কৃদন্ত ক্রিয়া বিশেষ্য; সুতরাং উক্ত উদাহরণে 'রাগো' এই কৃদন্ত ক্রিয়া যোগে একসঙ্গে দুইটী ষষ্ঠী বিভক্ত্যন্ত পদের সম্ভাবনা ছিল, তন্মধ্যে একটী কর্ত্তায় ষষ্ঠী এবং অপরটী কর্ম্মে ষষ্ঠী; 'অরজকেন' এই পদে কর্ত্তায় ষষ্ঠী না হইয়া তৃতীয়া এবং 'বত্থানং' এই পদে কর্ম্মে ষষ্ঠী হইয়াছে। অর্থাৎ 'রঞ্জ' ধাতু সকর্ম্মক বলিয়া 'অরজক' কর্ত্তা এবং 'বস্ত্র' কর্ম্ম। 'ছট্‌ঠীচ" এই সূত্রানুসারে কর্ত্তায় তৃতীয়ার্থে ষষ্ঠী এবং "দুতিযা-পঞ্চমীনংচ" এই সূত্রানুসারে কর্ম্মে দ্বিতীয়ার্থে ষষ্ঠী, অথবা সূত্রের চকার যোগে কর্ম্মে প্রথমার্থে ষষ্ঠী বিভক্তি হয়; কিন্তু একটী বাক্যে এইরূপে এক সঙ্গে দুইটী ষষ্ঠী বিভক্ত্যন্ত পদের সম্ভাবনা হইলে, সেস্থলে "কত্তরিচ" এই সূত্রানুসারে কর্ত্তায় ষষ্ঠী না হইয়া তৃতীয়া এবং কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হইয়া থাকে। সুতরাং 'অরজকেন' এই পদে কর্ত্তায় তৃতীয়া এবং 'বত্থানং' এই পদে কর্ম্মে ষষ্ঠী হইয়াছে। এইরূপ — অচ্ছরিযো অগোপালকেন গাবীনং দোহো, ইত্যাদি উদাহরণ দ্রষ্টব্য।

## অবকাশ বা অধিকরণ কারক।

### যো'ধারো তমোকাসং।

যো ক্রিযানিস্‌সযভূতানং কত্তু-কম্মানং পতিট্‌ঠা তং ওকাসং নাম।

পদ বিচ্ছেদ। যো, আধারো, তং, ওকাসং, চতুষ্পদী সূত্র।

শব্দার্থ। যো — যাহা, যেই। আধারো — আধার, প্রতিষ্ঠা, আধারীযতি অস্মিন্তি আধারো, আ — ধর + ণ = আধারো। তং ওকাসং — তাহা অবকাশ বা অধিকরণ কারক নামে কথিত হয়, অবকাসতীতি ওকাসো অব — কাস + ণ = ওকাসো, কাসধাতু দিত্তিযং।

বঙ্গানুবাদ। যাহা কর্ত্তৃ-কর্ম্মকারক সমন্বিত ক্রিয়ার আধার, তাহার নাম অবকাশ বা অধিকরণকারক।

## ওকাসে সত্তমী।

ওকাস কারকে সত্তমী বিভত্তি হোতি।

পদ বিচ্ছেদ। ওকাসে, সত্তমী, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। ওকাসে — অবকাশ কারকে। সত্তমী — সপ্তমী বিভক্তি। হয়।

বঙ্গানুবাদ। অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়।

ওপসিলেসিক বিসযাভ্যাস ব্যাপিক ভেদা চতুধাধারো,
বারি ঘটেসুচ সলিলে মচ্ছা সস্‌সং নদিযং তিলেসু তেলং।

অন্বয়। ওপসিলেসিক বিসযাভ্যাস ব্যাপিক ভেদা আধারো চতুধা হোতি; যথা, ঘটেসু বারি, সলিলে মচ্ছা, নদিযং সস্‌সং, তিলেসু তেলং চ।

শব্দার্থ। ওপসিলেসিক বিসযাভ্যাস ব্যাপিক ভেদা — ঔপশ্লেষিক, বিষয়, অভ্যাস, ও ব্যাপিকভেদে। আধারো — আধার বা অধিকরণ। চতুধা হোতি — চারিপ্রকার হয়।

বঙ্গানুবাদ। ঔপশ্লেষিক, বিষয়, অভ্যাস, ও ব্যাপিক ভেদে আধার চারি প্রকার। যথা, (১) ঔপশ্লেষিক বা ঐকদেশিক, ঘটেসু বারি। (২) বৈষয়িক, সলিলে মচ্ছা। (৩) আভ্যাসিক বা সামীপিক, নদিযং সস্‌সং। (৪) ব্যাপিক, তিলেসু তেলং।

"কম্মকরণনিমিত্তত্থেসু সত্তমী"তি সত্তমী।

শব্দার্থ। কম্ম-করণ-নিমিত্তত্থেসু — কর্ম্মকারকার্থে, করণ কারকার্থে, এবং নিমিত্তার্থে। সত্তমী -- সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। কর্ম্ম, করণ, ও নিমিত্তার্থে সপ্তমী বিভক্তি হয়।

কম্মণি গহ চুবি অভিবাদীনং যোগে — অর্থাৎ কর্ম্মার্থে, 'গহ' ধাতু, 'চুবি' ধাতু, এবং অভিপূর্ব্বক 'বদি' ধাতুর যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, (১) কর্ম্মার্থে 'গহ' ধাতুর যোগে উদাহরণ ঃ— বাহাসু গহেত্বা,

ময়া, এস্থলে 'দে'সতো' এই তপ্রত্যয়ান্ত কৃদন্ত ক্রিয়ার কর্ত্তা 'ময়া' এই পদে তৃতীয়া হইয়াছে। পালেতব্বা ভিক্‌খুনীহিসিক্‌খা, এস্থলে 'তব্ব' প্রত্যয়ের যোগে 'ভিক্‌খুনীহি' এই পদে তৃতীয়া হইয়াছে।

## দুতিযা-পঞ্চমীনং চ।

দুতিযা-পঞ্চমীনমত্থে ক্বচি ছট্‌ঠী হোতি।

পদ বিচ্ছেদ। দুতিযা-পঞ্চমীনং, চ, দ্বিপদী সূত্র।

শব্দার্থ। দুতিযা-পঞ্চমীনং — দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তির অর্থে। ক্বচি — ক্বচিৎ। ছট্‌ঠী হোতি — ষষ্ঠী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। দ্বিতীয়া ও পঞ্চম্যর্থে ক্বচিৎ ষষ্ঠী বিভক্তি হয়। যথা, কম্মস্‌স কত্তারো, কম্মং করোন্তো কতবন্তো বাতি অত্থো, এস্থলে 'কম্মস্‌স' এই পদে দ্বিতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে; এইরূপ — ভিগ্গানং সধাতা, তস্‌স ভবন্তি বত্তারো, ইত্যাদি স্থলে কৃৎ প্রত্যয়ের যোগে দ্বিতীয়ার্থে ষষ্ঠী বিভক্তি হইয়াছে।

সত্যথ ইসু ইচ্ছাযং দযদান গতিরক্‌খণেসু ইচ্চাদীনং যোগে — অর্থাৎ স্মৃতি অর্থবাচক 'সর' ধাতু, ইচ্ছার্থবাচক 'ইসু' ধাতু, দানার্থ, গত্যর্থ, ও রক্ষণার্থবাচক 'দয' ধাতু ইত্যাদি ধাতুর যোগে দ্বিতীয়ার্থে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মাতুযা সরতি, মাতরং সরতীতি অত্থো, এস্থলে 'সর' ধাতুর যোগে 'মাতুযা' এই পদে দ্বিতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে; এইরূপ — পিতুস্‌স ইচ্ছতি, পিতরং ইচ্ছতীতি অত্থো, এস্থলে 'ইসু' ধাতুর যোগে 'পিতুস্‌স' এই পদে দ্বিতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে. তেলস্‌স দযতি, তেলং রক্‌খতীতি অত্থো, এস্থলে 'দয' ধাতুর যোগে 'তেলস্‌স' এই পদে দ্বিতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে।

করোতিস্‌সপতি যতনে — অর্থাৎ 'কর' ধাতুর যোগে প্রতি যত্ন (সংস্কার) অর্থ বুঝাইলে দ্বিতীয়ার্থে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, উদকস্‌স পতিকুরুতে, উদকং অভিসঙ্খরোতীতি অত্থো, এস্থলে 'পতিকুরুতে' অর্থ

২৪—

সংস্কাব করিয়েছে, সুতরাং সংস্কারার্থে 'কর' ধাতুর যোগে 'উদকস্স এই পদে দ্বিতীয়ার্থে ষষ্ঠী হইয়াছে। সতো গুণাধানং পতি যতনং — পুব্বে সন্তস্স গুণস্স আধানং পতি যতনং নাম, অর্থাৎ যেই গুণ পুর্ব্বে বিদ্যমান ছিল, সেই গুণের পুনঃ স্থাপনই প্রতি যত্ন নামে কথিত হয়।

পঞ্চম্যত্থে — অর্থাৎ পঞ্চমী বিভক্তির অর্থে কচিৎ ষষ্ঠী বিভক্তি হয় যথা, সব্বে তসন্তি দণ্ডস্স, সব্বে দণ্ডতো তস ন্ত ভাযন্তীতি অত্থো এস্থলে ভয়ার্থক 'তস' ধাতুর যোগে 'দণ্ডস্স' এই পদে পঞ্চম্যর্থে ষষ্ঠী হইয়াছে।

কচীতি কিং — অর্থাৎ 'দুতিযা-পঞ্চমীনমত্থে কচি ছট্ঠী হোতি', এস্থলে 'কচি' শব্দের প্রয়োগ করিবার কারণ কি? তদুত্তরে বলা হইতেছে, দ্বিতীয়া ও পঞ্চম্যর্থে নিত্য ষষ্ঠী বিভক্তি হয় না; তবন্তু, তাবী, ত্বা, আন, মান, ণুক, ইত্যাদি প্রত্যয়ের যোগে কর্ম্মে দ্বিতীয়া বিভক্তিই হইয়া থাকে। যথা, রথং কতবা রথং কতাবী, রথং কত্বা, রথং করানো, রথং কুরুমানো বা, 'ণুক' প্রত্যয়ের যোগে:— পসবো ঘাতুকো, এস্থলে উকারান্ত 'পসু' শব্দ দ্বিতীয়ার বহুবচনে পসবো।

যদা কিতক যোগে কত্তরি কম্মণি চ এককখণে ছট্ঠী সম্পত্তা, তদা কম্মত্থে যেব ছট্ঠী।

শব্দার্থ। যদা — যখন। কিতকযোগে — কৃদন্ত ক্রিয়াব যোগে। কত্তরি কম্মণি চ — কর্ত্তৃ ও কর্ম্মকারকে। এককখণে — একই সময়ে। ছট্ঠী সম্পত্তা — ষষ্ঠী বিভক্তি হয়। তদা — তখন। কম্মত্থে যেব — কর্ম্মার্থেই। ছট্ঠী — ষষ্ঠী বিভক্তি হয়।

ভাবার্থ। যখন কৃদন্ত ক্রিয়ার যোগে কর্ত্তৃ ও কর্ম্মকারকের অর্থে এক বাক্যে এককক্ষণে দুইটী ষষ্ঠী বিভক্ত্যান্ত পদের সম্ভাবনা হয়, তখন কর্ত্তায় ষষ্ঠী না হইয়া তৃতীয়া হয় এবং কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, অচ্ছ রযো অরজকেন বথানং রাগো, এস্থলে 'বঞ্জ' ধাতু ব্যগে বা রঞ্জনার্থে, 'রঞ্জ' ধাতুর উত্তর ভাবে ণপ্রত্যয় করিলে 'রাগো' পদ সিদ্ধ হয়, 'রজনং রাগো'

শব্দার্থ। উপাধী — 'উপ' এবং 'অধি' উপসর্গের যোগে, অর্থাৎ অধিকার্থবাচক 'উপ' উপসর্গের যোগে এবং স্বামী বা অধিপ্রাত অর্থ বাচক 'অধি' উপসর্গের যোগে; উপ চ অধি চ উপাধী; অধি এব অধিকো, অধিকো অস্স অত্থীতি অধিকী, ইস্সরস্স বচনং ইস্সর-বচনং, অধিকী চ ইস্সর-বচনং চ অধিকিস্সর-বচনং, তস্মিং অধিকিস্সর-বচনে। অধিকিস্সর-বচনে — অধিকার্থে 'উপ' উপসর্গের যোগে এবং ঈশ্বর বা স্বামী অর্থে 'অধি' উপসর্গের যোগে। সত্তমী হোতি — সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। অধিকার্থবাচক 'উপ' উপসর্গের যোগে এবং ঈশ্বরার্থ-বাচক 'অধি' উপসর্গের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, (১) অধিকার্থ বাচক 'উপ' উপসর্গের যোগে উদাহরণ:— উপনিক্খে কহাপণং; নিক্খস্স কহাপণো অধিকোত্যত্থো — অর্থাৎ নিক্খের (নিষ্কের) অধিক 'কহাপণ' (কর্ষাপণ), এস্থলে অধিকার্থবাচক 'উপ' উপসর্গের যোগে 'উপনিক্খে' এই পদে সম্বন্ধার্থে সপ্তমী হইয়াছে, এইরূপ — উপখারিযং দোণো, খারিযা দোণো অধিকোতি অত্থো। (২) ঈশ্বরার্থবাচক 'অধি' উপসর্গের যোগে উদাহরণ:— অধিব্রহ্মদত্তে পঞ্চালা, ইস্সরভূতস্স ব্রহ্মদত্তস্স পঞ্চালাতি অত্থো, এস্থলে ঈশ্বর অর্থাৎ অধিপতি অর্থবাচক 'অধি' উপসর্গের যোগে 'অধিব্রহ্মদত্তে' এই পদে সম্বন্ধার্থে সপ্তমী হইয়াছে; এইরূপ — অধিদেবেসু বুদ্ধো, দেবানং ইস্সরো বুদ্ধোতি অত্থো।

## মণ্ডিতুস্সুক্কেসু ততিয়া চ।

মণ্ডিতো পসন্নো, উস্সুক্কো ঈহাযুত্তো, মণ্ডিতে উস্সুক্কে চ ততিযা সত্তমী চ হোতি।

পদ বিচ্ছেদ। মণ্ডিতুস্সুক্কেসু, ততিযা, চ, ত্রিপদীসূত্র।

শব্দার্থ। মণ্ডিতুস্সুক্কেসু — মণ্ডিত ও উৎসুকার্থে, অর্থাৎ প্রসন্ন অর্থ ও উৎসাহযুক্ত অর্থ বুঝাইলে; মণ্ডিতো চ উস্সুক্কো চ মণ্ডিতু-

স্সুক্কা, তেসু মণ্ডিতুস্সুক্কেসু। মণ্ডিতো পসন্নো — এস্থলে মণ্ডিত অর্থ প্রসন্ন। উস্সুক্কো ঈহাযুত্তো — এস্থলে উৎসুক অর্থ ঈহাযুক্ত অর্থাৎ উৎসাহযুক্ত। ততিয়া সত্তমী চ হোতি — তৃতীয়া ও সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। মণ্ডিতার্থে ও উৎসুকার্থে তৃতীয়া ও সপ্তমী বিভক্তি হয়। যথা, (১) মণ্ডিতার্থে, ঞাণেন পসীদিতো, এস্থলে 'ঞাণেন' এই পদে করণে তৃতীয়া, অথবা, ঞাণে পসীদিতো, এস্থলে ঞাণে' এই পদে সপ্তমী হইয়াছে। (২) উৎসুকার্থে, ঞাণেন উস্সুক্কো ; অথবা, ঞাণে উস্সুক্কো।

সন্ধিনামং সমাসোচ তদ্ধিতাখ্যাতিকং তথা;
কিতকং কারকং কণ্ডা সত্ত বালাবতারিমে।

অন্বয়। সন্ধিনামং সমাসো তদ্ধিতো আখ্যাতিকং চ তথা কিতকং কারকং চ ইমে সত্ত কণ্ডা বালাবতারে হোন্তি।

বঙ্গানুবাদ। সন্ধিকাণ্ড, নামকাণ্ড, সমাসকাণ্ড, তদ্ধিতকাণ্ড, আখ্যাত কাণ্ড, কৃৎকাণ্ড এবং কারককাণ্ড, বালাবতারে এই সপ্ত কাণ্ড।

সাতিরেকেহি চতুহি ভাণ বারেহি নিট্ঠিতো,
বালাবতারো জনতা বুদ্ধি বুদ্ধিং করোতু হি।

অন্বয়। সাতিরেকেহি চতুহি ভাণবারেহি নিট্ঠিতো অযং বালাবতারো, জনতা বুদ্ধি বুদ্ধিং হি করোতু।

বঙ্গানুবাদ। অতিরিক্ত বাক্যসহ চতুর্ভাণবারে এই বালাবতার সমাপ্ত হইল। এখন জনসমূহ ইহা দ্বারা জ্ঞান বৃদ্ধি করুক।

---

সমাপ্ত।

বাহাযোগহেত্বাতি অত্থো, এস্থলে 'গহ' ধাতুর যোগে 'বাহাসু' এই পদে কর্ম্মার্থে সপ্তমী হইয়াছে, 'গহ' ধাতু গ্রহণে। (২) কর্ম্মার্থে 'চুবি' ধাতুর যোগে. মুদ্ধনি চুম্বিতা. মুদ্ধং মথকং চুম্বিত্বাতি অত্থো, এস্থলে 'চুবি' ধাতুর যোগে 'মুদ্ধনি' এই পদে কর্ম্মার্থে সপ্তমী হইয়াছে, 'চুবি' ধাতু চুম্বনে। (৩) কর্ম্মার্থে অভি পূর্ব্বক 'বদ' ধাতুর যোগে, ভিক্খুসু অভিবাদেন্তি, ভিক্খু অভিবাদেন্তাতি অত্থো, এস্থলে অভিপূর্ব্বক 'বদি' ধাতুর যোগে 'ভিক্খুসু' এই পদে কর্ম্মার্থে সপ্তমী হইয়াছে, অভিপূর্ব্বক 'বদি' ধাতু অভিবাদনে।

করণে ভিক্খাচারে গমামানে — অর্থাৎ করণার্থে ভিক্ষাচার বা ভিক্ষা করা অর্থ বুঝাইলে সপ্তমী বিভক্তি হয়। যথা, পত্তেসু পিণ্ডায চরন্তি, পত্তেহি পিণ্ডায চরন্তীতি অত্থো, এস্থলে 'পত্তেসু' এই পদে করণে সপ্তমী হইয়াছে

নিমিত্তার্থে সপ্তমী :— কুঞ্জরো দন্তেসু হঞ্ঞতে, দন্তকারণায হত্থী হঞ্ঞতেতি অত্থো, এস্থলে 'দন্তেসু' এই পদে নিমিত্তার্থে সপ্তমী হইয়াছে।

**"সম্পদানেচে" তি সত্তমী।**

শব্দার্থ। সম্পদানে—সম্প্রদানার্থে। সত্তমী — সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। সম্প্রদানার্থে সপ্তমী বিভক্তি হয়। যথা, সঙ্ঘে দিন্নং, সঙ্ঘস্স দিন্নন্তি অত্থো, এস্থলে 'সঙ্ঘে' এই পদে সম্প্রদানার্থে সপ্তমী হইয়াছে।

**"পঞ্চম্যত্থেচে" তি সত্তমী।**

শব্দার্থ। পঞ্চম্যত্থে — পঞ্চমী বিভক্তির অর্থে। সত্তমী — সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। পঞ্চম্যর্থে সপ্তমী বিভক্তি হয়। যথা, কদলীসু গজং রক্খতি, কদলীহি গজং রক্খতীতি অত্থো, এস্থলে 'কদলীসু' এই পদে পঞ্চম্যর্থে সপ্তমী হইয়াছে।

## কাল-ভাবেসুচ।

ভাবোত্রক্রিয়া. কালথে ভাবথে চ সত্তমী হোতি।

পদ বিচ্ছেদ। কাল-ভাবেসু, চ, দ্বিপদী সূত্র।

শব্দাথ। কাল-ভাবেসু — কালার্থে ও ভাবার্থে। ভাবোত্র ক্রিয়া— এস্থলে ভাব অর্থ ক্রিয়া। সত্তমী হোতি — সপ্তমী বিভক্তি হয়।

বঙ্গানুবাদ। কাল ও ভাবার্থে সপ্তমী বিভক্তি হয়। যথা, (১) কালার্থে, পুব্বণ্হ সময়ে গতো, সায়ণ্হ সময়ে আগমিসসতি, 'যস্মিং সময়ে কামাবচরং কুসলং চিত্তং উপ্পন্নং হোতি', ইত্যাদি স্থলে 'পুব্বণ্হ সময়ে', 'সায়ণ্হ সময়ে', 'যস্মিং সময়ে' এই পদগুলিতে কালার্থে সপ্তমী হইয়াছে, ইহাদিগকে কালাধিকরণও বলে। (২) ভাবার্থে, সঙ্ঘেসু ভোজীযমানেসু গতো, এথ সঙ্ঘানং ভোজন ক্রিযায কস্সচি গমন-ক্রিযা লক্খীযতি — অর্থাৎ এস্থলে ভিক্ষুদের ভোজন-ক্রিয়াদ্বারা কাহারো গমন-ক্রিয়া জ্ঞাপন করা হইতেছে. 'সঙ্ঘেসু ভোজীয়মানেসু' এস্থলে ভাবে সপ্তমী হইয়াছে, ইহাকে ভাবাধিকরণও বলে। এক ক্রিয়া অপর ক্রিয়ার কারণ হইলে, অর্থাৎ যেস্থলে এক কার্য্য না হইলে অপর কার্য্য হয় না, তথায় ভাবাধিকরণ বা ভাবে সপ্তমীর প্রয়োগ হয়। এইরূপ — তস্মিং গতে অহং গমিস্সাম, অর্থাৎ সে গেলে আমি যাইব, এস্থলে 'তস্মিং গতে' এখানে ভাবে সপ্তমী হইয়াছে; 'সদ্ধে মগ্গং বিবজ্জেন্তি গচ্ছন্তে লোক-নাযকে' 'সমাহিতে চিত্তে পুব্বেনিবাসানুস্সতি ঞাণায চিত্তং অভিনিন্নামেসিং' ইত্যাদি ভাবে সপ্তমীর উদাহরণ।

## উপাধ্যাধিকস্সর বচনে।

অধিক বচন বুত্তিনো উপসদ্দ ইস্সর বচন বুত্তিনো অধিসদ্দ চ যোগে সত্তমী হোতি।

পদ বিচ্ছেদ। উপাধী অধিকিস্সরবচনে, দ্বিপদী সূত্র।

With bad advisors forever left behind,
From paths of evil he departs for eternity,
Soon to see the Buddha of Limitless Light
And perfect Samantabhadra's Supreme Vows.

The supreme and endless blessings
of Samantabhadra's deeds,
I now universally transfer.
May every living being, drowning and adrift,
Soon return to the Pure Land of Limitless Light!

*** The Vows of Samantabhadra ***

I vow that when my life approaches its end,
All obstructions will be swept away;
I will see Amitabha Buddha,
And be born in His Western Pure Land of
Ultimate Bliss and Peace.

When reborn in the Western Pure Land,
I will perfect and completely fulfill
Without exception these Great Vows,
To delight and benefit all beings.

*** The Vows of Samantabhadra Avatamsaka Sutra ***

## DEDICATION OF MERIT

May the merit and virtue
accrued from this work
adorn Amitabha Buddha's Pure Land,
repay the four great kindnesses above,
and relieve the suffering of
those on the three paths below.

May those who see or hear of these efforts
generate Bodhi-mind,
spend their lives devoted to the Buddha Dharma,
and finally be reborn together in
the Land of Ultimate Bliss.
Homage to Amita Buddha!

**NAMO AMITABHA**

**南無阿彌陀佛**

《孟加拉文：BALABATAR PRATHAM KHANDA》

財團法人佛陀教育基金會 印贈
台北市杭州南路一段五十五號十一樓
Printed and donated for free distribution by
**The Corporate Body of the Buddha Educational Foundation**
11F., 55 Hang Chow South Road Sec 1, Taipei, Taiwan, R.O.C.
Tel: 886-2-23951198 , Fax: 886-2-23913415
Email: overseas@budaedu.org
Website: http://www.budaedu.org

**This book is strictly for free distribution, it is not for sale.**

এই বই সম্পূর্ণ বিনামূল্যে বিতরণের জন্য, বিক্রয়ের জন্য নহে।

Printed in Taiwan
3,000 copies; April 2011
**BA021 - 9259**